বোধবিশিষ্ট) হইতে দেখা যায়। [তত্র…অনর্থঞ্চেয়াৎ] অতএব, বিচার ব্যতীত অসংস্কৃত ও অহন্তামাত্রপ্রভব আপাতজ্ঞানের দ্বারা আত্মার অযথার্থস্বরূপ নির্ণয় করিয়া রাখিলে নিঃশ্রেয়স (মুক্তি) হইতে স্খলিত হইতে হয়, এবং অনর্থসংঘটনও হয়। (৩১) [তস্মাৎ…প্রস্তূয়তে] এই নিমিত্ত, মুক্তিফলক ব্রহ্মজ্ঞানের বা আত্মতত্ত্ববিজ্ঞানের বিচার উপলক্ষ্য করিয়া, অনুকূল ও অবিরোধী যুক্তি ও তর্কের সাহায্যে বেদান্তবাক্যসমূহের মীমাংসা (বিচার) আরম্ভ করা যাইতেছে ॥ ১ ॥ ১ ॥ ১ ॥ [ইতি জিজ্ঞাসাধিকরণ]।

বা শব্দমাত্র। তর্কপরিশোধিত অর্থ বা তাৎপর্য্যার্থ দৃষ্ট না হইলেই বাক্য ও যুক্তি উভয়ই আভাস-পদবাচ্য হয়।

(৩১) অনর্থঘটনা অর্থাৎ নরকাদি-প্রাপ্তি অথবা অধোগতি। আচার্য্যের এই কথায় ইহাই প্রতিপন্ন হইতেছে যে, শাস্ত্রতাৎপর্য্য পরিত্যাগ করিয়া স্ব-বুদ্ধিমাত্র অবলম্বন দ্বারা আত্মতত্ত্ব নির্ণয় করিলে আত্মতত্ত্ব জানা ত হয়ই না, প্রত্যুত পদে পদে বিভ্রান্ত হইয়া অধঃপতিত হইতে হয়।

ব্রহ্ম জিজ্ঞাসিতব্যমিত্যুক্তম্, কিংলক্ষণকং পুনস্তদ্ব্রহ্মেত্যত আহ ভগবান্ সূত্রকারঃ—। ১

জন্মাদ্যস্য যতঃ ॥ ২ ॥ *

জন্ম উৎপত্তিরাদিরস্যেতি তদ্গুণসম্বিজ্ঞানবহুব্রীহিঃ। জন্মস্থিতিভঙ্গং সমাসার্থঃ। জন্মনশ্চাদিত্বং শ্রুতিনির্দ্দেশা-

---

এতস্য সূত্রস্য পাতনিকামাহ ভাষ্যকারঃ—"ব্রহ্ম জিজ্ঞাসিতব্যমিত্যুক্তং, কিংলক্ষণকং পুনস্তদ্ব্রহ্ম" ইতি। অত্র যদ্যপি ব্রহ্মস্বরূপজ্ঞানস্য প্রধানস্য প্রতিজ্ঞয়া তদঙ্গান্যপি প্রমাণাদীনি প্রতিজ্ঞাতানি, তথাপি স্বরূপস্য প্রাধান্যাৎ তদেবাক্ষিপ্য প্রথমং সমর্থ্যতে। তত্র যদ্যাবদনুভূয়তে, তৎ সর্ব্বং পরিমিতমবিশুদ্ধমবুদ্ধং বিধ্বংসি চ, ন তেনোপলব্ধেন তদ্বিরুদ্ধস্য নিত্যশুদ্ধবুদ্ধস্বভাবস্য ব্রহ্মণঃ স্বরূপং শক্যং লক্ষয়িতুম। নহি জাতু কশ্চিৎ কৃতকত্বেন নিত্যং লক্ষয়তি। ন চ তদ্ধর্ম্মেণ নিত্যত্বাদিনা তল্লক্ষ্যতে, তস্যানুপলব্ধচরত্বাৎ। প্রসিদ্ধং হি লক্ষণং ভবতি, নাত্যন্তাপ্রসিদ্ধম্। এবঞ্চ ন শব্দোঽপ্যত্র ক্রমতে; অত্যন্তাপ্রসিদ্ধতয়া ব্রহ্মণোঽপদার্থস্যাবাক্যার্থত্বাৎ। তস্মাল্লক্ষণাভাবাৎ ন ব্রহ্ম জিজ্ঞাসিতব্যম্ ইত্যাক্ষেপাভিপ্রায়ঃ। তমিমমাক্ষেপং ভগবান্ সূত্রকারঃ পরিহরতি।—জন্মাদ্যস্য যত ইতি। ১

মা ভূদনুভূয়মানং জগত্তদ্ধর্ম্মতয়া তাদাত্ম্যেন বা ব্রহ্মণো লক্ষণং, তদুৎপত্ত্যা তু ভবিষ্যতি; দেশান্তরপ্রাপ্তিরিব সবিতুর্জ্যায়া ইতি তাৎপর্য্যার্থঃ। সূত্রাবয়বান্ বিভজতে—জন্ম উৎপত্তিরাদিরস্যেতি। লাঘবায় সূত্রকৃতা জন্মাদীতি নপুংসকপ্রয়োগঃ কৃতঃ, তদুপপাদনায় সমাহারমাহ—জন্মস্থিতিভঙ্গমিতি। "জন্মনশ্চ" ইত্যাদিঃ

[ব্রহ্ম···সূত্রকারঃ] পূর্ব্বসূত্রে বলা হইয়াছে যে, অগ্রে অধিকার লাভ করিবে, পরে ব্রহ্ম জিজ্ঞাসা করিবে—ব্রহ্মতত্ত্ব বিচার করিবে, অথবা বিচারজনিত নির্ম্মল জ্ঞানের দ্বারা ব্রহ্মলাভ করিবে,—কিন্তু ব্রহ্ম কি, বা কিরূপ, তাহা বলা হয় নাই; কাজেই এক্ষণে তাহা বলা আবশ্যক বিবেচনায় ভগবান্ সূত্রকার (ব্যাসদেব) প্রথমতঃ ব্রহ্মের লক্ষণ নির্দ্দেশ করিতেছেন। ১

[জন্ম···পেক্ষঞ্চ] "জন্ম" অর্থ উৎপত্তি, এবং "আদি" অর্থ প্রভৃতি। জন্ম শব্দের সহিত আদি শব্দের বহুব্রীহি সমাস হইয়াছে; তদ্দ্বারা উৎপত্তি, স্থিতি ও লয়,—এই তিনই পাওয়া যাইতেছে। সূত্রকার শ্রুতির নির্দ্দেশ ও বস্তুসমূহের স্বভাবের দিকে দৃষ্টি রাখিয়া তদনুসারে প্রথমে জন্ম-শব্দের উল্লেখ করিয়াছেন। [শ্রুতি ·· দর্শনাৎ] শ্রুতিনির্দ্দেশ যথা,—'এই সকল ভূত অর্থাৎ জন্যপদার্থ যাহা

---

* যতঃ যৎসকাশাৎ অস্য জগতঃ জন্মাদি জন্মস্থিতিভঙ্গং ভবতি, তদ্ব্রহ্মেতি বাক্যশেষঃ পূরণীয়ঃ। অর্থাৎ যাঁহা হইতে এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় হয়, সেই চিন্মাত্রই ব্রহ্ম। ইহার বিস্তৃত ও বিশদ ব্যাখ্যা ভাষ্যানুবাদে দর্শন কর।

পেক্ষং বস্তুবৃত্তাপেক্ষঞ্চ। শ্রুতিনির্দ্দেশস্তাবৎ—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইতি বাক্যে জন্মস্থিতিপ্রলয়ানাং ক্রমদর্শনাৎ। বস্তুবৃত্তমপি,—জন্মনা লব্ধসত্তাকস্য ধর্ম্মিণঃ স্থিতিপ্রলয়সম্ভবাৎ। অস্যেতি প্রত্যক্ষাদিসন্নিধাপিতস্য ধর্ম্মিণ ইদমা নির্দ্দেশঃ। ষষ্ঠী জন্মাদিধর্ম্মসম্বন্ধার্থা। যত ইতি কারণনির্দ্দেশঃ। অস্য জগতো নাম-রূপাভ্যাং ব্যাকৃতস্য-নেককর্ত্তৃভোক্তৃসংযুক্তস্য প্রতিনিয়তদেশকালনিমিত্তক্রিয়া-

---

কারণনির্দ্দেশ ইত্যন্তঃ সন্দর্ভো নিগদব্যাখ্যাতঃ। স্যাদেতৎ। প্রধানকালগ্রহ-লোকপালক্রিয়াযদৃচ্ছাস্বভাবাভাবেষূপপ্লবমানেষু সৎসু সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তিস্বভাবং ব্রহ্ম জগজ্জন্মাদিকারণমিতি কুতঃ সম্ভাবনা? ইত্যত আহ—'অস্য জগতঃ' ইতি। অত্র নামরূপাভ্যাং ব্যাকৃতস্য ইতি চেতনভাবকর্ত্তৃকত্বসম্ভাবনয়া প্রধানাদ্যচেতন-কর্ত্তৃকত্বং নিরুপাখ্যকর্ত্তৃকত্বঞ্চ ব্যাসেধতি। যৎ খলু নাম্না রূপেণ চ ব্যাক্রিয়তে, তচ্চেতনকর্ত্তৃকং দৃষ্টং, যথা ঘটাদি। বিবাদাধ্যাসিতঞ্চ জগৎ নামরূপব্যাকৃতম্; তস্মাচ্চেতনকর্ত্তৃকং সম্ভাব্যতে। চেতনো হি বুদ্ধাবালিখ্য নামরূপে, ঘট ইতি নাম্না, রূপেণ চ কম্বুগ্রীবাদিনা, বাহ্যং ঘটং নিষ্পাদয়তি। অত এব ঘটস্য নির্ব্বর্ত্ত্যস্যাপি অন্তঃসঙ্কল্পাত্মনা সিদ্ধস্য কর্ম্মকারকভাবঃ—ঘটং করোতীতি। যথাহুঃ—"বুদ্ধিসিদ্ধং তু ন তদসৎ" ইতি। তথা চ অচেতনো বুদ্ধাবনালিখিতং করোতীতি ন শক্যং সম্ভাবয়িতুমিতি ভাবঃ।

স্যাদেতৎ। চেতনা গ্রহা লোকপালা বা নামরূপে বুদ্ধাবালিখ্য জগজ্জনয়িষ্যন্তি, কৃতমুক্তস্বভাবেন ব্রহ্মণা ইত্যত আহ—"অনেককর্ত্তৃভোক্তৃসংযুক্তস্য" ইতি। কেচিৎ কর্ত্তারো ভবন্তি—যথা স্বদত্বিগাদয়ঃ, ন ভোক্তারঃ। কেচিত্তু ভোক্তারঃ—যথা শ্রাদ্ধবৈশ্বানরীয়েষ্ট্যাদিষু পিতাপুত্রাদয়ঃ, ন কর্ত্তারঃ। তস্মাদুভয়গ্রহণম্। "দেশকালনিমিত্তক্রিয়াফলানি" ইতীতরেতরদ্বন্দ্বঃ। দেশাদীনি চ তানি প্রতি-

---

হইতে জন্মে।" এই শ্রুতিতে অগ্রে জন্ম, পরে স্থিতি, তৎপরে তাহাদের লয়, এইরূপ ক্রম নির্দ্দিষ্ট আছে। [বস্তু···সম্ভবাৎ] এবং অন্য বস্তু সকলের স্বভাবও ঐরূপ; প্রথমে জন্মে, পরে অস্তিতা প্রাপ্ত হয়, তৎপরে স্থিতি লাভ করে, এবং পরিশেষে বিলয় (নাশ) প্রাপ্ত হয়। [অস্য··শেষঃ] "অস্য" এই 'ইদং' শব্দের দ্বারা প্রত্যক্ষাদি-গৃহীত জগৎ, ষষ্ঠী বিভক্তির দ্বারা ইহার সহিত জন্মাদি-ধর্ম্মের সম্বন্ধ, এবং "যতঃ" শব্দের দ্বারা ইহার মূল কারণ গৃহীত হইয়াছে। সমুদায় কথা মিলিত করিলে এইরূপ অর্থ দাঁড়ায় যে, বিবিধ নামে ও বিবিধ রূপে বা আকারে অভিব্যক্ত বা প্রকাশমান এই জগৎ—যাহা অসংখ্যকর্ত্তৃভোক্তৃ সংযুক্ত—নিয়মিত দেশ কাল নিমিত্ত ক্রিয়া ও ক্রিয়াফলের আশ্রয়—যাহার রচনা-

ফলাশ্রয়স্য মনসাপ্যচিন্ত্যরচনারূপস্য জন্মস্থিতিভঙ্গং যতঃ সর্ব্বজ্ঞাৎ সর্ব্বশক্তেঃ কারণাদ্ভবতি, তদ্ব্রহ্মেতি বাক্য-শেষঃ। অন্যেষামপি ভাববিকারাণাং ত্রিষ্বেবান্তর্ভাব ইতি

নিয়তানি চেতি বিগ্রহঃ; তদাশ্রয়ো জগৎ, তস্য। কেচিৎ খলু প্রতিনিয়ত-দেশোৎপাদাঃ, যথা কৃষ্ণমৃগাদয়ঃ। কেচিৎ প্রতিনিয়তকালোৎপাদাঃ, যথা কোকিলরবাদয়ঃ। কেচিৎ প্রতিনিয়তনিমিত্তাঃ, যথা নবাম্বুদধ্বানাদিনিমিত্তা বলাকাগর্ভাদয়ঃ। কেচিৎ প্রতিনিয়তক্রিয়াঃ, যথা ব্রাহ্মণানাং যাজনাদয়ঃ, নেতরেষাম্। এবং প্রতিনিয়তফলাঃ, যথা কেচিৎ সুখিনঃ কেচিদ্দুঃখিনঃ, এবং যএব সুখিনস্ত এব কদাচিদ্দুঃখিনঃ। সর্ব্বমেতদাকস্মিকাপরনাম্নি যাদৃচ্ছিকত্বে চ স্বাভাবিকত্বে চ অসর্ব্বজ্ঞাসর্ব্বশক্তিকর্ত্তৃকত্বে চ ন ঘটতে; পরিমিতজ্ঞানশক্তিভি-র্গ্রহলোকপালাদিভির্জ্ঞাতুং কর্ত্তুঞ্চাশক্যত্বাৎ। তদিদমুক্তং "মনসাপ্যচিন্ত্যরচনা-রূপস্য" ইতি। একস্যা অপি হি শরীররচনায়া রূপং মনসা ন শক্যং চিন্তয়িতুং কদাচিৎ, প্রাগেব জগদ্রচনায়াঃ, কিমঙ্গ পুনঃ কর্ত্তুমিত্যর্থঃ। সূত্রবাক্যং পূরয়তি —তদ্ব্রহ্মেতি বাক্যশেষঃ। স্যাদেতৎ। কস্মাৎ পুনর্জ্জন্মস্থিতিভঙ্গমাত্রমিহ আদিগ্রহণেন গৃহ্যতে, ন তু বৃদ্ধিপরিণামাপক্ষয়া অপি, ইত্যত আহ—"অন্যেষামপি ভাববিকারাণাং" বৃদ্ধ্যাদীনাং ত্রিষ্বেবান্তর্ভাব ইতি। বৃদ্ধিস্তাবদবয়বোপচয়ঃ, তেনাল্পাবয়বাদবয়বিনঃ দ্বিতন্তুকাদেরন্য এব মহান্ পটো জায়তে—ইতি জন্মৈব বৃদ্ধিঃ। পরিণামোঽপি ত্রিবিধঃ ধর্ম্মলক্ষণাবস্থালক্ষণ উৎপত্তিরেব। ধর্ম্মিণো হি হাটকাদের্দ্ধর্ম্মলক্ষণঃ পরিণামঃ কটকমুকুটাদিস্তস্যোৎপত্তিঃ। এবং কটকাদেরপি প্রত্যুৎপন্নত্বাদিলক্ষণঃ পরিণাম উৎপত্তিঃ। এবমবস্থাপরিণামঃ নবপুরাণত্বাদ্যুৎ-পত্তিঃ। অপক্ষয়স্তু অবয়বহ্রাসো নাশ এব। তস্মাজ্জন্মাদিষু যথাস্বমন্তর্ভাবাৎ বৃদ্ধ্যাদয়ঃ পৃথগ্নোক্তা ইত্যর্থঃ। অথৈতে বৃদ্ধ্যাদয়ো ন জন্মাদিষ্বন্তর্ভবন্তি, তথাপি উৎপত্তিস্থিতিভঙ্গমেবোপাদাতব্যম্। তথা সতি হি তৎপ্রতিপাদকে 'যতো বা ইমানি ভূতানি' ইতি বেদবাক্যে বুদ্ধিস্থীকৃতে জগন্মূলকারণং ব্রহ্ম লক্ষিতং ভবতি। অন্যথা তু 'জায়তে অস্তি বর্দ্ধতে' ইত্যাদীনাং গ্রহণে তৎপ্রতিপাদকং নৈরুক্তবাক্যং বুদ্ধৌ ভবেৎ; তচ্চ ন মূলকারণপ্রতিপাদনপরম্। মহাসর্গাদূর্দ্ধং স্থিতিকালেঽপি তদ্বাক্যোদিতানাং জন্মাদীনাং ভাববিকারাণামুপপত্তেঃ ইতি

প্রণালী নিতান্ত দুর্ব্বোধ্য—চিন্তারও অগোচর, ঈদৃশ অচিন্ত্যরচনাত্মক জগতের উৎপত্তি স্থিতি ও লয়, যে সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি কারণ পদার্থ হইতে হইয়া থাকে, সেই সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি কারণই ব্রহ্ম। [অন্যে…গৃহ্যন্তে] যাস্ক মুনির গ্রন্থে আরও তিন প্রকার ভাব-বিকারের অর্থাৎ হ্রাস, বৃদ্ধি ও বিপরিণামের উল্লেখ আছে বটে; পরন্তু তাহা ঐ তিনেরই (উৎপত্তি স্থিতি ও প্রলয়েরই) অন্তর্গত। সেই কারণে এখানে উৎপত্তি স্থিতি ও লয়, এই তিনটী প্রধান বিকারের উল্লেখ করা হইল, অন্য

জন্মস্থিতিনাশানামিহ গ্রহণম্। যাস্কপরিপঠিতানান্তু "জায়তে-ঽস্তি" ইত্যাদীনাং গ্রহণে তেষাং জগতঃ স্থিতিকালে সম্ভাব্যমানত্বান্মূলকারণাদুৎপত্তি-স্থিতি-নাশা জগতো ন গৃহীতাঃ স্যুঃ, ইত্যাশঙ্ক্যেত, তন্মাশঙ্কিষ্টেতি--যোৎপত্তির্ব্রহ্মণঃ কারণাৎ তত্রৈব স্থিতিঃ প্রলয়শ্চ, ত এব গৃহ্যন্তে। ন যথোক্তবিশেষণস্য জগতো যথোক্তবিশেষণমীশ্বরং মুক্ত্বা অন্যতঃ প্রধানাদচেতনাদ্ অণুভ্যো বা, অভাবাদ্বা, সংসারিণো বা, উৎপত্ত্যাদি সম্ভাবয়িতুং শক্যম্;

শঙ্কানিরাকরণার্থং বেদোক্তোৎপত্তিস্থিতিভঙ্গগ্রহণমিত্যাহ—"যাস্কপরিপঠিতানান্তু" ইতি। নন্বেবমপি উৎপত্তিমাত্রং সূচ্যতাং, তন্নান্তরীয়কতয়া তু স্থিতিভঙ্গং গম্যত ইত্যত আহ—"যা উৎপত্তির্ব্রহ্মণঃ" কারণাৎ ইতি। ত্রিভিরস্যোপাদানত্বং সূচ্যতে; উৎপত্তিমাত্রস্তু নিমিত্তকারণসাধারণমিতি নোপাদানং সূচয়েৎ। তদিদমুক্তং "তত্রৈব" ইতি। পূর্ব্বোক্তানাং কার্য্যকারণবিশেষাণাং প্রয়োজনমাহ—"ন যথোক্ত" ইতি। ২

তদনেন প্রবন্ধেন প্রতিজ্ঞাবিষয়স্য ব্রহ্মস্বরূপস্য লক্ষণদ্বারেণ সম্ভাবনোক্তা। তত্র প্রমাণং বক্তব্যম্। যথাহুর্নৈয়ায়িকাঃ—

'সম্ভাবিতঃ প্রতিজ্ঞায়াং পক্ষঃ সাধ্যেন হেতুনা।
ন তস্য হেতুভিস্ত্রাণমুৎপতন্নেব যো হতঃ॥" ১

গুলির উল্লেখ হইল না। এস্থলে যাস্কোক্ত ছয় প্রকার ভাববিকারের (১) উল্লেখ না করিবার হেতু এই যে, জগতের এই স্থিতিকালেই ঐ সকল বিকার সম্ভাবিত হয়; সুতরাং ঐ সকলের দ্বারা, মূলকারণ ব্রহ্ম হইতেই যে, এ জগতের উৎপত্তি, স্থিতি ও লয় হইতেছে, এ অর্থ গৃহীত বা বোধগম্য হয় না ও হইতে পারে না, সেই আশঙ্কানিবারণের জন্য, স্পষ্টতার জন্য, হ্রাস বৃদ্ধি ও অপক্ষয়,—এই বিকারত্রয় পরিত্যাগ করিয়া অর্থাৎ উল্লেখ না করিয়া, কেবল উৎপত্তি, স্থিতি ও লয় এই তিনটী মাত্র প্রধান বিকারের গ্রহণ করা হইয়াছে। এতদ্দ্বারা এই সিদ্ধান্ত লব্ধ হয় যে, যে ব্রহ্ম হইতে জগতের উৎপত্তি, সেই ব্রহ্মেই ইহার স্থিতি ও প্রলয় নির্ব্বাহ হইতেছে।

[ন···শক্যম্] ঐরূপ ঈশ্বর ব্যতীত অর্থাৎ সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি ঈশ্বর বা ব্রহ্ম ব্যতীত শূন্য বা অভাব হইতে, জড়স্বভাব প্রকৃতি বা পরমাণু হইতে, কিংবা অন্য কোন জন্মমরণবান্ সংসারী জীব হইতে এরূপ বৈচিত্র্যময়

---

(১) যাস্ক। ইনি একজন বেদব্যাখ্যাতা ঋষি। ইঁহার গ্রন্থের নাম নিরুক্ত ও নিঘণ্টু। ইনি সমস্ত ভাবপদার্থের অর্থাৎ জন্মশীল বস্তু মাত্রের ছয় প্রকার বিকার স্থির করিয়াছেন,—"অস্তি (১) জায়তে (২) বর্দ্ধতে (৩) বিপরিণমতে (৪) অপক্ষীয়তে (৫) নশ্যতি (৬)।"

ন চ স্বভাবতঃ; বিশিষ্টদেশকালাদিনিমিত্তোপাদানাৎ। এতদেবানুমানং সংসারিব্যতিরিক্তেশ্বরাস্তিত্বাদিসাধনমীশ্বরকারণিনো মন্যন্তে। নন্বিহাপি তদেবোপন্যস্তং জন্মাদিসূত্রে; ন, বেদান্তবাক্যকুসুমগ্রথনার্থত্বাৎ সূত্রাণাম্। বেদান্তবাক্যানি হি সূত্রেরুদাহৃত্য বিচার্য্যন্তে। বাক্যার্থবিচারণাধ্যবসাননির্ব্বৃত্তা হি ব্রহ্মাবগতিঃ,—নানুমানাদিপ্রমাণান্তরনির্ব্বৃত্তা। সৎসু তু বেদান্ত-

---

"যথা বন্ধ্যাজননী", ইত্যাদিঃ ইতি। ইত্থং নাম জন্মাদিসম্ভাবনাহেতুঃ, যদন্যে বৈশেষিকাদয় ইত এবানুমানাদীশ্বরবিনিশ্চয়মিচ্ছন্তীতি সম্ভাবনাহেতুতাং দ্রঢ়য়িতুমাহ —"এতদেব" ইতি। চোদয়তি।—"নন্বিহাপি" ইতি। এতাবতৈবাধিকরণার্থে সমাপ্তে বক্ষ্যমাণাধিকরণার্থং বদন্ সুহৃদ্ভাবেন পরিহরতি—'ন' ইতি। বেদান্তবাক্যকুসুমগ্রথনার্থতামেব দর্শয়তি।—'বেদান্ত' ইতি। বিচারস্যাধ্যবসানং সবাসনাবিদ্যাদ্বয়োচ্ছেদঃ। ততো হি ব্রহ্মাবগতের্নির্বৃত্তিরাবির্ভাবঃ। তৎ কিং ব্রহ্মণি শব্দাদৃতে ন মানান্তরমনুসরণীয়ম্; তথা চ কুতো মননং কুতশ্চ তদনুভবঃ সাক্ষাৎকারঃ? ইত্যত আহ—"সৎসু তু বেদান্তবাক্যেষু" ইতি। অনুমানং

জগতের যথানিয়মে সৃষ্টি স্থিতি ও প্রলয় হওয়া কোনরূপে সম্ভাবিত হইতে পারে না। [ন ··পাদানাৎ] কার্য্যোৎপত্তির প্রতি বিশিষ্ট দেশ, কাল ও নিমিত্তের আবশ্যকতা বিশেষভাবে নিয়মিত থাকায় অচেতন স্বভাব দ্বারাও সৃষ্ট্যাদি কার্য্য সম্ভাবিত হইতে পারে না।

[এতদেব···মন্যন্তে] জন্মাদি-সূত্রের জীবনস্বরূপ "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদি শ্রুতি দেখিয়া, যাঁহারা জগতের জন্মাদি কার্য্যে ঈশ্বরের নিমিত্ততা মাত্র স্বীকার করেন, সেই নৈয়ায়িকগণ মনে করেন যে, ঐ শ্রুতির অর্থ ঈশ্বরাস্তিত্বসাধক অনুমানমাত্র, অর্থাৎ ঐরূপ অনুমানের দ্বারাই ঈশ্বরের অস্তিত্ব সিদ্ধ হয়। (তাঁহারা আরও মনে করেন, যে অনুমানের দ্বারা জীবের ঈশ্বরাস্তিত্ব প্রতীতি হয়, শ্রুতি স্বীয় ভাষায় সেই অনুমানেরই অনুবাদমাত্র করিয়াছেন)। [নন্বি···ভূপেতত্বাৎ] বলিতে পার যে, ভগবান্ সূত্রকার (ব্যাস) এই জন্মাদিসূত্রে সেই অনুমান—ঈশ্বরাস্তিত্বসাধক অনুমানই বিন্যস্ত করিয়াছেন। না, তাহা নহে। কেন-না, বেদান্তবাক্যরূপ কুসুমরাশি গ্রথিত করাই এসকল সূত্রের উদ্দেশ্য; অনুমান বা যুক্তি প্রদর্শন করা নহে। নানাস্থানস্থিত বেদান্তবাক্য সকল আনয়ন বা আহরণপূর্ব্বক এই সকল সূত্রে বিচারিত বা মীমাংসিত হইয়াছে। অপিচ, বেদান্তবাক্যের বিচার-জনিত প্রজ্ঞাবিশেষের দ্বারাই ব্রহ্মাবগতি অর্থাৎ ব্রহ্মানুভূতি নিষ্পন্ন হইয়া থাকে, অনুমান অথবা অন্য কোন প্রমাণের দ্বারা নহে। ব্রহ্মই যে জগতের কারণ, এরূপ

বাক্যেষু জগতো জন্মাদিকারণবাদিষু তদর্থগ্রহণদার্ঢ্যায় অনুমানমপি বেদান্তবাক্যাবিরোধি প্রমাণং ভবৎ ন নিবার্য্যতে; শ্রুত্যৈব চ সহায়ত্বেন তর্কস্যাপ্যভ্যুপেতত্বাৎ। তথাহি,—"শ্রোতব্যো মন্তব্যঃ' ইতি শ্রুতিঃ "পণ্ডিতো মেধাবী গন্ধারানেবোপসম্পদ্যেত, এবমেবেহাচার্য্যবান্ পুরুষো বেদ", ইতি চ পুরুষবুদ্ধিসাহায্যমাত্মনো দর্শয়তি। ন ধর্ম্মজিজ্ঞাসায়ামিব শ্রুত্যাদয় এব প্রমাণং ব্রহ্মজিজ্ঞাসায়াং, কিন্তু শ্রুত্যাদয়ঃ অনুভবাদয়শ্চ যথাসম্ভবমিহ প্রমাণম্, অনুভবাবসানত্বাৎ ভূতবস্তুবিষয়ত্বাচ্চ ব্রহ্মবিজ্ঞানস্য। ৩

বেদান্তাবিরোধি তদুপজীবি চেত্যপি দ্রষ্টব্যম্। শব্দাবিরোধিন্যা তদুপজীবিন্যা চ যুক্ত্যা বিবেচনং মননম্। যুক্তিশ্চার্থাপত্তিরনুমানং বা। স্যাদেতৎ। যথা ধর্ম্মে ন পুরুষবুদ্ধিসাহায্যং, এবং ব্রহ্মণ্যপি কস্মান্ন ভবতীত্যত আহ—"ন ধর্ম্মজিজ্ঞাসায়ামিব" ইতি। "শ্রুত্যাদয়ঃ" ইতি—শ্রুতীতিহাসপুরাণস্মৃতয়ঃ প্রমাণম্। অনুভবোঽন্তঃকরণবৃত্তিভেদঃ ব্রহ্মসাক্ষাৎকারঃ, তস্যাবিদ্যানিবৃত্তিদ্বারেণ ব্রহ্মস্বরূপাবির্ভাবঃ প্রমাণফলম্। তচ্চ ফলমিব ফলমিতি গময়িতব্যম্। যদ্যপি ধর্ম্মজিজ্ঞাসায়ামপি সামগ্র্যাং প্রত্যক্ষাদীনাং ব্যাপারঃ, তথাপি সাক্ষান্নাস্তি; ব্রহ্মজিজ্ঞাসায়াস্তু সাক্ষাদনুভবাদীনাং সম্ভবঃ; অনুভবার্থা চ ব্রহ্মজিজ্ঞাসেত্যাহ—"অনুভবাবসানত্বাৎ"। ব্রহ্মানুভবো ব্রহ্মসাক্ষাৎকারঃ পরমপুরুষার্থঃ, নির্মূষ্টনিখিলদুঃখ-পরমানন্দরূপত্বাদিতি। ননু ভবতু ব্রহ্মানুভবার্থা জিজ্ঞাসা, তদনুভব এব ত্বশক্যঃ; ব্রহ্মণস্তদ্বিষয়ত্বাযোগ্যত্বাদিত্যত আহ—'ভূতবস্তুবিষয়ত্বাচ্চ ব্রহ্মবিজ্ঞানস্য"। ব্যতিরেকসাক্ষাৎকারস্য বিকল্পরূপো বিষয়বিষয়িভাবঃ।

অর্থবোধক বেদান্তবাক্য যথেষ্ট আছে; যদি উক্ত বাক্যার্থের পরিপোষক বা দৃঢ়তাকারক অবিরোধী অনুমান থাকে ত থাকুক, তাহা আমরা নিবারণ করি না। (এ সম্বন্ধে আমরা অনুমানের প্রাধান্য স্বীকার করি না বটে); কিন্তু আমরা অনুমানকেও—যুক্তিকেও শ্রুতির সহায় বলিয়া অঙ্গীকার করিয়া থাকি। তর্ক, যুক্তি বা অনুমান, এ সকল শ্রুতির সাহায্যকারী মাত্র, কিন্তু স্বতন্ত্রভাবে প্রমাণ বলিয়া গণ্য নহে। (কেন? তাহা পশ্চাৎ ব্যক্ত হইবে)। [তথাহি ·· দর্শয়তি] শ্রুতিও এই কথাই বলিয়াছেন। যথা—"শ্রবণ, মনন ও নিদিধ্যাসন করিবে।" "যেমন কোন বিচারকুশল মেধাবী লোক বুদ্ধির সাহায্যে গান্ধারদেশ প্রাপ্ত হইতে পারে, তদ্রূপ আচার্য্যবান্ পুরুষই তদুপদেশমতে ব্রহ্ম প্রাপ্ত হইতে পারেন।" ইত্যাদি বহু শ্রুতিতে ব্রহ্মবিজ্ঞানবিষয়ে পুরুষবুদ্ধির সহায়তা স্বীকৃত হইয়াছে। (পুরুষবুদ্ধি-প্রভাব অনুমান বা তর্ক ব্রহ্মবিজ্ঞানলাভের সহায়তা করে মাত্র; কিন্তু সাক্ষাৎ অনুভূতি জন্মায় না)।

কর্ত্তব্যে হি বিষয়ে নানুভবাপেক্ষাস্তীতি শ্রুত্যাদীনামেব প্রামাণ্যং স্যাৎ; পুরুষাধীনাত্মলাভত্বাচ্চ কর্ত্তব্যস্য,—কর্ত্তুমকর্ত্তুমন্যথা বা কর্ত্তুং শক্যং লৌকিকং বৈদিকঞ্চ কর্ম্ম। যথা অশ্বেন গচ্ছতি, পদ্ভ্যামন্যথা বা, ন বা গচ্ছতীতি তথা "অতিরাত্রে ষোড়শিনং গৃহ্নাতি,

---

নন্বেবং ধর্ম্মজ্ঞানমনুভবাবসানম্, তদনুভবস্য স্বয়মপুরুষার্থত্বাৎ, তদনুষ্ঠানসাধ্যত্বাৎ পুরুষার্থস্য, অনুষ্ঠানস্য চ বিনাপ্যনুভবং শাব্দজ্ঞানমাত্রাদেব সিদ্ধেরিত্যাহ—"কর্ত্তব্যে হি" ইত্যাদিনা। ন চায়ং সাক্ষাৎকারবিষয়তাযোগ্যোঽপি, অবর্ত্তমানত্বাৎ অবর্ত্তমানশ্চানবস্থিতত্বাদিত্যাহ।—"পুরুষাধীনা" ইতি। পুরুষাধীনত্বমেব লৌকিকবৈদিককার্য্যাণামাহ।—"কর্ত্তুমকর্ত্তুম্" ইতি। লৌকিকং কার্য্যমনবস্থিতমুদাহরতি।—"যথা অশ্বেন" ইতি। লৌকিকেনোদাহরণেন সহ বৈদিকমুদাহরণং সমুচ্চিনোতি। "তথা অতিরাত্রে" ইতি। কর্ত্তুমকর্ত্তুমিত্যস্যেদমুদাহরণমুক্তম্।

[ন…গচ্ছতীতি] মীমাংসাশাস্ত্রোক্ত শ্রুত্যাদি অর্থাৎ শ্রুতি, লিঙ্গ, বাক্য, প্রকরণ, স্থান ও সমাখ্যা, (২) এগুলি যেমন ধর্ম্মজিজ্ঞাসাবিষয়ে নির্দ্দিষ্ট প্রমাণ; ব্রহ্মজিজ্ঞাসাবিষয়ে ঐগুলি সেরূপ প্রমাণ নহে। ব্রহ্মবিজ্ঞানবিষয়ে ঐগুলি এবং অনুভব প্রভৃতিও যথাসম্ভব (যাহা সেখানে খাটে বা সম্ভব হয়) প্রমাণের কার্য্য করিয়া থাকে। তাহার হেতু এই যে, ব্রহ্মবিজ্ঞানের অবসান বা চরমফল হইতেছে অনুভব অর্থাৎ বোধগম্য হওয়া, এবং তাহার বিষয়ও সিদ্ধ অর্থাৎ চিরনিত্য পদার্থ। ৩

আর যাহা কর্ত্তব্য—ক্রিয়ানিষ্পাদ্য, তাহাতে অনুভবের অপেক্ষা করে না। (ধর্ম্মও করিতে হয়—জন্মাইতে হয়; সুতরাং উহা অনুভব-সাপেক্ষ নহে)। এই কারণেই তাদৃশ বিষয়ে অর্থাৎ ক্রিয়ানিষ্পাদ্য ধর্ম্মাদি বিষয়ে কেবল পূর্ব্বোল্লিখিত শ্রুতি প্রভৃতিরই প্রামাণ্য আছে; অনুভবের প্রামাণ্য নাই। (৩) আরও দেখ, যাহা কর্ত্তব্য—মানুষ যাহা ক্রিয়ার দ্বারা জন্মায়, তাহার আত্মলাভ বা স্বরূপোৎপত্তি সম্পূর্ণরূপে কর্ত্তার অধীন—কর্ত্তা ইচ্ছা করিলে, তাহা করিতে পারে, বা না করিতে পারে, অথবা অন্য প্রকারেও করিতে পারে। লৌকিক ও বৈদিক যে কিছু কর্ম্ম—যে কিছু কর্ত্তব্য আছে, সমস্তই ঐ নিয়মের অধীন। মনে কর, গমন একটী কার্য্য, গ্রামপ্রাপ্তি তাহার উৎপাদ্য বা ফল।

---

(২) এগুলি পূর্ব্বমীমাংসাশাস্ত্রীয় তর্কবিশেষ। মীমাংসকেরা বেদশাস্ত্রকেই বিচারার্থ প্রমাণ বলিয়া স্বীকার করেন, এবং বেদ-শব্দের তাৎপর্য্য অবধারণের জন্য ঐ সকল বিষয় বিচারাঙ্গরূপে স্বীকৃত হয়। এই গ্রন্থের অন্যস্থানে এ সকল বিষয় উদাহরণ দ্বারা বুঝাইয়া দিব।

(৩) অভিপ্রায় এই যে, ধর্ম্ম প্রত্যক্ষযোগ্য নহে; এ কারণ ধর্ম্মবিষয়ে শাস্ত্র বাক্য ভিন্ন অন্য কোন প্রমাণের প্রামাণ্য নাই। ব্রহ্ম অনুভবযোগ্য; সুতরাং ব্রহ্মবিষয়ে শ্রুতি, যুক্তি, বাক্য, অনুভব, সমস্তই প্রমাণরূপে গ্রাহ্য।

নাতিরাত্রে ষোড়শিনং গৃহ্নাতি", "উদিতে জুহোতি অনুদিতে জুহোতি" ইতি। বিধিপ্রতিষেধাশ্চাত্রার্থবন্তঃ স্যুঃ,—বিকল্পোৎসর্গাপবাদাশ্চ। ন তু বস্তু এবং নৈবম্ অস্তি নাস্তীতি বা বিকল্প্যতে। বিকল্পনাস্তু পুরুষবুদ্ধ্যপেক্ষাঃ; ন বস্তুযাথাত্ম্যজ্ঞানং পুরুষবুদ্ধ্যপেক্ষম্;

কর্ত্তুমন্যথা বা কর্ত্তুমিত্যস্যোদাহরণমাহ।—"উদিতে" ইতি। স্যাদেতৎ। পুরুষস্বাতন্ত্র্যাৎ কর্ত্তব্যে বিধিপ্রতিষেধানামানর্থক্যং অতদধীনত্বাৎ পুরুষপ্রবৃত্তিনিবৃত্ত্যোরিত্যত আহ।—"বিধিপ্রতিষেধাশ্চাত্রার্থবন্তঃ স্যুঃ"। গৃহ্নাতীতি বিধিঃ, ন গৃহ্নাতীতি প্রতিষেধঃ। উদিতানুদিতহোময়োর্ব্বিধী। এবং নারাস্থিস্পর্শননিষেধঃ, ব্রহ্মঘ্নশ্চ তদ্ধারণবিধিরিত্যেবঞ্জাতীয়কা বিধিপ্রতিষেধা অর্থবন্তঃ। কুত ইত্যত আহ।—"বিকল্পোৎসর্গাপবাদাশ্চ"। চো হেতৌ। যস্মাদ্গ্রহণাগ্রহণয়োরুদিতানুদিতহোময়োশ্চ বিরোধাৎ সমুচ্চয়াসম্ভবে তুল্যবলতয়া চ বাধ্যবাধকভাবাভাবে সত্যগত্যা বিকল্পঃ। নারাস্থিস্পর্শননিষেধতদ্ধারণয়োশ্চ বিরুদ্ধয়োরতুল্যবলতয়া ন বিকল্পঃ। কিন্তু সামান্যশাস্ত্রস্য স্পর্শননিষেধস্য ধারণবিধিবিষয়েণ বিশেষশাস্ত্রেণ বাধঃ। এতদুক্তং ভবতি।—বিধিপ্রতিষেধৈরেব স তাদৃশো বিষয়োঽনাগতোৎপাদ্যরূপ উপনীতঃ, যেন পুরুষস্য বিধিনিষেধাধীনপ্রবৃত্তিনিবৃত্ত্যোরপি স্বাতন্ত্র্যং ভবতীতি। ভূতে বস্তুনি তু নেয়মস্তি বিধেয়াত্ত্যাহ।—"ন তু বস্ত্বেবং নৈবম্" ইতি। তদনেন প্রকারবিকল্পো নিরস্তঃ। প্রকারিবিকল্পং নিষেধতি—"অস্তি নাস্তি"

মনুষ্য ইচ্ছা করিলে, তাহা অশ্বের দ্বারা নির্ব্বাহ করিতে পারে, পদের দ্বারা পারে, অন্য উপায়েও করিতে পারে এবং না করিতেও পারে। [তথা···জুহোতীতি] বৈদিক কর্ম্মও ঐরূপ। যেমন, অতিরাত্রনামক যজ্ঞে ষোড়শী (৪) গ্রহণ করিবার বিধান আছে; কিন্তু তাহা যাজ্ঞিকের ঐচ্ছিক, অর্থাৎ যাজ্ঞিক তাহা লইতেও পারেন, না লইতেও পারেন। হোম একটী কর্ত্তব্য কর্ম্ম; কিন্তু হোমকর্ত্তা তাহা উদয়কালেও করিলে করিতে পারেন, অনুদয়কালেও পারেন। [বিধি··· বাদাশ্চ] অধিক কি, ধর্ম্মশাস্ত্রোক্ত কর্ত্তব্যকর্ম্মসমূহ সম্পূর্ণরূপে পুরুষপ্রবৃত্তির অধীন; সুতরং তদ্বিষয়ে বিধি, নিষেধ, বিকল্প, উৎসর্গ (সাধারণ বিধি) ও অপবাদ (বিশেষবিধি), সমস্তই সার্থক হয়। [ন তু···তৎ] কিন্তু যাহা বস্তু—স্বতঃসিদ্ধ পদার্থ, তাহা ঐরূপ অর্থাৎ পুরুষপ্রবৃত্তির অধীন হয় না। তাহা কখনও পুরুষবুদ্ধির সাহায্যে "ইহা এইরূপ, এইরূপ নহে", "উহা আছে" এবং "উহা নাই" ইত্যাদিপ্রকারে বিকল্পিত (ভিন্নরূপে কল্পিত) হইতে পারে না। কখন কখন লোকদিগকে অজ্ঞানপ্রযুক্ত বস্তুবিষয়েও বিকল্পিত ও সংশয়িত হইতে দেখা যায় বটে; কিন্তু (সে সব স্থলে সেই অজ্ঞ পুরুষই অপরাধী; বস্তু নহে।

---

(৪) ষোড়শী—একপ্রকার যজ্ঞপাত্র।

কিং তর্হি? বস্তুতন্ত্রমেব তৎ। ন হি স্থাণাবেকস্মিন্ স্থাণুর্ব্বা পুরুষো বা অন্যো বেতি তত্ত্বজ্ঞানং ভবতি। তত্র পুরুষো বা অন্যো বেতি মিথ্যাজ্ঞানং, স্থাণুরেবেতি তত্ত্বজ্ঞানং; বস্তুতন্ত্রত্বাৎ। এবং ভূতবস্তুবিষয়াণাং প্রামাণ্যং বস্তুতন্ত্রম্। তত্রৈবং সতি ব্রহ্মবিজ্ঞানমপি বস্তুতন্ত্রমেব, ভূতবস্তুবিষয়ত্বাৎ। ৪

ননু ভূতবস্তুবিষয়ত্বে ব্রহ্মণঃ প্রমাণান্তরবিষয়ত্বমেব—ইতি

ইতি। স্যাদেতৎ। ভূতেঽপি বস্তুনি বিকল্পো দৃষ্টঃ, যথা স্থাণুর্ব্বা পুরুষো বেতি, তৎ কথং ন বস্তু বিকল্প্যত ইত্যত আহ—"বিকল্পনাস্তু" ইতি। পুরুষবুদ্ধিঃ অন্তঃকরণং, তদপেক্ষা বিকল্পনাঃ সংশয়বিপর্য্যাসাঃ, সবাসনমনোমাত্রযোনয়ো বা, যথা স্বপ্নে সবাসনেন্দ্রিয়মনোযোনয়ো বা, যথা বা জাগরে স্থাণুর্ব্বা পুরুষো বেতি স্থাণৌ সংশয়ঃ, পুরুষ এবেতি বা বিপর্য্যাসঃ, অন্যশব্দেন বস্তুতঃ স্থাণোরন্যস্য পুরুষস্যাভিধানাৎ, ন তু পুরুষত্বং বা স্থাণুত্বং বা অপেক্ষন্তে; সমানধর্ম্মধর্ম্মিদর্শনমাত্রাধীনজন্মত্বাৎ। তস্মাদযথাবস্তবো বিকল্পনা ন বস্তু বিকল্পয়ন্তি বা, অন্যথয়ন্তি বেত্যর্থঃ। তত্ত্বজ্ঞানন্তু ন বুদ্ধিতন্ত্রং কিন্তু বস্তুতন্ত্রম্। অতস্ততো বস্তুবিনিশ্চয়ো যুক্তঃ, ন তু বিকল্পনাভ্য ইত্যাহ।—"ন বস্তুযাথাত্ম্য" ইতি। এবমুক্তেন প্রকারেণ ভূতবস্তুবিষয়াণাং জ্ঞানানাং প্রামাণ্যস্য বস্তুতন্ত্রতাং প্রসাধ্য ব্রহ্মজ্ঞানস্য বস্তুতন্ত্রতামাহ—"তত্রৈবং সতি" ইতি॥ ৪

অত্র চোদয়তি।—ননু ভূতেতি। যৎ কিল ভূতার্থং বাক্যং, তৎ প্রমাণান্তর-

---

বুদ্ধির অপরাধে সংশয় বা বিকল্প জন্মে; কিন্তু বস্তু যেমন তেমনই থাকে।) যাহা বস্তুবিষয়ক যথার্থজ্ঞান বা ঠিক জ্ঞান, তাহা কদাপি পুরুষবুদ্ধির আয়ত্ত বা অধীন নহে; তাহা সেই বস্তুরই অধীন। [ন হি…তন্ত্রত্বাৎ] একই স্থাণুতে (৫) "ইহা স্থাণু না মানুষ?" এরূপ সংশয়-জ্ঞান, অথবা "ইহা স্থাণুও নহে, মানুষও নহে, অন্য কিছু" এরূপ বিপর্য্যয়-জ্ঞান হইলে তাহা তত্ত্বজ্ঞান হইবে না। স্থাণুতে যে স্থাণু-জ্ঞান, তাহাই তত্ত্বজ্ঞান; আর মানুষ বা অন্য কিছু বলিয়া যে জ্ঞান, তাহা মিথ্যা জ্ঞান (ভ্রান্তিমাত্র)। কারণ এই যে, তত্ত্বজ্ঞান মাত্রই বস্তুতন্ত্র বা বস্তুর অধীন; যে বস্তু যদ্রূপ, সে বস্তুতে তদ্রূপ জ্ঞান হওয়াই তত্ত্বজ্ঞান। [এবং…তন্ত্রম্] তত্ত্বজ্ঞান (যথার্থজ্ঞান) যেমন বস্তুতন্ত্র বা বস্তুর অধীন, সিদ্ধবস্তুবিষয়ক প্রমাণের প্রামাণ্যও তেমনই সিদ্ধবস্তুর অধীন। [তত্র…বিষয়ত্বাৎ] যদি তাহাই হয়, তবে ইহাও হইবে যে, ব্রহ্মজ্ঞান ব্রহ্মবস্তুরই অধীন; প্রমাণের অধীন নহে। তাহার হেতু এই যে, ব্রহ্মজ্ঞানের বিষয় ব্রহ্ম, তাহা সিদ্ধ অর্থাৎ চিরনিত্য। ৪

[ননু…নিশ্চেতুম্] বলিতে পার, ব্রহ্ম যদি সিদ্ধ বস্তুই হন—নিষ্পাদ্য বস্তু না

---

(৫) স্থাণু—শাখাবিহীন বৃক্ষ; গুঁড়ি বা মুড়ো গাছ।

বেদান্তবাক্যবিচারণা অনর্থিকৈব প্রাপ্তা? ন; ইন্দ্রিয়াবিষয়ত্বেন সম্বন্ধাগ্রহণাৎ। স্বভাবতো বহির্ব্বিষয়বিষয়াণীন্দ্রিয়াণি, ন ব্রহ্মবিষয়াণি। সতি হি ইন্দ্রিয়বিষয়ত্বে ব্রহ্মণঃ ইদং ব্রহ্মণা সম্বদ্ধং কার্য্যমিতি গৃহ্যেত। কার্য্যমাত্রমেব তু গৃহ্যমাণং কিং ব্রহ্মণা সম্বদ্ধং, কিমন্যেন কেনচিদ্বা সম্বদ্ধমিতি ন শক্যং নিশ্চেতুম্। তস্মাজ্জন্মাদিসূত্রং নানুমানোপন্যাসার্থম্; কিন্তর্হি? বেদান্তবাক্যপ্রদর্শনার্থম্। ৫

গোচরার্থতয়া অনুবাদকং দৃষ্টম্। যথা নদ্যাস্তীরে ফলানি সন্তীতি, তথা চ বেদান্তাঃ; তস্মাদ্ভূতার্থতয়া প্রমাণান্তরদৃষ্টমেবার্থমনুবদেয়ুঃ। উক্তঞ্চ 'ব্রহ্মণি জগজ্জন্মাদিহেতুকমনুমানং প্রমাণান্তরম্। এবঞ্চ মৌলিকং তদেব পরীক্ষণীয়ম্, ন তু বেদান্তবাক্যানি তদধীনসত্যত্বানীতি কথং বেদান্তবাক্যগ্রথনার্থতা সূত্রাণামিত্যর্থঃ। পরিহরতি—"ন ইন্দ্রিয়াবিষয়ত্ব" ইতি। কস্মাৎ পুনর্নেন্দ্রিয়বিষয়ত্বং প্রতীচঃ? ইত্যত আহ—"স্বভাবতঃ" ইতি। অতএব শ্রুতিঃ—

"পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভূঃ
তস্মাৎ পরাঙ্ পশ্যতি নান্তরাত্মন্" ইতি।

"সতি হীন্দ্রিয়" ইতি—প্রত্যগাত্মনস্ত্ববিষয়ত্বমুপপাদিতম্। যথা চ সামান্যতোদৃষ্টমপ্যনুমানং ব্রহ্মণি ন প্রবর্ত্ততে, তথোপরিষ্টান্নিপুণতরমুপপাদয়িষ্যামঃ।

হন, তাহা হইলে ইহাও বলিতে হইবে যে, তিনি অন্য প্রমাণেরও (প্রত্যক্ষ বা অনুমানেরও) বিষয়। অন্যপ্রমাণের বিষয় বলিলে, বেদান্তবাক্যবিচারের কোন প্রয়োজনই থাকে না। ইহার প্রত্যুত্তর এই যে, না, ব্রহ্ম সিদ্ধ বস্তু হইলেও প্রমাণান্তরের বিষয় নহেন, অর্থাৎ তাঁহাতে বেদান্তবাক্য ভিন্ন অন্য কোন প্রমাণই প্রসর প্রাপ্ত হয় না। তাহার হেতু এই যে, তিনি কোন ইন্দ্রিয়ের বিষয় (প্রকাশ্য) নহেন; সেই কারণে তাঁহার সম্বন্ধও (৬) অজ্ঞাত বা অগোচর থাকে। (সম্বন্ধ অর্থ—ব্যাপ্তি; ব্যাপ্তি জ্ঞান ব্যতীত অনুমান জন্মে না)। এ নিয়ম সকলেরই অনুমোদিত। কাজেই বলিতে হইবে যে, ব্রহ্মবিজ্ঞানে অনুমান প্রমাণের কারণতা নাই। প্রণিধান করিয়া দেখ; ইন্দ্রিয়গণ স্বভাবতঃই বহিঃপ্রবৃত্ত এবং তাহাদের বিষয়ও (গ্রাহ্য বা প্রকাশ্য বস্তুও) বাহিরেই থাকে। (ইন্দ্রিয়গণ উপরটাই দেখে, অন্তরে কি আছে, তাহা দেখিতে, বা গ্রহণ করিতে বা প্রকাশ

---

(৬) ভাবার্থ এই যে, ঘটের সহিত ইন্দ্রিয়ের সম্বন্ধ হয়, তাহার কারণীভূত মৃত্তিকার সহিতও সম্বন্ধ হয়, তৎকার্য্য ঘট দেখিলে তাহার কারণীভূত মৃত্তিকাও অনুভবগম্য হয়। ব্রহ্ম কখনও ইন্দ্রিয়গোচর হন না; সুতরাং কার্য্য দেখিয়া তাঁহার সহিত তৎকার্য্যের সম্বন্ধ থাকাও বোধগম্য হয় না।

কিং পুনস্তদ্বেদান্তবাক্যং, যৎ সূত্রেণেহ লিলক্ষয়িষিতম্? "ভৃগুর্বৈ বারুণির্ব্বরুণং পিতরমুপসসার—অধীহি ভগবো ব্রহ্ম" ইত্যুপক্রম্যাহ—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে, যেন জাতানি জীবন্তি, যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি, তদ্বিজিজ্ঞাসস্ব তদ্‌ব্রহ্ম" ইতি। তস্য চ নির্ণয়বাক্যং "আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে,

---

উপপাদিতঞ্চৈতদস্মাভির্ব্বিস্তরেণ ন্যায়কণিকায়াম্। ন চ ভূতার্থতামাত্রেণানুবাদতেত্যুপরিষ্টাদুপপাদয়িষ্যামঃ। তস্মাৎ সর্ব্বমবদাতম্। শ্রুতিশ্চ—'যতো বা' ইতি জন্ম দর্শয়তি; 'যেন জাতানি জীবন্তি' ইতি জীবনং স্থিতিম্; 'যৎ প্রযন্তি' ইতি তত্রৈব লয়ম্; "তস্য চ নির্ণয়বাক্যম্"। অত্র চ প্রধানাদিসংশয়ে নির্ণয়বাক্যং 'আনন্দাদ্ধ্যেব' ইতি। এতদুক্তং ভবতি—যথা রজ্জুজ্ঞানসহিতরজ্জূপাদানা

করিতে সমর্থ নহে)। সেই জন্যই সর্ব্বান্তরতম ব্রহ্ম উহাদের (ইন্দ্রিয়গণের) অবিষয়—অগ্রাহ্য বা অগোচর। সূক্ষ্ম বিবেচনা করিয়া দেখুন, ব্রহ্ম যখন ইন্দ্রিয়গণের অবিষয় বা অগোচর, অর্থাৎ ইন্দ্রিয়গণ যখন ব্রহ্মের স্বরূপ দেখিতে পায় না, তখন ইহা অবশ্য স্বীকার করিতে হইবে যে, দৃষ্ট বস্তুতে ব্রহ্মসম্বন্ধ থাকিলেও তাহা ইন্দ্রিয়ের দ্বারা দৃষ্ট বা অনুভূত হয় না। ইন্দ্রিয় কেবল কার্য্যভাগটাই দেখে, তাহার কারণভাগ দেখে না বা দেখিতে পায় না; সুতরাং কোন কার্য্যবস্তু (জন্য পদার্থ) দৃষ্ট হইলেও তাহা ব্রহ্মসম্বদ্ধ, অথবা অন্য কোন কারণবিশিষ্ট, তাহা নির্ণীত হয় না; সুতরাং অনুমানের দ্বারা জানা যায় না। (৭) [তস্মাৎ…প্রদর্শনার্থম্] অতএব ইহাই অবধারিত হইতেছে যে, এই সূত্রটী অনুমান বিচারের নিমিত্ত রচিত হয় নাই; বেদান্তবাক্য মীমাংসার জন্যই লিখিত বা রচিত হইয়াছে। ৫

[কিং…যিতম্] এই সূত্রের লক্ষ্যভূত সেই বেদান্তবাক্যটী কি? যাহা এই সূত্রের উদাহরণ বা বিচার্য্য-বিষয়রূপে গৃহীত হইয়াছে? [ভৃগু…অভিসংবিশন্তীতি] "বরুণপুত্র ভৃগু পিতৃসন্নিধানে গমন করিলেন। বলিলেন, "ভগবন্, আমাকে ব্রহ্ম উপদেশ করুন।" ইহা শুনিয়া বরুণ ভৃগুকে বলিলেন,—"যাঁহা হইতে এই সকল ভূত (উৎপত্তিশীল বস্তু মাত্র) জন্মিতেছে, জন্মিয়া যদ্দ্বারা জীবিত থাকিতেছে, আবার প্রলয়কালেও যাঁহাতে গিয়া প্রবিষ্ট হইয়া থাকে—লয় প্রাপ্ত হয়, তুমি তাঁহাকেই জিজ্ঞাসা কর—জানিতে ইচ্ছা কর,—তিনিই ব্রহ্ম।" এইরূপ প্রশ্নপ্রতিবচনের পর, যাহা সিদ্ধান্ত হইয়াছিল—তাহা এই:—"এই সকল ভূত আনন্দ হইতে জন্মিতেছে, আনন্দের দ্বারাই জীবিত থাকিতেছে, আবার অন্তকালেও ইহারা আনন্দেই গিয়া প্রবিষ্ট হইবে বা লীন হইবে।" এই বেদান্তবাক্যই (তৈত্তিরীয়

---

(৭) ধূম ও বহ্নিস্থলে উভয়ই ইন্দ্রিয়গ্রাহ্য; তৎকারণে ধূমদর্শনের পর ধূমের সহিত বহ্নির জন্য-জনকভাব সম্বন্ধ থাকা জানা যায়; কাজেই ধূমের সদ্ভাবে বহ্নির সদ্ভাবনাও জানা যায়, কিন্তু ব্রহ্মবিজ্ঞানস্থলে সেরূপ বিজ্ঞানলাভের কোন সম্ভাবনাই নাই।

আনন্দেন জাতানি জীবন্ত্যানন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি” ইতি। অন্যান্যপ্যেবঞ্জাতীয়কানি বাক্যানি নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসর্ব্বজ্ঞস্বরূপ-কারণবিষয়াণ্যুদাহর্ত্তব্যানি ॥ ১ ॥ ১ ॥ ২ ॥

জগৎকারণত্বপ্রদর্শনেন সর্ব্বজ্ঞং ব্রহ্মেত্যুপক্ষিপ্তম্, তদেব দ্রঢ়য়ন্নাহ—

শাস্ত্রযোনিত্বাৎ ॥ ১ ॥ ১ ॥ ৩ ॥ *

মহত ঋগ্বেদাদেঃ শাস্ত্রস্যানেক-বিদ্যাস্থানোপবৃংহিতস্য

ধারা রজ্জ্বাং সত্যামস্তি রজ্জ্বামের চ লীয়তে, এবমবিদ্যাসহিতব্রহ্মোপাদানং জগৎ ব্রহ্মণ্যেবাস্তি তত্রৈব চ লীয়ত ইতি সিদ্ধম্ ॥ ১ ॥ ১ ॥ ২ ॥

সূত্রান্তরমবতারয়িতুং পূর্ব্বসূত্রসঙ্গতিমাহ—“জগৎকারণত্বপ্রদর্শনেন” ইতি। ন কেবলং জগদ্‌যোনিত্বাদস্য ভগবতঃ সর্ব্বজ্ঞতা, শাস্ত্রযোনিত্বাদপি বোদ্ধব্যা।

শাস্ত্রযোনিত্বস্য সর্ব্বজ্ঞতাসাধনত্বং সমর্থয়তে।—“মহত ঋগ্বেদাদেঃ শাস্ত্রস্য” ইতি। চাতুর্ব্বর্ণ্যস্য চাতুরাশ্রম্যস্য চ যথাযথং নিষেকাদিশ্মশানান্তাসু ব্রাহ্মমুহূর্ত্তোপ-

---

উপনিষদের কথা) এ সূত্রের বিষয় অর্থাৎ ইহারই মীমাংসার জন্য জন্মাদি-সূত্রের প্রবৃত্তি। [অন্যান্য…উদাহর্ত্তব্যানি] এতদ্ভিন্ন ঐরূপ ভাবের অন্যান্য বেদান্ত-বাক্যও, যাহা নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-স্বভাব ও সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি জগৎকারণ ব্রহ্মের অববোধক, তাহাও এ সূত্রের উদাহরণার্থ সংগ্রহ করিতে হইবে ॥ ১ ॥ ১ ॥ ২ ॥

[জগৎ…আহ] পূর্ব্বসূত্রে “ব্রহ্মই জগৎকারণ” এইরূপ বলায় বা সিদ্ধান্ত করায় ব্রহ্মের সার্ব্বজ্ঞ্য-শক্তির উপক্ষেপ (৮) করা হইয়াছে। অর্থাৎ ব্রহ্ম যে সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, তাহাও বলা হইয়াছে। সেই অস্পষ্ট অর্থ বিস্পষ্ট করিবার জন্য—শাস্ত্র-যুক্তির দ্বারা দৃঢ় করিবার জন্য—বলিতেছেন অর্থাৎ সূত্রান্তর উপদেশ করিতেছেন।

[মহত…ব্রহ্ম] যে মহান্ শাস্ত্র—ঋগ্বেদ প্রভৃতি মহাশাস্ত্র নানাবিদ্যার

---

* শাস্ত্রস্য ঋগ্বেদাদেঃ যোনিঃ কারণম্ শাস্ত্রযোনিত্বাৎ শাস্ত্রকারণত্বাৎ হেতোঃ সর্ব্বজ্ঞং ব্রহ্ম। অথবা শাস্ত্রমেব যোনিঃ কারণং উপায়োঽস্য—স্বরূপাবগতৌ।—যেহেতু তিনি সর্ব্বজ্ঞতুল্য মহৎ ঋগ্বেদাদি শাস্ত্রের যোনি (উৎপত্তিস্থান), অথবা এই সকল শাস্ত্রই যাঁহাকে জানিবার একমাত্র উপায়, সেই হেতু তিনি সর্ব্বজ্ঞ। ইহার উপপাদক যুক্তিসমূহ ভাষ্যানুবাদে ব্যক্ত আছে। (যেস্থানে ২-৩ প্রকার অর্থ থাকে ; সে স্থলে বক্তা নিজের মত সর্ব্বশেষে বলেন। এতদনুসারে বুঝিতে হইবে যে, শেষোক্ত ব্যাখ্যাই আচার্য্যের অভিমত)।

(৮) এক অর্থের বলে অন্য অর্থ লব্ধ হইলে, তাহা উপক্ষেপ আখ্যা প্রাপ্ত হয়। ইহার অন্য নাম ব্যঙ্গার্থ। কখন কখন এরূপ অর্থকে ভাবার্থ শব্দেও উল্লেখ করা যায়। এস্থলে জগৎকারণ শব্দের দ্বারা এইরূপ আর একটী অর্থ উপক্ষিপ্ত হইতেছে যে, ব্রহ্ম যখন সর্ব্বজগতের কারণ, তখন অবশ্যই তিনি সর্ব্বজগৎ জানেন, ইত্যাদি।

প্রদীপবৎ সর্ব্বার্থাবদ্যোতিনঃ সর্ব্বজ্ঞকল্পস্য যোনিঃ কারণং ব্রহ্ম। ন হীদৃশস্য শাস্ত্রস্য ঋগ্বেদাদিলক্ষণস্য সর্ব্বজ্ঞগুণান্বিতস্য সর্ব্বজ্ঞাদন্যতঃ সম্ভবোঽস্তি। যদ্‌যদ্‌বিস্তরার্থং শাস্ত্রং যস্মাৎ পুরুষবিশেষাৎ সম্ভবতি,—যথা ব্যাকরণাদি পাণিন্যাদেস্তৈর্যৈকদেশার্থমপি, স ততোঽপ্যধিকতরবিজ্ঞান ইতি প্রসিদ্ধং লোকে; কিমু

ক্রম-প্রদোষপরিসমাপনীয়াসু নিত্য-নৈমিত্তিক-কাম্যকর্ম্মপদ্ধতিষু ব্রহ্মতত্ত্বে চ শিষ্যাণাং শাসনাৎ শাস্ত্রম্ ঋগ্বেদাদি, অতএব মহাবিষয়ত্বাৎ মহৎ। ন কেবলং মহাবিষয়ত্বেনাস্য মহত্ত্বম্, অপি তু, অনেকাঙ্গোপাঙ্গোপকরণতয়াপীত্যাহ—"অনেকবিদ্যাস্থানোপবৃংহিতস্য"। পুরাণ-ন্যায়-মীমাংসাদয়ো দশ বিদ্যাস্থানানি, তৈস্তয়া তয়া দ্বারোপকৃতস্য। তদনেন সমস্তশিষ্টজনপরিগ্রহেণাপ্রামাণ্যশঙ্কাপ্যপাকৃতা। পুরাণাদিপ্রণেতারো হি মহর্ষয়ঃ শিষ্টাঃ, তৈস্তয়া তয়া দ্বারা বেদান্ ব্যাচক্ষাণৈস্তদর্থং চাদরেণানুতিষ্ঠদ্ভিঃ পরিগৃহীতো বেদ ইতি। ন চায়মনববোধকঃ, নাপ্যস্পষ্টবোধকঃ, যেনাপ্রমাণং স্যাদিত্যাহ—"প্রদীপবৎ সর্ব্বার্থাবদ্যোতিনঃ"। সর্ব্বমর্থজাতং সর্ব্বথা অববোধয়ন্ নানববোধকো নাপ্যস্পষ্টবোধক ইত্যর্থঃ। অতএব "সর্ব্বজ্ঞকল্পস্য" সর্ব্বজ্ঞসদৃশস্য। সর্ব্বজ্ঞস্য হি জ্ঞানং সর্ব্ববিষয়ং, শাস্ত্রস্যাপ্যভিধানং সর্ব্ববিষয়মিতি সাদৃশ্যম্। তদেবমন্বয়মুক্ত্বা ব্যতিরেকমাহ—"ন হীদৃশস্য" ইতি। সর্ব্বজ্ঞস্য গুণঃ সর্ব্ববিষয়তা, তদন্বিতং শাস্ত্রম্, অস্যাপি সর্ব্ববিষয়ত্বাৎ। উক্তমর্থং প্রমাণয়তি—"যদ্-যদ্-বিস্তরার্থং শাস্ত্রং যস্মাৎ পুরুষবিশেষাৎ সম্ভবতি" "স পুরুষবিশেষস্ততোঽপি শাস্ত্রাদধিকতরবিজ্ঞানঃ" ইতি যোজনা। অন্যত্বেঽস্মাদাদিভির্যৎ সমীচীনার্থবিষয়ং শাস্ত্রং বিরচ্যতে, তত্রাস্মাকং বক্তৄণাং বাক্যাৎ জ্ঞানমধিকবিষয়ম্। ন হি তে তে অসাধারণধর্ম্মা অনুভূয়মানা অপি শক্যা বক্তুম্। ন খল্বিক্ষুক্ষীরগুড়াদীনাং মধুররসভেদাঃ শক্যাঃ সরস্বত্যাপ্যাখ্যাতুম্। বিস্তরার্থমপি বাক্যং ন বক্তৃজ্ঞানেন তুল্যবিষয়মিতি কথয়িতুং বিস্তরগ্রহণম্। সোপনয়ং নিগমনমাহ—"কিমু বক্তব্য"মিতি। বেদস্য যস্মাৎ মহতো

আকর, সমুদায় জ্ঞানবিজ্ঞানের আশ্রয়, প্রদীপের ন্যায় সর্ব্বাবভাসক; সুতরাং সর্ব্বজ্ঞতুল্য, সেই ঋগ্বেদ প্রভৃতির যোনি অর্থাৎ উদ্ভবস্থান ব্রহ্ম।

[ন হি…সম্ভবোঽস্তি] সর্ব্বজ্ঞ ব্রহ্ম ভিন্ন অন্য কোন অল্পজ্ঞ হইতে এবংবিধ সর্ব্বজ্ঞগুণান্বিত মহৎ শাস্ত্রের উৎপত্তি হইবার সম্ভাবনা নাই। [যদ্…লোকে] যে-পুরুষ হইতে বিপুলার্থক যে শাস্ত্র জন্মে, সেই পুরুষে সে-শাস্ত্র অপেক্ষাও অধিকতর জ্ঞান থাকে, ইহা সকলেই বিদিত আছেন। পাণিনিকৃত ব্যাকরণ শাস্ত্রে যে-জ্ঞান উপদিষ্ট আছে, সে-জ্ঞান অপেক্ষাও পাণিনি মুনির জ্ঞান অনেক অধিক ছিল। ব্যাকরণ তাঁহার বিজ্ঞাত বিষয়ের একাংশমাত্র। [কিমু…সম্ভবঃ] অতএব, অনেক শাখাবিভাগসমন্বিত, দেব তির্য্যক্ মনুষ্য, এবং বর্ণ ও আশ্রম প্রভৃতি

বক্তব্যম্ অনেকশাখাভেদভিন্নস্য দেবতির্য্যঙ্মনুষ্য-বর্ণাশ্রমাদিপ্রবিভাগহেতোঃ ঋগ্বেদাদ্যাখ্যস্য সর্ব্বজ্ঞানাকরস্যাপ্রযত্নেনৈব লীলান্যায়েন পুরুষনিশ্বাসবদ্ যস্মান্মহতো ভূতাদ্ যোনেঃ সম্ভবঃ—"অস্য মহতো ভূতস্য নিশ্বসিতমেতদ্ যদৃগ্বেদঃ" ইত্যাদিশ্রুতেঃ,—তস্য মহতো ভূতস্য নিরতিশয়ং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চেতি।

অথবা, যথোক্তম্ ঋগ্বেদাদি শাস্ত্রং যোনিঃ কারণং প্রমাণমস্য ব্রহ্মণঃ যথাবৎস্বরূপাধিগমে। শাস্ত্রাদেব প্রমাণাৎ জগতো জন্মাদিকারণং ব্রহ্মাধিগম্যত ইত্যভিপ্রায়ঃ। তৎ শাস্ত্রমুদাহৃতং পূর্ব্বসূত্রে,—"যতো বা ইমানি ভূতানি জায়ন্তে"

ভূতাৎ যোনেঃ সম্ভবঃ, তস্য মহতো ভূতস্য ব্রহ্মণো নিরতিশয়ং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চ কিমু বক্তব্যমিতি যোজনা। "অনেকশাখা" ইতি।—অত্র চানেকশাখাভেদভিন্নস্যেত্যাদিঃ সম্ভব ইত্যন্ত উপনয়ঃ। তস্যেত্যাদি সর্ব্বশক্তিত্বঞ্চেত্যন্তং নিগমনম্। "অপ্রযত্নেনৈব" ইতি।—ঈষৎপ্রযত্নেন, যথা অলবণা যবাগূরিতি। দেবর্ষয়ো হি মহাপরিশ্রমেণাপি যত্রাশক্তাঃ, তদয়মীষৎপ্রযত্নেন লীলয়ৈব করোতীতি নিরতিশয়মস্য সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বঞ্চোক্তং ভবতি। অপ্রযত্নেনাস্য বেদকর্ত্তৃত্বে শ্রুতিরুক্তা 'অস্য মহতোভূতস্য' ইতি। যেঽপি তাবদ্বর্ণানাং নিত্যত্বমাস্থিষত, তৈরপি পদবাক্যাদীনামনিত্যত্বমভ্যুপেতব্যম্। আনুপূর্ব্বীভেদবন্তো হি বর্ণাঃ পদম্। পদানি চানুপূর্ব্বীভেদবন্তি বাক্যম্। ব্যক্তিধর্ম্মশ্চানুপূর্ব্বী, ন বর্ণধর্ম্মঃ। বর্ণানাং নিত্যানাং বিভূনাঞ্চ কালতো দেশতো বা পৌর্ব্বাপর্য্যাযোগাৎ। ব্যক্তিশ্চানিত্যেতি কথং তদুপগৃহীতানাং বর্ণানাং নিত্যানামপি পদতা নিত্যা। পদানিত্যতয়া চ বাক্যাদীনামপ্য-

---

নানা প্রবিভাগের হেতু, সর্ব্বজ্ঞানের আকর; সুতরাং সর্ব্বজ্ঞকল্প ঋগ্বেদাদি শাস্ত্রসমূহ, যে মহৎ ভূত (স্বতঃসিদ্ধ বা চিরনিত্য) বস্তু হইতে জন্ম লাভ করিয়াছে, সে মহদ্ভূত যে, নিরতিশয় সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, এ কথা বলাই বাহুল্য। [অস্য··· ঞ্চেতি] ঋগ্বেদাদি শাস্ত্র যে মহদ্ভূত (ব্রহ্ম) হইতে উৎপন্ন হইয়াছে, তাহা স্বয়ং শ্রুতিও "এই যে, ঋগ্বেদ, তাহা সেই মহদ্ভূত হইতে নিঃশ্বসিতের ন্যায় বিনা আয়াসে উৎপন্ন হইয়াছে" ইত্যাদি প্রকারে ব্যক্ত করিয়াছেন।

[অথবা···অভিপ্রায়ঃ] অথবা, ঋগ্বেদাদি শাস্ত্রই ব্রহ্মতত্ত্ব জানিবার একমাত্র কারণ বা বোধ-হেতু, অর্থাৎ কেবল শাস্ত্রপ্রমাণের দ্বারাই ব্রহ্মতত্ত্ব উপলব্ধ হয়, অন্য প্রমাণে হয় না, [এইরূপও সূত্রার্থ হইতে পারে]। [তৎ···ইত্যাদি] যে শাস্ত্রের দ্বারা ব্রহ্ম জানা যায়, সে শাস্ত্র পূর্ব্বসূত্রেই "যাহা হইতে এই সকল

ইত্যাদি। কিমর্থং তর্হি ইদং সূত্রং, যাবতা পূর্ব্বসূত্র এবৈতজ্জাতীয়কং শাস্ত্রমুদাহরতা শাস্ত্রযোনিত্বং ব্রহ্মণো দর্শিতম্? উচ্যতে। তত্র সূত্রাক্ষরেণ স্পষ্টং শাস্ত্রস্যানুপাদানাৎ জগজ্জন্মাদিসূত্রেণ কেবলমনুমানমুপন্যস্তমিত্যাশঙ্ক্যেত, তামাশঙ্কাং নিবর্ত্তয়িতুমিদং সূত্রং প্রববৃতে "শাস্ত্রযোনিত্বাৎ" ইতি ॥ ১ ॥ ১ ॥ ৩ ॥

নিত্যতা ব্যাখ্যাতা। তস্মান্নৃত্যানুকরণবৎ পদাদ্যনুকরণম্। যথা হি যাদৃশং গাত্রচলনাদি নর্ত্তকঃ করোতি, তাদৃশমেব শিক্ষ্যমাণা অনুকরোতি নর্ত্তকী, ন তু তদেব ব্যনক্তি, এবং যাদৃশীমানুপূর্ব্বীং বৈদিকানাং বর্ণপদাদীনং করোত্যধ্যাপয়িতা, তাদৃশীমেবানুকরোতি মাণবকঃ, ন তু তামেবোচ্চারয়তি। আচার্য্যব্যক্তিভ্যো মাণবকব্যক্তীনামন্যত্বাৎ। তস্মান্নিত্যানিত্যবর্ণবাদিনাং ন লৌকিক-বৈদিকপদবাক্যাদিপৌরুষেয়ত্বে বিবাদঃ, কেবলং বেদবাক্যেষু পুরুষস্বাতন্ত্র্যাস্বাতন্ত্র্যে বিপ্রতিপত্তিঃ। যথাহুঃ—

'যত্নতঃ প্রতিষেধ্যা নঃ পুরুষাণাং স্বতন্ত্রতা'।

তত্র সৃষ্টিপ্রলয়মনিচ্ছন্তো জৈমিনীয়া বেদাধ্যয়নং প্রতি অস্মাদৃশগুরুশিষ্যপরম্পরামবিচ্ছিন্নামনাদিমাচক্ষতে। বৈয়াসিকস্তু মতমনুবর্ত্তমানাঃ শ্রুতিস্মৃতীতিহাসাদিসিদ্ধ-সৃষ্টিপ্রলয়ানুসারেণ অনাদ্যবিদ্যোপধানলব্ধ সর্ব্বশক্তিজ্ঞানস্যাপি পরমাত্মনো নিত্যস্য বেদানাং যোনেরপি ন তেষু স্বাতন্ত্র্যম্; পূর্ব্বপূর্ব্বসর্গানুসারেণ তাদৃশতাদৃশানুপূর্ব্বীবিরচনাৎ। তথা হি যাগাদিব্রহ্মহত্যাদয়োঽর্থানর্থহেতবো ব্রহ্মবিবর্ত্তা অপি ন সর্গান্তরে বিপরীয়ন্তে। ন হি জাতু কচিৎ সর্গে ব্রহ্মহত্যা অর্থহেতুরনর্থহেতুশ্চাগ্নমেধোভবতি, অগ্নির্ব্বা ক্লেদয়তি, আপোবা দহন্তি, তদ্বৎ। যথাত্র সর্গে নিয়তানুপূর্ব্ব্যং বেদাধ্যয়নমভ্যুদয়নিঃশ্রেয়সহেতুঃ, অন্যথা তদেব বাগ্বজ্রতয়ানর্থহেতুঃ, এবং সর্গান্তরেষ্বপীতি, তদনুরোধাৎ সর্ব্বজ্ঞোঽপি সর্ব্বশক্তিরপি পূর্ব্বপূর্ব্বসর্গানুসারেণ বেদান্ বিরচয়ন্ ন স্বতন্ত্রঃ। পুরুষাস্বাতন্ত্র্যমাত্রঞ্চাপৌরুষেয়ত্বং রোচয়ন্তে জৈমিনীয়া অপি। তচ্চাস্মাকমপি

জন্মিয়াছে" ইত্যাদিক্রমে বলা হইয়াছে। [কিমর্থং…দর্শিতম্] বলিতে পার যে, যদি পূর্ব্বসূত্রেই যে সকল শাস্ত্র বলা হইয়া থাকে, অর্থাৎ ব্রহ্মের শাস্ত্রপ্রমাণকত্ব উক্ত হইয়া থাকে, তবে এ সূত্রের আর প্রয়োজন কি? [উচ্যতে] বলিতেছি—[তত্র…ত্বাদিতি] পূর্ব্বসূত্রে ব্রহ্মের শাস্ত্রযোনিত্ব স্পষ্টাক্ষরে কথিত হয় নাই; তজ্জন্য উহাতে শাস্ত্রযোনিত্বরূপ অর্থের অস্পষ্টতা আছে, অস্পষ্টতা থাকায় লোকের মনে আশঙ্কা হইতে পারে যে, জন্মাদিসূত্রে কেবল অনুমানপ্রণালীই প্রদর্শিত হইয়াছে, শাস্ত্রযোনিত্ব দেখান হয় নাই। তাদৃশ আশঙ্কা নিবারণ করিবার জন্য ও যুক্তিযুক্ত অর্থ স্পষ্ট করিবার নিমিত্ত পুনরপি এই সূত্র অবতারিত হইয়াছে ॥ ১ ॥ ১ ॥ ৩ ॥

কথং পুনর্ব্রহ্মণঃ শাস্ত্রপ্রমাণকত্বমুচ্যতে, যাবতা "আম্নায়স্য ক্রিয়ার্থত্বাদানর্থক্যমতদর্থানাম্" ইতি ক্রিয়াপরত্বং শাস্ত্রস্য প্রদর্শিতম্, অতো বেদান্তানামানর্থক্যম্, অক্রিয়ার্থত্বাৎ; কর্ত্তৃদেবতাদিপ্রকাশনার্থত্বেন বা ক্রিয়াবিধিশেষত্বম্, উপাসনাদিক্রিয়ান্তরবিধানার্থং বা।

সমানমন্যত্রাভিনিবেশাৎ। ন চৈকস্য প্রতিভানেঽনাশ্বাস ইতি যুক্তম্। ন হি বহূনামপ্যজ্ঞানাং বিজ্ঞানাং বা আশ্রয়দোষবতাং প্রতিভানে যুক্ত আশ্বাসঃ। তত্ত্বজ্ঞানবতশ্চাপাস্তসমস্তদোষস্যৈকস্যাপি প্রতিভানে যুক্ত এবাশ্বাসঃ। সর্গাদিভুবাং প্রজাপতিদেবর্ষীণাং ধর্ম্মজ্ঞানবৈরাগ্যৈশ্বর্য্যসম্পন্নানামুপপদ্যতে তৎস্বরূপাবধারণং, তৎপ্রত্যয়েন চার্ব্বাচীনানামপি তত্র সম্প্রত্যয়ঃ, ইত্যুপপন্নং ব্রহ্মণঃ শাস্ত্রযোনিত্বং, শাস্ত্রস্য চাপৌরুষেয়ত্বং প্রামাণ্যঞ্চেতি।

বর্ণকান্তরমারভতে—"অথ বা" ইতি। পূর্ব্বেণাধিকরণেন ব্রহ্মস্বরূপলক্ষণাসম্ভবাশঙ্কাং ব্যুদস্য লক্ষণসম্ভব উক্তঃ; তস্যৈব তু লক্ষণস্যানেনানুমানত্বাশঙ্কামপাকৃত্যাগমোপদর্শনেন ব্রহ্মণি শাস্ত্রং প্রমাণমুক্তম্। অক্ষরার্থস্তুতিরোহিতঃ ॥ ১ ॥ ১ ॥ ৩ ॥

শাস্ত্রপ্রমাণকত্বমুক্তং ব্রহ্মণঃ প্রতিজ্ঞামাত্রেণ, তদনেন সূত্রেণ প্রতিপাদনীয়মিতি উৎসূত্রং পূর্ব্বপক্ষমারচয়তি ভাষ্যকারঃ—"কথং পুনঃ" ইতি। কিমাক্ষেপে। শুদ্ধবুদ্ধোদাসীনস্বভাবতয়োপেক্ষণীয়ং ব্রহ্ম ভূতমভিদধতাং বেদান্তানামপুরুষার্থোপদেশিনামপ্রয়োজনত্বাপত্তেঃ, ভূতার্থত্বেন চ প্রত্যক্ষাদিভিঃ সমানবিষয়তয়া লৌকিকবাক্যবৎ তদর্থানুবাদকত্বেনাপ্রামাণ্যপ্রসঙ্গাৎ। ন

আপত্তি।—[কথং…উচ্যতে] ব্রহ্ম যে, শাস্ত্রপ্রমাণক অর্থাৎ ঋগ্বেদাদিশাস্ত্রের প্রতিপাদ্য, ইহা তুমি কিপ্রকারে বলিতে পার? [যাবতা…অক্রিয়ার্থত্বাৎ] যে-হেতু জৈমিনি মুনি বিচারপূর্ব্বক দেখাইয়াছেন যে, আম্নায় (বেদ) মাত্রই ক্রিয়াপ্রতিপাদক, এবং যাহা ক্রিয়াপ্রতিপাদক, তাহাই প্রমাণ। যাহা ক্রিয়াপর নহে—তাহা নিরর্থক ও অপ্রমাণ; (১) সুতরাং বেদান্ত সকল (বেদের উপনিষদ্ভাগ) অক্রিয়ার্থক—ক্রিয়াপ্রতিপাদক নহে বলিয়া, অর্থশূন্য অর্থাৎ স্বার্থে অপ্রমাণ। [কর্ত্তৃ…বা] বেদান্তের মধ্যেও কর্ত্তৃপুরুষের ও দ্রব্যদেবতাদির উল্লেখ আছে, উহাকে কর্ম্মবিধির অঙ্গ বলিতে পার, অথবা উহাকে উপাসনানামক অন্য এক প্রকার কর্ম্মেরও বিধায়ক বলিতে পার, কিন্তু স্বতন্ত্ররূপে কর্ম্মবোধক বা সিদ্ধবস্তুপ্রতিপাদক, এ দু-এর কিছুই বলিতে পার না।

---

(১) ভাবার্থ এই যে, শাস্ত্রে ক্রিয়াবোধক বাক্যই প্রমাণ; অবশিষ্ট বাক্য অপ্রমাণ।

ন হি পরিনিষ্ঠিতবস্তু-প্রতিপাদনং সম্ভবতি, প্রত্যক্ষাদিবিষয়-ত্বাৎ পরিনিষ্ঠিতবস্তুনঃ। তৎপ্রতিপাদনে চ হেয়োপাদেয়রহিতে পুরুষার্থাভাবাৎ। অতএব "সোঽরোদীৎ" ইত্যাদীনামানর্থক্যং মা ভূদিতি "বিধিনা ত্বেকবাক্যত্বাৎ স্তুত্যর্থেন বিধীনাং স্যুঃ" ইতি স্তাবকত্বেনার্থবত্ত্বমুক্তম্। মন্ত্রাণাঞ্চ ঈষে ত্বাদীনাং ক্রিয়া-তৎ-সাধনাভিধায়িত্বেন কর্ম্মসমবায়িত্বমুক্তম্। ন কচিদপি বেদবাক্যানাং বিধিসংস্পর্শমন্তরেণার্থবত্তা দৃষ্টোপপন্না বা।

খলু লৌকিকানি বাক্যানি প্রমাণান্তরবিষয়মর্থমববোধয়ন্তি স্বতঃ প্রমাণম্, এবং বেদান্তা অপীত্যনপেক্ষত্বলক্ষণং প্রামাণ্যমেষাং ব্যাহন্যেত। ন চ তৈরপ্রমাণৈর্ভবিতুং যুক্তম্, ন চাপ্রয়োজনৈঃ, স্বাধ্যায়াধ্যয়নবিধ্যাপাদিত-প্রয়োজনবত্ত্বনিয়মাৎ। তস্মাৎ তদ্বিহিতকর্ম্মাপেক্ষিত-কর্ত্তৃদেবতাদিপ্রতিপাদনপরত্বে-নৈব ক্রিয়ার্থত্বম্। যদিতু অসন্নিধানাত্তৎপরত্বং ন রোচয়ন্তে, ততঃ সন্নি-হিতোপাসনাদিক্রিয়াপরত্বং বেদান্তানাম্। এবং হি প্রত্যক্ষাদ্যনধিগত-গোচরত্বেনানপেক্ষতয়া প্রামাণ্যঞ্চ প্রয়োজনবত্ত্বঞ্চ সিধ্যতীতি তাৎপর্য্যার্থঃ। পারমর্ষসূত্রোপন্যাসস্তু পূর্ব্বপক্ষদার্ঢ্যায়। আনর্থক্যঞ্চাপ্রয়োজনত্বম্, সাপেক্ষ-তয়া প্রমানুৎপাদকত্বঞ্চ অনুবাদকত্বাদিতি। "অতঃ" ইত্যাদি "বা" ইত্যন্তং গ্রহণকবাক্যম্। অস্য বিভাগভাষ্যং "ন হি" ইত্যাদি "উপপন্না বা" ইত্যন্তম্।

স্যাদেতৎ। অক্রিয়ার্থত্বেঽপি ব্রহ্মস্বরূপবিধিপরা বেদান্তা ভবিষ্যন্তি, তথা চ বিধিনা ত্বেকবাক্যত্বাদিতি রাদ্ধান্তসূত্রমনুগ্রহীষ্যতে। ন খল্বপ্রবৃত্ত-প্রবর্ত্তনমেব

[ন হি···বস্তুনঃ] বেদান্ত শাস্ত্র যে, পরিনিষ্ঠিত (সর্ব্বতোভাবে ও নিশ্চিতরূপে স্থিত অর্থাৎ স্বতঃসিদ্ধ বা নিত্যসৎ) বস্তু প্রতিপাদন করে, এ কথা অসম্ভব। তাহার কারণ এই যে, তাদৃশ বস্তু প্রত্যক্ষাদি প্রমাণেরই বিষয়; সুতরাং তাহা শাস্ত্রের তাৎপর্য্যের বিষয় হইতে পারে না। (২) [তৎ···ভাবাৎ] যদি বল বেদান্ত তাহাই বলে,—তাহাই প্রতিপাদন করে; তাহা হইলে লোকের হেয় (যাহা ত্যাগ করা উচিত), বা উপাদেয় অর্থাৎ যাহা গ্রহণ করা আবশ্যক, এরূপ বিষয়ের প্রতিপাদন না করায় বেদান্তশাস্ত্র নিশ্চিতই অপুরুষার্থ অর্থাৎ

---

(২) তাৎপর্য্য এই যে, যাহা প্রত্যক্ষগম্য অথবা অনুমানগম্য, শাস্ত্র তাহা বলেন না। "অজ্ঞাতজ্ঞাপকং শাস্ত্রম্", যাহা কেহ জানে না, যাহা অন্য উপায়ে জানা যায় না, শাস্ত্র কেবল তাহাই জানান বা উপদেশ করেন। যাহা আছে, যাহা স্বতঃসিদ্ধ, অবশ্য তাহা ইন্দ্রিয়াদিরও গ্রাহ্য, সুতরাং তাদৃশ সিদ্ধ বস্তুর উপদেশ শাস্ত্রের পক্ষে অনর্থক। বেদান্ত যদি সিদ্ধ বস্তুর অর্থাৎ নিত্য সৎব্রহ্ম বস্তুর প্রতিপাদনেই প্রবৃত্ত হইয়া থাকেন, তাহা হইলে অবশ্যই উহা নিরর্থক ও প্রত্যক্ষাদির অনুবাদকমাত্র হইবে।

ন চ পরিনিষ্ঠিত-বস্তুস্বরূপে বিধিঃ সম্ভবতি, ক্রিয়াবিষয়ত্বা-দ্বিধেঃ। তস্মাৎ কর্ম্মাপেক্ষিতকর্ত্তৃস্বরূপদেবতাদিপ্রকাশনেন ক্রিয়াবিধিশেষত্বং বেদান্তানাম্। অথ প্রকরণান্তরভয়ান্নৈতদভ্যুপ-

---

বিধিঃ, উৎপত্তিবিধেরজ্ঞাতজ্ঞাপনার্থত্বাৎ। বেদান্তানাঞ্চাজ্ঞাতং ব্রহ্ম জ্ঞাপয়তাং তথাভাবাদিত্যত আহ,—"ন চ পরিনিষ্ঠিত" ইতি। অনাগতোৎপাদ্যভাব-বিষয় এব হি সর্ব্বো বিধিরুপেয়ঃ, অধিকারবিনিয়োগপ্রয়োগোৎপত্তিরূপাণাং পরম্পরাবিনাভাবাৎ। সিদ্ধে চ তেষামসম্ভবাৎ, তদ্বাক্যানাং ত্বৈদম্পর্য্যং ভিদ্যতে। যথা "অগ্নিহোত্রং জুহুয়াৎ স্বর্গকামঃ" ইত্যাদিভ্যোঽধিকারবিনিয়োগ-প্রয়োগাণাং প্রতিলম্ভাদগ্নিহোত্রং জুহোতীত্যুৎপত্তিমাত্রপরং বাক্যম্। ন ত্বত্র বিনিয়োগাদয়ো ন সন্তি, সন্তোঽপ্যন্যতো লব্ধত্বাৎ কেবলমবিবক্ষিতাঃ। তস্মাৎ ভাবনাবিষয়ো বিধির্ন সিদ্ধে বস্তুনি ভবিতুমর্হতীতি। উপসংহরতি —তস্মাদিতি।

অত্রারুচিকারণমুক্ত্বা পক্ষান্তরমুপসংক্রামতি,—"অথ" ইতি। এবঞ্চ সত্যুক্তরূপে ব্রহ্মণি শব্দস্যাতাৎপর্য্যাৎ প্রমাণান্তরেণ যাদৃশমস্য রূপং ব্যবস্থাপ্যতে, ন তৎ

শ্রোতৃপুরুষের অপ্রয়োজনীয়, ইহা স্বীকার্য্য হইবে। (৩) [অত···মুক্তম্] এইজন্য, যে যে বেদাংশ ক্রিয়াপ্রতিপাদক নহে, সেই সেই বেদাংশের আনর্থক্য-নিবারণের জন্য, জৈমিনি মুনি বলিয়াছেন, "তিনি রোদন করিয়াছিলেন" (৪) ইত্যাদি বেদবাক্য অর্থাৎ বিধি-নিষেধ-বহির্ভূত বেদবাক্য, বিধির সহিত একযোগে অর্থ ব্যক্ত করে; স্বতন্ত্ররূপে করে না। তাদৃশ বেদভাগ একবারে নিরর্থক বা নিষ্প্রয়োজনীয়, ইহাও স্বীকার করা যায় না। কাজেই বিধির সহিত সে সকলের একবাক্যতা অর্থাৎ একার্থপ্রতিপাদকতা অঙ্গীকার করিয়া এইরূপ সিদ্ধান্ত করা যায় যে, তাদৃশ বাক্য সকল বিধিবাক্যের স্তাবক বা প্রশংসাকারক, অর্থাৎ স্তুতিই তাদৃশ বাক্যের অর্থ; স্তুতি ভিন্ন অন্য কোন অর্থ উহাদের নাই। (ফলিতার্থ

---

(৩) বিধি বা নিষেধ না দেখিলে, অর্থাৎ কিছু গ্রহণ করিতে হইবে, বা ত্যাগ করিতে হইবে, তাহা না বুঝাইলে, কেবলমাত্র "অমুক" "ইহা অমুক" "তাহা হইয়াছিল" ইত্যাদিপ্রকার উদাসীন বাক্যে কোন ফলোদয় হয় না। সেরূপ বাক্য ভাসিয়া যায়। কেন-না, তাহা প্রবৃত্তি নিবৃত্তির সাধক বা বাধক কিছুই নহে। মনুষ্য তাহা শুনিয়াও শুনে না, এবং প্রয়োজন নাই বলিয়া উপেক্ষা করে। কাজেই বলিতে হইতেছে, বেদান্ত যদি বিধি-নিষেধ-বহির্ভূত হয়—কেবল সিদ্ধবস্তুর বোধক হয়, তাহা হইলে, অবশ্যই তাহা ভাসিয়া যাইবে, উপেক্ষিত হইবে, প্রয়োজনীয় বা পুরুষার্থ হইবে না।

(৪) "সেই অগ্নি রোদন করিয়াছিলেন। তাহাতে তাঁহার অশ্রুপাত হইয়াছিল। তাহা হইতে রজত (রূপা) হইল।" বেদে এইরূপ একটী গল্প আছে। গল্পের শেষে রজতের নিন্দা আছে। ঐরূপ নিন্দার দ্বারা, যজ্ঞে রজত দিতে নাই, এইরূপ বিধান হইয়াছে। রজত দক্ষিণা দিবে না, ইহাই উক্ত গল্পের তাৎপর্য্যার্থ; অন্য কোন অর্থ নাই। রোদন, অশ্রুপাত, তাহা হইতে রূপা হওয়া, এ সকল (অক্ষর-সন্ধ) অর্থ অর্থই নহে, অর্থাৎ উহার ঐরূপ অর্থ অপ্রমাণ।

গম্যতে, তথাপি স্ববাক্যগতোপাসনাদিকর্ম্মপরত্বম্। তস্মান্ন ব্রহ্মণঃ শাস্ত্রযোনিত্বমিতি প্রাপ্ত উচ্যতে—

শব্দেন বিরুধ্যতে তস্যোপাসনাপরত্বাৎ। সমারোপেণ চোপাসনায়া উপপত্তেরিতি। প্রকৃতমুপসংহরতি।—"তস্মান্ন" ইতি। সূত্রেণ সিদ্ধান্তয়তি—"এবং প্রাপ্ত উচ্যতে"।

এই যে, অক্ষর অনুসারে যে অর্থ লব্ধ হয়, সে অর্থ অর্থই নহে; পরন্তু তাৎপর্য্য অনুসারে যাহা পাওয়া যায়, তাহাই তাহার অর্থ; এবং সেই অর্থেই তাহার প্রামাণ্য)। [মন্ত্রাণাং…মুক্তম্] বেদের মন্ত্রভাগেরও আক্ষরিক অর্থে প্রামাণ্য নাই, কিন্তু ক্রিয়াসাধক দ্রব্যদেবতাদির প্রকাশকত্বরূপে সে সকলের প্রামাণ্য আছে, এ কথা জৈমিনি মুনি স্বকৃত মীমাংসাসূত্রে ব্যক্ত করিয়াছেন। [ন…বা] অতএব, বিধিসংস্পর্শ ব্যতিরেকে কোনও বেদের বা বেদবাক্যের প্রকৃত সার্থক্য দৃষ্ট হয় না, এবং উপপন্নও হয় না।

[ন চ…বিধেঃ] যাহা পরিনিষ্ঠিত বস্তু—যাহা আছে বা নিত্যসৎ, তদ্বিষয়ে কোন প্রকার বিধিই সম্ভবপর হয় না; কারণ, বিধিমাত্রই ক্রিয়াশ্রিত অর্থাৎ কর্ত্তব্যবিষয়েই বিধির সম্ভব হয়। যাহা করা যায় না—যাহার সম্বন্ধে কিছুই করিতে পারা যায় না, কোন কালেই তাহা বিধির বিষয় হয় না। [তস্মাৎ …বেদান্তানাম্] সেইজন্যই বলিতেছি, বেদান্তকেও কর্ম্মবিধির অঙ্গ বলিয়াই স্বীকার করিতে হইবে। কর্ম্ম করিতে গেলে, যেরূপ কর্ত্তার এবং যেরূপ দ্রব্য ও দেবতাদির আবশ্যক হয়, বেদান্তশাস্ত্র কেবল তাহারই উপদেশ করিয়া থাকে; সুতরাং বেদান্তও বিধিবোধকরূপেই প্রমাণ; স্বতন্ত্রভাবে প্রমাণ নহে, অর্থাৎ তাহার আক্ষরিক অর্থে প্রামাণ্য নাই। [অথ…পরত্বম্] যদি মনে কর, উহা এক স্বতন্ত্র প্রকরণ, আর ইহা হইতেছে অন্য প্রকরণ (বেদের কর্ম্মপ্রকরণ বা কর্ম্মকাণ্ড এবং জ্ঞানপ্রকরণ বা জ্ঞানকাণ্ড পরস্পর পৃথক্), এমত স্থলে উক্ত উভয়ের একার্থ-প্রতিপাদকতা নিতান্তই অসম্ভব; সুতরাং প্রকরণভঙ্গদোষ হইবে ভাবিয়া, যদি ঐ সিদ্ধান্ত স্বীকার করিতে না পার; তবে বেদান্তমধ্যগত উপাসনাবিধায়ক অংশগুলিকেই প্রধান করিয়া অন্যান্য অংশসকলকে তাহারই অনুগত বা সমর্থক বলিয়া স্বীকার করিতে পার। অর্থাৎ উপাসনানামক কর্ম্মবিশেষই বেদান্তশাস্ত্রের প্রতিপাদ্য; ব্রহ্ম বা ব্রহ্মবিজ্ঞান উহার মুখ্য প্রতিপাদ্য নহে; এইরূপ সিদ্ধান্তই স্থির কর। [তস্মাৎ…উচ্যতে] অপিচ, ঐ সকল কারণে বা ঐ সকল যুক্তিতে এইরূপ সিদ্ধান্তই লব্ধ হইতেছে যে, ব্রহ্ম শাস্ত্রযোনি বা শাস্ত্রপ্রমাণক নহেন, —কর্ম্মই শাস্ত্রপ্রমাণক। এইরূপ আশঙ্কা বা এইরূপ পূর্ব্বপক্ষ উপস্থিত হইতে পারে, দেখিয়া (মহামুনি ব্যাস) তন্নিরাকরণার্থ চতুর্থ সূত্রের অবতারণা করিতেছেন—

তত্তু সমন্বয়াৎ ॥ ৪ ॥ *

তু-শব্দঃ পূর্ব্বপক্ষব্যাবৃত্ত্যর্থঃ। তদ্‌ব্রহ্ম সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি জগদুৎপত্তি-স্থিতি-লয়কারণং বেদান্তশাস্ত্রাদবগম্যতে। কথম্? সমন্বয়াৎ। সর্ব্বেষু বেদান্তেষু বাক্যানি তাৎপর্য্যেণৈতস্যার্থস্য প্রতিপাদকত্বেন সমনুগতানি,—"সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ং," "আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ," "তদেতদ্

তদেতদ্ব্যাচষ্টে—"তুশব্দঃ" ইতি। তদিত্যুত্তরপক্ষপ্রতিজ্ঞাং বিভজতে—"তদ্‌ব্রহ্ম" ইতি। পূর্ব্বপক্ষবাদী কর্কশাশয়ং পৃচ্ছতি—"কথম্"। কুতঃ প্রকারাদিত্যর্থঃ। সিদ্ধান্তী স্বপক্ষে হেতুং প্রকারভেদমাহ—"সমন্বয়াৎ"। সম্যগন্বয়ঃ সমন্বয়ঃ, তস্মাৎ। এতদেব বিভজতে—"সর্ব্বেষু হি বেদান্তেষু" ইতি। বেদান্তানামাত্যন্তিকীং ব্রহ্মপরতামাচিখ্যাসুর্ব্বহুনি বাক্যান্যুদাহরতি।—"সদেব" ইতি। "যতো বা ইমানি ভূতানি" ইতি তু বাক্যং পূর্ব্বমুদাহৃতং জগদুৎপত্তিস্থিতিনাশকারণমিতি চেহ স্মারিতমিতি ন পঠিতম্। যেন হি বাক্যমুপক্রম্যতে, যেন চোপসংহ্রিয়তে, তদেব বাক্যার্থ ইতি শাব্দাঃ। যথা উপাংশুযাজবাক্যেঽনূচোঃ পুরোডাশয়োর্জ্জামিতা-দোষসঙ্কীর্ত্তনপূর্ব্বকোপাংশুযাজবিধানে তৎপ্রতিসমাধানোপসংহারে চাপূর্ব্বোপাংশুযাজকর্ম্মবিধিপরতা একবাক্যতাবলাদাশ্রিতা, এবমত্রাপি "সদেব সোম্যেদম্" ইতি ব্রহ্মোপক্রমাৎ "তত্ত্বমসি" ইতি চ জীবস্য ব্রহ্মাত্মনোপসংহারাৎ তৎপরতৈব বাক্যস্য। এবং বাক্যান্তরাণামপি পৌর্ব্বাপর্য্যালোচনয়া ব্রহ্ম-

---

সূত্রে যে, "তু" শব্দ আছে, তাহা শঙ্কানিরাসের সূচক। অর্থ এই যে, পূর্ব্বোক্ত প্রকার আশঙ্কা নিবারণ করিবার জন্যই এই চতুর্থ সূত্রের অবতারণা। [তৎ…গম্যতে] বেদান্তশাস্ত্রের দ্বারা জানা যায় যে, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি ব্রহ্মই এই দৃশ্য জগতের সৃষ্টিস্থিতিপ্রলয়ের কারণ বা নিদান। ইহা সিদ্ধ হয় কিরূপে? না, সমন্বয় হইতে। [সর্ব্বেষু…গতানি] দেখা যায়, সমুদায় বেদান্তের প্রায় সমুদায় বাক্যই ব্রহ্মপর এবং ব্রহ্মেই সমস্ত বেদান্তবাক্যের তাৎপর্য্য পর্য্যবসিত। যে সকল বেদান্তবাক্য ব্রহ্মপর, সেই সকল বেদান্তবাক্য এই :—"হে সোম্য, (শ্বেতকেতো), সৃষ্টির পূর্ব্বে এ জগৎ কেবল সৎ অর্থাৎ অস্তিতামাত্র ছিল। তিনি এক ও অদ্বিতীয়।" "অগ্রে অর্থাৎ সৃষ্টির

---

* পূর্ব্বপক্ষনিরাসার্থ-স্তু শব্দঃ। তৎ ব্রহ্ম শাস্ত্রপ্রমাণকমেব; নাত্র পূর্ব্বপক্ষঃ প্রসরতীত্যর্থঃ। কুতঃ? সমন্বয়াৎ। তস্মিন্নেব ব্রহ্মণি বেদান্তানাং তাৎপর্য্যাবধারণাৎ॥

শাস্ত্ররূপ প্রমাণে ব্রহ্মতত্ত্ব উপলব্ধ হয়, অন্য উপায়ে হয় না, এ বিষয়ে শঙ্কা বা আপত্তি করা যাইতে পারে না। তাহার কারণ এই যে, তাঁহাতে সমস্ত বেদান্তের সমন্বয় অর্থাৎ তাৎপর্য্যাবসান দৃষ্ট হয়। (ভাষ্যানুবাদ দেখ, বিশেষ বিবরণ দেখিতে পাইবে)।

ব্রহ্মাপূর্ব্বমনপরমনন্তরমবাহ্যং," "অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ," "ব্রহ্মৈবেদমমৃতং পুরস্তাৎ" ইত্যাদীনি। ন চ তদ্গতানাং পদানাং ব্রহ্মস্বরূপবিষয়ে নিশ্চিতে সমন্বয়েঽবগম্যমানেঽর্থান্তরকল্পনা যুক্তা, শ্রুতহান্যশ্রুতকল্পনাপ্রসঙ্গাৎ। ন চ তেষাং কর্ত্তৃস্বরূপ-

---

পরত্বমবগন্তব্যম্। ন চ তৎপরত্বস্য দৃষ্টস্য সতি সম্ভবেঽন্যপরতা অদৃষ্টা যুক্তা কল্পয়িতুম্, অতিপ্রসঙ্গাৎ। ন কেবলং কর্ত্তৃপরতা তেষামদৃষ্টাঽনুপপন্না চেত্যাহ—"ন চ তেষাম্" ইতি। সাপেক্ষত্বেনাপ্রামাণ্যং পূর্ব্বপক্ষবীজং দূষয়তি।—"ন চ পরিনিষ্ঠিতবস্তুস্বরূপত্বেঽপি" ইতি। অয়মভিসন্ধিঃ—পুংবাক্যদৃষ্টান্তেন হি ভূতার্থতয়া বেদান্তানাং সাপেক্ষত্বমাশঙ্ক্যতে, তত্রৈব ভবান্ পৃষ্টো ব্যাচষ্টাম্। কিং পুংবাক্যানাং সাপেক্ষতা ভূতার্থত্বেন, আহো পৌরুষেয়ত্বেন। যদি ভূতার্থত্বেন, ততঃ প্রত্যক্ষাদীনামপি পরস্পরাপেক্ষত্বেনাপ্রামাণ্যপ্রসঙ্গঃ। তান্যপি ভূতার্থান্যেব। অথ পুরুষবুদ্ধিপ্রভবতয়া পুংবাক্যং সাপেক্ষম্, এবং তর্হি তদপূর্ব্বকাণাং বেদান্তানাং ভূতার্থানামপি নাপ্রামাণ্যং প্রত্যক্ষাদীনামিব নিয়তেন্দ্রিয়লিঙ্গাদিজন্মনাম্। যদ্যুচ্যেত, সিদ্ধে কিলাপৌরুষেয়ত্বে বেদান্তানামনপেক্ষতয়া প্রামাণ্যং সিধ্যেৎ, তদেব তু ভূতার্থত্বেন ন সিধ্যতি। ভূতার্থস্য শব্দানপেক্ষেণ পুরুষেণ মানান্তরতঃ শক্যজ্ঞানত্বাদ্বুদ্ধিপূর্ব্ববিরচনোপপত্তেঃ, বাক্যত্বাদিলিঙ্গকস্য বেদপৌরুষেয়ত্বানুমানস্যাপ্রত্যূহমুৎপত্তেঃ। তস্মাৎ পৌরুষেয়ত্বেন সাপেক্ষত্বং দুর্ব্বারং, ন তু ভূতার্থত্বেন। কার্য্যার্থত্বে তু কার্য্যস্যাপূর্ব্বস্য মানান্তরাগোচরতয়া অত্যন্তানুভূতপূর্ব্বস্য তত্ত্বেন সমারোপেণ বা পুরুষবুদ্ধাবনারোহাৎ তদর্থানাং বেদান্তানামশক্যরচনতয়া পৌরু-

---

পূর্ব্বে ইহা একমাত্র আত্মস্বরূপ ছিল।" "সেই ব্রহ্ম এই (এই জগৎ)।" "ইনি পূর্ব্বেও ছিলেন, পরেও থাকিবেন; ইনি অন্তরেও আছেন, বাহিরেও আছেন। অথবা, তাঁহার কারণ নাই, সুতরাং তিনি কার্য্য বা জন্য নহেন; তাঁহার অন্তরও নাই, বাহিরও নাই অর্থাৎ তিনি একরস।" "এই আত্মাই ব্রহ্ম; ইনি সকলের অনুভূয়মান বা সর্ব্বত্র দেদীপ্যমান।" "এ সমস্তই ব্রহ্ম ও অমৃত।" এইরূপ আরও অনেকানেক জগৎকারণব্রহ্মবোধক বাক্য আছে।

[ন চ…প্রসঙ্গাৎ] ঐ সকল বেদান্তবাক্যে যে সকল পদ বা শব্দ আছে, ব্রহ্মই সে সকলের বিষয় অর্থাৎ প্রতিপাদ্য—ইহা নিশ্চিতরূপে জ্ঞানগোচর হইলে অবধারিত হইলে, অন্য সকল অর্থে কল্পনা করা উচিত হয় না। করিলে, শ্রুতহানি ও অশ্রুতকল্পনা দোষ উপস্থিত হয়। (১) [ন চ…শ্রুতে] ঐ সকল

---

(১) শুনিবামাত্র যে অর্থ বোধগম্য হয়, সে অর্থ ত্যাগ করিলে শ্রুতহানিদোষ এবং যে অর্থ শব্দের শক্তিতে লভ্য হয়, সে অর্থ ত্যাগ করিয়া অন্য অর্থ কল্পনা করিলে অশ্রুতকল্পনাদোষ হয়। এই দুইটাই বাধিজ্ঞানের প্রতিরোধক, সুতরাং দোষ।

প্রতিপাদনপরতাবসীয়তে। "তৎ কেন কং পশ্যেৎ," ইত্যাদি-ক্রিয়াকারকফলনিরাকরণশ্রুতেঃ। ন চ পরিনিষ্ঠিত-বস্তুস্বরূপত্বেঽপি প্রত্যক্ষাদিবিষয়ত্বম্। তত্ত্বমসীতি ব্রহ্মাত্মভাবস্য শাস্ত্রমন্তরেণানবগম্যমানত্বাৎ।

যেয়ত্বাভাবাদনপেক্ষং প্রমাণত্বং সিধ্যতীতি প্রামাণ্যায় বেদান্তানাং কার্য্যপরত্বমাতিষ্ঠামহে। অত্র ব্রূমঃ—কিং পুনরিদং কার্য্যমভিমতমায়ুষ্মতঃ, যদশক্যং পুরুষেণ জ্ঞাতুম্। অপূর্ব্বমিতি চেৎ, হন্ত কুতস্ত্যমস্য লিঙ্গাদ্যর্থত্বং, তেনালৌকিকেন সঙ্গতিসম্বেদনবিরহাৎ। লোকানুসারতঃ ক্রিয়ায়া এব লৌকিক্যাঃ কার্য্যায়া লিঙাদেরবগমাৎ। "স্বর্গকামো যজেত" ইতি সাধ্যস্বর্গবিশিষ্টো নিযোজ্যোঽবগম্যতে। স চ তদেব কার্য্যমবগচ্ছতি, যৎ স্বর্গানুকূলম্। ন চ ক্রিয়া ক্ষণভঙ্গুরা আমুষ্মিকায় স্বর্গায় কল্পত ইতি পারিশেষ্যাদ্বেদত এবাপূর্ব্বে কার্য্যে লিঙাদীনাং সম্বন্ধগ্রহ ইতি চেৎ, হন্ত, চৈত্য-বন্দনাদিবাক্যেষ্বপি স্বর্গকামাদিপদসম্বন্ধাদপূর্ব্বকার্য্যত্বপ্রসঙ্গঃ। তথা চ তেষামপ্যশক্যরচনত্বেনাপৌরুষেয়ত্বাপাতঃ। স্পষ্টদৃষ্টেন পৌরুষেয়ত্বেন তেষামপূর্ব্বার্থত্বপ্রতিষেধে বাক্যত্বাদিনা লিঙ্গেন বেদানামপি পৌরুষেয়ত্বমনুমিতমিত্যপূর্ব্বার্থতা ন স্যাৎ। অন্যতস্তু বাক্যত্বাদীনামনুমানাভাসত্বোপপাদনে কৃতমপূর্ব্বার্থত্বেনাত্র তদুপপাদকেন। উপপাদিতঞ্চাপৌরুষেয়ত্বমস্মাভির্ন্যায়কণিকায়াম্, ইহ তু বিস্তরভয়ান্নোক্তম্। তেনাপৌরুষেয়ত্বসিদ্ধেঃ ভূতার্থানামপি বেদান্তানাং ন সাপেক্ষতয়া প্রামাণ্যবিঘাতঃ। ন চানধিগতগন্তৃতা নাস্তি, যেন প্রামাণ্যং ন স্যাৎ। জীবস্য ব্রহ্মতায়া অন্যতোঽনধিগমাৎ। তদিদমুক্তং "ন চ পরিনিষ্ঠিতবস্তুস্বরূপত্বেঽপি" ইতি।

বাক্য যে, কেবল কর্ম্মকর্ত্তার স্বরূপ মাত্র বুঝাইয়া দেয়, (২) ব্রহ্মাত্মতা বোধ করায় না, অগ্রপশ্চাৎ বিবেচনা করিয়া দেখিলে, তাহাও ত অবধারণ করা যায় না। কেন না, ব্রহ্মবিজ্ঞানের পর কর্ত্তৃত্ববোধই থাকে না; ইহা "সে সময়ে কে কি দিয়া কি দেখিবে? কি শুনিবে? কি করিবে?" ইত্যাদি শ্রুতিতে প্রতিপাদিত হইয়াছে। [ন চ ··মানত্বাৎ] অপিচ, বাস্তবপক্ষে ব্রহ্মাত্মভাব সিদ্ধ থাকিলেও, তাহা প্রত্যক্ষগম্য নহে, অনুমানগম্যও নহে। তাহার হেতু এই যে, "তত্ত্বমসি" ও "অহং ব্রহ্মাস্মি" প্রভৃতি শাস্ত্রীয় প্রমাণ ব্যতীত অন্য কোন প্রমাণেই উহা অবগত হওয়া যায় না। ৪

---

(২) অর্থাৎ কর্ম্মকর্ত্তা কর্ম্মকালে বা উপাসনাকালে অহংব্রহ্ম—আমিই ব্রহ্ম ইত্যাদি প্রকার ব্রহ্মভাবে পরিপূর্ণ হইয়া কর্ম্ম বা উপাসনা করিবেন, এতাবন্মাত্র উপদেশ করে।

যত্তু—হেয়োপাদেয়-রহিতত্বাদুপদেশানর্থক্যমিতি ; নৈষ দোষঃ ; হেয়োপাদেয়শূন্যব্রহ্মাত্মাবগমাদেব সর্ব্বক্লেশপ্রহাণাৎ পুরুষার্থসিদ্ধেঃ। দেবতাদিপ্রতিপাদনস্য তু স্ববাক্যগতোপাসনার্থ-

---

কারণ বলা যুক্তিসিদ্ধ। [যৎ…দোষোঽস্তি] অন্য এক আপত্তি করিয়াছিলে যে, নিত্যজ্ঞানস্বরূপ বলিয়া জ্ঞানক্রিয়ার প্রতি স্বাতন্ত্র্য (কর্ত্তৃত্ব) না থাকায় ব্রহ্মের মুখ্য সর্ব্বজ্ঞতা উপপন্ন হয় না, এ আপত্তির প্রত্যুত্তরার্থ আমরা জিজ্ঞাসা করি, তাদৃশ নিত্যজ্ঞান কিরূপে ব্রহ্মের সর্ব্বজ্ঞতার হানি করিবে? যাহার সর্ব্বপ্রকাশক জ্ঞান নিত্য, সে যে অসর্ব্বজ্ঞ—এ কথা বিপ্রতিষিদ্ধ, বিরুদ্ধ এবং বলিবার অযোগ্য। জ্ঞানের অনিত্যতাস্থলেই কখন কিছু জানিতে পারে, কখন কিছু জানিতে পারে না, এইরূপ হয়; কাজেই সে স্থলে সর্ব্বজ্ঞ বা অল্পজ্ঞ হইতে পারে, কিন্তু নিত্যজ্ঞানস্থলে উক্ত দোষ হইতেই পারে না। [জ্ঞান…দর্শনাৎ] নিত্যজ্ঞান বলিয়া জ্ঞানক্রিয়াবিষয়ে স্বাতন্ত্র্য ব্যবহার উপপন্ন হয় না, এ আপত্তিও অকিঞ্চিৎকর। সূর্য্য সততোষ্ণ ও সততপ্রকাশ, অথচ লোকে বলে, সূর্য্য দগ্ধ করিতেছেন, সূর্য্য প্রকাশ করিতেছেন। এতদ্দৃষ্টান্তে বুঝিতে হইবে যে, শাস্ত্রে সততপ্রকাশ সূর্য্যের প্রকাশক্রিয়া-কর্ত্তৃত্বের ন্যায় নিত্যজ্ঞান ব্রহ্মেরও জ্ঞানক্রিয়াকর্ত্তৃত্ব ব্যপদিষ্ট হইয়াছে।

[ননু…বৈষম্যম্] যদি বল, সূর্য্য প্রকাশ্য বস্তুর সহিত সংযুক্ত হইয়া প্রকাশ

ব্যপদেশঃ স্যাৎ, ন তু ব্রহ্মণঃ প্রাগুৎপত্তের্জ্ঞান-কর্ম্মসংযোগো-হস্তীতি বিষমো দৃষ্টান্তঃ। ন, অসত্যপি কর্ম্মণি, 'সবিতা প্রকাশতে' ইতি কর্ত্তৃত্বব্যপদেশদর্শনাৎ। এবমসত্যপি জ্ঞান-কর্ম্মণি ব্রহ্মণঃ "তদৈক্ষত" ইতি কর্ত্তৃত্বব্যপদেশোপপত্তের্ন বৈষম্যম্।

কর্ম্মাপেক্ষায়ান্তু ব্রহ্মণ ঈক্ষিতৃত্বশ্রুতয়ঃ সুতরামুপপন্নাঃ। কিং পুনস্তৎ কর্ম্ম, যৎ প্রাগুৎপত্তেরীশ্বরজ্ঞানস্য বিষয়ো ভবতীতি। তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়ে নামরূপে অব্যাকৃতে ব্যাচিকীর্ষিতে

বৈষম্যং চোদয়তি।—"ননু সবিতৃঃ" ইতি। কিং বাস্তবং কর্ম্মাভাবমভিপ্রেত্য বৈষম্যমাহ ভবান্, উত তদ্বিবক্ষাভাবম্? তত্র যদি তদ্বিবক্ষাভাবং, তদা প্রকাশয়তীত্যনেন মা ভূৎ সাম্যং,—প্রকাশত ইত্যনেন ত্বস্তি। ন হ্যত্র কর্ম্ম বিবক্ষিতম্। অথ চ প্রকাশস্বভাবং প্রত্যস্তি স্বাতন্ত্র্যং সবিতুরিতি পরিহরতি।—"নাসত্যপি কর্ম্মণি" ইতি। অসত্যপীত্যবিবক্ষিতেঽপীত্যর্থঃ।

অথ বাস্তবং কর্ম্মাভাবমভিসন্ধায় বৈষম্যমুচ্যতে, তন্ন, অসিদ্ধত্বাৎ কর্ম্মাভাবস্য। বিবক্ষিতত্বাচ্চাত্র কর্ম্মণ ইতি পরিহরতি—"কর্ম্মাপেক্ষায়ান্তু" ইতি। যাসাং সতি

করেন, দাহ্যের সহিত সংযুক্ত হইয়া দগ্ধ করেন; সুতরাং তিনি প্রকাশক ও দাহক বলিয়া ব্যপদিষ্ট হইতে পারেন, কিন্তু সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মের জ্ঞানকর্ম্ম (জ্ঞানক্রিয়ার কর্ম্ম জ্ঞেয় পদার্থ) না থাকা হেতু সূর্য্য-দৃষ্টান্তটী সঙ্গত হয় না, বিষম দৃষ্টান্ত হয়, অর্থাৎ সূর্য্য দৃষ্টান্তে নিত্যজ্ঞান ব্রহ্মের জ্ঞানকর্ত্তৃত্ব ব্যপদেশের সারবত্ত্ব সিদ্ধ হয় না। ইহার প্রত্যুত্তরে আমরা বলিব, যখন কর্ম্ম বা প্রকাশ্য বস্তুর সহিত সম্বন্ধ অবিবক্ষিত থাকে, (৩) তখন যেমন "সূর্য্য প্রকাশ পাইতেছেন" এতদ্রূপ অকর্ম্মক কর্ত্তৃত্বের ব্যপদেশ (উল্লেখ বা ব্যবহার) হয়, তদ্রূপ, সৃষ্টির পূর্ব্বে জ্ঞানকর্ম্ম (জ্ঞেয়-বস্তু) না থাকিলেও "তৎ ঐক্ষত" তিনি ঈক্ষণ করিলেন,—এতদ্রূপ অকর্ম্মক কর্ত্তৃত্বব্যপদেশ বিনা-আপত্তিতে হইতে পারে; সুতরাং প্রদর্শিত দৃষ্টান্তটী বিষম হয় নাই, সম-দৃষ্টান্তই হইয়াছে।

[কর্ম্মা···ভবতীতি] যদিও কর্ম্ম অর্থাৎ জ্ঞানক্রিয়ার বিষয় থাকা অপেক্ষিত হয়, তাহা হইলেও ঈক্ষতি শ্রুতির অসংগতি নাই, অর্থাৎ কর্ম্মসদ্ভাব স্বীকার করিলেও ঈক্ষতি-শ্রুতি উপপন্ন হয়। সে কর্ম্ম কি? অর্থাৎ উৎপত্তির পূর্ব্বে ঈশ্বরজ্ঞানের বিষয় হয়, এমন বস্তু কি? এরূপ প্রশ্ন করিলে আমরা প্রত্যুত্তর করিব, সে-বস্তু

---

(৩) অবিবক্ষিত—অনভিপ্রেত, বলিবার বা ব্যক্ত করিবার ইচ্ছাবর্জ্জিত, অর্থাৎ বক্তা যখন "প্রকাশয়তি" এতদ্রূপ সকর্ম্মক পদপ্রয়োগ না করিয়া "প্রকাশতে" এতদ্রূপ অকর্ম্মক পদ প্রয়োগ করেন, তখন তাহার প্রকাশ্য বিষয় অবিবক্ষিত থাকে।

ইতি ব্রূমঃ। যৎপ্রসাদাদ্ধি যোগিনামপ্যতীতানাগতবিষয়ং প্রত্যক্ষং জ্ঞানমিচ্ছন্তি যোগশাস্ত্রবিদঃ, কিমু বক্তব্যং তস্য নিত্য-সিদ্ধস্যেশ্বরস্য সৃষ্টিস্থিতিসংহৃতিবিষয়ং নিত্যং জ্ঞানং ভবতীতি। যদপ্যুক্তম্,—প্রাগুৎপত্তের্ব্রহ্মণঃ শরীরাদি-সম্বন্ধমন্তরেণেক্ষিতৃত্বমনুপপন্নমিতি, ন তচ্চোদ্যমবতরতি, সবিতৃ-প্রকাশবৎ ব্রহ্মণো জ্ঞানস্বরূপনিত্যত্বেন জ্ঞানসাধনাপেক্ষা-নুপপত্তেঃ।

অপি চ, অবিদ্যাদিমতঃ সংসারিণঃ শরীরাদ্যপেক্ষা জ্ঞানোৎ-পত্তিঃ স্যাৎ, ন জ্ঞানপ্রতিবন্ধ-কারণরহিতস্যেশ্বরস্য। মন্ত্রৌ চেমাবীশ্বরস্য শরীরাদ্যনপেক্ষতামনাবরণজ্ঞানতাঞ্চ দর্শয়তঃ—

কর্ম্মণ্যবিবক্ষিতে শ্রুতীনামুপপত্তিস্তাসাং সতি কর্ম্মণি বিবক্ষিতে সুতরামিত্যর্থঃ। "যৎপ্রসাদাৎ" ইতি। যস্য ভগবত ঈশ্বরস্য প্রসাদাৎ, তস্য নিত্যসিদ্ধস্যেশ্বরস্য নিত্যং জ্ঞানং ভবতীতি কিমু বক্তব্যমিতি যোজনা। যথাহুর্যোগশাস্ত্রকারাঃ—"ততঃ প্রত্যক্‌চেতনাধিগমোঽপ্যন্তরায়াভাবশ্চ" ইতি। তদ্ভাষ্যকারাশ্চ—"ভক্তিবিশেষা-দাবর্জ্জিত ঈশ্বরস্তমনুগৃহ্লাতি জ্ঞানবৈরাগ্যাদিনা" ইতি।

"সবিতৃপ্রকাশবৎ" ইতি। বস্তুতো নিত্যস্য কারণানপেক্ষাং স্বরূপেণোক্ত্বা ব্যতি-রেকমুখেনাপ্যাহ—"অপি চাবিদ্যাদিমতঃ" ইত্যাদি। আদিগ্রহণেন কামকর্ম্মাদয়ঃ সংগৃহ্যন্তে। "ন জ্ঞানপ্রতিবন্ধকারণরহিতস্য" ইতি। সংসারিণাং বস্তুতো নিত্য-

---

অনির্ব্বচনীয়, অব্যক্ত, অবিদ্যা বা মায়ানামক জগদ্বীজ। যাহার প্রসাদে যোগীরা অতীতানাগতবিষয়ক প্রত্যক্ষজ্ঞান লাভ করিয়া থাকেন, তাহাতে যে, সেই নিত্যসিদ্ধ ঈশ্বরের সৃষ্টিস্থিতিসংহারবিষয়ক নিত্যজ্ঞান থাকিবে, তদ্বিষয়ে আর কথা কি? সংশয়ই বা কি? [যদপ্যুক্তং···তরতি] "উৎপত্তির পূর্ব্বে ব্রহ্মের শরীরাদি-সম্বন্ধ থাকে না, তৎকারণে তৎকালে তাঁহার ঈক্ষিতৃত্ব থাকা যুক্তিসঙ্গত নহে", এ আপত্তি বা এ পূর্ব্বপক্ষ স্থান প্রাপ্ত হয় না, অর্থাৎ এ আপত্তি হইতেই পারে না। সততপ্রকাশ সূর্য্যের দৃষ্টান্তে ব্রহ্মের যে স্বরূপ জ্ঞান, তাহা নিত্য; সুতরাং সে জ্ঞানের উৎপত্তি নাই এবং উপকরণের অপেক্ষাও নাই।

[অপিচ···স্বরস্য] অজ্ঞানী বা অজ্ঞানাচ্ছন্ন সংসারী জীবেরই শরীরাদিনিমিত্তক জ্ঞানোৎপত্তি হইয়া থাকে, জ্ঞানপ্রতিবন্ধক-রহিত ঈশ্বরের সম্বন্ধে তাহা বা সে নিয়ম নাই। [মন্ত্রৌ···দর্শয়তঃ] দুইটী বেদমন্ত্র ঈশ্বরের শরীরাদ্যনপেক্ষজ্ঞানতা ও

"ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে,
ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে।
পরাস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে,
স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥" ইতি,
অপাণিপাদো জবনো গ্রহীতা,
পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ।
স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা,
তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্"॥ ইতি চ।

নন্থ, নাস্তি তব জ্ঞানপ্রতিবন্ধকারণবানীশ্বরাদন্যঃ সংসারী, "নান্যোঽতোঽস্তি দ্রষ্টা নান্যোঽতোস্তি বিজ্ঞাতা" ইতি শ্রুতেঃ, তত্র কিমিদমুচ্যতে সংসারিণঃ শরীরাদ্যপেক্ষা জ্ঞানোৎপত্তি-র্নেশ্বরস্যেতি। অত্রোচ্যতে—সত্যং নেশ্বরাদন্যঃ সংসারী, তথাপি

জ্ঞানত্বেঽপ্যবিদ্যাদয়ঃ প্রতিবন্ধকারণানি সন্তি, ন ত্বীশ্বরস্যাবিদ্যারহিতস্য জ্ঞানপ্রতি-বন্ধকারণসম্ভব ইতি ভাবঃ। ন তস্য কার্য্যমাবরণাদ্যপগমো বিদ্যতেঽনাবৃতত্বা-দিতি ভাবঃ। অপাণিগ্রহীতা, অপাদো জবনঃ বেগবান্ বিহরণবান্, জ্ঞানবলেন, ক্রিয়াপ্রধানস্য ত্বচেতনস্য জ্ঞানবলাভাবাজ্জগতো ন ক্রিয়েত্যর্থঃ। অতিরোহিতার্থ-মন্যৎ।

অনাবরণত্ব বা অপ্রতিহতজ্ঞানতা দেখাইয়াছেন। যথা—[ন তস্য···মহান্তমিতি চ] "তাঁহার কার্য্যও নাই, করণও নাই (অর্থাৎ শরীর নাই, ইন্দ্রিয়ও নাই)। তাঁহার সমান নাই, অধিকও নাই। অর্থাৎ তিনি স্বজাতীয় ও বিজাতীয় দ্বিতীয়-রহিত। শ্রুতিতে তাঁহার বিবিধপ্রকার উৎকৃষ্ট শক্তি এবং স্বতঃসিদ্ধ জ্ঞানক্রিয়ার অস্তিত্ব অভিহিত হইয়াছে।" "তাঁহার হস্তপদ নাই, অথচ তিনি বেগগামী ও গ্রাহক। তাঁহার চক্ষু নাই, তথাপি তিনি দেখেন। তাঁহার কর্ণ নাই, তথাপি তিনি শুনেন। তিনি বেদ্য বা জ্ঞেয় বস্তু জানেন; কিন্তু তাঁহার জ্ঞাতা নাই। ব্রহ্মজ্ঞগণ তাঁহাকেই মহান্ ও শ্রেষ্ঠ পুরুষ বলিয়া জানেন।

[নন্থ···নেশ্বরস্যেতি] যদি বল, তোমাদের মতে "ব্রহ্ম ভিন্ন পৃথক্ দ্রষ্টা ও বিজ্ঞাতা নাই" এই শ্রুতি অনুসারে ঈশ্বরাতিরিক্ত জ্ঞানপ্রতিবন্ধক হেতুযুক্ত সংসারী আত্মাই নাই"; সুতরাং তোমরা কি প্রকারে বলিতে পার যে, সংসারী আত্মারই জ্ঞানোৎপত্তি শরীরাদিসাপেক্ষ? ঈশ্বরের নহে? [অত্রোচ্যতে] এ প্রশ্নের প্রত্যুত্তর

দেহাদিসংঘাতোপাধিসম্বন্ধ ইষ্যত এব, ঘটকরকগিরিগুহাদ্যুপাধিসম্বন্ধ ইব ব্যোম্নঃ; তৎকৃতশ্চ শব্দপ্রত্যয়ব্যবহারো লোকস্য দৃষ্টঃ—ঘটচ্ছিদ্রং করকচ্ছিদ্রমিত্যাদিরাকাশাব্যতিরেকেঽপি, তৎকৃতা চাকাশে ঘটাকাশাদিভেদমিথ্যাবুদ্ধির্দৃষ্টা, তথেহাপি দেহাদি-সংঘাতোপাধি-সম্বন্ধাবিবেককৃতেশ্বর-সংসারিভেদ-মিথ্যাবুদ্ধিঃ।

দৃশ্যতে চাত্মন এব সতো দেহাদিসংঘাতেঽনাত্মন্যাত্মত্বাভিনিবেশো মিথ্যাবুদ্ধিমাত্রেণ পূর্ব্বপূর্ব্বেণ। সতি চৈবং সংসারিত্বে দেহাদ্যপেক্ষমীক্ষিতৃত্বমুপপন্নং সংসারিণঃ। যদপ্যুক্তং প্রধানস্যানেকাত্মকত্বাৎ মৃদাদিবৎ কারণত্বোপপত্তির্নাসংহতস্য ব্রহ্মণ

স্যাদেতৎ। অনাত্মনি ব্যোম্নি ঘটাদ্যুপাধিকৃতো ভবত্ববচ্ছেদবিভ্রমো ন ত্বাত্মনি স্বভাবসিদ্ধপ্রকাশে স ঘটত ইত্যত আহ।—"দৃশ্যতে চাত্মন এব সতঃ" ইতি। "অভিনিবেশঃ" মিথ্যাভিমানঃ। "মিথ্যাবুদ্ধিমাত্রেণ পূর্ব্বেণ" ইতি।

এইরূপ। [সত্যং ··বুদ্ধিঃ] ঈশ্বরাতিরিক্ত পৃথক্ সংসারী নাই সত্য; না থাকিলেও তাঁহাতে দেহাদিরূপ উপাধিসম্বন্ধ স্বীকার করি। এক অদ্বিতীয় সর্ব্বব্যাপী আকাশে ঘট, শরাব, গিরি, গুহাদিরূপ উপাধির সম্বন্ধ যেরূপ, ব্রহ্মে দেহাদিসংঘাতরূপ উপাধির সম্বন্ধও সেইরূপ। সেই উপাধি অনুসারেই লোকের ঘটছিদ্র ও করকছিদ্র প্রভৃতি শব্দের ও জ্ঞানের ব্যবহার হইয়া থাকে। কিন্তু প্রণিধানপূর্ব্বক দেখিলে দেখিতে পাইবে, ঐ সকল ছিদ্র আকাশ হইতে পৃথক্ নহে। আকাশে যেমন উপাধিকৃত ঘটাকাশ প্রভৃতি মিথ্যা ভেদবুদ্ধি হইতে দেখা যায়, সেইরূপ, দেহাদিসংঘাতরূপ উপাধি সম্বন্ধের দ্বারা অবিবেকপ্রযুক্তই ঈশ্বরত্ব ও সংসারিত্ব প্রভৃতি মিথ্যা ভেদবুদ্ধি হইয়া থাকে।

[দৃশ্যতে·····সংসারিণঃ] ইহা স্পষ্টই দেখা যাইতেছে যে, অনাত্ম-দেহাদিতে আত্মবুদ্ধি ভ্রমপূর্ব্বকই উৎপন্ন হইয়া থাকে। সংসারিত্বরূপ ভেদ যখন কথিতপ্রকারেই হয় বা হইয়াছে, অর্থাৎ দেহাদি-উপাধি-সম্বন্ধের দ্বারা হইয়াছে, তখন অবশ্যই তাহার (জীবের) দেহাদিনিমিত্তক ঈক্ষিতৃত্ব উপপন্ন হইবে। [যদপ্যুক্তং··· আদিনা] অন্য এক কথা বলিয়াছিলে যে, প্রধান অনেকাত্মক বা সংহত (বহুর সমষ্টি), সুতরাং মৃত্তিকাদির দৃষ্টান্তে তাহারই জগৎকারণতা উপপন্ন হয়, কিন্তু এক অদ্বিতীয় অসহায় বলিয়া ব্রহ্মের জগৎকারণতা কোনও প্রকারে উপপন্ন হয় না,—এ কথার বা এ পূর্ব্বপক্ষের প্রত্যুত্তর অশব্দত্ব প্রদর্শনের দ্বারাই প্রদত্ত হইয়াছে।

ইতি, তৎ প্রধানস্যাশব্দত্বেনৈব প্রত্যুক্তম্। যথা তু তর্কেণাপি ব্রহ্মণ এব কারণত্বং নির্ব্বোঢ়ুং শক্যতে, ন প্রধানাদীনাং, তথা প্রপঞ্চয়িষ্যতি—"ন বিলক্ষণত্বাদস্য" ইত্যেবমাদিনা ॥ ১।১।৫ ॥

অত্রাহ—যদুক্তং নাচেতনং প্রধানং জগৎকারণম্ ঈক্ষিতৃত্বশ্রবণাদিতি, তদন্যথাপ্যুপপদ্যতে ; অচেতনেঽপি চেতনবদুপচারদর্শনাৎ। প্রত্যাসন্নপতনতাং নদ্যাঃ কূলস্যালক্ষ্য 'কূলং পিপতিষতি' ইত্যচেতনেঽপি কূলে চেতনবদুপচারো দৃষ্টঃ, তদ্বদচেতনেঽপি প্রধানে প্রত্যাসন্নসর্গে চেতনবদুপচারো ভবিষ্যতি "তদৈক্ষত" ইতি। যথা লোকে কশ্চিচ্চেতনঃ স্নাত্বা ভুক্ত্বা চাপরাহ্ণে গ্রামং রথেন গমিষ্যামীতি ঈক্ষিত্বা, অনন্তরং তথৈব নিয়মেন প্রবর্ত্ততে, তথা

অনেনানাদিতা দর্শিতা। মাত্রগ্রহণেন বিচারাসহত্বেন নির্ব্বচনীয়তা নিরস্তা। পরিশিষ্টং নিগদব্যাখ্যাতম্। *

(৪) তর্কের দ্বারা বা যুক্তির দ্বারা যে-প্রকারে ব্রহ্মেরই জগৎকারণতা সিদ্ধ হয়, প্রধানের হয় না, সে প্রকার ও সে তর্ক "ন বিলক্ষণত্বাৎ" ইত্যাদি সূত্রে বিস্তৃতরূপে বর্ণিত হইবে।

[অত্রাহ...ক্ষতেতি] পূর্ব্বপক্ষবাদী প্রদর্শিত সিদ্ধান্তের প্রতি আপত্তি প্রদর্শনপূর্ব্বক বলিয়া থাকেন যে, ঈক্ষিতৃত্ব শ্রুতি আছে বলিয়াই যে অচেতনা প্রকৃতির জগৎকারণত্ব নিষেধ হইবে, তাহা হইবে না। কেন-না, ঐ শ্রুতি অর্থাৎ জগৎকারণের ঈক্ষিতৃত্ব শ্রুতি অন্যরূপ অর্থে গ্রহণ করিলেই উপপন্ন হইতে পারে। বিবেচনা কর, সকলেই অচেতন পদার্থে চেতন পদার্থের ন্যায় উপচার বা চেতনপদার্থের সদৃশ ব্যবহার হইতে দেখিয়াছেন। যথা—পতনোন্মুখ নদীকূল দেখিলে লোকে বলে, "এই কূল পড়িবার ইচ্ছা করিতেছে।" এতদ্বিধ স্থলে যেমন অচেতন কূলে চেতনযোগ্য ব্যবহার ও শব্দপ্রয়োগ দৃষ্ট হয়, সেইরূপ, সৃষ্ট্যুন্মুখ প্রধানেও চেতনযোগ্য শব্দপ্রয়োগ (তিনি ঈক্ষণ করিলেন ইত্যাদিবিধ) হইয়াছে, বলা যাইতে পারে। [যথা···বচনাৎ] যেমন কোন চেতন "স্নান ভোজন করিয়া অপরাহ্ণে রথারোহণে গ্রাম ভ্রমণ করিব" এইরূপ ঈক্ষণ বা আলোচনা করিয়া

---

* "নিগদস্তু জনৈর্বেদ্যে" ইতি কোষাৎ নিগদেন সর্ব্বজনবেদ্য-স্বশব্দেন এব ব্যাখ্যাতং বিজ্ঞাপিতার্থং স্পষ্টার্থমিতি যাবৎ।

(৪) অর্থাৎ বেদশব্দ যখন প্রধানকে জগৎকারণ বলেন না, যখন শব্দের দ্বারাস্তে প্রধানের জগৎকারণতা লব্ধ হয় না, তখন আর তাহাকে জগৎকারণ বলা যায় না।

প্রধানমপি মহদাদ্যাকারেণ নিয়মেন প্রবর্ত্ততে, তস্মাচ্চেতনবদুপচর্য্যতে। কস্মাৎ পুনঃ কারণাৎ বিহায় মুখ্যমীক্ষিতৃত্বমৌপচারিকং কল্প্যতে? "তত্তেজ ঐক্ষত" "তা আপ ঐক্ষন্ত" ইতি চ অচেতনয়োরপ্তেজসোশ্চেতনবদুপচারদর্শনাৎ। তস্মাৎ সৎকর্ত্তৃকমপীক্ষণমৌপচারিকমিতি গম্যতে, উপচারপ্রায়ে বচনাৎ, ইত্যেবং প্রাপ্তে ইদং সূত্রমারভ্যতে—

গৌণশ্চেন্নাত্মশব্দাৎ ॥ ১। ১। ৬ ॥ *

যদুক্তং প্রধানমচেতনং সচ্ছব্দবাচ্যম্; তস্মিন্নৌপচারিকী ঈক্ষতিরপ্তেজসোরিবেতি; তদসৎ; কস্মাৎ? আত্মশব্দাৎ।

অপ্তেজসোরিবাচেতনে সতি গৌণীক্ষতিরিতি চেৎ, ন, আত্মশব্দাৎ। সতশ্চেতনত্বনিশ্চয়াদিতি সূত্রার্থমাহ—"যদুক্তমিতি"। সা প্রকৃতা সচ্ছব্দবাচ্যা ইয়মীক্ষিত্রী দেবতা পরোক্ষা হন্ত ইদানীং ভূতসৃষ্ট্যনন্তরং, ইমাঃ সৃষ্টাঃ তিস্রঃ তেজোঽ-

অনন্তর সেই ঈক্ষণানুরূপ নিয়মেই প্রবৃত্ত হয়, সেইরূপ, সৃষ্ট্যুন্মুখ প্রধানও মহদাদিক্রমনিয়মে পরিণত হয়, সুতরাং সেই নিয়মপরিপাটি অনুসারেই তাঁহাতে চেতনধর্ম্মের উপচার হইয়াছে। মুখ্য ঈক্ষণ ত্যাগ করিয়া গৌণ অর্থাৎ ঔপচারিক ঈক্ষণ কল্পনা করিবার হেতু এই যে, শ্রুতিতে ঐ ঈক্ষণশব্দ প্রায়ই উপচারক্রমে প্রযুক্ত হইতে দেখা যায়। যথা—"সেই তেজ ঈক্ষণ করিলেন।" "সেই আপ (জল) ঈক্ষণ করিলেন।" ইত্যাদিপ্রকার শ্রুতিতে অচেতন তেজ ও জল চেতনের ন্যায় ব্যবহৃত হইয়াছে। এই সকল কারণে বা হেতুতে শ্রুত্যুক্ত সৎকর্ত্তৃকঈক্ষণ মুখ্য নহে, ঔপচারিক। অর্থাৎ সতের ঈক্ষণ তেজ প্রভৃতির ঈক্ষণের তুল্য। [ইত্যেবং……রভ্যতে] এইরূপ পূর্ব্বপক্ষ উপস্থিত হওয়ায় তন্নিরাকরণার্থ এই সূত্র বলা হইল। ১

[যদুক্তং…শব্দাৎ] বাদিগণ যে বলিয়াছেন, অচেতন প্রধানই জগৎকারণবোধক সৎ-শব্দের বাচ্য এবং তাঁহাতে যে ঈক্ষণকর্ত্তৃত্ব বিশেষণ আছে, তাহা গৌণ, মুখ্য নহে; তেজের ও জলের ঈক্ষণ যেমন গৌণ বা ঔপচারিক,—প্রধানের ঈক্ষণও তদ্রূপ গৌণ বা ঔপচারিক। (চেতন-পদার্থের ঈক্ষণই মুখ্য, তাহা অচেতনের প্রতি প্রযুক্ত হইলে গৌণ বা ঔপচারিক হয়)। বাদিগণের এ উক্তি অসৎ অর্থাৎ ভাল নহে। কেন-না, সে স্থলে "সেই ঈক্ষণকারী সৎ বস্তু আত্মা"

* চেৎ যদ্যর্থে। যদ্যুচ্যতে সৎ-শব্দবাচ্যমচেতনং প্রধানং, তস্মিন্ ঈক্ষিতৃ-শব্দো গৌণ ইতি, তৎ ন সাধীয় ইতি শেষঃ। কুতঃ? আত্মশব্দাৎ ঈক্ষিতরি আত্মশব্দশ্রবণাৎ। আত্মবিশেষণেনেক্ষিতুরচেতনত্ববারণাদিতি ভাবঃ।—অচেতন প্রধানই জগৎকারণ, তবে যে

"সদেব সোম্যেদমগ্র আসীৎ" ইত্যুপক্রম্য, "তদৈক্ষত, তৎ তেজোঽসৃজত" ইতি চ তেজোঽবন্নানাং সৃষ্টিমুক্ত্বা, তদেব প্রকৃতং সদীক্ষিতৃ, তানি চ তেজোঽবন্নানি দেবতাশব্দেন পরামৃশ্যাহ,—"সেয়ং দেবতৈক্ষত, হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নাম-রূপে ব্যাকরবাণি" ইতি। তত্র যদি প্রধানমচেতনং গুণবৃত্ত্যেক্ষিতৃ কল্প্যেত, তদেব প্রকৃতত্বাৎ সেয়ং দেবতেতি পরামৃশ্যেত, ন তদা দেবতা জীবমাত্মশব্দেনাভিদধ্যাৎ। জীবো হি নাম চেতনঃ শরীরাধ্যক্ষঃ প্রাণানাং ধারয়িতা; প্রসিদ্ধের্নির্ব্বচনাচ্চ। স কথমচেতনস্য প্রধান-

---

বন্নরূপাঃ পরোক্ষত্বাদ্দেবতা ইতি দ্বিতীয়া-বহুবচনং, অনেন পূর্ব্বকল্পানুভূতেন জীবেনাত্মনা স্বরূপেণ তা অনুপ্রবিশ্য তাসাং ভোগ্যত্বায় নাম চ রূপঞ্চ স্থূলং

এরূপ অভিহিত আছে। [সদেব···করবাণীতি] শ্রুতি "হে সোম্য, শ্বেতকেতো, অগ্রে ইহা সন্মাত্র ছিল" এইরূপে কথারম্ভ করিয়া "সেই সৎ ঈক্ষণ করিলেন এবং সেই সৎ তেজের সৃষ্টি করিলেন।" ইত্যাদিক্রমে তেজ, জল ও পৃথিবী প্রভৃতির সৃষ্টি বলিয়া পরে সেই সৎকে ঈক্ষিতা ও সেই সৃষ্ট তেজ প্রভৃতিকে দেবতা শব্দের দ্বারা বিশেষিত করিয়া বলিয়াছেন, "সেই দেবতা ঈক্ষণ করিলেন, আলোচনা করিলেন যে, আমরা তিনই দেবতা এবং এইরূপেই আমরা আপন স্বরূপে অনুপ্রবেশপূর্ব্বক নাম ও রূপ ব্যক্ত করিব।" [তত্র যদি···মর্হতি] বিবেচনা করিয়া দেখ, অচেতন প্রধানকেই যদি উপচারক্রমে ঈক্ষিতা বলিয়া অঙ্গীকার কর, তাহা হইলে সেই অচেতন প্রধান প্রকৃত অর্থাৎ প্রকরণপ্রতিপাদ্য হওয়ায় তাঁহাকেই দেবতা বলিয়া গণ্য করা উচিত, কিন্তু তাহা করিতে পারিবে না। অচেতন প্রধান গুণবৃত্তিক্রমে বা উপচারক্রমে ঈক্ষিতা বলিয়া অভিহিত হইলে কখনই দেবতা, জীবকে আত্মশব্দের দ্বারা বিশেষিত বা অভিহিত করিতেন না; অর্থাৎ জীব কখনই সেই দেবতার আত্মা বা স্বরূপ বলিয়া অভিহিত হইত না। জীব কি? জীব চেতন, শরীরের অধ্যক্ষ এবং প্রাণসমূহের ধারয়িতা। জীব-শব্দ ঐরূপ অর্থেই প্রসিদ্ধ এবং উহার নির্ব্বাচনও ঐরূপ। অতএব, প্রসিদ্ধি শাস্ত্র ও নাম-নির্ব্বাচন

তাহাতে ঈক্ষণকর্তৃত্বরূপ বিশেষণ আছে, তাহা গৌণ অর্থাৎ ঔপচারিক। উপচারক্রমেই "তিনি ঈক্ষণ করিলেন" ইত্যাদি প্রকার বলা হইয়াছে, এরূপ বলিবার উপায় নাই। কেননা, তাঁহাতে 'আত্মশব্দ' বিশেষণ দেওয়া আছে। আত্মশব্দ থাকাতে অচেতন প্রধানের গৌণ ঈক্ষিতৃত্ব নিবারিত হইয়াছে। অচেতন পদার্থে আত্মশব্দের প্রয়োগ হয় না, অর্থাৎ অচেতন পদার্থকে কখনই আত্মা বলিতে পারা যায় না।

স্যাত্মা ভবেৎ ? আত্মা হি নাম স্বরূপম্ ; নাচেতনস্য প্রধানস্য চেতনো-জীবঃ স্বরূপং ভবিতুমর্হতি।

অথ তু চেতনং ব্রহ্ম মুখ্যমীক্ষিতৃ পরিগৃহ্যতে, তস্য জীব-বিষয় আত্মশব্দপ্রয়োগ উপপদ্যতে। তথা, "স য এষোঽণিমৈ-তদাত্ম্যমিদং সর্ব্বং, তৎ সত্যং স আত্মা, তৎ ত্বমসি শ্বেতকেতো", ইত্যত্র 'স আত্মা' ইতি প্রকৃতং সদণিমানমাত্মশব্দেনোপদিশ্য, 'তৎ ত্বমসি শ্বেতকেতো' ইতি চেতনস্য শ্বেতকেতোরাত্মত্বেনোপ-দিশতি। অপ্তেজসোস্তু বিষয়ত্বাৎ অচেতনত্বম্, নামরূপ-ব্যাকরণাদৌ চ প্রযোজ্যত্বেনৈব নির্দ্দেশাৎ। ন চাত্মশব্দবৎ

করিষ্যামি ইত্যৈক্ষতেত্যন্বয়ঃ। লৌকিকপ্রসিদ্ধের্জীবপ্রাণধারণ ইতি ধাতো-র্জীবতি প্রাণান্ ধারয়তীতি নির্ব্বচনাচ্চেত্যর্থঃ। ২

"অথ ত্বিতি"—স্বপক্ষে তু বিম্বপ্রতিবিম্বয়োর্লোকে ভেদস্য কল্পিতত্বদর্শনাৎ জীবো ব্রহ্মণঃ সত আত্মা ইতি যুক্তমিত্যর্থঃ। জীবস্য সচ্ছব্দার্থং প্রত্যাত্মশব্দাৎ সৎ ন প্রধানমিত্যুক্তা সতো জীবং প্রত্যাত্মশব্দাৎ ন প্রধানমিতি বিধান্তরেণ হেতুং ব্যাচষ্টে "তথেতি।"—স যঃ সদাখ্যঃ, এষোঽণিমা পরমসূক্ষ্মঃ, এতদাত্মকমিদং সর্ব্বং জগৎ, তৎ সদেব সত্যমেব, বিকারস্য মিথ্যাত্বাৎ সৎপদার্থঃ সর্ব্বস্যাত্মা ; হে শ্বেতকেতো, ত্বঞ্চ নাসি সংসারী, কিন্তু তদেব সদবাধিতং সর্ব্বাত্মকং ব্রহ্মাসীতি শ্রুত্যর্থঃ। "ইত্যাত্মত্বেনোপদিশতি।"—অতশ্চেতনাত্মকত্বাৎ সচ্চেতনমেবেতি বাক্যশেষঃ। যদুক্তমপ্তেজসোরিব সত ঈক্ষণং গৌণমিতি, তত্রাহ "অপ্তেজসো-ত্বিতি"। নামরূপয়োর্ব্যাকরণং সৃষ্টিঃ। আদিপদাদ্বিয়মনম্। অপ্তেজসোর্দৃশি-

---

অনুসারে জীব-শব্দের বাচ্য চেতন ; তদ্রূপ জীবকে কি প্রকারে অচেতন প্রধানের আত্মা বলিতে পার ? (অর্থাৎ পার না) আত্মা কি ? না, স্বরূপ। লোকে ও শাস্ত্রে স্বরূপকেই আত্মা বলে ; সুতরাং চেতন অচেতন-প্রধানের স্বরূপ এ কথা ব্যাহত এবং উহা সর্ব্বপ্রকারে অসঙ্গত। ২

[অথ···দিশতি] আর যদি চেতন ব্রহ্মকে ঈক্ষিতৃরূপে পরিগ্রহ কর, তাহা হইলে মুখ্য ঈক্ষিতৃত্ব হইতে পারে, এবং জীববিষয়ক আত্মশব্দও উপপন্ন হইতে পারে। শ্রুতি শ্বেতকেতুকে "সেই সৎ এই, এ সমস্তই তদাত্মক, হে শ্বেতকেতো, সেই সত্য বা সৎস্বরূপ আত্মা তুমি।" এবং-ক্রমে প্রকরণপ্রতিপাদ্য সূক্ষ্ম বা দুর্জ্ঞেয় জগৎকারণ সৎকে আত্মা বলিয়া উপদেশ করিয়াছেন। [অপ্···মিত্যুক্তম্] জল ও তেজঃ, এ দুটী বিষয় (জড়বস্তু) ; সুতরাং তদুভয়ের ঈক্ষিতৃত্ব গৌণ। মুখ্য ঈক্ষিতৃত্বের

কিঞ্চিন্মুখ্যত্বে কারণমস্তীতি যুক্তং কূলবদ্ গৌণত্বমীক্ষিতৃত্বস্য। তয়োরপি চ সদধিষ্ঠিতত্বাপেক্ষমেবেক্ষিতৃত্বম্। সতস্ত্বাত্মশব্দান্ন গৌণমীক্ষিতৃত্বমিত্যুক্তম্॥ ১।১।৬।

অথোচ্যেত অচেতনেঽপি প্রধানে ভবত্যাত্মশব্দঃ, আত্মনঃ সর্ব্বার্থকারিত্বাৎ, যথা রাজ্ঞঃ সর্ব্বার্থকারিণি ভৃত্যে ভবত্যাত্ম-শব্দো মমাত্মা ভদ্রসেন ইতি। প্রধানং হি পুরুষস্যাত্মনো-ভোগাপবর্গৌ কুর্ব্বদুপকরোতি, রাজ্ঞ ইব ভৃত্যঃ সন্ধিবিগ্রহাদিষু বর্ত্তমানঃ। অথবৈক এবাত্মশব্দশ্চেতনাচেতনবিষয়ো ভবিষ্যতি, ভূতাত্মেন্দ্রিয়াত্মেতি চ প্রয়োগদর্শনাৎ। যথৈক এব জ্যোতিঃ-

---

ষয়ত্বাৎ সৃজ্যত্বান্নিয়ম্যত্বাচ্চাচেতনত্বমীক্ষণস্য মুখ্যত্বে বাধকমস্তি, সাধকঞ্চ নাস্তীতি হেতোর্যুক্তমীক্ষণস্য গৌণত্বমিতি যোজনা। চেতনবৎ কার্য্যকারিত্বং গুণঃ। তেজ ঐক্ষত চেতনবৎ কার্য্যকারীত্যর্থঃ। যথা তেজঃপদেন তদধিষ্ঠানং সৎ লক্ষ্যতে, তথাচ মুখ্যমীক্ষণমিত্যাহ—"তয়োঃ" ইতি। স্যাদেতৎ, যদি সত ঈক্ষণং মুখ্যং স্যাৎ, তদেব কুত ইত্যত আহ—"সতস্ত্বিতি"। গৌণমুখ্যয়ো-রতুল্যয়োঃ সংশয়াভাবেন গৌণপ্রায়পাঠস্যানিশ্চায়কত্বাৎ আত্মশব্দাচ্চ সত ঈক্ষণং মুখ্যমিত্যর্থঃ। আত্মহিতকারিত্বগুণযোগাদাত্মশব্দোঽপি প্রধানে গৌণ ইতি শঙ্কতে —"অথ" ইত্যাদিনা। আত্মশব্দঃ প্রধানেঽপি মুখ্যো নানার্থকত্বাদিত্যাহ "অথবে"তি। নানার্থকত্বে দৃষ্টান্তঃ "যথে"তি। [ইতি রত্নপ্রভা টীকা]।

কিছুমাত্র কারণ না থাকায় উহাদের ঈক্ষিতৃত্ব ও অন্যান্য চেতনযোগ্য বর্ণনা সমস্তই "নদীকূল পড়িবার ইচ্ছা করিতেছে" ইত্যাদিবিধ উক্তির ন্যায় গৌণ, মুখ্য নহে। উহাদের ঈক্ষিতৃত্বপ্রয়োগ সদধিষ্ঠান অর্থাৎ চেতনাধিষ্ঠাননিমিত্তক গৌণ, কিন্তু আত্মবিশেষণে বিশেষিত সতের (ব্রহ্মের) ঈক্ষিতৃত্ব গৌণ নহে, মুখ্য, এ কথা পূর্ব্বেই বলা হইয়াছে॥ ১। ১। ৬॥

[অথো···পঠতি] যদি বল, অচেতন প্রধানেও (প্রকৃতিতেও) আত্মশব্দের প্রয়োগ হইতে পারে, যেমন রাজার সর্ব্বার্থকারী ভৃত্যের প্রতি আত্মশব্দের প্রয়োগ হয় "অমুক আমার আত্মা", সেইরূপ, আত্মার সর্ব্বার্থকারিণী প্রকৃতির প্রতিও আত্মশব্দের প্রয়োগ হইয়াছে—"জগৎকারণ সৎ আত্মা।" ভৃত্য যেমন সন্ধিবিগ্রহাদি কার্য্যে নিযুক্ত থাকিয়া রাজার উপকার করে, তদ্রূপ, প্রধানও আত্মার অর্থাৎ পুরুষের ভোগ ও মোক্ষ বিতরণ করতঃ উপকার করিয়া থাকে। অথবা আত্মশব্দটী চেতন ও অচেতন উভয়-সাধারণ, উভয় অর্থেই আত্মশব্দের প্রয়োগ দেখা যায়; যেমন, ভূতাত্মা ও ইন্দ্রিয়াত্মা ইত্যাদি। অপিচ, জ্যোতিঃশব্দ যেমন যজ্ঞ ও অগ্নি

শব্দঃ ক্রতুজ্বলনবিষয়ঃ। তত্র কুত এতৎ আত্মশব্দাদীক্ষতে-রগৌণত্বমিত্যত উত্তরং পঠতি—

তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ ॥ ১।১।৭ ॥ *

ন প্রধানমচেতনমাত্মশব্দালম্বনং ভবিতুমর্হতি, "স আত্মা" ইতি প্রকৃতং সদণিমানমাদায় "তৎ ত্বমসি শ্বেতকেতো" ইতি চেতনস্য শ্বেতকেতোর্ম্মোক্ষয়িতব্যস্য তন্নিষ্ঠামুপদিশ্য, "আচার্য্য-বান্ পুরুষো বেদ" তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্যে" ইতি মোক্ষোপদেশাৎ। যদি হ্যচেতনং প্রধানং সচ্ছব্দবাচ্যং, তদসীতি গ্রাহয়েৎ মুমুক্ষুং চেতনং সন্তমচে-তনোঽসীতি তদা বিপরীতবাদি শাস্ত্রং পুরুষস্যানর্থায়েত্যপ্রমাণং স্যাৎ। ন তু নির্দোষং শাস্ত্রপ্রমাণং কল্পয়িতুং যুক্তম্।

"তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ" ইতি শঙ্কোত্তরত্বেন বা স্বাতন্ত্র্যেণ বা প্রধাননিরা-করণার্থং সূত্রম্। শঙ্কা চ ভাষ্যে উক্তা ॥ ১। ১। ৭ ॥

এই দুই অর্থে প্রযুক্ত হয়, আত্মশব্দও তদ্রূপ চেতনাচেতন উভয় অর্থে প্রযুক্ত হইতে পারে। অতএব, আত্মশব্দের দ্বারা কিরূপে ঈক্ষণের মুখ্যতা স্থির হইতে পারে? গৌণ ঈক্ষণ না হয় কেন? ভগবান্ ব্যাস এক্ষণে ইহার প্রত্যুত্তর দিতেছেন।

[ন···যুক্তম্] অর্থাৎ অচেতন প্রধান (জড়স্বভাব প্রকৃতি) আত্মশব্দের অবলম্বন হইবার অযোগ্য। তাহার হেতু এই যে, শ্রুতি "তাহাই আত্মা" এত-দ্রূপে প্রকরণপ্রতিপাদ্য পরম সূক্ষ্ম (অত্যন্ত দুর্জ্ঞেয়) সৎ-পদার্থের উপদেশ করিয়া, পরে, "হে শ্বেতকেতো! তুমি সেই আত্মা" এইরূপে মোক্ষয়িতব্য চেতন শ্বেত-কেতুর আত্মনিষ্ঠতা উপদেশপূর্ব্বক কহিয়াছেন "আচার্য্যবান্ পুরুষই এই তত্ত্ব জানিতে পারে এবং তাহার সেই কাল পর্য্যন্ত বিলম্ব, যে-পর্য্যন্ত না তাহার দেহপাত হয়। দেহপাত হইলেই সে সৎসম্পন্ন অর্থাৎ বিদেহমুক্ত বা ব্রহ্মভাব প্রাপ্ত হয়।" এখন বিবেচনা করিয়া দেখ, অচেতন প্রধান যদি সৎশব্দের বাচ্য হয়, আর মুমুক্ষু চেতনকে যদি "তুমি সেই অচেতন" এই বলিয়া গ্রহণ করান হয়, তাহা হইলে চেতনকে অচেতন বলিয়া গ্রহণ করান হেতু শাস্ত্রের শাস্ত্রতা থাকে না, এবং তাহা বিপরীতবাদী হওয়ায় অপ্রমাণ ও অনর্থের হেতু হইয়া উঠে। হিতশাসক নির্দোষ শাস্ত্রকে সদোষ ও অপ্রমাণ বলা সর্ব্বথা অযুক্ত।

* আত্মশব্দোঽপি প্রধানে গৌণো ভবিতুমর্হতীত্যাশঙ্ক্য তত্র পূর্ব্বসূত্রস্থ-নঞ্‌পদমাকৃষ্য যোজ্যম্।

যদি চাজ্ঞস্য সতো মুমুক্ষোরচেতনমনাত্মানমাত্মেত্যুপদিশেৎ প্রমাণভূতং শাস্ত্রম্, স শ্রদ্দধানতয়া অন্ধ-গোলাঙ্গূলন্যায়েন তদাত্ম-দৃষ্টিং ন পরিত্যজেৎ, তদ্ব্যতিরিক্তঞ্চাত্মানং ন প্রতিপদ্যেত; তথা সতি পুরুষার্থাদ্বিহন্যেতানর্থঞ্চ ঋচ্ছেৎ। তস্মাদ্ যথা স্বর্গাদ্যর্থিনোঽগ্নিহোত্রাদি সাধনং যথাভূতমুপদিশতি, তথা মুমুক্ষো-রপি "স আত্মা, তৎ ত্বমসি শ্বেতকেতো" ইতি যথাভূতমেবাত্মান-মুপদিশতীতি যুক্তম্।

[যদি···ঋচ্ছেৎ] প্রমাণভূত শাস্ত্র যদি অজ্ঞ অথচ মুমুক্ষু চেতন শ্বেতকেতুকে "তোমার আত্মা বা তুমি অচেতন" এইরূপ উপদেশ করেন, তাহা হইলে সে অবশ্যই তাহা বিশ্বাস করিবে, অন্ধ-গোলাঙ্গুল দৃষ্টান্তে (১) অনাত্মায় আত্মবুদ্ধি স্থাপন করিবে, তাহা আর ত্যাগ করিবে না, অথচ তদ্ব্যতীত আত্মাকেও জানিতে পারিবে না; সুতরাং সে পুরুষার্থ হইতে ভ্রষ্ট ও অনর্থ বা অধোগতি-প্রাপ্ত ও নষ্ট হইবে। [তস্মাৎ···যুক্তম্] অতএব, শাস্ত্র যেমন স্বর্গার্থী পুরুষের প্রতি স্বর্গসাধক যথার্থ অগ্নিহোত্রাদি যাগ উপদেশ করেন, সেইরূপ, মুমুক্ষু পুরুষের প্রতিও যথাস্বরূপ আত্মার উপদেশ করিয়া থাকেন। এইরূপ বলাই উপযুক্ত।

আত্মশব্দোঽচেতনে প্রধানে ন সম্ভবতীত্যুন্নেয়ম্। কুতঃ? তন্নিষ্ঠস্য আত্মনিষ্ঠস্য মোক্ষোপ-দেশাৎ।—আত্মনিষ্ঠ বা আত্মজ্ঞ পুরুষের মোক্ষলাভের উপদেশ থাকায় অচেতন প্রকৃতিতে আত্মশব্দের প্রয়োগ অসম্ভব। ভাষ্যানুবাদে এ কথা বিস্তৃতরূপে ব্যাখ্যাত হইয়াছে।

(১) অন্ধ-গোলাঙ্গূল ন্যায় যথা:—কোন এক কুটিলমতি একদা এক অরণ্যে একজন অসহায় অন্ধকে দেখিয়া জিজ্ঞাসা করিল, কি জন্য তুমি এই হিংস্রজন্তুপূর্ণ দুর্গম বনে কষ্টভোগ করিতেছ? শুনিয়া সে হৃষ্টচিত্তে বিপদুদ্ধার-প্রত্যাশায় প্রত্যুত্তর করিল, আমি অন্ধ, দৈব বিড়ম্বনায় এই দুর্গম বনে বন্ধুহীন অবস্থায় পতিত আছি, ইহাতে আমার নিতান্ত কষ্ট হইতেছে, ইচ্ছা এই যে, কোনও প্রকারে নগর পথপ্রাপ্ত হইয়া তদবলম্বনে বন্ধুজনসমাকীর্ণ নগরে গিয়া সুখী হইব, কিন্তু অনেককাল অতিবাহিত করিয়াও আমি সে পথ লাভ করিতে পারি নাই। ভাগ্যক্রমে আজ আপনাকে পাইলাম, সুখী হইলাম, অনুগ্রহ করিয়া আপনি আমাকে নগর-প্রাপ্তির উপায় বলুন। অনন্তর সেই দুষ্ট পুরুষ নিকটে এক বন্য বৃষ বিচরণ করিতেছে দেখিয়া কষ্টসৃষ্টে তাহার লাঙ্গুল ধারণপূর্ব্বক অন্ধের হস্তে দিয়া বলিল, তুমি খুব সাবধানে ইহা ধরিয়া থাক, এ তোমাকে নগরে লইয়া যাইবে। সাবধান—যেন ছাড়িয়া দিও না। অনন্তর সেই বৃষ (বন্য গরু) বেদনাপ্রাপ্ত ও মনুষ্যস্পর্শে ভীত হইয়া সবেগে পলায়ন আরম্ভ করিল, নগরপ্রাপ্তির প্রত্যাশায় অন্ধ তাহার লাঙ্গুল ছাড়িল না, তাহাতে সে প্রচুর দুঃখভোগ করিয়া অবশেষে মৃতকল্প ও মোহপ্রাপ্ত হইল।

এবঞ্চ সতি তপ্তপরশুগ্রহণমোক্ষদৃষ্টান্তেন সত্যাভিসন্ধস্য মোক্ষোপদেশ উপপদ্যতে। অন্যথা হ্যমুখ্যে সদাত্মতত্ত্বোপদেশে "অহমুক্থমস্মীতি বিদ্যাৎ" ইতিবৎ সম্পন্মাত্রমিদমনিত্যফলং স্যাৎ, তত্র মোক্ষোপদেশো নোপপদ্যেত। তস্মান্ন সদণিমন্যাত্মশব্দস্য গৌণত্বম্। ভৃত্যে তু স্বামিভৃত্যভেদস্য প্রত্যক্ষত্বাদুপপন্নো গৌণ আত্মশব্দো মমাত্মা ভদ্রসেন ইতি। অপি চ, ক্বচিৎ গৌণঃ শব্দো দৃষ্ট ইতি নৈতাবতা শব্দপ্রমাণকেঽর্থে গৌণী কল্পনা ন্যায্যা স্যাৎ, সর্ব্বত্রানাশ্বাসপ্রসঙ্গাৎ।

যত্তূক্তং—চেতনাচেতনয়োঃ সাধারণ আত্মশব্দঃ ক্রতুজ্বলনয়োরিব জ্যোতিঃশব্দ ইতি; তন্ন, অনেকার্থত্বস্যান্যায্যত্বাৎ। তস্মাচ্চেতনবিষয় এব মুখ্য আত্মশব্দঃ, চেতনত্বোপচারাদ্ভূতাদিষু

[এবঞ্চ…পদ্যেত] এরূপ হইলেই তপ্ত পরশু গ্রহণের দৃষ্টান্তে (২) সত্যনিশ্চয় ও মোক্ষোপদেশ উপপন্ন হইতে পারে। অন্যথা, অমুখ্যে মুখ্যাত্মার উপদেশ হওয়াতে তাহা "আমি উক্থ" এতদ্রূপ (৩) বিজ্ঞানের ন্যায় অধ্যস্ত ও অনিত্যফলক হয়, নিত্যফল (মোক্ষ) হয় না। সুতরাং মোক্ষোপদেশ অসঙ্গত হয়। [তস্মাৎ…প্রসঙ্গাৎ] এই সকল কারণে সেই পরম সূক্ষ্ম বা নিতান্ত দুর্জ্ঞেয় সদ্বস্তুতে আত্মশব্দের প্রয়োগ গৌণ নহে। ভৃত্যে আত্মশব্দের প্রয়োগ দৃষ্ট হয় সত্য; কিন্তু স্বামীর ও ভৃত্যের ভিন্নতা বা পার্থক্য প্রত্যক্ষ-সিদ্ধ। তৎকারণে ভৃত্যের প্রতি আত্মশব্দের প্রয়োগ গৌণ ভিন্ন মুখ্য হয় না। যদিচ লোকব্যবহারে কোথাও গৌণ প্রয়োগ হইয়া থাকে, তাই বলিয়া সর্ব্বত্রই শব্দপ্রমাণক অর্থে গৌণ কল্পনা করা সঙ্গত বা ন্যায্য হয় না। সর্ব্বত্রই গৌণ কল্পনা করিতে গেলে কোথাও কোনও অর্থে আস্থা থাকিতে পারে না।

[যত্তূক্তং…ন্যায্যত্বাৎ] বলিয়াছ যে, জ্যোতিঃ শব্দ যেমন ক্রতু ও জ্বলন (অগ্নি) উভয়বাচক, আত্মশব্দও তেমনি চেতন অচেতন উভয়-বোধক। সে কথা সঙ্গত নহে। কেন-না, এক শব্দের একদা বহু অর্থ ন্যায্য নহে। [তস্মাৎ…যাত্মেতি চ] অতএব চেতন বিষয়েই আত্মশব্দের মুখ্য প্রয়োগ, আর

(২) পূর্ব্বকালে অগ্নিপরীক্ষা ছিল। অপরাধী বলিয়া রাজদ্বারে অভিযুক্ত হইলে ও অন্য প্রমাণ না থাকিলে রাজা তাহার হস্তে তপ্তলৌহ অর্পণ করিতেন। সে সত্যপ্রতিজ্ঞাপূর্ব্বক তাহা গ্রহণ করিত, মিথ্যুক হইলে হস্ত দগ্ধ হইত, সত্য হইলে তাহা হইত না।

(৩) উক্থ অর্থাৎ প্রাণ। আমিই প্রাণ, এতদ্রূপে উপাসনা করিবার বিধান আছে। এই উপাসনা সম্পৎ উপাসনা নামে প্রসিদ্ধ। সম্পৎ উপাসনার লক্ষণ ও ফল পূর্ব্বে বলা হইয়াছে। আরও বলা হইবে।

প্রযুজ্যতে—ভূতাত্মেন্দ্রিয়াত্মেতি চ। সাধারণত্বেঽপ্যাত্মশব্দস্য ন প্রকরণমুপপদং বা কিঞ্চিন্নিশ্চায়কমন্তরেণান্যতরবৃত্তিতা নির্ধারয়িতুং শক্যতে। ন চাত্রাচেতনস্য নিশ্চায়কং কিঞ্চিৎ কারণমস্তি। প্রকৃতস্তু সদীক্ষিতৃ, সন্নিহিতশ্চ চেতনঃ শ্বেতকেতুঃ। ন হি চেতনস্য শ্বেতকেতোরচেতন আত্মা সম্ভবতীত্যবোচাম। তস্মাচ্চেতনবিষয় ইহ আত্মশব্দ ইতি নিশ্চীয়তে। জ্যোতিঃশব্দোঽপি লৌকিকেন প্রয়োগেণ জ্বলন এব রূঢ়ঃ, অর্থবাদপ্রকল্পিতেন তু জ্বলনসাম্যেন ক্রতৌ প্রবৃত্ত ইত্যদৃষ্টান্তঃ।

অথবা পূর্ব্বসূত্র এবাত্মশব্দং নিরস্তসমস্তগৌণত্বসাধারণত্বাশঙ্কতয়া ব্যাখ্যায় ততঃ স্বতন্ত্র এব প্রধানকারণনিরাকরণে হেতুর্ব্ব্যাখ্যেয়ঃ—তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাদিতি। তস্মান্নাচেতনং প্রধানং সচ্ছব্দবাচ্যম্॥ ১। ১। ৭॥

চেতনাধিষ্ঠান প্রযুক্ত ভূতে ও ইন্দ্রিয়ে তাহার গৌণ প্রয়োগ। [সাধারণ—বোচাম] যদিও আত্মশব্দ সাধারণপর বল, উভয়ার্থক বল, তথাপি তাহার প্রকরণ বা উপপদ, কোন একটা নিশ্চায়ক ব্যতীত একতরবৃত্তিতা (নির্দ্দিষ্ট অর্থ-বোধকতা) অবধারণ করিতে পার না। প্রস্তাবিত স্থলে আত্মশব্দের অচেতন-বাচিতার বোধক বা নিশ্চায়ক প্রমাণ নাই। কিন্তু চেতন শ্বেতকেতু নিকটে থাকায় প্রস্তাবিত সতের চেতনতানিশ্চয় আছে। সতের চেতনতা নিশ্চয় থাকায় তদ্বিশেষণীভূত আত্মশব্দও চেতনপর, ইহা অবাধে নিশ্চয় হয়। চেতন শ্বেতকেতুর আত্মা বা স্বরূপ অচেতন, ইহা কখনই সম্ভব হয় না, এ কথা পূর্ব্বেই বলিয়াছি। [তস্মাৎ…নিশ্চীয়তে] অতএব, কথিতস্থলে চেতন বিষয়েই আত্মশব্দের প্রয়োগ, ইহা সহজেই নিশ্চয় করা যায়। [জ্যোতিঃ…দৃষ্টান্তঃ] জ্যোতিঃশব্দ লৌকিকপ্রয়োগে অগ্নিতে নিরূঢ় অর্থাৎ প্রসিদ্ধ। তবে আথবাদিক কল্পনার দ্বারা অগ্নিসাদৃশ্য অনুসারে জ্যোতিঃশব্দ কচিৎ যাগাদিতেও প্রযুক্ত হয়। এ নিমিত্ত উহা (জ্যোতিঃশব্দ) দৃষ্টান্ত হইতে পারে না। [অথবা…বাচ্যম্] কিংবা, পূর্ব্বসূত্রের দ্বারাই আত্মশব্দের গৌণত্ব শঙ্কা নিরাকৃত হইয়াছিল, এক্ষণে এ সূত্রে পৃথক্ রূপে প্রকৃতিকারণবাদ নিরাকৃত হইল। প্রকৃতিকারণ-নিরাকরণপক্ষেও "তন্নিষ্ঠস্য মোক্ষোপদেশাৎ" এই হেতুসূত্র ব্যাখ্যাত হইতে পারে। অতএব প্রধান বা প্রকৃতি কোনও প্রকারে প্রস্তাবিত শ্রুতিস্থ (সৃষ্টি-বোধক শ্রুতিস্থ) সৎ-শব্দের বাচ্য হইতে পারে না॥ ১। ১। ৭॥

কুতশ্চ ন প্রধানং সচ্ছব্দবাচ্যম্ ?—

হেয়ত্বাবচনাচ্চ ॥ ১।১।৮॥*

যদ্যনাত্মৈব প্রধানং সচ্ছব্দবাচ্যং "স আত্মা, তৎ ত্বমসি" ইতি ইহোপদিষ্টং স্যাৎ, স তদুপদেশশ্রবণাদনাত্মজ্ঞতয়া তন্নিষ্ঠো মা ভূদিতি মুখ্যমাত্মানমুপদিদিক্ষুস্তস্য হেয়ত্বং ব্রূয়াৎ, যথা অরুন্ধতীং দিদর্শয়িষুঃ তৎসমীপস্থাং স্থূলাং তারামমুখ্যাং প্রথমমরুন্ধতীতি গ্রাহয়িত্বা, তাং প্রত্যাখ্যায় পশ্চাদরুন্ধতীমেব

স্যাদেতৎ। ব্রহ্মৈব জ্ঞীপ্সিতং, তচ্চ ন প্রথমং সূক্ষ্মতয়া শক্যং শ্বেতকেতুং গ্রাহয়িতুমিতি তৎসম্বন্ধং প্রধানমেব স্থূলতয়াত্মত্বেন গ্রাহ্যতে শ্বেতকেতুরুন্ধতী-মিবাতীব সূক্ষ্মাং দর্শয়িতুং তৎসন্নিহিতাং স্থূলতারকাং দর্শয়তি ইয়মসাবরুন্ধতীতি। অস্যাং শঙ্কায়ামুত্তরম্।—হেয়ত্বাবচনাচ্চ—চকারোঽনুক্তসমুচ্চয়ার্থস্তচ্চানুক্তং ভাষ্য উক্তম্। ১।১।৮।

প্রধান যে, সৎ-শব্দের বাচ্য নহে, তৎপ্রতি আরও হেতু আছে। যথা—[যদ্যনা…দৃশ্যতে] অনাত্মা প্রধান যদি শ্রুতিস্থ সৎ-শব্দের গৌণ অর্থ হইত এবং প্রধানকেই যদি "তৎ ত্বম্ অসি"—তাহাই তুমি, এই বাক্যের দ্বারা চেতন শ্বেতকেতুর আত্মা বলিয়া উপদেশ করা হইত, তাহা হইলে শ্বেতকেতু সেই উপ-দেশ শ্রবণে অনাত্মজ্ঞ থাকিতেন। অপিচ, শ্রুতি অবশ্যই তাহাকে মুখ্য আত্মা বলিবার নিমিত্ত প্রথমোপদিষ্ট গৌণ আত্মার ত্যাজ্যতা বলিতেন। যেমন অরুন্ধতী দেখাইবার ইচ্ছায় অরুন্ধতী তারার নিকটস্থ স্থূল নক্ষত্রকে অরুন্ধতী বলিয়া দেখাইয়া, পশ্চাৎ তাহা অরুন্ধতী নহে বলিয়া প্রত্যাখ্যানপূর্ব্বক প্রকৃত অরুন্ধতীকে দেখান হইয়া থাকে, (১) শ্রুতি সেরূপ পথবর্ত্তিনী না হওয়ায় গৌণ

---

* হেয়ত্বস্য ত্যাজ্যতায়া অবচনাৎ অনভিধানাৎ চ অপি প্রধানং ন সৎ-শব্দবাচ্যম্। ইত্যক্ষরার্থঃ।—ত্যাগোপদেশ না থাকাতেও প্রধান সৎশব্দবাচ্য নহে। (ভাষ্যানুবাদ দেখ)।

(১) পাণিগ্রহণ সংস্কার সমাপ্ত হইলে পর, পতি নবোঢ়া পত্নীকে অরুন্ধতী তারা দেখাইবেন, এইরূপ বিধান ও সদাচার অদ্যাপি প্রচলিত আছে। অরুন্ধতী অতি দুর্লক্ষ্য ক্ষুদ্র তারা, সহজে দেখা যায় না, এবং তাহা সপ্তর্ষিমণ্ডলের (সাত ভেয়ে তারার) এক প্রান্তে থাকে। নববধূ সে তারা চেনে না, দেখ বলিলে দেখিতে পাইবে না, কাজেই তন্নিকটস্থ অন্য এক জ্বলন্ত তারা দেখাইয়া, তাহার দৃষ্টি আকর্ষণ করান হয়, পশ্চাৎ প্রকৃত অরুন্ধতী দেখান সুসাধ্য হয়। এই ব্যবহার হইতে অরুন্ধতী-দর্শন ন্যায় প্রবর্ত্তিত হইয়াছে। ইহারই অনুরূপ শাখাচন্দ্র ন্যায়। শাখাচন্দ্র ন্যায়ের উদাহরণ এইরূপ। বালক চন্দ্র চেনে না। কিন্তু উপ-দেষ্টা তাহাকে কৌশলে চাঁদ দেখান। তিনি বলেন, ঐ দেখ গাছের ডালে চাঁদ। বালকের দৃষ্টি তদনুসারে বৃক্ষশাখায় স্থির হয়। পরে সে চাঁদ দেখে। ক্রমে সে চাঁদ কোথায় ও কি, তাহাও জানিতে পারে।

গ্রাহয়তি, তদ্বৎ নায়মাত্মেতি ব্রূয়াৎ, ন চৈবমবোচৎ। সম্মাত্রাবগতিনিষ্ঠৈব হি ষষ্ঠপ্রপাঠকপরিসমাপ্তির্দৃশ্যতে।

চ-শব্দঃ প্রতিজ্ঞাবিরোধাভ্যুচ্চয়প্রদর্শনার্থঃ। সত্যপি হেয়ত্ববচনে প্রতিজ্ঞাবিরোধঃ প্রসজ্যেত। কারণবিজ্ঞানাদ্ধি সর্ব্বং বিজ্ঞাতমিতি প্রতিজ্ঞাতং, "উত তমাদেশমপ্রাক্ষ্যো যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি। কথং নু ভগবঃ স আদেশো ভবতীতি। যথা সোম্যেকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্, এবং সোম্য স আদেশো ভবতি" ইতি বাক্যোপক্রমে

অপিচ, জগৎকারণং প্রকৃত্য স্বপিতীত্যস্য নিরুক্তং কুর্ব্বতী শ্রুতিশ্চেতনমেব জগৎকারণং ব্রূতে। যদি স্বশব্দ আত্মবচনস্তথাপি চেতনস্য পুরুষস্যাহচেতনপ্রধানস্বানুপপত্তিঃ। অথাত্মীয়বচনস্তথাপ্যচেতনে পুরুষার্থতরাত্মী-

---

আত্মার উপদেশ করেন নাই, একবারেই মুখ্য আত্মার উপদেশ করিয়াছেন, ইহা নিশ্চয় হয়। সেরূপ উপদেশ করিলে অবশ্যই গৌণ উপদেশের প্রত্যাখ্যান করিয়া দ্বিতীয়বার মুখ্য উপদেশ করিতেন। যখন ছান্দোগ্য উপনিষদের ষষ্ঠপ্রপাঠক প্রারম্ভাবধি সমাপ্তি পর্য্যন্ত সমস্তই সৎস্বরূপ মুখ্য আত্মায় পর্য্যবসিত দেখা যায়, তখন আর দ্বিতীয় উপদেশ আছে, এরূপ কথা বলিতে পারিবে না।

[চ শব্দঃ…শ্রবণাৎ] সূত্রস্থ চ-শব্দ প্রতিজ্ঞাবিরোধরূপ হেত্বন্তরের উন্নায়ক। অর্থাৎ, ত্যাজ্যতাবচন থাকিলেও প্রতিজ্ঞাবিরোধ দোষ হইতেই পারে; সুতরাং ত্যাজ্যতাবচন নাই ইহা চ শব্দের দ্বারা জানান হইয়াছে। বস্তুতঃ ত্যাজ্যতাবচন না থাকায় ঐ উপদেশ মুখ্য, গৌণ নহে। শ্রুতি প্রথমেই প্রতিজ্ঞা করিয়াছেন যে, কারণের জ্ঞান হইতেই সমুদয় কার্য্য বস্তুর জ্ঞান হয়। যথা—শ্বেতকেতু গুরুকুলবাস সমাপ্ত করিয়া প্রত্যাগত হইলে পর, পিতা তাহাকে জিজ্ঞাসা করিলেন, "বৎস, তুমি কি গুরুকে সেই বস্তু জিজ্ঞাসা করিয়াছিলে? যে বস্তু শুনিলে সমস্ত শুনা হয়, যাহা জানিলে সমস্ত জানা হয়, যাহা মনন করিলে সমস্ত মনন করা হয়?" শ্বেতকেতু বলিলেন, "ভগবন্, কি প্রকারে সেরূপ আদেশ সম্ভবে?" পিতা প্রত্যুত্তর করিলেন, "হে সোম্য, যেমন এক মৃৎপিণ্ডের দ্বারা সমস্ত মৃন্ময় জানা হয়, সেইরূপ। বিকার সকল বাক্যারব্ধ অর্থাৎ বাক্যবোধ্য নাম মাত্র; সুতরাং মিথ্যা; মৃত্তিকাই সত্য। হে সোম্য (চন্দ্রবৎপ্রিয়দর্শন), সে আদেশ অর্থাৎ

শ্রবণাৎ। ন চ সচ্ছব্দবাচ্যে প্রধানে ভোগ্যবর্গকারণে হেয়ত্বেনা-হেয়ত্বেন বা বিজ্ঞাতে ভোক্তৃবর্গো বিজ্ঞাতো ভবতি, অপ্রধান-বিকারত্বাদ্ভোক্তৃবর্গস্য। তস্মান্ন প্রধানং সচ্ছব্দবাচ্যম্॥ ১।১।৮॥

কুতশ্চ ন প্রধানং সচ্ছব্দবাচ্যম্?

স্বাপ্যয়াৎ॥ ১।১।৯॥*

তদেব সচ্ছব্দবাচ্যং কারণং প্রকৃত্য শ্রূয়তে—যত্রৈতৎ পুরুষঃ স্বপিতি নাম, সতা সোম্য তদা সম্পন্নো ভবতি—স্বমপীতো

য়েঽপি চেতনস্য প্রলয়ানুপপত্তিঃ। ন হি মৃদাত্মা ঘট আত্মীয়েঽপি পার্থিসি প্রলীয়তে, অপি ত্বাত্মভূতায়াং মৃত্তেব। ন চ রজতমনাত্মভূতে হস্তিনি প্রলীয়তে, কিং ত্বাত্মভূতায়াং শুক্তাবেবেত্যাহ।—স্বাপ্যয়াৎ॥ ৯॥ গতিসামান্যাৎ॥ ১০

সুষুপ্তৌ জীবস্য সদাত্মনি স্বস্মিন্ অপ্যয়শ্রবণাৎ সচ্চেতনমেবৈতি সূত্র-

---

সে বস্তু তদ্রূপ।" (২) [ন চ…বাচ্যম্] হেয়রূপেই হউক, আর অহেয়রূপেই হউক, ভোগ্য-সমূহের কারণীভূত প্রধানের জ্ঞান হইলেই যে ভোক্তৃসমূহ (ভোগকর্ত্তা জীব-সংঘ) প্রধানের বিকার বা কার্য্য নহে। এতাবতা ইহাই সিদ্ধ হইতেছে যে, প্রধান কখনই সৎ-শব্দের বাচ্য নহে॥১।১।৮॥

অপিচ, অন্য হেতু থাকাতেও প্রধান সৎ-শব্দের বাচ্য নহে, এবং জগৎকারণও নহে। যথা—

[তদেব…দর্শনাৎ] শ্রুতি সৎশব্দবাচ্য জগৎকারণের উল্লেখ করিয়া বলিয়াছেন, "সুষুপ্তিকালে এই পুরুষের "স্বপিতি" নাম হয়, এবং সেই সময়ে ইনি সৎ-সম্পন্ন বা স্বরূপ প্রাপ্ত হন, অর্থাৎ তিনি সতের সহিত একীভূত হন। যেহেতু

---

(২) শ্রুতি এবংক্রমে একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞানের প্রতিজ্ঞা করিয়াছেন অর্থাৎ সর্ব্ব-বিজ্ঞান হয় বলিয়াছেন। এ প্রতিজ্ঞা তবেই রক্ষা পায়,—যদি কারণমাত্রের সত্যতা ও কার্য্যের অসত্যতা সিদ্ধ হয়। শ্রুতি বিকারের অর্থাৎ কার্য্যের মিথ্যাত্ব নির্ণয় করিয়া কারণমাত্রেরই সত্যতা বর্ণনা করিয়াছেন। ইহা দেখিয়া বলিতে হয়, যাহা জগৎকারণ, তাহাই সত্য ও নির্ব্বিকার। তোমার প্রধান ত নির্ব্বিকার নহে, সবিকার এবং সবিকার বলিয়াই, শ্রুতির মতে তাহা মিথ্যা বা তুচ্ছ। কাজেই বলিতে হইতেছে, প্রধান বা প্রকৃতি শ্রুত্যুক্ত সৎশব্দের বাচ্য নহে; সুতরাং জগৎকারণও নহে।

* স্বস্মিন্ অপ্যয়ঃ লয়ঃ, তস্মাৎ। সুষুপ্তিকালে জীবস্য স্বস্মিন্ স্বরূপে আত্মনি লয়শ্রবণাৎ ন সৎশব্দবাচ্যং প্রধানমিতি সূত্রাক্ষরাণামর্থাঃ।—সুষুপ্তি-কালে জীব আপন স্বরূপে লীন হয়। সেই স্বরূপ সৎ ও আত্মা, সুতরাং সৎশব্দ আত্মারই বাচক, প্রধানের বাচক নহে। (ভাষ্যানুবাদ দেখ)।

ভবতি, তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে, স্বং হ্যপীতো ভবতি" ইতি। এষা শ্রুতিঃ স্বপিতীত্যেতৎ পুরুষস্য লোকপ্রসিদ্ধং নাম নির্ব্বক্তি। স্বশব্দেনেহাত্মোচ্যতে। যঃ প্রকৃতঃ সচ্ছব্দবাচ্যস্তমপীতো ভবতি, অপিগতো ভবতীত্যর্থঃ। অপিপূর্ব্বস্যেতের্লয়ার্থত্বং প্রসিদ্ধং, "প্রভবাপ্যয়ৌ" ইত্যুৎপত্তিপ্রলয়য়োঃ প্রয়োগদর্শনাৎ।

মনঃপ্রচারোপাধিবিশেষসম্বন্ধাদিন্দ্রিয়ার্থান্ গৃহ্ণংস্তদ্বিশেষাপন্নো জীবো জাগর্ত্তি, তদ্বাসনাবিশিষ্টঃ স্বপ্নান্ পশ্যন্মনঃশব্দবাচ্যো ভবতি। স উপাধিদ্বয়োপরমে সুষুপ্ত্যবস্থায়ামুপাধিকৃতবিশেষাভাবাৎ স্বাত্মনি প্রলীন ইবেতি স্বং হ্যপীতো ভবতীত্যু-

---

যোজনা। এতৎ স্বপনং যথা স্যাৎ, তথা তত্র সুষুপ্তৌ স্বপিতীতি নাম ভবতি, তদা পুরুষঃ সতা সম্পন্ন একীভবতি। সদৈক্যেঽপি নামপ্রবৃত্তিঃ কথং? তত্রাহ—"স্বম্" ইতি। তত্র লোকপ্রসিদ্ধিমাহ—"তস্মাৎ" ইতি। হি যস্মাৎ সদাত্মানং অপীতো ভবতি, তস্মাদিত্যর্থঃ। শ্রুতেস্তাৎপর্য্যমাহ—"এষা" ইত্যাদিনা।

ইত্যেধাতোর্গত্যর্থস্য অপি-পূর্ব্বস্য লয়ার্থত্বেঽপি কথং নিত্যস্য জীবস্য লয় ইত্যাশঙ্ক্য উপাধিলয়াদিতি বক্তুং জাগ্রৎস্বপ্নয়োরুপাধিত্বমাহ—"মনঃ" ইতি। ঐন্দ্রিয়িকমনোবৃত্তয় উপাধয়ঃ। তৈর্ঘটাদিস্থূলার্থবিশেষাণাং আত্মনা সম্বন্ধাৎ আত্মা তানিন্দ্রিয়ার্থান্ পশ্যন্ স্থূলবিশেষেণ দেহেনৈক্যভ্রান্তিমাপন্নো বিশ্বসংজ্ঞো জাগর্ত্তি। জাগ্রদ্বাসনাশ্রয়মনোবিশিষ্টঃ সন্ তৈজসসংজ্ঞঃ স্বপ্নে বিচিত্রবাসনাসহকৃতমায়াপরি-

---

ইনি স্বরূপে অপীত হন, লীন হন, সেই হেতু ইঁহাকে "স্বপিতি" বলে। এই শ্রুতি এতদ্রূপে পুরুষের বা আত্মার লোকপ্রসিদ্ধ স্বপিতি নামের নির্ব্বচন (ব্যুৎপত্তি) দেখাইয়াছেন, এবং "স্ব" শব্দের দ্বারাও আত্মাকেই বলিয়াছেন। অতএব, যাহা প্রকরণপ্রতিপাদ্য—প্রকৃত সৎশব্দের বাচ্য-অর্থ, জীব তাহাতেই অপিগত হয়, এইরূপ অর্থ ই লব্ধ হইল; কেন-না, অপি-পূর্ব্বক ই-ধাতুর লয় অর্থ প্রসিদ্ধ। শাস্ত্রেও সেই প্রসিদ্ধি অনুসারে "অপ্যয়" শব্দের প্রয়োগ দেখা যায়।

[মনঃ…ত্যুচ্যতে] ইন্দ্রিয়ের দ্বারা মনের বিষয়াকারা বৃত্তি জন্মে; সেই সকল মনোবৃত্তির নাম মনঃপ্রচার। আত্মা সেই মনঃপ্রচারে উপহিত বা তত্তাদাত্ম্য প্রাপ্ত হইয়া ইন্দ্রিয়গ্রাহ্য স্থূল বিষয় গ্রহণ করতঃ জাগ্রৎ আখ্যা প্রাপ্ত হন। তিনিই আবার সেই জাগ্রদ্বাসনাবিশিষ্ট মনোমাত্রে উপহিত হইয়া স্বপ্ন অনুভব করেন। জাগ্রৎ ও স্বপ্ন এই দুই উপাধি যখন থাকে না, বিলীন হয়, তখন তিনি সুপ্ত হন। সুপ্ত অবস্থায় অর্থাৎ সুষুপ্তিকালে মনের বৈচিত্র্য থাকে না, সূক্ষ্ম অজ্ঞানবৃত্তি

চ্যতে। যথা হৃদয়শব্দনির্ব্বচনং শ্রুত্যা দর্শিতং, "স বা এষ আত্মা হৃদি, তস্যৈতদেব নিরুক্তং—হৃদ্যয়মিতি, তস্মাদ্ধৃদয়মিতি, যথা চাশনায়োদন্যাশব্দপ্রবৃত্তিমূলং দর্শয়তি শ্রুতিঃ, "আপএব তদশিতং নয়ন্তে, তেজএব তৎ পীতং নয়তে" ইতি চ, এবং স্বমাত্মানং সচ্ছব্দ-বাচ্যমপীতো ভবতীতি ইমমর্থং স্বপিতিনামনির্ব্বচনেন দর্শয়তি। ন চ চেতন আত্মা অচেতনং প্রধানং স্বরূপত্বেন প্রতিপদ্যেত।

ণামান্ পশূন্ 'সোম্য, তন্মনঃ' ইতি শ্রুতিস্থমনঃশব্দবাচ্যো ভবতি। স আত্মা স্থূলসূক্ষ্মোপাধিদ্বয়োপরমে অহং নরঃ কর্ত্তেতি বিশেষাভিমানাভাবাৎ লীন ইত্যু-পচর্য্যত ইত্যর্থঃ। নন্ব স্বপিতীতিনামনিরুক্তেরর্থবাদত্বাৎ ন যথার্থতা, ইত্যত আহ —"যথা" ইতি। তস্য হৃদয়শব্দস্য তন্নির্ব্বচনম্। তদশিতমন্নং দ্রবীকৃত্য নয়ন্তে জরয়ন্তীত্যাপ এবাঽশনায়াপদার্থঃ। তৎ পীতমুদকং নয়তে শোষয়তি ইতি তেজ এবোদন্যম্। অত্র দীর্ঘশ্ছান্দসঃ। এবমিদমপি নির্ব্বচনং যথার্থমিত্যাহ—"এব"মিতি। ইদঞ্চ প্রধানপক্ষে ন যুক্তমিত্যাহ—"ন চে"তি। স্বশব্দস্যাত্মনীবাত্মীয়েঽপি

ভিন্ন অন্য কোন বৃত্তি থাকে না, কাজেই এই কালে আত্মা বিস্পষ্ট ও বিচিত্র মনোবৃত্তিরূপ উপাধির অভাবে আপন স্বরূপ প্রাপ্তের ন্যায় হন, অথবা আপনাতে আপনি লীন হন। (মনোবৃত্তির লয়ে আত্মার স্বরূপ প্রাপ্তি ও জীবের লয় এবং মনের প্রচারে আত্মার "স্বপিতি" নাম দিয়া বলিয়াছেন। যেহেতু 'স্বম্ অপীতো-ভবতি' অর্থাৎ আপন স্বরূপ প্রাপ্ত হন, অথবা আপন স্বরূপে গিয়া লীন হন, সেই হেতু তাঁহাকে "স্বপিতি" বলা যায়। [যথা…দর্শয়তি] শ্রুতি যেমন হৃদয়-শব্দের ব্যুৎপত্তি বলিয়াছেন (১), 'অশনায়া' ও 'উদন্যা' শব্দের নির্ব্বচন দেখাইয়া-ছেন, (২) তেমনি, সৎ-শব্দবাচ্য আত্মার "স্বপিতি" নামেরও উক্তপ্রকার নির্ব্বাচন (ব্যুৎপত্তি) বলিয়াছেন (৩)। [ন চ…পদ্যতে] ঐরূপ নির্ব্বচন কিন্তু প্রকৃতির

---

(১) হৃদি অয়ং—হৃদয়ং। যে হেতু সেই আত্মা এই হৃদয়ে অবস্থান করে, সেই হেতু ইহার নাম 'হৃদয়'। বক্ষোমধ্যে প্রকটিত পুণ্ডরীকাকার মাংসখণ্ড, তন্মধ্যে আকাশ, সেই আকাশই আত্মার উপলব্ধিস্থান, ধ্যানের বা উপাসনার স্থান। এই তাৎপর্য্য ঐ প্রকার বাগ্‌ভঙ্গীর দ্বারা লব্ধ হয় বা হইতেছে।

(২) জল অশিত দ্রব্য অর্থাৎ ভুক্তান্ন সকল দ্রব করিয়া জীর্ণ করে, পরিপাক করে, তাই তাহাকে "অশনায়া" বলা হয়। তেজঃ পীত জলের শোষণ করে, তাই তাহা উদন্যা নামে উক্ত হয়। পরিপাক হইলে ক্ষুধা বা ভোজনস্পৃহা জন্মে বলিয়া লৌকিক অভিধানে অশনায়া শব্দের অর্থ বুভুক্ষা এবং তেজঃ দ্বারা পীতজল শুষ্ক হইলে পুনর্ব্বার জলপানের ইচ্ছা হয় বলিয়া উদন্যা শব্দের পিপাসা নামও প্রচলিত আছে।

(৩) ভাষ্যকারের অভিপ্রায় ও বিশ্বাস এই যে, শ্রুত্যুক্ত ঐ সকল নির্ব্বাচন বা ব্যুৎপত্তি যথার্থ, অর্থাৎ সত্য। সুতরাং তাদৃশ সত্য বা যথার্থ অর্থ পরিত্যাগ করা সর্ব্বথা অযুক্ত।

যদি পুনঃ প্রধানমেবাত্মীয়ত্বাৎ স্বশব্দেনোচ্যেত, এবমপি চেতনো-ঽচেতনমপ্যেতীতি বিরুদ্ধমাপদ্যেত। শ্রুত্যন্তরঞ্চ "প্রাজ্ঞেনাত্মনা সম্পরিষ্বক্তো ন বাহ্যং কিঞ্চন বেদ নান্তরম্" ইতি সুষুপ্ত্যবস্থায়াং চেতনে অপ্যয়ং দর্শয়তি। অতো যস্মিন্নপ্যয়ঃ সর্ব্বেষাং চেতনানাং, তচ্চেতনং সচ্ছব্দবাচ্যং জগতঃ কারণং, ন প্রধানম্॥ ১। ১। ৯॥

কুতশ্চ ন প্রধানং জগতঃ কারণম্?

গতিসামান্যাৎ ॥১।১।১০॥ *

যদি তার্কিকসময় ইব বেদান্তেষ্বপি ভিন্না কারণাবগতি-রভবিষ্যৎ—ক্বচিচ্চেতনং ব্রহ্ম জগতঃ কারণং, ক্বচিদচেতনং প্রধানং, ক্বচিদন্যদেবেতি, ততঃ কদাচিৎ প্রধানকারণ-

---

শক্তিরস্তীত্যাশঙ্ক্যাহ—"যদি" ইতি। প্রাজ্ঞেন বিম্বচৈতন্যেনেশ্বরেণ সংপরিষ্বক্তো ভেদভ্রমাভাবেনাভেদ ইত্যর্থঃ॥ ১। ১। ১০। [ইতি রত্নপ্রভা টীকা]।

গতিরবগতিঃ। "তার্কিকসময় ইব" ইতি। যথা হি তার্কিকাণাং সময়-

পক্ষে সঙ্গত হয় না। কারণ, চেতন আত্মা কখনও প্রকৃতির স্বরূপ প্রাপ্ত হন, এরূপ কথা সর্ব্বথা অযুক্ত। যাহা চেতন, তাহা কখনও অচেতন হয় না। [যদি…মাপদ্যেত] স্ব-শব্দের "আত্মসম্বন্ধীয়" অর্থ থাকে থাকুক, কিন্তু এখানে সে অর্থ (আত্মসম্পর্কবিশিষ্ট প্রকৃতি, এরূপ অর্থ) করিতে পার না। তাহার হেতু এই যে, চেতন অচেতন হয়, অথবা চেতন অচেতনে লয় হয়, ইহা সম্পূর্ণ বিরুদ্ধ। [শ্রুত্যন্তরং…প্রধানম্] অন্যান্য শ্রুতিতেও সুষুপ্তিকালে জীবের "সুষুপ্তিকালে জীব প্রাজ্ঞ আত্মস্বরূপে পরিষ্বক্ত হইয়া বাহ্য ও আন্তর কোনও পদার্থ জানিতে পারে না" ইত্যাদিক্রমে চেতনে লীন হওয়ার প্রণালী দর্শিত হইয়াছে। অতএব, যে-চৈতন্যে সমুদয় জীবের বা জীবধর্ম্মের অপ্যয় হয়, সেই ঈশ্বর চৈতন্যই সৎ-শব্দের বাচ্য ও জগতের হেতু বা মূল কারণ॥১।১।৯॥

প্রকৃতি যে জগৎ-কারণ নহে, তৎপক্ষে অন্য হেতুও আছে। যথা—

[যদি…গতিঃ] তার্কিকদিগের শাস্ত্রে যেমন ভিন্ন ভিন্ন জগৎকারণ (১) বিজ্ঞাপিত আছে, বেদান্তে যদি সেরূপ হইত বা থাকিত, তাহা হইলে, না-হয় কষ্টসৃষ্টে প্রকৃতিকারণবাদ-রক্ষার্থ ঈক্ষতিপ্রভৃতি শব্দের অর্থ প্রকৃতিপর করিয়া লওয়া

---

* গতিঃ অবগতিঃ। অস্যাঃ সামান্যং সমানতা। তস্মাৎ। যস্মাৎ সর্ব্বেষ্বপি বেদান্ত-বাক্যেষু সমানা চেতনকারণাবগতিঃ, তস্মাচ্চেতন এব জগৎকারণং নান্যদিতি সূত্রার্থঃ।—যেহেতু সমুদায় সৃষ্টিবোধক বেদান্তবাক্যে সমানরূপে চেতনেরই জগৎকারণতা প্রতীত হয়, সেই হেতু চেতন ব্রহ্মই জগৎকারণ, অন্য কিছু (প্রধান বা পরমাণু প্রভৃতি) নহে।

(১) কোন তার্কিকের শাস্ত্রে চেতন পরমেশ্বর, কোন তার্কিকের শাস্ত্রে অচেতন প্রধান, কোন তার্কিকের শাস্ত্রে অচেতন পরমাণু।

বাদানুরোধেনাপি ঈক্ষত্যাদিশ্রবণমকল্পয়িষ্যৎ, ন ত্বেতদস্তি। সমানৈব হি সর্ব্বেষু বেদান্তেষু চেতনকারণাবগতিঃ, "যথাগ্নের্জ্বলতঃ সর্ব্বা দিশো বিস্ফুলিঙ্গা বিপ্রতিষ্ঠেরন্নেবমেবৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণা যথায়তনং প্রতিষ্ঠন্তে, প্রাণেভ্যো দেবা দেবেভ্যো লোকা ইতি", "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইতি, "আত্মন এবেদং সর্ব্বম্" ইতি, "আত্মন এষ প্রাণোজায়তে" ইতি চাত্মনঃ কারণত্বং দর্শয়ন্তি সর্ব্বে বেদান্তাঃ। আত্মশব্দশ্চ চেতনবচন ইত্যবোচাম। মহচ্চ প্রামাণ্যকারণমেতৎ, যদ্বেদান্তবাক্যানাং চেতনকারণত্বে সমান-

---

ভেদেষু পরস্পরপরাহতার্থতা, নৈবং বেদান্তেষু পরস্পরপরাহতিঃ, অপি তু তেষু সর্ব্বত্র জগৎকারণচৈতন্যাবগতিঃ সমানেতি। "চক্ষুরাদীনামিব রূপা-

---

যাইত। কিন্তু বেদান্তে তাহা বা সেরূপ কথা নাই,অর্থাৎ বেদান্তমধ্যে সেরূপ বিভিন্ন কারণ বিজ্ঞাপিত হয় নাই। প্রণিধান কর, দেখিতে পাইবে, সমুদায় বেদান্তবাক্যে সমানরূপে চেতনকারণবিষয়ক জ্ঞানই নিহিত আছে। [যথা···বোচাম] যথা— "যদ্রূপ প্রজ্বলিত বহ্নি হইতে বিস্ফুলিঙ্গ প্রাদুর্ভূত হয়, হইয়া সর্ব্বদিক্ গমন করে, সেইরূপ, পরমাত্মা হইতে প্রাণ সকল (ইন্দ্রিয় সকল) আবির্ভূত হয়, হইয়া স্ব স্ব স্থানে (আপন আপন গোলকে) গিয়া স্থিতি করে। এইরূপ প্রাণসৃষ্টির পর তদনুগ্রাহক দেবতার (সূর্য্যাদির) সৃষ্টি হয়, এবং সেই সেই সৃষ্ট দেবতা হইতে লোক অর্থাৎ ভোগ্য সকল জন্মে।" "সেই এই আত্মা হইতেই এই আকাশ আবির্ভূত হইয়াছে।" "যে কিছু জ্ঞেয় বা যে কিছু জ্ঞানগম্য, সমুদায়ই আত্মা হইতে হইয়াছে।" "এই প্রাণ আত্মা হইতেই জন্মে।" ইত্যাদি ইত্যাদি অনেক বেদান্তবাক্য আছে, এ সকলের কোনও বাক্য অচেতন কারণবোধক নহে, সমুদায়ই আত্মকারণতা-বোধক। আত্মশব্দ যে চেতনবাচী, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। [মহচ্চ ···রূপাদিষু] যেমন রূপাদি বিষয়ে চক্ষুরাদি ইন্দ্রিয়ের সমান গতি, তৎকারণে যেমন রূপাদি জ্ঞানে চক্ষুরাদি ইন্দ্রিয়ের প্রামাণ্য অটল, তেমনি, চেতন কারণবিষয়েও বেদান্তবাক্য সমূহের সমান গতি (বোধিকা শক্তি সমান) এবং সেই সমান গতিত্বহেতু তত্তাবতের প্রামাণ্যও অকাট্য। (২) [অতো···

---

(২) এক জনের চোখ যাহা দেখে, আর আর জনের চোখও যদি ঠিক তাহাই দেখে, তাহা হইলে যেমন তাহা মিথ্যা বলিতে পার না, যথার্থ বলিতে বাধ্য হও, তেমনি, এক বেদান্তবাক্য যাহা বলে, অন্য বাক্যও যদি ঠিক্ তাহাই বলে, তবে তাহাও উক্ত দৃষ্টান্তে সত্য

গতিত্বং—চক্ষুরাদীনামিব রূপাদিষু। অতো গতিসামান্যাৎ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণম্ ॥১।১।১০॥

কুতশ্চ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণম্ ?

শ্রুতত্বাচ্চ ॥১।১।১১॥ *

স্বশব্দেনৈব সর্ব্বজ্ঞ ঈশ্বরো জগতঃ কারণমিতি শ্রূয়তে—শ্বেতাশ্বতরাণাং মন্ত্রোপনিষদি। সর্ব্বজ্ঞমীশ্বরং প্রকৃত্য "স কারণং করণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা ন চাধিপঃ" ইতি। তস্মাৎ সর্ব্বজ্ঞং ব্রহ্ম জগতঃ কারণং, নাচেতনং প্রধানমন্যদ্বেতি সিদ্ধম্ ॥১।১।১১॥

দিষু"। যথা হি সর্ব্বেষাং চক্ষুঃ রূপমেব গ্রাহয়তি, ন পুনারসাদিকং কস্যচিদ্দর্শয়তি কস্যচিদ্রূপম্। এবং রসনাদিষ্বপি গতিসামান্যং দর্শনীয়ম্॥ ১। ১। ১০॥

তদৈক্ষতেত্যত্র ঈক্ষণমাত্রং জগৎকারণস্য শ্রুতং, ন তু সর্ব্ববিষয়ম্। জগৎকারণসম্বন্ধিতয়া তু তদর্থাৎ সর্ব্ববিষয়মবগতং, শ্বেতাশ্বতরাণান্তূপনিষদি সর্ব্বজ্ঞ ঈশ্বরো জগৎকারণমিতি সাক্ষাদুক্তমিতি বিশেষঃ॥ ১। ১। ১১॥

কারণম্] প্রদর্শিত হেতুতে ইহাই স্থির হইল যে, সর্ব্বজ্ঞ ব্রহ্মই জগতের কারণ, অন্য কেহ নহে ॥১।১।১০॥

ব্রহ্মের জগৎকারণতাপক্ষে আর কি হেতু আছে ?

[স্ব…ইতি] "ঈশ্বর জগৎকারণ" এ কথা শ্রুতি স্ব-শব্দের দ্বারাও অর্থাৎ চেতনবাচক শব্দের দ্বারাও বলিয়াছেন। শ্বেতাশ্বতর উপনিষদে "ঈশ্বর সর্ব্বজ্ঞ" এইরূপ উপদেশের পর কথিত হইয়াছে "সেই সর্ব্বজ্ঞ ঈশ্বরই জগতের কারণ এবং জীবগণের অধিপতি। তাঁহার জনক নাই এবং অধিপতিও নাই।" [তস্মাৎ… সিদ্ধম্] এ হেতুতেও ব্রহ্মের জগৎকারণতা সিদ্ধ হয়, প্রধানের অথবা অন্য কোন অচেতনের জগৎকারণতা সিদ্ধ হয় না ॥১।১।১১॥

হইবে, মিথ্যা বলিতে পারিবে না, বাধ্য হইয়া সত্য বলিতে হইবে। অর্থাৎ চেতনকারণবাদকেই সত্য বলিয়া স্বীকার করিতে হইবে, মিথ্যা বলিতে পারিবে না।

* সর্ব্বজ্ঞমীশ্বরং প্রকৃত্য, স সর্ব্বজ্ঞঃ কারণমিতি শ্রুত্যা অভিহিতত্বাৎ নাচেতনং প্রধানং জগৎকারণমিতি সূত্রার্থঃ।—শ্বেতাশ্বতর শ্রুতিতে সর্ব্বজ্ঞ ঈশ্বর জগৎকারণ, এইরূপ অভিহিত বা উক্ত হওয়ায় চেতন ব্রহ্মই জগৎকারণ, অচেতন প্রধান জগৎকারণ নহে, ইহা সিদ্ধ হয়।

"জন্মাদ্যস্য যতঃ" ইত্যারভ্য "শ্রুতত্বাচ্চ" ইত্যেবমন্তৈঃ সূত্রৈর্যান্যুদাহৃতানি বেদান্তবাক্যানি, তেষাং সর্ব্বজ্ঞঃ সর্ব্বশক্তিরীশ্বরো জগতো জন্মস্থিতিলয়কারণমিত্যেতস্যার্থস্য প্রতিপাদকত্বং ন্যায়পূর্ব্বকং প্রতিপাদিতং। গতিসামান্যোপন্যাসেন চ সর্ব্বে বেদান্তাশ্চেতনকারণবাদিন ইতি ব্যাখ্যাতম্। অতঃ পরস্য গ্রন্থস্য কিমুত্থানমিতি।

উচ্যতে—দ্বিরূপং হি ব্রহ্মাবগম্যতে নামরূপবিকারভেদোপাধিবিশিষ্টং, তদ্বিপরীতঞ্চ সর্ব্বোপাধিবিবর্জ্জিতম্। "যত্র হি দ্বৈতমিব ভবতি তদিতর ইতরং পশ্যতি, যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ, তৎ কেন কং পশ্যেৎ।" "যত্র নান্যৎ

উত্তরসূত্রসন্দর্ভমাক্ষিপতি।—"জন্মাদ্যস্য যত ইত্যারভ্য"। ব্রহ্ম জিজ্ঞাসিতব্যমিতি প্রতিজ্ঞাতং, তচ্চ শাস্ত্রৈকসমধিগম্যং, শাস্ত্রঞ্চ সর্ব্বশক্তৌ জগদুৎপত্তিস্থিতিপ্রলয়কারণে ব্রহ্মণ্যেব প্রমাণং ন প্রধানাদাবিতি ন্যায়তো ব্যুৎপাদিতম্। ন চাস্তি কশ্চিদ্বেদান্তভাগো যস্তদ্বিপরীতমপি বোধয়েদিতি চ গতিসামান্যাদিত্যুক্তম্। তৎকিমপরমবশিষ্যতে, যদর্থমুত্তরসূত্রসন্দর্ভস্যাবতারঃ স্যাদিতি। "কিমুত্থানমিতি" কিমাক্ষেপে।

সমাধত্তে—"উচ্যতে দ্বিরূপং হি" ইতি। যদ্যপি তত্ত্বতো নিরস্তসমস্তোপাধিরূপং ব্রহ্ম, তথাপি ন তেন রূপেণ শক্যমুপদেষ্টুমিত্যুপহিতেন রূপেণোপদেষ্টব্যমিতি। তত্র চ কচিদুপাধির্ব্বিবক্ষিতঃ। তদুপাসনানি "কানিচিদভ্যুদয়ার্থানি"

[জন্মা···উচ্যতে] প্রথম সূত্র হইতে "শ্রুতত্বাৎ" সূত্র পর্য্যন্ত যে সকল বেদান্তবাক্য উদাহৃত হইয়াছে, সে সকলের প্রতিপাদ্য সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি ঈশ্বর এবং তিনিই এই জড় জগতের মুখ্য কারণ, ইহা যুক্তিপূর্ব্বক প্রতিপাদিত হইয়াছে। অপিচ, সৃষ্টিবোধক যত বেদান্তবাক্য আছে, সে সমুদায়ই যে চেতনকারণবাদী, তাহা "গতিসামান্যাৎ" সূত্রের দ্বারা নির্ণীত হইয়াছে। অতএব, এক্ষণে আর এমন কি বক্তব্য আছে, যাহার জন্য অপর গ্রন্থের অর্থাৎ অন্যান্য সূত্র বলিবার প্রয়োজন আছে?

বলিতেছি। [দ্বি···বর্জ্জিতম্] শ্রুতিতে দ্বিবিধ ব্রহ্ম অভিহিত হইতে দেখা যায়। এক সগুণ, অপর নির্গুণ। যাহা নামরূপাত্মক বিকারবিশেষে উপহিত, তাহা সগুণ, আর যাহা তাহার বিপরীত অর্থাৎ উপাধি বা উপাধিসম্বন্ধরহিত, তাহা নির্গুণ। যথা—[যত্র···বাক্যানি] "যখন দ্বৈততুল্য (কল্পিত ভেদ বা উপাধিযুক্ততা) হয়, বা ঘটে, তখনই অন্য অন্যকে দেখে। কিন্তু যখন এ সমুদয় আত্ম-

পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যৎ বিজানাতি স ভূমা, অথ যত্রান্যৎ পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পং, যো বৈ ভূমা তদমৃতং, অথ যদল্পং তন্মর্ত্ত্যং।" "সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে।" "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্, অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলম্।" "নেতি নেতি" "অস্থূলমনণ্বহ্রস্বমদীর্ঘম্", "ন্যূনমন্যৎ স্থানং, সম্পূর্ণ-

---

মনোমাত্রসাধনতয়াঽত্র পঠিতানি। "কানিচিৎ ক্রমমুক্ত্যর্থানি, কানিচিৎ কর্ম্মসমৃদ্ধ্যর্থানি"। ক্বচিৎ পুনরুক্তোঽপ্যুপাধিরবিবক্ষিতঃ, যথাঽত্রৈবান্নময়াদয় আনন্দময়ান্তাঃ পঞ্চ কোশাঃ। তদত্র কস্মিন্নুপাধির্ব্বিবক্ষিতঃ, কস্মিন্নেতি নাদ্যাপি বিবে-

---

ভূতই হয়, আত্মা বলিয়াই অনুভূত হয়, তখন কে কাহাকে কি দিয়া দেখিবে?" "যৎস্বরূপে অন্য দর্শন নাই, অন্য শ্রবণ নাই, অন্য বিজ্ঞান নাই, অর্থাৎ কোন প্রকার ভেদব্যবহারের উপযোগ নাই, সেই স্বরূপই ভূমা অর্থাৎ ব্রহ্ম। আর যাহাতে বা যৎস্বরূপে অন্য দর্শন হয়—ভেদদর্শন বা নানা জ্ঞান হয়, অর্থাৎ বহু অনাত্মপদার্থ দৃষ্ট শ্রুত ও বিজ্ঞাত হয়, তাহা ভূমা নহে; তাহা অল্প। যাহা ভূমা, তাহাই অমৃত অর্থাৎ অনশ্বর বা নিত্য, আর যাহা অল্প অর্থাৎ পরিচ্ছিন্ন, তাহাই মর্ত্ত্য—নশ্বর বা অনিত্য।" (১) "সেই ধীর (পরমাত্মা) নানাবিধরূপ সৃষ্টি করিয়া সে সকলের নামকরণ করত স্বসৃষ্ট বুদ্ধ্যাদিতে প্রবিষ্ট বা আবিষ্ট হইয়া জীবভাবে বিরাজ করিতেছেন।" (এটী সগুণ ব্রহ্ম-বোধক বাক্য)। "যিনি নিষ্কল—নিরবয়ব, নিষ্ক্রিয়—অপরিণামী, নিরবদ্য—নির্দ্দোষ, নিরঞ্জন—তমোবর্জ্জিত, মোক্ষের পরম সেতু এবং শান্ত ও দগ্ধকাষ্ঠ বহ্নির ন্যায় নির্ব্বাণপ্রাপ্ত।" (২) (এটী নির্গুণব্রহ্মবোধক বাক্য)। "তিনি ইহা নহেন; তাহা নহেন; স্থূল নহেন, সূক্ষ্ম নহেন, হ্রস্ব নহেন, দীর্ঘও নহেন। তিনি সর্ব্বনিষেধের সীমাস্বরূপ। (এটীও নির্গুণবোধক) "যাহা ন্যূন অর্থাৎ সগুণরূপ অল্পতা, তাহা নির্গুণ হইতে ভিন্ন।

---

(১) এই নিত্য ভূমাই নির্গুণ ব্রহ্ম আর অল্প বা উপাধ্যুপহিত ব্রহ্মই সগুণ ব্রহ্ম। ভূম-ব্রহ্ম-সাক্ষাৎকার-কালে জগদ্দর্শন হয় না; জগৎ তখন আত্মভাবে পর্য্যবসিত হয়। তখন কেবল এক অনন্ত ও অপরিচ্ছিন্ন চিৎপ্রবাহমাত্র বিদ্যমান থাকে; সুতরাং তাহা ভূমা অর্থাৎ ব্রহ্ম। কোন প্রকার ভেদ না থাকায় এই ভূমব্রহ্ম নির্গুণ ব্রহ্ম নামে পরিচিত। উপাধি সকল অল্প অর্থাৎ পরিচ্ছিন্ন ও অনিত্য; সুতরাং তদুপাধান কালে তিনি (ব্রহ্ম) অল্প বলিয়া প্রতীত হন। এই অল্প বা পরিচ্ছিন্ন ব্রহ্মই উপাধির গুণে গুণবান্. সুতরাং সগুণ। ব্রহ্মের সোপাধিকত্বকালে বা গুণবত্তকালে দ্বৈতদর্শন হয়। দ্বৈতদর্শনের মূলকারণ উপাধি। এই উপাধি অনিত্য ও সন্তয়।

(২) কাষ্ঠ দগ্ধ হইলেই অনল নির্ব্বাণ প্রাপ্ত হয়। ব্রহ্মও অবিদ্যাযোগে সগুণ থাকেন, আবার অবিদ্যামুক্ত হইলেই নির্গুণ হন। অনল আশ্রিত কাষ্ঠ বিনাশ করিয়া অবশেষে আপনি বিনষ্ট হয়, অবিদ্যাও যোভূত সংসার নষ্ট করিয়া স্বয়ং বিনষ্ট হয়।

মন্যুৎ” ইতি চৈবং সহস্রশো বিদ্যাবিদ্যাবিষয়ভেদেন ব্রহ্মণো-দ্বিরূপতাং দর্শয়ন্তি বাক্যানি।

তত্রাবিদ্যাবস্থায়াং ব্রহ্মণ উপাস্যোপাসকাদিলক্ষণঃ সর্ব্বো ব্যবহারঃ। তত্র কানিচিৎ ব্রহ্মণ উপাসনান্যভ্যুদয়ার্থানি, কানিচিৎ ক্রমমুক্ত্যর্থানি, কানিচিৎ কর্ম্মসমৃদ্ধ্যর্থানি। তেষাং গুণবিশেষোপাধিভেদেন ভেদঃ। এক এব তু পরমাত্মেশ্বরস্তে-র্গুণবিশেষৈর্ব্বিশিষ্ট উপাস্যো যদ্যপি ভবতি, তথাপি যথাগুণো-পাসনমেব ফলানি ভিদ্যন্তে।

চিতম্। তথা গতিসামান্যমপি সিদ্ধবদুক্তং, ন ত্বস্যাপি সাধিতমিতি। তদর্থমুত্তরগ্রন্থ-সন্দর্ভারম্ভ ইত্যর্থঃ।

স্যাদেতৎ। পরস্যাত্মনস্তত্তদুপাধিভেদবিশিষ্টস্যাপ্যভেদাৎ কথমুপাসনাভেদঃ, কথঞ্চ ফলভেদ ইত্যত আহ—“এক এব তু”। রূপাভেদেঽপ্যুপাধিভেদাদুপাসনা-ভেদস্তথা চ ফলভেদ ইত্যর্থঃ। “ক্রতুঃ” সংকল্পঃ। ননু যদ্যেক এব আত্মা কূটস্থ-নিত্যো, নিরতিশয়ঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ, কথমেতস্মিন্ ভূতাশ্রয়ে তারতম্যশ্রুতয় ইত্যত আহ।—“যদ্যপ্যেক আত্মা” ইতি।

যাহা পূর্ণ, তাহা সগুণ হইতে অন্য।” এই সকল শ্রুতি এবং এইরূপ অন্যান্য শ্রুতিও বিদ্যা ও অবিদ্যানামক বিষয়দ্বৈবিধ্য অনুসারে পরব্রহ্মের দ্বিরূপতা প্রদর্শন করিতেছে। (৩)

[তত্রাবিদ্যা…ভেদঃ] তন্মধ্যে অবিদ্যাবস্থাতেই উপাস্য উপাসকাদি-ব্যবহার নির্ব্বাহিত হয়। সেই সেই উপাসনাবোধক বাক্যের কতকগুলি কেবল অভ্যুদয় ফলের নিমিত্ত, (৪) কতকগুলি ক্রমমুক্তি লাভের উপায়, এবং কতকগুলি কর্ম্ম-ফলের সমৃদ্ধি উদ্দেশ্যে অভিহিত হইয়াছে। অপিচ, সে সকলের সেরূপ প্রভেদ কেবল গুণবিশেষরূপ উপাধির দ্বারা কল্পিত মাত্র। (৫)

[এক…ইতি চ] যদিও একই পরমাত্মা বা একই পরমেশ্বর গুণবিশেষবিশিষ্ট

---

(৩) যাহা বিদ্যার বিষয়, তাহা নির্গুণ ও জ্ঞেয়। তাহা কেবলমাত্র জানিতে হয়। আর যাহা অবিদ্যার বিষয়, তাহা সগুণ ও উপাস্য। সগুণ ব্রহ্মেরই পূজা ও উপাসনা (ধ্যানাদি) হইয়া থাকে। নির্গুণ ব্রহ্মের উপাসনা হয় না।

(৪) অভ্যুদয়=জ্ঞান ও অণিমাদি ঐশ্বর্য্য। ক্রমমুক্তি=সূর্য্যলোকাদিতে জন্ম লাভ। সূর্য্যলোকে গেলে পুনর্ব্বার এ লোকে আসিতে হয় না; ঊর্দ্ধ ঊর্দ্ধ লোকে জন্ম হয়, তৎপরে মুক্তি হয়। কর্ম্মসমৃদ্ধি=ক্রিয়ার বা যাগযজ্ঞাদি ফলের উৎকর্ষ।

(৫) ভিন্ন ভিন্ন উপাস্য দেবতা, ভিন্ন ভিন্ন উপাসক, ভিন্ন ভিন্ন উপাসনা, সমস্তই সত্ত্বাদি গুণের তারতম্য বা চিত্তশক্তির প্রভেদ অনুসারেই হইয়াছে। ভিন্নতা বা ভেদ নিত্যসিদ্ধ নহে। জ্ঞান হইলে উহা থাকে না; তৎ কারণে উহা কল্পিত; বাস্তব নহে।

"তং যথা যথোপাসতে, তদেব ভবতি" ইতি শ্রুতেঃ, "যথাক্রতুরস্মিন্ লোকে পুরুষো ভবতি, তথেতঃ প্রেত্য ভবতি" ইতি চ। স্মৃতেশ্চ—

"যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ॥" ইতি।

যদ্যপ্যেক এব আত্মা সর্ব্বভূতেষু স্থাবরজঙ্গমেষু গূঢ়ঃ, তথাপি চিত্তোপাধিবিশেষ-তারতম্যাদাত্মনঃ কূটস্থনিত্যস্যৈক-রূপস্যাপি উত্তরোত্তরমাবিষ্কৃতস্য তারতম্যমৈশ্বর্য্যশক্তিবিশেষৈঃ

যদ্যপি নিরতিশয়মেকমেব রূপমাত্মন ঐশ্বর্য্যং জ্ঞানং চানন্দশ্চ, তথাপ্যনাদ্য-বিদ্যাতমঃসমাবৃতং তেষু তেষু প্রাণভৃদ্দেহেষু কচিদসদিব কচিৎ সদিব কচিদত্যন্তাপ-কৃষ্টমিব কচিৎ সৎ কচিৎ প্রকর্ষবৎ কচিদত্যন্তপ্রকর্ষবদিব ভাসতে, তৎ কস্য হেতোঃ? অবিদ্যাতমসঃ প্রকর্ষনিকর্ষতারতম্যাদিতি। যথোত্তমপ্রকাশঃ সবিতা দিঙ্ম-ণ্ডলমেকরূপেণৈব প্রকাশেনাপূরয়ন্নপি বর্ষাসু নিকৃষ্টপ্রকাশ ইব, শরদি তু প্রকৃষ্ট-প্রকাশ ইব প্রথতে, তথেদমপীতি।—"অপেক্ষিতোপাধিসম্বন্ধম্" "উপাস্যত্বেন" "নিরস্তোপাধিসম্বন্ধং" "জ্ঞেয়ত্বেন" ইতি॥

হইয়া উপাস্য হইতেছেন; তথাপি, গুণবিশেষ অনুসারেই উপাসনাফলের বৈশিষ্ট্য (ভিন্নতা) হইয়া থাকে। শ্রুতিও এ কথা বলিয়াছেন। যথা—"তাঁহাকে যে, যেরূপে উপাসনা করে, তিনি তাহার নিকট সেইরূপই প্রকটিত হন।" "ইহলোকে যে যেরূপ ক্রতুবিশিষ্ট হয়—সংকল্পসম্পন্ন হয়, সে শরীরত্যাগের পরও তদনুরূপ শরীরই প্রাপ্ত হয়।" স্মৃতিতেও আছে, যথা—[যং যং···ইতি] 'জীব অন্তকালে অর্থাৎ মৃত্যুর সময়ে যে যে বিষয় ভাবনা করিতে করিতে শরীর ত্যাগ করে, হে অর্জ্জুন, সর্ব্বদা তদ্ভাবে ভাবিত হওয়ায় সে লোক মৃত্যুর পরেও সেই ভাবই প্রাপ্ত হয়।' (৬) [যদ্য···মিতি] যদিও একই আত্মা স্থাবর জঙ্গম সমুদায় জীবদেহে নিগূঢ় (অদৃশ্যরূপে স্থিত) আছেন, তথাপি, বিভিন্ন-প্রকার চিত্তরূপ উপাধির তারতম্য বা উৎকর্ষাপকর্ষ থাকায় কূটস্থ চিদ্রূপ পরমাত্মার (প্রকটভাবের বা ঐশ্বর্য্যশক্তির) তারতম্য সম্ভব হয়, অর্থাৎ যাহার যেরূপ চিত্ত, তাহার নিকট তদনুরূপ চৈতন্যস্ফূর্ত্তি এবং তদনুরূপ

---

(৬) ভাবিত=ধ্যানজ্ঞানাদিজনিত সংস্কারবিশিষ্ট। যে যাহা সর্ব্বদা ভাবে, অথবা যে যেরূপ ধ্যান জ্ঞানে জীবনাতিপাত করে, তাহার চিত্তে সেইরূপ সংস্কার দৃঢ় হয়। মরণকালে তাহা উত্তেজিত হইয়া তাহার চিত্তকে তন্ময় করে। সেই তন্ময়তা অনুসারে তাহার তদনুরূপ জন্ম ঘটনা হয়।

শ্রূয়তে, "তস্য য আত্মানমাবিস্তরাৎ বেদ" ইত্যত্র। স্মৃতাবপি

"যদ্‌যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।

তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্" ইতি।

যত্র যত্র বিভূতাদ্যতিশয়ঃ, স স ঈশ্বর ইত্যুপাস্যতয়া চোদ্যতে। এবমিহাপি আদিত্যমণ্ডলে হিরণ্ময়ঃ পুরুষঃ সর্ব্বপাপ্মাদেরলিঙ্গাৎ পর এবেতি বক্ষ্যতি। এবম্ "আকাশস্তল্লিঙ্গাৎ" ইত্যাদিষু দ্রষ্টব্যম্।

এবং সদ্যোমুক্তিকারণমপ্যাত্মজ্ঞানম্ উপাধিবিশেষদ্বারেণোপদিশ্যমানমপি অপেক্ষিতোপাধিবিশেষং পরাপরবিষয়ত্বেন সন্দিহ্যমানং বাক্যপর্য্যালোচনয়া নির্ণেতব্যং ভবতি, যথেহৈব তাবৎ

ঐশ্বর্য্যশক্তি বিকশিত হইয়া থাকে। এ নির্ণয় শ্রুতি, স্মৃতি, যুক্তি, সর্ব্বত্রই প্রসিদ্ধ। শ্রুতি যথা—"যে আপনাকে প্রকটতর অর্থাৎ অত্যন্ত প্রকাশ রূপ বলিয়া জানে, সে তদনুরূপ ফল প্রাপ্ত হয়।" গীতা স্মৃতি যথা—"হে অর্জ্জুন, যে যে জীব ঐশ্বর্য্যশালী, শ্রীমান্ বা তেজস্বী, সেই সেই জীবকে তুমি আমার তেজের অংশসম্ভূত বলিয়া জান।" [যত্র…বক্ষ্যতি] যাহাতে যাহাতে ঈশ্বরশক্তির অধিকতর আবেশ বা ঐশ্বর্য্যের আধিক্য আছে, শাস্ত্রে তাহা তাহাই ঈশ্বরজ্ঞানে উপাস্য বলিয়া উপদিষ্ট হইয়াছে। (৭) পরবর্ত্তী সূত্রেও সর্ব্বপাপবিমুক্তিরূপ হেতুর দ্বারা আদিত্যমণ্ডলান্তর্গত হিরণ্ময় পুরুষকে পরমেশ্বর বলিয়া অবধারণ করিবেন। (৮) [এবমা…ষ্টব্যম্] অপিচ, "আকাশস্তল্লিঙ্গাৎ" ইত্যাদি সূত্রেও ঐরূপ ঐরূপ তথ্য উপদেশ বা নির্ণয় করিবেন।

[এবং সদ্যো…দিতি] ঐরূপ অবধারণের বা বিচারসূত্রের আরও প্রয়োজন এই যে, শাস্ত্রে ব্রহ্মবস্তু-প্রতিপাদক বহুতর বাক্য আছে। তন্মধ্যে কতকগুলি বাক্য সোপাধিক ব্রহ্মবোধক, আবার, কতকগুলি বাক্য নিরুপাধিক ব্রহ্মবোধক। কিন্তু আত্মজ্ঞান সদ্যোমুক্তির কারণীভূত হইলেও, এবং উপাধির সহিত আত্মবস্তুর বা ব্রহ্মবস্তুর বাস্তব সম্বন্ধ থাকা ঐ সকল বাক্যের অভিপ্রেত না হইলেও, বিশেষভাব অবলম্বন করিয়া উপদিষ্ট হওয়ায় সেই সেই উপদেশবাক্য শুনিলে আপাততঃ সন্দেহ হইতে পারে যে, সেই সকল উপদেশ বাক্যের প্রতিপাদ্য কি পর

---

(৭) যেমন সূর্য্যোপাসনা। আর্য্য উপাসকগণ জড় সূর্য্যের উপাসনা করেন না। সূর্য্যে যে অসাধারণ চিৎশক্তি আছে, সেই শক্তি ঈশ্বরাগত শক্তি, কেবল জড়শক্তি নহে, এই বিবেচনায় সূর্য্যপ্রতীকে ঈশ্বরবুদ্ধি স্থাপনপূর্ব্বক অনির্দ্দেশ্যবপু ঈশ্বরের ধ্যান করিয়া থাকেন।

(৮) যিনি সূর্য্যমণ্ডলের অধিষ্ঠাতা বা সূর্য্যশরীরের আত্মা; তিনি নিষ্পাপ। ঈশ্বর ভিন্ন অন্য কেহ নিষ্পাপ নহে, সুতরাং সূর্য্যান্তর্গত পুরুষ ঈশ্বর ভিন্ন অন্য কেহ নহেন।

"আনন্দময়োঽভ্যাসাৎ" ইতি। এবমেকমপি ব্রহ্ম অপেক্ষিতোপাধিসম্বন্ধং নিরস্তোপাধিসম্বন্ধঞ্চ উপাস্যত্বেন জ্ঞেয়ত্বেন চ বেদান্তেষু উপদিশ্যত ইতি প্রদর্শয়িতুং পরো গ্রন্থ আরভ্যতে। যচ্চ "গতিসামান্যাৎ" ইত্যচেতনকারণান্তরনিরাকরণমুক্তম্, তদপি বাক্যান্তরাণি ব্রহ্মবিষয়াণি ব্যাচক্ষাণেন ব্রহ্মবিপরীতকারণনিষেধেন প্রপঞ্চ্যতে—

আনন্দময়োঽভ্যাসাৎ ॥১।১।১২॥*

তৈত্তিরীয়কেঽন্নময়ং প্রাণময়ং মনোময়ং বিজ্ঞানময়ং

তত্র তাবৎ প্রথমমেকদেশিমতেনাধিকরণমারচয়তি।—"তৈত্তিরীয়কেঽন্নময়ম্।" ইত্যাদি।

ব্রহ্ম? না অপর ব্রহ্ম? সেই সন্দেহভঞ্জনার্থ সেই সেই বাক্যের তাৎপর্য্যার্থ নির্ণয় করা আবশ্যক হয়। (তাৎপর্য্যনিশ্চায়ক ষড়্‌বিধ হেতু বা চিহ্ন অবলম্বন-পূর্ব্বক বাক্যতাৎপর্য্য অনুসন্ধান করিলে বাক্যের প্রকৃত উদ্দেশ্য বা যথার্থ অর্থ জানা যায়; সুতরাং তখন আর সংশয়াদি থাকে না। (অতএব, অতঃপরও সূত্ররচনার প্রয়োজনই আছে)। অদূরে বক্ষ্যমাণ "আনন্দময়োঽভ্যাসাৎ" সূত্রই ইহার দৃষ্টান্ত স্থল। সেই স্থানে যদ্রূপ বিচার ও তাহার ফলনিষ্পত্তি হইবে, পরবর্ত্তী অন্যান্য সূত্রেও সেইরূপই করিতে হইবে। [এবমেক···ভ্যাতে] অপিচ, বেদান্তশাস্ত্রে একই ব্রহ্ম যে, সোপাধিকরূপে উপাস্য এবং নিরুপাধিকরূপে জ্ঞেয়, এই দ্বিবিধপ্রকারে উপদিষ্ট হইয়াছেন, তাহা দেখাইবার জন্যও বক্ষ্যমাণ সূত্রসমূহের প্রয়োজন আছে, এবং সেই প্রয়োজন সাধনের জন্যই পরবর্ত্তী গ্রন্থ (সূত্রসমূহ) আরব্ধ হইতেছে। [যচ্চ···প্রপঞ্চ্যতে] পূর্ব্বে যে "গতিসামান্যাৎ" সূত্রের দ্বারা অচেতন কারণবাদ (পরমাণু ও প্রকৃতির) কারণত্ব নিরস্ত হইয়াছে, (তাহারও) ব্রহ্মবোধক অন্যান্য বাক্যের ব্যাখ্যা প্রসঙ্গে, ব্রহ্মভিন্ন অন্য পদার্থের জগৎকারণতাপ্রতিষেধ দ্বারা সমধিক বিস্তৃতি সম্পাদন করা হইবে।

[তৈত্তিরীয়কে·····ময় ইতি] তৈত্তিরীয় শ্রুতি অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময়, এতন্নামক কোষচতুষ্টয়ের উত্তরোত্তর অভ্যন্তরক্রমে

* তৈত্তিরীয়-শ্রুত্যুক্ত আনন্দময়ঃ পরমাত্মা এব, নান্যঃ। কুতঃ? অভ্যাসাৎ—পুনঃপুনঃ পাঠাৎ। যত্র পরমাত্মন্যেবানন্দশব্দোঽভ্যস্যতে শ্রুতিষু; ততস্তৈত্তিরীয়শ্রুত্যুক্ত আনন্দময়ঃ পরমাত্মৈব, নান্য ইতি সূত্রার্থসংক্ষেপঃ।—যেহেতু পরমাত্মবিষয়ে আনন্দশব্দের বহু স্থলে পাঠ দেখা যায়, সেইহেতু তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় শব্দে পরমাত্মাই উক্ত হইয়াছেন, অন্য নহে।

চানুক্রম্যাম্নায়তে "তস্মাদ্বা এতস্মাদ্বিজ্ঞানময়াদন্যোঽন্তর আত্মা-নন্দময়ঃ" ইতি। তত্র সংশয়ঃ।—কিমিহানন্দময়শব্দেন পরমেব ব্রহ্মোচ্যতে, যৎ প্রকৃতং "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইতি, কিংবা অন্নময়াদিবৎ ব্রহ্মণোঽর্থান্তরমিতি। কিং তাবৎ

"গৌণপ্রবাহপাতেঽপি যুজ্যতে মুখ্যমীক্ষণম্।
মুখ্যত্বে তুভয়োস্তুল্যে প্রায়দৃষ্টির্বিশেষিকা॥"

'আনন্দময়ঃ' ইতি হি বিকারে প্রাচুর্য্যে চ ময়টস্তুল্যং মুখ্যার্থত্বমিতি বিকারার্থান্নময়াদিপদপ্রায়-পাঠাদানন্দময়পদমপি বিকারার্থমেবেতি যুক্তম্। ন চ প্রাণময়াদিষু বিকারার্থত্বাযোগাৎ স্বার্থিকো ময়ড়িতি যুক্তম্। প্রাণাদ্যুপাধ্যবচ্ছিন্নো হ্যাত্মা ভবতি প্রাণাদিবিকারঃ ঘটাকাশমিব ঘটবিকারঃ। ন চ সত্যর্থে স্বার্থিকত্বমুচিতম্।

"চতুষ্কোশান্তরত্বে তু ন সর্ব্বান্তরতোচ্যতে।
প্রিয়াদিভাগী শারীরো জীবো ন ব্রহ্ম যুজ্যতে॥"

ন চ সর্ব্বান্তরতয়া ব্রহ্মৈবানন্দময়ং, ন জীব ইতি সাম্প্রতম্। ন হীয়ং শ্রুতিরানন্দময়স্য সর্ব্বান্তরতাং ব্রূতে, অপি ত্বন্নময়াদিকোশচতুষ্টয়ান্তরতামানন্দময়কোশস্য। ন চাত্মাদন্যস্যান্তরস্যাশ্রবণাদয়মেব সর্ব্বান্তর ইতি যুক্তম্। যদপেক্ষং যস্যান্তরত্বং শ্রুতং, তত্তস্মাদেবান্তরং ভবতি। ন হি দেবদত্তো বলবানিত্যুক্তে, সর্ব্বান্ সিংহশার্দ্দূলাদীনপি প্রতি বলবান্ প্রতীয়তে; অপি তু সমানজাতীয়-নরান্তরমপেক্ষ্য। এব-

---

(১) উপদেশ করিয়া, অব্যবহিত পরেই বলিয়াছেন, "এই বিজ্ঞানময় হইতে স্বতন্ত্র বা ভিন্ন সূক্ষ্ম আত্মা আছে···যাহা আনন্দময়। [তত্র···মিতি] তৈত্তিরীয় শ্রুতিস্থ এই আনন্দময় বাক্যে এইরূপ সংশয় হইতেছে যে, এই শ্রুতিস্থ আনন্দময়-শব্দে কি পরব্রহ্মের উপদেশ করিয়াছেন? অথবা অন্নময়াদি কোষ যেমন ব্রহ্ম হইতে ভিন্ন, সেইরূপ আনন্দময়ও ব্রহ্ম হইতে ভিন্ন। (২) [কিং···স্যাৎ] উক্তবিধ সংশয়ের পর আপাততঃ কি কি বুঝা যায়? কি পাওয়া যায়? প্রথমে ইহাই বুঝা যায় বা পাওয়া যায় যে, উক্ত আনন্দময় পদার্থ ব্রহ্ম হইতে ভিন্ন, অমুখ্য আত্মা—জীব। [কস্মাৎ] কেন? [অন্ন···তত্বাৎ] উত্তর এই যে, ঐ আনন্দময় অন্নময়প্রভৃতি অমুখ্য আত্মার প্রবাহে (শ্রেণীতে) পরিপঠিত হইয়াছে। যেহেতু উহা অন্নময়াদি অমুখ্য (গৌণ) আত্মার সঙ্গে পরিপঠিত, সেই হেতু উহাও (আনন্দময়ও) অন্নময়াদির ন্যায় অমুখ্য আত্মা, মুখ্য নহে। (মুখ্য—ব্রহ্ম। অমুখ্য—জীব)।

---

(১) অন্নময়ের অভ্যন্তরে প্রাণময়, প্রাণময়ের অভ্যন্তরে মনোময় এবং মনোময়ের অভ্যন্তরে বিজ্ঞানময়,—এইরূপ ক্রমে।

(২) অর্থাৎ আনন্দময় শব্দে জীব বুঝিতে হইবে? না ব্রহ্ম বুঝিতে হইবে?

প্রাপ্তম্ ? ব্রহ্মণোঽর্থান্তরমমুখ্য আত্মানন্দময়ঃ স্যাদিতি। কস্মাৎ ? অন্নময়াদ্যমুখ্যাত্মপ্রবাহপতিতত্বাৎ।

অথাপি স্যৎ, সর্ব্বান্তরত্বাদানন্দময়ো মুখ্য এবাত্মেতি; ন স্যাৎ, প্রিয়াদ্যবয়বযোগাচ্ছারীরত্বশ্রবণাচ্চ। মুখ্যশ্চেদাত্মা স্যাৎ, ন প্রিয়াদি-সংস্পর্শঃ স্যাৎ। ইহ তু "তস্য প্রিয়মেব শিরঃ" ইত্যাদি শ্রূয়তে। শারীরত্বঞ্চ শ্রূয়তে "তস্যৈষ এব শারীর আত্মা, যঃ পূর্ব্বস্য" ইতি। তস্য পূর্ব্বস্য বিজ্ঞানময়স্যৈষ এব শারীর আত্মা, য এষ আনন্দময় ইত্যর্থঃ। ন চ সশরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়সংস্পর্শো বারয়িতুং শক্যঃ। তস্মাৎ সংসার্য্যেবা-

---

মানন্দময়োঽপি অন্নময়াদিভ্যোঽন্তরঃ, ন তু সর্ব্বস্মাৎ। ন চ নিষ্কলস্য ব্রহ্মণঃ প্রিয়াদ্যবয়বযোগঃ, নাপি শারীরত্বং যুজ্যতে; ইতি সংসার্য্যেবানন্দময়ঃ। তস্মাদুপহিতমেবাত্রোপাস্যত্বেন বিবক্ষিতং, ন তু ব্রহ্মরূপং জ্ঞেয়ত্বেনেতি পূর্ব্বঃ পক্ষঃ।

অপি চ, যদি প্রাচুর্য্যার্থোঽপি ময়ট্, তথাপি সংসার্য্যেবানন্দময়ঃ, ন তু ব্রহ্ম। আনন্দপ্রাচুর্য্যং হি তদ্বিপরীতদুঃখবলসম্ভবে ভবতি, ন তু তদত্যন্তাসম্ভবে। ন চ পরমাত্মনো মনাগপি দুঃখলবসম্ভবঃ, আনন্দৈকরসত্বাদিত্যাহ।—"ন চ সশরীরস্য সতঃ" ইতি। অশরীরস্য পুনরপ্রিয়সম্বন্ধো মনাগপি নাস্তীতি প্রাচুর্য্যার্থোঽপি ময়ট্ নোপপদ্যত ইত্যর্থঃ। উচ্যতে।—আনন্দময়াবয়বস্য তাবৎ ব্রহ্মণঃ পুচ্ছস্যাঙ্গতয়া

[অথাপি···শ্রবণাচ্চ] আনন্দময় যখন সর্ব্বান্তর, তখন উহা অবশ্য মুখ্য আত্মা, এরূপ আশঙ্কাও করিতে পার না। তাহার হেতু এই যে, তৈত্তিরীয় শ্রুতিস্থ আনন্দময়-বাক্যের শেষভাগে আনন্দময়ের অবয়ব-কল্পনা রহিয়াছে, এবং প্রিয়াপ্রিয় সম্বন্ধও কথিত হইয়াছে। [মুখ্য···ইত্যর্থঃ] আনন্দময় যদি মুখ্য আত্মা ব্রহ্মই হন, তাহা হইলে তাঁহাতে প্রিয়াপ্রিয়সংযোগ (পুণ্য পাপ বা সুখ দুঃখ সম্বন্ধ), অবয়বকল্পনা ও শরীর সম্বন্ধ থাকা অসম্ভব হয়। শ্রুতি ঐ কথার পরেই বলিয়াছেন, "প্রিয়ই তাঁহার মস্তক", এবং "এই আনন্দময়ই পূর্ব্বোক্ত বিজ্ঞানময় আত্মার আত্মা।" (৩) [ন চ···আত্মা] যাহার শরীর বা শরীরাভিমান থাকে, তাহার প্রিয়াপ্রিয় নিবারিত (নিষেধ) হয় না, হইতেও পারে না। অতএব, শরীর ও প্রিয়াপ্রিয়াদিসম্বন্ধ থাকায় তৈত্তিরীয় শ্রুত্যুক্ত ঐ আনন্দময়কে সংসারী আত্মা

---

(৩) অর্থাৎ বিজ্ঞানময় কোষটী আনন্দময় আত্মার শরীর।

নন্দময় আত্মেতি। এবং প্রাপ্ত ইদমুচ্যতে—"আনন্দময়োঽভ্যাসাৎ"।

পর এবাত্মা আনন্দময়ো ভবিতুমর্হতি। কুতঃ? অভ্যাসাৎ। পরস্মিন্নেব হ্যাত্মন্যানন্দশব্দো বহুকৃত্বোঽভ্যস্যতে। আনন্দময়ং প্রস্তুত্য "রসো বৈ সঃ" ইতি তস্যৈব রসত্বমুক্ত্বা উচ্যতে—"রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দীভবতি", "কো হ্যেবান্যাৎ, কঃ প্রাণ্যাদ্ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ," "এষ হ্যেবানন্দয়াতি", "সৈষানন্দস্য মীমাংসা ভবতি", "এতমানন্দময়মাত্মানমুপসংক্রামতি", "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন",

ন প্রাধান্যম্, অপি ত্বঙ্গিন আনন্দময়স্যৈব ব্রহ্মণঃ প্রাধান্যম্। তথা চ তদধিকারে পঠিতমভ্যস্যমানমানন্দপদং তদ্বৃদ্ধিমাধত্ত ইতি তস্যৈবানন্দময়স্যাভ্যাস ইতি যুক্তম্। জ্যোতিষ্টোমাধিকারে 'বসন্তে বসন্তে জ্যোতিষা' ইতি জ্যোতিষ্পদমিব জ্যোতিষ্টোমাভ্যাসঃ কালবিশেষবিধিপরঃ।

অপি চ, সাক্ষাৎ আনন্দময়াত্মাভ্যাসঃ শ্রূয়তে "এতম্ আনন্দময়-

(জীব) ভিন্ন অসংসারী পরমাত্মা (ব্রহ্ম) বলিতে পারা যায় না [এবং···ভাসাৎ] এতদ্রূপ পূর্ব্বপক্ষ স্থির হওয়ার পর, অথবা প্রথমকল্পে ঐরূপ অর্থ প্রতীত হওয়ার পর, উহার সিদ্ধান্তের জন্য অর্থাৎ পূর্ব্বপক্ষ নিরাকরণপূর্ব্বক উহার নিশ্চিতার্থ নির্দ্ধারণের জন্য এই "আনন্দময়োঽভ্যাসাৎ" সূত্র অবতারিত হইয়াছে।

[পর···অভ্যাসাৎ] ঐ 'আনন্দময়' অর্থ পরমাত্মাই হইবার যোগ্য। তাহার হেতু—অভ্যাস (বার বার বলা)। [পরস্মিন্···স্তুতে] শ্রুতি পরমাত্মাতেই আনন্দশব্দের অভ্যাস অর্থাৎ পুনঃ পুনঃ প্রয়োগ করিয়াছেন, অন্যত্র নহে। [আনন্দ··· ইতি চ] শ্রুতি "আনন্দময়ে"র উপদেশ করিয়া, পশ্চাৎ তাঁহার রসত্ব নির্দ্দেশ করত (১) অবশেষে বলিয়াছেন, "এই জীবসকল সেই রস বা সেই আনন্দ লাভ করিয়াই আনন্দিত হয়। যদি সেই পূর্ণানন্দ না থাকিত, তাহা হইলে কেই বা প্রাণকার্য্য করিত, আর কেই বা জীবিত থাকিত? সেই আনন্দই জীবকে আনন্দিত রাখে, ইহা হইতেছে সেই আনন্দের মীমাংসা। পুরুষ সেই আনন্দই প্রাপ্ত হয়। 'সে আনন্দ—সে ব্রহ্মানন্দ সাক্ষাৎকৃত হইলে কিছু হইতেই ভয় থাকে না।' 'ভৃগু জানিয়াছিলেন, আনন্দই ব্রহ্ম।' ইত্যাদি। (২)

(১) অর্থাৎ "সেই আনন্দময়ই রস" এইরূপ বলিয়া।

(২) আনন্দময় ব্রহ্ম কি জীব, অর্থাৎ সগুণ কি নির্গুণ, এ বিচারের প্রয়োজন কি? প্রয়োজন আছে। সগুণ হইলে উপাস্য, আর নির্গুণ হইলে জ্ঞেয়। সুতরাং প্রয়োজন আছে।

"আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ" ইতি চ। শ্রুত্যন্তরে চ "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি ব্রহ্মণ্যেবানন্দশব্দো দৃষ্টঃ। এবমানন্দশব্দস্য বহুকৃত্বো ব্রহ্মণ্যেবাভ্যাসাদানন্দময় আত্মা ব্রহ্মেতি গম্যতে।

যত্তূক্তং—অন্নময়াদ্যমুখ্যাত্মপ্রবাহপতিতত্বাদানন্দময়স্যাপ্যমুখ্যাত্মত্বমিতি; নাসৌ দোষঃ; আনন্দময়স্য সর্ব্বান্তরত্বাৎ। মুখ্যমেব হ্যাত্মানমুপদিদিক্ষু শাস্ত্রং লোকবুদ্ধিমনুসরদ্ অন্নময়ং শরীরমনাত্মানম্ অত্যন্তমূঢ়ানামাত্মত্বেন প্রসিদ্ধমনূদ্য, মৃষানিষিক্ত-

মাত্মানমুপসংক্রামতি" ইতি পূর্ব্বপক্ষবীজমনুভাষ্য দূষয়তি।—"যত্তূক্তমন্নময়াদি" ইতি।

ন হি মুখ্যারুন্ধতীদর্শনং তত্তদমুখ্যারুন্ধতীদর্শনপ্রায়-পঠিতমপ্যমুখ্যারুন্ধতীদর্শনং ভবতি। তাদর্থ্যাৎ পূর্ব্বদর্শনানামন্ত্যদর্শনানুগুণ্যং, ন তু তদ্বিরোধিতেতি চেৎ; ইহাপ্যানন্দময়াদান্তরস্যান্যস্যাশ্রবণাৎ; তস্য ত্বন্নময়াদিসর্ব্বান্তরত্বশ্রুতেস্তৎ-

[শ্রুত্যন্তরে…দৃষ্টঃ] অন্য শ্রুতিতেও ব্রহ্মে আনন্দ শব্দের প্রয়োগ দৃষ্ট হয়। যথা—"ব্রহ্ম বিজ্ঞানও আনন্দস্বরূপ।" [এবমা…গম্যতে] এবম্প্রকারে, ব্রহ্মবিষয়েই বারংবার আনন্দশব্দ উচ্চারিত হওয়ায় ইহাই প্রতিপন্ন হইতেছে বা জানা যাইতেছে যে, তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় শব্দ ব্রহ্ম-অর্থেই প্রযুক্ত হইয়াছে। (১)

[যত্তূক্তং…সর্ব্বান্তরত্বাৎ] অন্নময় প্রভৃতি গৌণাত্মপ্রবাহে (এক সঙ্গে) পঠিত হইয়াছে বলিয়া আনন্দময়ও গৌণ আত্মা, ইহা সঙ্গত কথা নহে। ঐরূপ প্রবাহপাঠ (এক সঙ্গে বলা) এ স্থলে অসঙ্গত নহে, প্রত্যুত খুবই সঙ্গত। কারণ এই যে, আনন্দময় মুখ্য আত্মাই সর্ব্বান্তর,—অন্য সকল আপেক্ষিক। [মুখ্য…শ্লিষ্টতরম্] শ্রুতি মুখ্য আত্মা বুঝাইবার জন্যই লোকবুদ্ধির অনুসরণ করত (২) অজ্ঞ লোকের নিকট, যে অন্নময়াদি কোষ আত্মা বলিয়া প্রসিদ্ধ, সেই লোকপ্রসিদ্ধ আত্মচতুষ্টয়ের (৩) অনুবাদপূর্ব্বক, মৃষানিক্ষিপ্ত

সিদ্ধান্তের দ্বারা জানা যাইবে, ঐ আনন্দময় জ্ঞেয় ব্রহ্ম, উপাস্য ব্রহ্ম নহে। উহাকে জানিতে হইবে, উপাসনা করিতে হইবে না। উপাসনার সহিত জ্ঞানের যে প্রভেদ—তাহা পশ্চাৎ ব্যক্ত হইবে।

(১) এই সকল শ্রুতিতে যতগুলি আনন্দ শব্দ আছে, সমস্তই ব্রহ্মবোধক। ব্রহ্মে বা পরমাত্মায় আনন্দ শব্দের প্রচুর প্রয়োগ থাকায় আনন্দময় শব্দটিও ব্রহ্মবোধক।

(২) লোকবুদ্ধি=লৌকিক বোধ বা লৌকিক দৃষ্টান্ত। অর্থাৎ অল্পজ্ঞ লোককে যে প্রকারে বুঝাইবার প্রণালী আছে—সেই প্রণালী।

(৩) কাহার নিকট অন্নময় দেহই আত্মা। অন্যের নিকট প্রাণময় কোষই আত্মা। অপর এক সম্প্রদায়ের জ্ঞানে মনই আত্মা এবং অন্যের মতে বিজ্ঞানই আত্মা। এ সকল উল্লেখ করিয়া।

দ্রুততাম্রাদিপ্রতিমাবৎ ততোঽন্তরং ততোঽন্তরমিত্যেবং পূর্ব্বেণ পূর্ব্বেণ সমানমুত্তরমুত্তরমনাত্মানমাত্মেতি গ্রাহয়ৎ প্রতিপত্তি-সৌকর্য্যাপেক্ষয়া সর্ব্বান্তরং মুখ্যমানন্দময়মাত্মানমুপদিদেশেতি শ্লিষ্টতরম্। যথা অরুন্ধতীনিদর্শনে বহ্বীষ্বপি তারাস্বমুখ্যাসু অরুন্ধতীষু দর্শিতাসু যা অন্ত্যা প্রদর্শ্যতে, সা মুখ্যেবারুন্ধতী ভবতি, এবমিহাপি আনন্দময়স্য সর্ব্বান্তরত্বান্মুখ্যমাত্মত্বম্।

যত্তু ব্রূষে,—প্রিয়াদীনাং শিরস্ত্বাদিকল্পনানুপপন্না মুখ্য-স্যাত্মন ইতি। অতীতানন্তরোপাধিজনিতা সা, ন স্বাভাবিকীত্য-

---

পর্য্যবসানং তাদর্থ্যং তুল্যম্। প্রিয়াদ্যবয়বযোগ-শারীরত্বে চ নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ সমাহিতে। প্রিয়াদ্যবয়বযোগাচ্চ দুঃখলবযোগোঽপি পরমাত্মন ঔপাধিক উপপাদিতঃ। তথানন্দময় ইতি প্রাচুর্য্যার্থতা ময়ট উপপাদিতেতি ॥ ১২—১৪ ॥

---

(১) দ্রুত তাম্রাদি-প্রতিমার দৃষ্টান্তে, সে সকল আত্মার আপেক্ষিক অন্তরত্ব বুঝাইয়া দিয়া সর্ব্বশেষ মুখ্য আনন্দময় আত্মার উপদেশ করিয়াছেন। এইরূপ ক্রমই (২) মূঢ়বুদ্ধি লোককে সূক্ষ্মতত্ত্ব বুঝাইবার সহজ উপায়। [যথা··· আত্মাত্বম্] যেমন অরুন্ধতী-প্রদর্শনে অর্থাৎ অরুন্ধতীর প্রদর্শনকালে, যাহা অরুন্ধতী নহে, এরূপ বহু তারাকে অরুন্ধতী বলিয়া দেখাইয়া সর্ব্বশেষে যাহাকে অরুন্ধতী বলিয়া দেখান হয়, তাহাই মুখ্য বা যথার্থ অরুন্ধতী, তদ্রূপ, এখানেও অন্নময়াদি অনাত্মচতুষ্টয়কে অন্তরাত্মা বলিয়া, শেষে যাহাকে সর্ব্বান্তর বলিয়া উপদেশ করা হইয়াছে, তাহাকেই যথার্থ বা মুখ্য আত্মা বলিয়া আর পূর্ব্বোক্ত আত্মা সকলকে অনাত্মা বা অমুখ্য আত্মা বলিয়া গ্রহণ করা সঙ্গত। (৩)

[যত্তু···এবাত্মা] আরও যে, এক কথা বলিয়াছিলে, আনন্দময়কে মুখ্য আত্মা বলিতে গেলে প্রিয়াদি অবয়ব ও শারীরত্ব কল্পনা স্থান প্রাপ্ত হয় না, সে কথার প্রত্যুত্তর এই যে, আনন্দময় বস্তুকল্পে অশরীর; সুতরাং তাঁহার মস্তকাদি

---

(১) মুষা—ছাঁচ। দ্রুত—গলিত। তামা গলাইয়া ছাঁচে ঢালিলে তাহা দেখিতে ছাঁচের মতই হয়। উক্ত দৃষ্টান্তে দেহব্যাপী প্রাণ দেহের মত এবং প্রাণব্যাপী মন প্রাণের মত, ইহা আপাত জ্ঞানে প্রতীত হয়, কিন্তু বিচারিত জ্ঞানে তাহা অন্যথা হইয়া যায়।

(২) অর্থাৎ দেহ অপেক্ষা প্রাণের অন্তরতা, প্রাণ অপেক্ষা মনের অন্তরতা, এবং মন অপেক্ষাও বিজ্ঞানের অন্তরতা (অভ্যন্তরবর্ত্তিত্ব), এতদ্রূপ ক্রম।

(৩) সপ্তর্ষি মণ্ডলের (সাতভেয়ে তারার) অভ্যন্তরে অতি সূক্ষ্ম অরুন্ধতী নক্ষত্র আছে। বিবাহকালে তাহা নববধূকে দেখাইতে হয়। চক্ষু তাহাতে সহজে সন্নিকৃষ্ট হয় না বলিয়া প্রথমে তৎপার্শ্ববর্ত্তী স্থূল তারা দেখান হয়, পরে তদপেক্ষা সূক্ষ্মতারা, সর্ব্বশেষ প্রকৃত অরুন্ধতীতে গিয়া দৃষ্টি পড়ে। এরূপ ক্রম অবলম্বন ব্যতীত একবারেই অরুন্ধতী দেখিবার ও দেখাইবার উপায় নাই। এখানেও সেইরূপ স্থূলক্রম অবলম্বন ব্যতীত একবারে মুখ্য আত্মা জানিবার উপায় নাই।

দোষঃ, শারীরত্বমপ্যানন্দময়স্যান্নময়াদিশরীরপরম্পরয়া প্রদর্শ্যমানত্বাৎ, ন পুনঃ সাক্ষাদেব শারীরত্বং সংসারিবৎ। তস্মাদানন্দময়ঃ পর এবাত্মা ॥ ১। ১। ১২ ॥

বিকারশব্দান্নেতি চেন্ন প্রাচুর্য্যাৎ ॥১।১।১৩॥*

অত্রাহ—নানন্দময়ঃ পর আত্মা ভবিতুমর্হতি। কস্মাৎ? বিকারশব্দাৎ। প্রকৃতিবচনাদয়মন্যঃ শব্দো বিকারবচনঃ সমধিগতঃ, 'আনন্দময়ঃ' ইতি ময়টো বিকারার্থত্বাৎ। তস্মাৎ অন্নময়াদিশব্দবদ্বিকারবিষয় এবায়মানন্দময়শব্দ ইতি চেৎ; ন, প্রাচুর্য্যার্থেঽপি ময়টঃ স্মরণাৎ। "তৎপ্রকৃতবচনে ময়ড়িতি"

['তৎপ্রকৃতবচনে ময়ড়িতি'] তদিতি প্রথমা, সমর্থাৎ শব্দাৎ প্রাচুর্য্যবিশিষ্টস্য প্রস্তুতস্য বচনেঽভিধানে ময়ট্‌প্রত্যয়ো ভবতীতি সূত্রার্থঃ। অত্র বচনগ্রহণাৎ প্রকৃতস্য প্রাচুর্য্যবৈশিষ্ট্যসিদ্ধিঃ। তাদৃশস্য লোকে ময়টোঽভিধানাৎ।

পূর্ব্ববর্ত্তী বিজ্ঞানময় কোষরূপ উপাধির দ্বারা কল্পিত, স্বাভাবিক নহে; সুতরাং ঐরূপ উক্তি দোষাবহ নহে। তাঁহাকে যে শারীর বলা হইয়াছে, তাহা অন্নময়াদি-শরীরপরম্পরা দ্বারা জ্ঞেয় বলিয়াই বলা হইয়াছে অর্থাৎ শরীরপরম্পরায় জানা যায় বলিয়াই তিনি শারীর (বিজ্ঞান-শরীরের আত্মা), কিন্তু সংসারী জীব যেরূপ শারীর, তিনি সেরূপ শারীর নহেন। বিচারের ও সিদ্ধান্তের উপসংহার এই যে, ঐ কারণে তৈত্তিরীয় শ্রুত্যুক্ত আনন্দময় নিশ্চয়ই পরমাত্মা, জীবাত্মা নহে॥ ১।১।১২॥

কথিত সিদ্ধান্তে কেহ কেহ এইরূপ আশঙ্কা করিয়া থাকেন যে, আনন্দময় শব্দ পরমাত্মবোধক হইতে পারে না। কারণ এই যে, আনন্দময় শব্দ বিকারবাচী ময়ট্ প্রত্যয়ে নিষ্পন্ন হইয়াছে। ময়ট্ প্রত্যয়ের অর্থ বিকার, তৎসম্বন্ধ থাকায় আনন্দময় শব্দও কোন একটী সবিকার পদার্থেরই বোধক; প্রকৃত বা নির্ব্বিকার ব্রহ্মবোধক নহে। অতএব, ঐ আনন্দময় শব্দ অন্নময়াদি শব্দের ন্যায় সবিকার জীবাত্মার বোধক হওয়াই যুক্তিসিদ্ধ। [ন…স্মরণাৎ] এতদ্রূপ আশঙ্কা-বাক্যের প্রতিবাদ এই যে, ময়ট্ প্রত্যয় দেখিয়া ঐরূপ আশঙ্কা করিতে পার না। কেন-না, প্রাচুর্য্য অর্থেও ময়ট্ প্রত্যয় হইয়া থাকে। [তৎ…স্মর্য্যতে]

* বিকারার্থময়ট্‌প্রত্যয়ান্তত্বাৎ আনন্দময়ঃ পরমাত্মা ন ইতি চেৎ, ন, কুতঃ? প্রাচুর্য্যাৎ ময়টঃ প্রাচুর্য্যার্থত্বাৎ। প্রাচুর্য্যার্থেঽপি ময়ট্ ভবতীতি যাবৎ।—"আনন্দময়" শব্দ বিকারবাচী ময়ট্ প্রত্যয়নিষ্পন্ন বলিয়া পরমাত্মার বোধক নহে, এরূপ বলা যায় না। হেতু এই যে, প্রচুর অর্থেও ময়ট্ প্রত্যয়ের বিধান আছে। (এটি আশঙ্কা সূত্র)।

প্রচুরতায়ামপি হি ময়ট্ স্মর্য্যতে। যথান্নময়ো যজ্ঞ ইত্যন্ন-প্রচুর উচ্যতে, এবমানন্দপ্রচুরং ব্রহ্মানন্দময়মুচ্যতে। আনন্দ-প্রচুরত্বঞ্চ ব্রহ্মণো মনুষ্যত্বাদারভ্যোত্তরস্মিন্নুত্তরস্মিন্ স্থানে শতগুণ আনন্দ ইত্যুক্ত্বা ব্রহ্মানন্দস্য নিরতিশয়ত্বাবধারণাৎ। তস্মাৎ প্রাচুর্য্যার্থে ময়ট্॥ ১। ১। ১৩॥

তদ্ধেতুব্যপদেশাচ্চ॥ ১। ১। ১৪॥ *

ইতশ্চ প্রাচুর্য্যার্থে ময়ট্; যস্মাদানন্দহেতুত্বং ব্রহ্মণো ব্যপ-দিশতি শ্রুতিঃ—"এষ হ্যেবানন্দয়াতি ইতি। আনন্দয়তীত্যর্থঃ। যো হি অন্যানানন্দয়তি, স প্রচুরানন্দ ইতি প্রসিদ্ধং ভবতি।

যথা অন্নময়ো যজ্ঞ ইতি। অত্র হি অন্নং প্রচুরমস্মিন্নিত্যন্নশব্দঃ প্রথমাবিভক্তিযুক্তঃ, তস্মান্ময়ট্ প্রত্যয়ঃ যজ্ঞস্য প্রকৃত্যর্থান্নপ্রাচুর্য্যবাচী দৃশ্যতে, ন শুদ্ধপ্রকৃতবচন ইতি ধ্যেয়ম্। [ইতি রত্নপ্রভা টীকা] ১৩॥

পাণিনি মুনি "তৎপ্রকৃতবচনে ময়ট্" এই সূত্রে তৎপ্রাচুর্য্য অর্থে ময়ট্ প্রত্যয় হওয়া স্মরণ করিয়াছেন। (১) [যথা…উচ্যতে] যেমন লোকে অন্নপ্রচুর যজ্ঞকে 'অন্নময়' বলে, তদ্রূপ শ্রুতিও আনন্দপ্রচুর ব্রহ্মকে আনন্দময় বলিয়াছেন। [আনন্দ…ধারণাৎ] ব্রহ্ম আনন্দপ্রচুর, এ তত্ত্ব শ্রুতির দ্বারাই নির্ণীত হয়। শ্রুতি বলিয়াছেন, মনুষ্যানন্দ অপেক্ষা গন্ধর্ব্বানন্দ শতগুণ অধিক। শ্রুতি ঐরূপে পর পর অধিক আনন্দ উপদেশ করিয়া অবশেষে ব্রহ্মানন্দের নিরতিশয়ত্ব উপদেশ করিয়াছেন। [তস্মাৎ…ময়ট্] অতএব, কথিতবিধ শ্রুতি স্মৃতি অনুসারে ইহাই নির্ণীত হইতেছে যে, আনন্দময়-শব্দস্থ ময়ট্ প্রত্যয় বিকারার্থক নহে, প্রাচুর্য্যার্থক॥ ১। ১। ১৩॥

যে হেতু শ্রুতি ব্রহ্মকেই আনন্দের কারণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন, সেই হেতু আনন্দময়ের ময়ট্ প্রাচুর্য্যার্থক বিকারার্থক নহে। [শ্রুতি…তদ্বৎ] শ্রুতি যথা—"এই ব্রহ্মই আনন্দ দান করিতেছেন বা আনন্দিত করিতেছেন।" যিনি

---

* তস্য আনন্দস্য হেতুঃ কারণং, তস্য ব্যপদেশোনির্দ্দেশস্তস্মাৎ। শ্রুত্যা ব্রহ্মণ এব আনন্দ-হেতুত্বকথনাৎ আনন্দময় ইত্যত্র প্রাচুর্য্যার্থ এব ময়ট্।—ব্রহ্মই আনন্দের মূল, এতদ্রূপ উপদেশ থাকায় আনন্দময়শব্দস্থ ময়ট্ প্রত্যয়ের প্রচুরার্থতা সিদ্ধ হয়, বিকারার্থ থাকে না।

(১) পাণিনি নিজে নূতন বলেন নাই। বৈদিক উপদেশ ব্যক্ত করিয়াছেন মাত্র, সুতরাং স্মরণ করিয়াছেন, এইরূপ বলা হইল। বস্তুতঃ পাণিনিসূত্রও স্মৃতিমধ্যে গণ্য।

যথা লোকে যোঽন্যেষাং ধনিকত্বমাপাদয়তি, স প্রচুরধন ইতি গম্যতে, তদ্বৎ। তস্মাৎ প্রাচুর্য্যার্থেঽপি ময়টঃ সম্ভবাদানন্দময়ঃ পরএবাত্মা ॥ ১ । ১ । ১৪ ॥

মান্ত্রবর্ণিকমেব চ গীয়তে ॥ ১ । ১ । ১৫ ॥ *

ইতশ্চানন্দময়ঃ পর এবাত্মা; যস্মাদ্ "ব্রহ্মবিদাপ্নোতি পরম্" ইত্যুপক্রম্য "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যস্মিন্মন্ত্রে যদ্ব্রহ্ম প্রকৃতং সত্যজ্ঞানানন্তবিশেষণৈর্নির্দ্ধারিতং, যস্মাদাকাশাদিক্রমেণ স্থাবরজঙ্গমানি ভূতান্যজায়ন্ত; যচ্চ ভূতানি সৃষ্ট্বা তান্যনুপ্রবিশ্য গুহায়ামবস্থিতং সর্ব্বান্তরম্, যস্য বিজ্ঞানায়

[সূত্রস্থ-চ-শব্দোঽনুক্তসমুচ্চয়ার্থ ইতি মত্বা ব্যাচষ্টে—"ইতশ্চ" ইতি। উচ্চানুক্তং ব্রহ্মানন্দস্য নিরতিশয়ত্বাবধারণং পূর্ব্বমুক্তম্ ॥ ১ । ১ । ১৪ ॥ ইতি রত্নপ্রভা]

অপি চ, মন্ত্রব্রাহ্মণয়োরুপেয়োপায়ভূতয়োঃ সম্প্রতিপত্তেঃ ব্রহ্মৈবানন্দময়পদার্থঃ। মন্ত্রে হি পুনঃপুনরন্যোঽন্তর আত্মেতি পরব্রহ্মণ্যান্তরত্বশ্রবণাত্তস্যৈব

অন্যকে আনন্দ দান করেন, তিনি যে প্রচুরানন্দ, তাহা বলাই বাহুল্য; কারণ, ইহা সর্ব্বলোকবিদিত। যে ব্যক্তি অন্যকে ধনী করে, সে যে, প্রচুরধনশালী, এ তত্ত্ব যেমন সহজবোধ্য; তেমনি যে আনন্দ দান করে, সেও যে প্রচুরানন্দ, এতত্ত্বও তদ্রূপ সহজবোধ্য। [তস্মাৎ...আত্মা] অতএব, প্রাচুর্য্যার্থক ময়ট্ প্রত্যয়ের অধিক সম্ভাবনা থাকায় আনন্দময় শব্দ পরমাত্মারই বোধক, গৌণাত্মার (জীবের) বোধক নহে ॥ ১।১।১৪॥

আনন্দময় পরমাত্মা, এ সম্বন্ধে অন্য হেতুও আছে। শ্রুতি "ব্রহ্মবিৎ পুরুষ ব্রহ্মপ্রাপ্ত হয়", এইরূপ বলিয়া "ব্রহ্ম সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও অনন্ত" এইরূপ মন্ত্রবাক্য বলিয়াছেন। এই মন্ত্রে পূর্ব্বপ্রস্তাবিত ব্রহ্মই সত্যাদি বিশেষণের দ্বারা নিরূপিত হইয়াছেন। যে ব্রহ্ম হইতে আকাশাদিক্রমে স্থাবর-জঙ্গমাত্মক জগৎ জন্মিয়াছে, যে ব্রহ্ম জীব সৃষ্টি করিয়া সে সকলের অন্তঃপ্রবিষ্ট ও তাহাদের বুদ্ধিরূপ গুহার অভ্যন্তরে অবস্থিত আছেন, যাঁহাকে জানিবার জন্য বা জানাইবার জন্য "আত্মা অন্নময়াদির অন্তরে ও অন্নময়াদি হইতে ভিন্ন" এতদ্রূপ বাক্য বলা হই-

* "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যস্মিন্ মন্ত্রে যৎ ব্রহ্ম প্রকৃতং অভিহিতং, তদেবানন্দময়বাক্যে গীয়তে অভিধীয়তে।—মন্ত্রবাক্যে যে ব্রহ্ম অভিহিত হইয়াছেন, সেই ব্রহ্মই ঐ আনন্দময় বাক্যেও গীত হইয়াছেন। সুতরাং আনন্দময় পূর্ব্বপ্রকৃত পরব্রহ্ম।

"অন্যোঽন্তর আত্মা" ইতি প্রক্রান্তম্; তস্মান্ত্রবর্ণিকমেব ব্রহ্মেহ গীয়তে "অন্যোঽন্তর আত্মানন্দময়ঃ" ইতি। মন্ত্র-ব্রাহ্মণয়োশ্চৈকার্থত্বং যুক্তম্, অবিরোধাৎ। অন্যথা হি প্রকৃতহানাপ্রকৃতপ্রক্রিয়ে স্যাতাম্। ন চান্নময়াদিভ্য ইবানন্দময়াদন্যোঽন্তর আত্মাভিধীয়তে। এতন্নিষ্ঠৈব চ "সৈষা ভার্গবী বারুণী বিদ্যা", তস্মাদানন্দময়ঃ পরএবাত্মা ॥ ১ । ১ । ১৫ ॥

নেতরোঽনুপপত্তেঃ ॥ ১ । ১ । ১৬ ॥ *

চান্যোঽন্তর আত্মানন্দময় ইতি ব্রাহ্মণে প্রত্যভিজ্ঞানাৎ পরব্রহ্মৈবানন্দময়মিত্যাহ সূত্রকারঃ "মান্ত্রবর্ণিকমেবচ গীয়তে।" ইতি।

মান্ত্রবর্ণিকমেব পরং ব্রহ্ম ব্রাহ্মণেঽপ্যানন্দময় ইতি গীয়ত ইতি ॥১।১।১৫॥

অপি চানন্দময়ং প্রকৃত্য শরীরাদ্যুৎপত্তেঃ প্রাক্ স্রষ্টৃত্বশ্রবণাৎ বহু স্যামিতি

য়াছে, সেই মান্ত্রবর্ণিক (মন্ত্রোক্ত) ব্রহ্মই এই আনন্দময়ঘটিত ব্রাহ্মণবাক্যে গীত (অভিহিত) হইয়াছেন। [মন্ত্র…স্যাতাং] মন্ত্র ও ব্রাহ্মণ এ দুয়ের একার্থতা বা একার্থ-প্রতিপাদকতা থাকাই যুক্তিসিদ্ধ। মন্ত্রের ও ব্রাহ্মণের অর্থসাম্য থাকিলেই অবিরোধ (বিরোধ ভঞ্জন) হইতে পারে। তাহার অন্যথা হইলে প্রকৃত হান ও অপ্রকৃতপ্রক্রিয়া দোষ হয়, বিরোধ ভঞ্জন হয় না। (১) [নচান্ন… আত্মা] মন্ত্রার্থানুবাদী ব্রাহ্মণ অন্নময় হইতে প্রাণময় ভিন্ন, প্রাণময় হইতে মনোময় ভিন্ন, মনোময় হইতে বিজ্ঞানময় ভিন্ন এবং বিজ্ঞানময় হইতে আনন্দময় ভিন্ন বলিয়াছেন, কিন্তু আনন্দময়ের অভ্যন্তরে বা মধ্যে অন্য কোন আত্মা থাকার কথা বলেন নাই। প্রত্যুত এই আনন্দময় আত্মাতেই আত্মজিজ্ঞাসার সমাপ্তি করিয়া বলিয়াছেন, "ইহাই বরুণপ্রোক্ত ও ভৃগুবিজ্ঞাত বিদ্যা।" এই সকল কারণে ঐ পরমাত্মাই আনন্দময়, জীব নহে। ১।১।১৫ ॥

---

* ইতরো জীব আনন্দময়ঃ ন। কস্মাৎ? অনুপপত্তেঃ। জীবত্বানুপপত্তেরিত্যর্থঃ।—ঐ আনন্দময় পরব্রহ্ম, জীব নহে। কেন-না, আনন্দময়ের জীবত্ব উপপন্ন হয় না।—(ভাষ্যানুবাদ দেখ, অনুপপত্তি দেখিতে পাইবে)।

(১) মন্ত্র—সূত্রভূত বা শ্লোকাত্মক বেদ। ব্রাহ্মণ=ব্যাখ্যাত্মক বেদ। মন্ত্র যাহা বলে, ব্রাহ্মণ তাহার অর্থ বা তাৎপর্য্য বিস্তার করে। এজন্য মন্ত্রের ও ব্রাহ্মণের অর্থ বা প্রতিপাদ্য অভিন্ন। ভিন্ন হওয়া দোষাবহ। সে দোষের নাম প্রকৃতহীন ও অপ্রকৃতপ্রক্রিয়া। মন্ত্র যাহা প্রতিপাদন করিতে প্রবৃত্ত, ব্রাহ্মণ তাহা প্রতিপাদন করিল না, প্রত্যুত হানি করিল, সুতরাং তাহা দোষ। ব্রাহ্মণ মন্ত্রার্থ বিস্তার করিতে প্রবৃত্ত, কিন্তু তাহা করিল না, অন্য কিছু বলিল, সুতরাং তাহাও দোষ। দুই জনে এক পথে যাইবার প্রতিজ্ঞায় যদি দুই জনে দুই পথে যায় তাহা হইলে দুই জনেরই দোষ, এ কথা অবশ্য স্বীকার্য্য।

ইতশ্চানন্দময়ঃ পর এবাত্মা, নেতরঃ। ইতর ঈশ্বরাদন্যঃ সংসারী জীব ইত্যর্থঃ। ন জীব আনন্দময়শব্দেনাভিধীয়তে; কস্মাৎ? অনুপপত্তেঃ। আনন্দময়ং হি প্রকৃত্য শ্রূয়তে, "সোঽকাময়ত, বহু স্যাং প্রজায়েয়েতি, স তপোঽতপ্যত, স তপস্তপ্ত্বা ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চ" ইতি। তত্র প্রাক্ শরীরাদুৎপত্তেরভিধ্যানং সৃজ্যমানানাং বিকারাণাং স্রষ্টুরব্যতিরেকঃ, সর্ব্ববিকারসৃষ্টিশ্চ ন পরস্মাত্মনোঽন্যত্রোপপদ্যতে ॥ ১।১।১৬ ॥

ভেদব্যপদেশাচ্চ ॥ ১।৯।১৭ ॥ *

ইতশ্চ নানন্দময়ঃ সংসারী; যস্মাদানন্দময়াধিকারে "রসো বৈ সঃ, রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দীভবতি" ইতি জীবা-

চ সৃজ্যমানানাং স্রষ্টুরানন্দময়াদভেদশ্রবণাদানন্দময়ঃ পর এবেত্যাহ সূত্রম্ [নেতরোঽনুপপত্তেরিতি]। নেতরো জীব আনন্দময়ঃ, তস্যানুপপত্তেরিতি ॥১।১।১৬॥
রসঃ সারো হ্যয়মানন্দময় আত্মা, "রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি" ইতি।

এই কারণেও পরমাত্মাই আনন্দময়, জীব নহে। শ্রুতি ঈশ্বরভিন্ন সংসারী জীবকে আনন্দময়-শব্দে কোথাও নির্দ্দেশ করেন নাই। তৎপ্রতি হেতু এই যে, প্রোক্ত আনন্দময়ের জীবত্ব উপপন্ন হয় না। যথা, শ্রুতি আনন্দময় ব্রহ্মের উপদেশ করিয়া বলিয়াছেন, "তিনি কামনা করিলেন, ইচ্ছা করিলেন, আমি বহু হইব ও জন্মিব। পরে তিনি তপস্যা করিলেন, আলোচনা করিলেন। আলোচনার পর তিনি এই সমস্ত সৃজন করিলেন।" এখন বিবেচনা করিয়া দেখ (সৃষ্টির পরে বা) শরীরাদি উৎপত্তির পূর্ব্বে অভিধ্যান করা—আলোচনা করা, এবং স্রষ্টার অব্যতিরেকে সৃষ্টি হওয়া বা সৃষ্টি করা, এ সকল ব্রহ্মভিন্ন অন্য পদার্থে (জীবে) সম্ভব হয় না, অর্থাৎ হইতেই পারে না।

ঐ আনন্দময় সংসারী বা জীব নহে। তৎপ্রতি হেতু এই যে, শ্রুতি আনন্দময়কে অধিকার করিয়া, অর্থাৎ উপদেশ করিয়া, "তিনিই রস এবং ইনি সেই রস লাভ করিয়া আনন্দিত হন" (১) এইরূপে জীব ও আনন্দময়, এ দুয়ের

* ভেদেন জীবান্যত্বেন ব্যপদেশাৎ নির্দ্দেশাৎ চ অপি পরব্রহ্মত্বমানন্দময়স্যেতি পূরণীয়ম্।—যেহেতু শ্রুতি আনন্দময়কে জীব হইতে ভিন্ন—প্রাপ্যরূপে নির্দ্দেশ করিয়াছেন, সেই হেতু আনন্দময় জীব নহে, ব্রহ্ম।

(১) তিনি অর্থাৎ আনন্দময়। রস অর্থাৎ সার বা উৎকৃষ্ট আত্মা। ইনি অর্থাৎ এই জীব। আনন্দিত হন=ব্রহ্মপ্রাপ্ত হন।

নন্দময়ো ভেদেন ব্যপদিশতি। ন হি লব্ধৈব লব্ধব্যো ভবতি। কথং তর্হি "আত্মা অন্বেষ্টব্যঃ", "আত্মলাভান্ন পরং বিদ্যতে", ইতি চ শ্রুতি-স্মৃতী; যাবতা ন লব্ধৈব লব্ধব্যো ভবতীত্যুক্তম্। বাঢ়ং; তথাপি আত্মনোঽপ্রচ্যুতাত্মভাবস্যৈব সতস্তত্ত্বানববোধ-নিমিত্তো দেহাদিষ্বনাত্মস্বাত্মত্বনিশ্চয়ো লৌকিকো দৃষ্টঃ। তেন দেহাদিভূতস্যাত্মনোঽপ্যাত্মা অনন্বিষ্টোঽন্বেষ্টব্যোঽলব্ধো লব্ধ-ব্যোঽশ্রুতঃ শ্রোতব্যোঽমতো মন্তব্যোঽবিজ্ঞাতো বিজ্ঞাতব্য ইত্যাদিভেদব্যপদেশ উপপদ্যতে। প্রতিষিধ্যত এব তু পরমার্থতঃ সর্ব্বজ্ঞাৎ পরমেশ্বরাদন্যো দ্রষ্টা শ্রোতা বা

সোঽয়ং জীবাত্মনো লব্ধৃভাব আনন্দময়স্য চ লভ্যতা, নাভেদ উপপদ্যতে। তস্মাদানন্দময়স্য জীবাত্মনো ভেদে পরব্রহ্মত্বং সিদ্ধং ভবতি। চোদয়তি।—"কথং তর্হি"। যদি লব্ধা ন লব্ধব্যঃ, কথং তর্হি পরমাত্মনো বস্তুতোঽভিন্নেন জীবাত্মনা পরমাত্মা লভ্যত ইত্যর্থঃ। পরিহরতি।—"বাঢ়ং, তথাপি"। সত্যং পরমার্থতোঽভেদেঽপ্যবিদ্যারোপিতং ভেদমুপাশ্রিত্য লব্ধৃলব্ধব্যভাব উপপদ্যতে। জীবো হ্যবিদ্যয়া পরব্রহ্মণো ভিন্নো দর্শিতঃ, ন তু জীবাদপি। তথা চানন্দময়শ্চেজ্জীবঃ, ন জীবস্যাবিদ্যয়াপি স্বতো ভেদো দর্শিত ইতি ন চ লব্ধৃলব্ধব্যভাব ইত্যর্থঃ। ভেদাভেদৌ চ ন জীবপরব্রহ্মণোরিত্যুক্তমধস্তাৎ। স্যাদেতৎ। যথা পরমেশ্বরাদ্ভিন্নো জীবাত্মা দ্রষ্টা ন ভবতি, এবং জীবাত্মনোঽপি দ্রষ্টুর্ন ভিন্নঃ পরমেশ্বর ইতি জীবস্যানির্ব্বাচ্যত্বে পরমেশ্বরোঽপ্যনির্ব্বাচ্যঃ স্যাৎ।

ভেদভাব বা ভিন্নতা দেখাইয়াছেন। জীব লব্ধা, আনন্দময় তাহার লব্ধব্য। যে লব্ধা, সে লব্ধব্য হয় না। যে লব্ধব্য, সে লব্ধা (২) হইতে ভিন্ন, ইহা সহজবোধ্য। [কথং ···ত্যুক্তং] বলিতে পার যে, যদি লব্ধা ও লব্ধব্য ভিন্নই হয়, তবে, "আত্মাকে অন্বেষণ কর, জ্ঞানগোচর কর", "আত্মলাভের অধিক কিছু নাই" ইত্যাদি শ্রুতি ও স্মৃতিবাক্য কি প্রকারে সংগত হইবে? ঐ সকল শ্রুতি স্মৃতি কি লব্ধাকেই (জীবকেই) নিজের পরমাত্মভাব লাভ করিতে বা সাক্ষাৎকার করিতে বলিতেছে না? [বাঢ়ং] স্বীকার করিলাম,—যাহা বলিলে, তাহা সত্য বলিয়া মানিলাম, পরন্তু উহার সঙ্গতি এইরূপ।—[তথাপি···উপপদ্যতে] লব্ধা ও লব্ধব্য অর্থাৎ জীবাত্মা ও পরমাত্মা বস্তুতঃ এক হইলেও—অভিন্ন হইলেও লোকে আত্মার বা আপনার যথার্থ অপ্রচ্যুতস্বরূপ জানে না। আমি কি ও কিংস্বরূপ, তাহা জানা

(২) যে লাভ করে, সে লব্ধা। যাহা লাভ হইবে বা যাহাকে পাওয়া যাইবে, তাহা লব্ধব্য।

"নান্যোঽতোঽস্তি দ্রষ্টা" ইত্যাদিনা। পরমেশ্বরস্ত্ববিদ্যাকল্পিতাচ্ছারীরাৎ কর্ত্তুর্ভোক্তুর্ব্বিজ্ঞানাত্মাখ্যাদন্যঃ, যথা মায়াবিনশ্চর্ম্মখড়্গধরাৎ সূত্রেণাকাশমধিরোহতঃ স এব মায়াবী পরমার্থরূপো ভূমিষ্ঠোঽন্যঃ, যথা বা ঘটাকাশাদুপাধিপরিচ্ছিন্নাদনুপাধিপরিচ্ছিন্ন আকাশোঽন্যঃ। ঈদৃশঞ্চ বিজ্ঞানাত্মপরমাত্মভেদমাশ্রিত্য "নেতরোঽনুপপত্তেঃ", "ভেদব্যপদেশাচ্চ" ইত্যুক্তম্॥ ১।১।১৭॥

তথা চ ন বস্তুসন্নিত্যত আহ।—"পরমেশ্বরস্ত্ববিদ্যাকল্পিতাৎ" ইতি। রজতং হি সমারোপিতং ন শুক্তিতো ভিদ্যতে। ন হি তৎ ভেদেনাভেদেন বা শক্যং নির্ব্বক্তুম্। শুক্তিস্তু পরমার্থসতী নির্ব্বচনীয়া অনির্ব্বচনীয়াদ্রজতাদ্ভিদ্যত এব। অত্রৈব সরূপমাত্রং দৃষ্টান্তমাহ।—"যথা মায়াবিনঃ" ইতি। এতদপরিতোষেণাত্যন্তসরূপং দৃষ্টান্তমাহ।—"যথা বা ঘটাকাশাৎ" ইতি। শেষমতিরোহিতার্থম্॥১।১।১৭॥

না থাকাতেই লোক অনাত্ম-দেহাদিতে আত্মজ্ঞান স্থাপন বা অহংজ্ঞান স্থাপন বা অহংজ্ঞান করিতেছে, দেহপ্রভৃতিকেই আমি বা আত্মা বলিয়া জানিতেছে। ঈদৃশ অজ্ঞানকল্পিত ভেদ বা ভিন্নতার অনুবাদপূর্ব্বক তাহারই অনারোপিত রূপ পরমাত্মা এবং তাহাই অন্বেষ্টব্য, লব্ধব্য, শ্রোতব্য, মন্তব্য ও বিজ্ঞাতব্য, এতদ্রূপ ভেদব্যপদেশ বা ভেদ-উক্তি অবশ্য উপপন্ন হইতে পারে (১)। ফলিতার্থ এই যে, আরোপিত ভেদ লইয়াই লব্ধৃ-লব্ধব্যভাব উপদিষ্ট হইয়াছে। অপিচ, অবিদ্যা থাকাতেই জীব পরব্রহ্ম হইতে ভিন্ন হইয়াছেন; কিন্তু পরব্রহ্ম জীব হইতে ভিন্ন হন নাই। অতএব, আনন্দময় যদি জীব হন, তাহা হইলে তিনি লব্ধাই হন, লব্ধব্য হন না। কিন্তু শ্রুতি বলিতেছেন, আনন্দময় লব্ধব্য, জীব তাহার লব্ধা; সুতরাং আনন্দময়কে জীব বলিলে লব্ধৃ-লব্ধব্যভাব ভঙ্গ হয়। [প্রতি…দিনা] শ্রুতি "ইহা হইতে ভিন্ন দ্রষ্টা নাই" ইত্যাদিবিধ বাক্যের দ্বারা পরমেশ্বর ভিন্ন অন্য দ্রষ্টা বা শ্রোতা থাকা ও জীবের বাস্তবত্বনিষেধ করিয়াছেন। [পরমে…আকাশোঽন্যঃ] যেমন খড়্গচর্ম্মধারী সূত্রমাত্র অবলম্বনে আকাশারোহণকারী মায়াপুরুষ হইতে ভূতলস্থ সত্যরূপ মায়াবী (ঐন্দ্রজালিক) পুরুষ ভিন্ন, অথবা যেমন উপাধিপরিচ্ছিন্ন ঘটাকাশ হইতে অপরিচ্ছিন্ন আকাশ ভিন্ন, সেইরূপ, পরমেশ্বরও অবিদ্যাকল্পিত কর্ত্তা ভোক্তা বিজ্ঞানাত্মা জীব হইতে ভিন্ন। [ঈদৃশ…ত্যুক্তম্] এইরূপ ভেদ অনুসরণ করিয়াই ১৬শ ও ১৭শ সূত্র অভিহিত হইয়াছে।১।১।১৭॥

---

(১) অন্বেষ্টব্য—আমি দেহাদি হইতে ভিন্ন, এতদ্রূপে অনুসন্ধান করিতে হইবে। লব্ধব্য= বিবেক জ্ঞান উৎপাদনপূর্ব্বক তাহা প্রত্যক্ষ করিতে হইবে। শ্রোতব্য—সাক্ষাৎকারের উপায়ীভূত শাস্ত্রবাক্যাদি শ্রবণ করিতে হইবে। মন্তব্য—সংশয়াদি নিবারক বিচারের বিষয় করিতে হইবে। বিজ্ঞাতব্য=নিদিধ্যাসন বা সাক্ষাৎকারসাধক মনোবৃত্তির গোচর করিতে হইবে। অবিদ্যা যদি

কামাচ্চ নানুমানাপেক্ষা ॥ ১।১। ১৮ ॥ *

আনন্দময়াধিকারে চ "সোঽকাময়ত, বহু স্যাং প্রজায়েয়" ইতি কাময়িতৃত্বনির্দ্দেশান্নানুমানিকমপি সাঙ্খ্যপরিকল্পিত-মচেতনং প্রধানমানন্দময়ত্বেন কারণত্বেন বাপেক্ষিতব্যম্। "ঈক্ষতের্নাশব্দম্" ইতি নিরাকৃতমপি প্রধানং পূর্ব্বসূত্রোদাহৃতাং কাময়িতৃত্বশ্রুতিমাশ্রিত্য প্রসঙ্গাৎ পুনর্নিরাক্রিয়তে গতিসামান্য-প্রপঞ্চনায় ॥ ১।১।১৮॥

অস্মিন্নস্য চ তদ্‌যোগং শাস্তি ১।১॥১৯॥ *

ইতশ্চ ন প্রধানে জীবে বা আনন্দময়শব্দঃ, যস্মাদস্মিন্না-নন্দময়ে প্রকৃতে আত্মনি প্রতিবুদ্ধস্যাস্য জীবস্য তদ্‌যোগং শাস্তি। তদাত্মনা যোগস্তদ্যোগস্তদ্ভাবাপত্তির্মুক্তিরিত্যর্থঃ।

অনুমানগম্যমানুমানিকম্। পুনরুক্তিমাশঙ্ক্যাহ "ঈক্ষতে" রিতি (রত্নপ্রভা টীকা)॥ ১। ১। ১৮ ॥

আনন্দময় অধিকারে "তিনি (আনন্দময়) কামনা করিলেন, আমি বহু হইব ও জন্মিব", এতদ্রূপ উল্লেখ থাকায় সাংখ্যকল্পিত প্রধানের আনন্দময়ত্ব ও জগৎকারণত্ব উভয়ই নিরাকৃত হইয়াছে। (কেন-না, অচেতনের কামনা ও আনন্দ উভয়ই অসম্ভব)। প্রধানের জগৎকারণতা পঞ্চম সূত্রে নিরাকৃত হইলেও গতিসামান্যতা দেখাইবার জন্য প্রসঙ্গক্রমে পুনরুল্লেখ করা হইল ॥১।১।১৮॥

এ হেতুতেও আনন্দময় শব্দে জীব অথবা প্রকৃতি উপদিষ্ট হয় নাই। যেহেতু, শ্রুতি "আনন্দময় আত্মায় প্রতিবুদ্ধ হইলে অর্থাৎ আনন্দময় আত্মা স্বীয়-অভেদে

ভেদবিভ্রম না জন্মাইত, আত্মার স্বরূপ প্রচ্ছন্ন না করিত, অনাত্মায় আত্মবুদ্ধি না জন্মাইত, তাহা হইলে লব্ধ লব্ধব্যভাব থাকিত না ও হইত না এবং শ্রবণ মননাদিও আবশ্যক হইত না।

* কামাৎ চ কাময়িতৃত্বনির্দ্দেশাদপি (জগৎকারণস্যেতি যোজ্যং)। অনুমানস্য অনু-মানগম্যপ্রধানস্য অপেক্ষা ন নাস্তীত্যর্থঃ।—শ্রুতিতে জগৎকারণের কাময়িতৃত্ব (ইচ্ছাপূর্ব্বক সৃষ্টিকর্তৃত্ব) নির্দ্দেশ থাকায় অনুমানগম্য প্রধানকে আনন্দময় ও সৃষ্টিকর্ত্তা দুইএর কিছুই বলিবার উপায় নাই।

* অস্মিন্ আনন্দময়বিষয়ে অস্য প্রবোধবতো জীবস্য তদ্যোগং তদাত্মনা যোগং তদ্ভাবাপত্তিং ব্রহ্মভাবাপত্তিং মোক্ষমিতি যাবৎ। শাস্তি উপদিশতি শ্রুতিরিতি শেষঃ।—যেহেতু শ্রুতি বলিয়াছেন, আনন্দময় আত্মাকে জানিলে জীবের আনন্দময়ভাব অর্থাৎ ব্রহ্মভাব প্রাপ্তি বা মুক্তিলাভ হয়, সেই হেতু ঐ আনন্দময় জীব নহে, প্রধানও নহে।

তদ্‌যোগং শাস্তি শাস্ত্রম্ "যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নে অভয়ং প্রতিষ্ঠাং বিন্দতে, অথ সোঽভয়ং গতো ভবতি। যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতে, অথ তস্য ভয়ং ভবতি" ইতি। এতদুক্তং ভবতি,—যদৈতস্মিন্নানন্দময়েঽল্পমপ্যন্তরমতাদাত্ম্যরূপং পশ্যতি, তদা সংসারভয়ান্ন নিবর্ত্ততে। যদা ত্বেতস্মিন্নানন্দময়ে নিরন্তরং তাদাত্ম্যেন প্রতিতিষ্ঠতি, তদা সংসারভয়ান্নিবর্ত্তত ইতি। তচ্চ পরমাত্মপরিগ্রহে ঘটতে, ন প্রধানপরিগ্রহে জীবপরিগ্রহে বা। তস্মাদানন্দময়ঃ পরমাত্মেতি স্থিতম্।

ইদন্ত্বিহ বক্তব্যম্,—"স বা এষ পুরুষোঽন্নরসময়ঃ।" "তস্মাদ্বা

স্বমতপরিগ্রহার্থমেকদেশিমতং দূষয়তি—"ইদং ত্বিহ বক্তব্যম্" ইতি। এষ তাবদুৎসর্গো যৎ—

"ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠেতি ব্রহ্মশব্দাৎ প্রতীয়তে।
বিশুদ্ধং ব্রহ্ম, বিকৃতং ত্বানন্দময়শব্দতঃ॥"

সাক্ষাৎকৃত হইলে জীব আনন্দময় হয়" বলিয়াছেন। যথা—[যদা…ভবতীতি] "এই জীব যখন অদৃশ্য, অনাত্ম্য, অনিরুক্ত ও অনিলয়ন ব্রহ্ম বস্তুতে অভয় (১) প্রতিষ্ঠা লাভ করে, তখন সে অভয় হয় অর্থাৎ ব্রহ্মত্ব প্রাপ্ত হয়। জীব যখন আপনাতে অতি অল্পমাত্রও ভেদজ্ঞান উত্থাপিত করে—ভেদ দর্শন করে, তখন তাহার ভয় হয় অর্থাৎ ভেদজ্ঞানজনিত সংসারিত্ব উপস্থিত হয়।" [এতদুক্তং… স্থিতম্] এই শ্রুতি ইহাই বলিতেছেন, জানাইতেছেন যে, আনন্দময় আত্মার অত্যল্প ভেদজ্ঞান থাকিতে সংসারভয় যায় না, কিন্তু তত্তাদাত্ম্য প্রাপ্ত হইলে অর্থাৎ তিনি অভেদজ্ঞানের বিষয় হইলে, তখন আর সংসারভয় থাকে না, মোক্ষ হয়। আনন্দময় যদি জীব অথবা প্রকৃতি হন, তাহা হইলে তত্তাদাত্ম্য-প্রাপ্তিতে সংসার-ভয়নিবৃত্তি হইবার সম্ভাবনা কি? অতএব আনন্দময়কে পরমাত্মা বলিলেই উক্তবিধ সংসারনিবৃত্তিরূপ শ্রুত্যর্থ সঙ্গত হয়, জীব বা প্রকৃতি বলিলে হয় না। ১

[ইদং…শ্রীয়ত ইতি] (২) এ স্থলে এরূপ বলিতে পার যে, "অন্নময়

---

(১) অদৃশ্য=স্থূলপ্রপঞ্চাতীত। অনাত্ম্য=অশরীর। অনিরুক্ত=বাক্যের অগোচর। অনিলয়=মায়াতীত। অভয়=অদ্বয়ব্রহ্মভাব। প্রতিষ্ঠা=তদ্বিষক উৎকৃষ্ট মনোবৃত্তিপ্রাপ্তি অথবা তদ্রূপে অবস্থিতি।

(২) এখানে এইরূপ একটী কিংবদন্তী আছে,—আচার্য্য শঙ্করস্বামী ব্রহ্মসূত্রের ভাষ্য রচনাকালে ৺কাশীধামে ছিলেন। 'আনন্দময়' অধিকরণের ভাষ্য রচনার পর একদা তিনি মণিকর্ণিকার ঘাটে বসিয়া আছেন। এমন সময় ব্যাসদেব ব্রাহ্মণ-মূর্ত্তিতে সেখানে আসিয়া

এতস্মাদন্নরসময়াদন্যোঽন্তর আত্মা প্রাণময়ঃ" তস্মাৎ "অন্যোঽন্তর আত্মা মনোময়ঃ" তস্মাৎ "অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ" ইতি চ বিকারার্থে ময়ট্প্রবাহে সতি আনন্দময়ে এবাকস্মাদর্দ্ধ-জরতীয়ন্যায়েন কথমিব ময়টঃ প্রাচুর্য্যার্থত্বং ব্রহ্মবিষয়ত্বং চাশ্রীয়ত ইতি। মান্ত্রবর্ণিক-ব্রহ্মাধিকারাদিতি চেৎ; অন্নময়াদীনামপি তর্হি ব্রহ্মত্বপ্রসঙ্গঃ। অত্রাহ—যুক্তমন্ন-

---

তত্র কিং পুচ্ছপদসমভিব্যাহারাৎ অন্নময়াদিষু চ অন্যাবয়বপরত্বেন প্রয়োগাদি-হাপ্যবয়বপরত্বাৎ পুচ্ছপদস্য, তৎসমানাধিকরণং ব্রহ্মপদমপি স্বার্থত্যাগেন কথঞ্চিদবয়বপরং ব্যাখ্যায়তাম্, আনন্দময়পদঞ্চ অন্নময়াদি-বিকারবাচিপ্রায়-পঠিতং বিকারবাচি বা, কথঞ্চিৎ প্রচুরানন্দবাচি বা ব্রহ্মণ্যপ্রসিদ্ধং কয়াচিৎ বৃত্ত্যা ব্রহ্মণি ব্যাখ্যায়তাম্; আনন্দপদাভ্যাসেন চ জ্যোতিষ্পদেনেব জ্যোতি-ষ্টোমে, আনন্দময়ো লক্ষ্যতাম্, উত আনন্দময়পদং বিকারার্থমস্তু, ব্রহ্মপদঞ্চ ব্রহ্ম-ণ্যেব স্বার্থেঽস্তু, আনন্দপদাভ্যাসশ্চ স্বার্থে, পুচ্ছপদমাত্রমবয়বপ্রায়লিখিতমধিকরণ-পরতয়া ব্যাক্রিয়তাম্ ইতি কৃতবুদ্ধয় এব বিদাঙ্কুর্ব্বন্তু। তত্র—

আত্মা হইতে প্রাণময় অন্তরাত্মা ভিন্ন, প্রাণময় আত্মা হইতে মনোময় অন্তরাত্মা ভিন্ন, মনোময় হইতে বিজ্ঞানময় ভিন্ন এবং বিজ্ঞানময় হইতে আনন্দময় ভিন্ন ও অন্তর্ব্বর্ত্তী, এতদ্রূপক্রমে পরিপঠিত সমুদায় শ্রুতিতেই ময়ট্ প্রত্যয়ের অর্থ বিকার, কেবল আনন্দময়শব্দস্থ ময়ট্ প্রত্যয়েরই অর্থ প্রাচুর্য্য, এরূপ অর্দ্ধজরতীয় ন্যায় (৩) স্বীকার কর কিরূপে? [মন্ত্র…প্রসঙ্গঃ] যদি বল, "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" এই মন্ত্রের প্রতিপাদ্য পরব্রহ্ম, তদধিকারে পঠিত বলিয়াই ঐরূপ অর্থ স্বীকার করি, অর্থাৎ আনন্দময়ের ব্রহ্মার্থতা ও তত্রস্থ ময়ট্ প্রত্যয়ের প্রাচুর্য্যার্থতা অঙ্গীকার করি। ইহাতে আমরা বলিব, তাহা অসঙ্গত। ঐরূপ বলিলে অন্নময়াদি আত্মাকেও ব্রহ্ম বলিতে হয়। [অত্রাহ…অব্রহ্মত্বম্] এ বিষয়ে কেহ কেহ বলেন, অন্নময়াদি

আচার্য্যের সঙ্গে আনন্দময়াধিকরণের ব্যাখ্যার সম্বন্ধে আলোচনা করিতে লাগিলেন। ব্যাসদেব তাঁহার ব্যাখ্যা-খণ্ডনে সমর্থ না হইলেও সন্তুষ্ট না হইয়া বলিলেন যে, তোমার ব্যাখ্যা খুব যুক্তি-যুক্ত হইয়াছে সত্য, কিন্তু আমার অভিপ্রায় ঐ রকম নহে, অতএব তোমার ব্যাখ্যার সঙ্গে আমার অভিমত অর্থও যোজনা করিয়া দিবে। এইজন্য ভাষ্যকার প্রথমে ব্যাসসম্মত ব্যাখ্যা দিয়া পরে "ইদংত্বিহ বক্তব্যম্" হইতে নিজের মত প্রকাশ করিয়াছেন।

(৩) অর্দ্ধ শরীর জরাজীর্ণ—বৃদ্ধ, আর অর্দ্ধ শরীর বা মুখখানিমাত্র যুবা ও কমনীয়, ইহা যেমন হয় না, তদ্রূপ এক প্রবাহে বা এক প্রক্রমে পরিপঠিত ৫টা শব্দের অর্থ এক প্রকার, আর একটা শব্দের অর্থ অন্য প্রকার, ইহাও হয় না।

ময়াদীনামব্রহ্মত্বম্, তস্মাত্তস্মাদন্তরস্যান্তরস্যান্যস্যান্যস্যাত্মন উচ্যমানত্বাৎ, আনন্দময়াত্তু ন কশ্চিদন্যোঽন্তর আত্মোচ্যতে, তেনানন্দময়স্য ব্রহ্মত্বম্; অন্যথা প্রকৃতহানাপ্রকৃত-প্রক্রিয়াপ্রসঙ্গাদিতি।

অত্রোচ্যতে—যদ্যপ্যন্নময়াদিভ্য ইবানন্দময়াদন্যোঽন্তর আত্মেতি ন শ্রূয়তে, তথাপি নানন্দময়স্য ব্রহ্মত্বং, যত আনন্দময়ং

"প্রায়পাঠপরিত্যাগো মুখ্যত্রিতয়-লঙ্ঘনম্।
পূর্ব্বস্মিন্নুত্তরে পক্ষে প্রায়পাঠস্য বাধনম্॥"

পুচ্ছপদং হি বালধৌ মুখ্যং সৎ আনন্দময়াবয়বে গৌণমেবেতি মুখ্যপদার্থ-লঙ্ঘনম্ অবয়বপরতায়ামধিকরণপরতায়াঞ্চ তুল্যম্। অবয়বপ্রায়লেখ-বাধশ্চ বিকারপ্রায়লেখবাধেন তুল্যঃ। ব্রহ্মপদম্ আনন্দময়পদম্ আনন্দপদমিতি ত্রিতয়লঙ্ঘনম্ ত্বধিকম্। তস্মাৎ মুখ্যত্রিতয়-লঙ্ঘনাদসাধীয়ান্ পূর্ব্বঃ পক্ষঃ। মুখ্যত্রয়ানুগুণ্যেন তু উত্তর এব পক্ষো যুক্তঃ।

আত্মার অব্রহ্মতা যুক্তিসিদ্ধ। কেন? তাহা বিবেচনা কর। [তস্মা…দিতি] শ্রুতি অন্নময়ের অন্তরে প্রাণময়, প্রাণময়ের অন্তরে মনোময়, মনোময়ের অন্তরে বিজ্ঞানময়, এইরূপ উপদেশ করিয়া পশ্চাৎ বিজ্ঞানময়ের অন্তরে আনন্দময় আত্মার উপদেশ করিয়া আত্মতত্ত্বোপদেশ সমাপ্ত করিয়াছেন। আত্মতত্ত্বপ্রকাশক উক্ত বাক্যের তাৎপর্য্যে ইহাই সিদ্ধ হইতেছে যে, শ্রুতি পূর্ব্ব পূর্ব্ব আত্মার অনাত্মতা প্রতিপাদনার্থই পর পর আত্মার উপদেশ করিয়াছেন। আনন্দময়ের অন্তরে অন্য আত্মা নাই, আনন্দময়ই পরমাত্মা, ইহা বুঝাইবার জন্যই আনন্দময় আত্মায় আত্মতত্ত্বের উপসংহার করিয়াছেন, এবং আত্মান্তর থাকার কথা বলেন নাই। অতএব, আনন্দময় আত্মাই পরমাত্মা অর্থাৎ ব্রহ্ম, অন্য সকল অনাত্মা। অন্যথা (এ সিদ্ধান্ত অস্বীকার করিলে) প্রকৃতহানি ও অপ্রকৃত-প্রক্রিয়া এই দুই দোষ হইবে (৪)।

[অত্রোচ্যতে] এই জন্যই এ বিষয়ে আমরা এইরূপ বলি, [যদ্য…ব্রহ্মত্বং] আনন্দময়ের অন্তরে আত্মান্তর থাকা শ্রুত হয় নাই, শ্রুতি স্বয়ং কোন শব্দের দ্বারা ঐ কথা বলেন নাই, এই কারণেই যে আনন্দময়ের ব্রহ্মত্ব, তাহা অবধারণ করা অযুক্ত। কেন? তাহা বিবেচনা কর। [যত…ইতি] শ্রুতি আনন্দময় ব্রহ্মের প্রস্তাব

---

(৪) এ স্থলে প্রকৃত বা প্রতিপাদ্য পরব্রহ্ম, তাহার হানি অর্থাৎ প্রতিপাদন না হওয়া এবং যাহা প্রকৃত নহে, তাহারই প্রতিপাদন হওয়া। অর্থাৎ ব্রহ্ম বুঝাইতে গিয়া ব্রহ্ম না বুঝাইয়া জীব বুঝান হইল, সুতরাং দোষ হইল।

প্রকৃত্য শ্রূয়তে—"তস্য প্রিয়মেব শিরঃ, মোদো দক্ষিণঃ পক্ষঃ, প্রমোদ উত্তরঃ পক্ষঃ, আনন্দ আত্মা, ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইতি। তত্র যদ্ব্রহ্মেহ মন্ত্রবর্ণে প্রকৃতং—"সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইতি, তদিহ "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইত্যুচ্যতে। তদ্বিজিজ্ঞাপয়িষয়ৈবান্নময়াদয় আনন্দময়ান্তাঃ পঞ্চ কোশাঃ কল্প্যন্তে। তত্র কুতঃ প্রকৃতহানাপ্রকৃতপ্রক্রিয়াপ্রসঙ্গঃ। নন্বানন্দময়স্যাবয়বত্বেন "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইত্যুচ্যতে, অন্নময়াদীনামিব 'ইদং পুচ্ছং প্রতিষ্ঠা' ইত্যাদি। তত্র কথং ব্রহ্মণঃ স্বপ্রধানত্বং শক্যং বিজ্ঞাতুম্? প্রকৃতত্বাদিতি ব্রূমঃ। নন্বানন্দময়াবয়বত্বেনাপি ব্রহ্মণি বিজ্ঞায়মানে ন

করিয়া বলিয়াছেন, "প্রিয়ই তাঁহার মস্তক, মোদ তাঁহার দক্ষিণপক্ষ, প্রমোদ বাম-পক্ষ, আনন্দই তাঁহার আত্মা, ব্রহ্মই পুচ্ছ প্রতিষ্ঠা।" (৫) [তত্র···প্রসঙ্গঃ] এতদ্বাক্যের দ্বারা এইরূপ স্থির হয় যে, পূর্ব্বোক্ত সত্যজ্ঞানাদি বাক্যে, যে-ব্রহ্ম প্রকৃত হইয়াছেন, সেই ব্রহ্মই এই প্রিয়াদিবাক্যেও "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" এতদ্রূপে অভি-মত হইয়াছেন, এবং তাঁহাকেই জানাইবার ইচ্ছায় শ্রুতি অন্নময় হইতে আনন্দময় পর্য্যন্ত কোশপঞ্চক (আত্মার আচ্ছাদক অথবা উপলব্ধি-স্থান) কল্পনা করিয়াছেন। অপিচ, পুচ্ছবাক্য এইরূপে প্রকৃত স্বপ্রধান ব্রহ্মপর হওয়ায় ঐ পূর্ব্বকথিত দোষ-দ্বয় (প্রকৃতহানি ও অপ্রকৃতপ্রক্রিয়া) আর থাকিল না। [নন্বানন্দ···ব্রূমঃ] যদি বল, পুচ্ছ শব্দ আনন্দময়ের অবয়বরূপে কথিত হওয়ায় তৎসহকৃত ব্রহ্মও অন্নময়াদির ন্যায় অপ্রধান হওয়াই উচিত, কিন্তু তুমি উহাকে স্বপ্রধান বলিতেছ, ইহা কিরূপে সঙ্গত হইতে পারে? তুমি কি করিয়া জানিলে যে, পুচ্ছ ব্রহ্মই গুহা-নিহিত ও সর্ব্বান্তরবর্ত্তী পরব্রহ্ম। ইহার প্রত্যুত্তরে আমি বলিব, প্রকরণ-বলেই উহা জানা গিয়াছে। (পরব্রহ্মের প্রকরণ পরব্রহ্মেই সমাপ্ত হয়, এই নিয়ম থাকাতে পুচ্ছ ব্রহ্মকে পরব্রহ্ম বলিয়া জানা যায় বা স্থির করা যায়)। [নন্বানন্দ··· চ্যতে] যদি বল, ব্রহ্মকে আনন্দময়ের অবয়ব বলিয়া জানিলেও প্রকরণভঙ্গ

(৫) ইষ্টবস্তু দেখিলে যে সুখ হয়, তাহার অন্য নাম প্রিয়। তাহার স্মরণে যে সুখ হয়, তাহার অন্য নাম মোদ ও আমোদ। সে সুখ পুনঃ পুনঃ হইতে থাকিলে তজ্জন্য তাহার যে উৎকর্ষ হয়, তাহা প্রমোদ শব্দের বাচ্য। আনন্দ ঐ সমস্ত সুখের মূল কারণ। আত্মা বিম্বচৈতন্য। প্রতিষ্ঠা স্থিতিহেতু। পুচ্ছ অর্থাৎ পুচ্ছতুল্য। পক্ষীর পুচ্ছ যেমন পক্ষিদেহের পরায়ণ—স্থিতি হেতু, ব্রহ্মও তদ্রূপ ঐ সকলের পরায়ণ বা স্থিতিহেতু। এতদ্রূপ অবয়ব উপদেশ থাকায় বুঝিতে হইবে যে, আনন্দময় শব্দ প্রোক্ত কারণে ব্রহ্মপর নহে, কিন্তু ব্রহ্মশব্দযুক্ত পুচ্ছবাক্য থাকায় তত্তাৎপর্য্যপ্রভাবেই ব্রহ্মপর।

প্রকৃতত্বং হীয়তে, আনন্দময়স্য ব্রহ্মত্বাদিতি। অত্রোচ্যতে—তথা সতি তদেব ব্রহ্ম আনন্দময় আত্মাবয়বী, তদেব চ ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা অবয়বঃ—ইত্যসমঞ্জসং স্যাৎ। অন্যতরপরিগ্রহে তু যুক্তং "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইত্যত্রৈব ব্রহ্মনির্দ্দেশ আশ্রয়িতুম্, ব্রহ্মশব্দসংযোগাৎ, নানন্দময়বাক্যে, ব্রহ্মশব্দসংযোগাভাবাদিতি।

অপিচ "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইত্যুক্ত্বা ইদমুচ্যতে,—"তদপ্যেষ শ্লোকো ভবতি—

অসন্নেব স ভবতি অসদ্‌ব্রহ্মেতি বেদ চেৎ।
অস্তি ব্রহ্মেতি চেদ্বেদ সন্তমেনং ততো বিদুঃ॥" ইতি।

অস্মিংশ্চ শ্লোকে অননুকৃষ্যানন্দময়ং, ব্রহ্মণ এব ভাবাভাববেদনয়োর্গুণদোষাভিধানাদ্গম্যতে—"ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা"

অপি চ, আনন্দময়পদস্য ব্রহ্মার্থত্বে ব্রহ্ম পুচ্ছমিতি ন সমঞ্জসম্। ন হি তদেবাবয়বি অবয়বশ্চেতি যুক্তম্। আধারপরত্বে চ পুচ্ছশব্দস্য প্রতিষ্ঠেত্যেতদপি

দোষ হইবে না; কেন-না, আনন্দময়ও ব্রহ্ম;—এ কথার প্রত্যুত্তর এইরূপ—[তথা…স্যাৎ] ঐরূপ বলিলে অর্থসামঞ্জস্য হয় না। কেন-না, "যিনি আনন্দময় অবয়বী, তিনিই আবার পুচ্ছরূপ অবয়ব" ইহা অত্যন্ত বিরুদ্ধ। [অন্য…দিতি] অন্যতর গ্রহণ করিতে হইলে অর্থাৎ আনন্দময় ব্রহ্ম ও পুচ্ছব্রহ্ম, এই দুয়ের একটী অবয়ব ও একটী অবয়বী, এরূপ বিবেচনা করিতে হইলে, ব্রহ্ম শব্দের যোগ থাকায় পুচ্ছব্রহ্মকেই অবয়বী ও পরব্রহ্ম বলিয়া নির্দ্দেশ করা উচিত। আনন্দময়-বাক্যে ব্রহ্মশব্দ নাই, সুতরাং তাঁহাকে মুখ্যব্রহ্ম বলা যায় না।

[অপিচ…ইতি] আরও এক যুক্তি আছে। যথা—শ্রুতি "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" এই বাক্যের পরেই বলিয়াছেন, "ব্রহ্ম-সম্বন্ধে শ্লোক আছে যে, যদি কেহ ব্রহ্মকে অসৎ বলিয়া জানে, নাই বলিয়া বিবেচনা করে, তাহা হইলে সেও অসৎ হয় অর্থাৎ আত্মনাস্তিক হয়। (অথচ কেহই আত্মনাস্তিক হইতে পারেন না।) আর যিনি অস্তি বলিয়া জানেন, সৎ বলিয়া জানেন, জ্ঞানীরা তাঁহাকে সৎ বা আত্মাস্তিক বলিয়া জানেন।" প্রণিধানপূর্ব্বক দেখ, [অস্মিং…মিতি] এই শ্লোকে আনন্দময় ব্রহ্মকে আকর্ষণ না করিয়াই অর্থাৎ আনন্দময়কে পরিত্যাগ করিয়া কেবলমাত্র ব্রহ্মেরই ভাবাভাবজ্ঞানের গুণ দোষ কথিত হইয়াছে। ইহাতেই বুঝা

ইত্যত্র ব্রহ্মণ এব স্বপ্রধানত্বমিতি। ন চানন্দময়স্যাত্মনো ভাবাভাবশঙ্কা যুক্তা, প্রিয়মোদাদিবিশেষস্যানন্দময়স্য সর্ব্বলোক-প্রসিদ্ধত্বাৎ।

কথং পুনঃ স্বপ্রধানং সদ্ ব্রহ্ম, আনন্দময়স্য পুচ্ছত্বেন নির্দ্দিশ্যতে—"ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইতি। নৈষ দোষঃ, পুচ্ছবৎ পুচ্ছং প্রতিষ্ঠা পরায়ণমেকনীড়ং—লৌকিকস্যানন্দজাতস্য ব্রহ্মানন্দ ইত্যেতদনেন বিবক্ষ্যতে, নাবয়বত্বম্, "এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তি" ইতি শ্রুত্যন্তরাৎ। অপি চ, আনন্দময়স্য ব্রহ্মত্বে প্রিয়াদ্যবয়বত্বেন সবিশেষং ব্রহ্মাভ্যুপগন্তব্যম্; নির্ব্বিশেষস্তু ব্রহ্ম বাক্যশেষে শ্রূয়তে, বাঙ্মনসয়োরগোচরত্বাভিধানাৎ—

উপপন্নতরং ভবতি। আনন্দময়স্য চান্তরত্বমন্নময়াদিকোশাপেক্ষয়া। ব্রহ্মণস্তান্তরত্বমানন্দময়াদ্ অর্থাদাগমাত ইতি ন শ্রুত্যোক্তম্।

এবঞ্চান্নময়াদিবদানন্দময়স্য প্রিয়াদ্যবয়বযোগো যুক্তঃ। বাঙ্মনসাগোচরে তু পরব্রহ্মণ্যুপাধিমন্তর্ভাব্য প্রিয়াদ্যবয়বযোগঃ প্রাচুর্য্যঞ্চ ক্লেশেন ব্যাখ্যায়েয়াতাম্।

যাইতেছে, পুচ্ছবাক্যস্থ ব্রহ্মই পরব্রহ্ম ও স্বপ্রধান। [ন চা···সিদ্ধত্বাৎ] ভাবরূপে জানা ও অভাবরূপে জানা, এরূপ কথা নিরবয়ব শুদ্ধ ব্রহ্ম ব্যতীত প্রিয়মোদাদি-বিশিষ্ট আত্মায় সঙ্গত হয় না। তাহার হেতু এই যে, আনন্দময় আত্মা সর্ব্বলোক-বিদিত। যাহা সর্ব্বলোকবিদিত, তাহাতে আবার ভাবাভাব বা সৎ অসৎ আশঙ্কা হইবে কেন?

[কথং···দোষঃ] তবে এরূপ বলিতে পার যে, স্বপ্রধান পরব্রহ্ম আনন্দময়ের পুচ্ছ বলিয়া উক্ত হইল কেন? ইহাতে আমি বলি, ঐরূপ বলা দোষ নহে। কেন-না, [পুচ্ছবৎ...বত্বম্] এখানে পুচ্ছশব্দ অবয়ববোধক নহে। উহা আধার মাত্রের বোধক। (পক্ষিপুচ্ছ যেমন তাহাদের স্থিতিহেতু আধার, ব্রহ্মও তেমনি আনন্দময় আত্মার স্থিতিসাধন আধার)। অপিচ, প্রতিষ্ঠা শব্দও অধিষ্ঠান মাত্রের বোধক। অতএব, লৌকিক আনন্দের পুচ্ছ ও আধার ব্রহ্মানন্দ এবং ব্রহ্মই জগতের প্রতিষ্ঠা বা লোকের অধিষ্ঠান, এতন্মাত্র তাৎপর্য্যে পুচ্ছ ও প্রতিষ্ঠা এই শব্দ কথিত হইয়াছে। এ বিষয়ে শ্রুতিও আছে। যথা—[এত···ন্তরাৎ] "জীব সকল এই ব্রহ্মানন্দের লেশ বা কণামাত্র পাইয়া জীবিত থাকে ও আনন্দিত হয়।" [অপি···ইতি] আরও দেখুন, আনন্দময়কে ব্রহ্ম বলিতে হইলে অবয়ব-

"যতো বাচো নিবর্ত্তন্তে। অপ্রাপ্য মনসা সহ।
আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চনেতি"।

অপি চ, আনন্দপ্রচুর ইত্যুক্তে দুঃখাস্তিত্বমপি গম্যতে, প্রাচুর্য্যস্য লোকে প্রতিযোগ্যল্পত্বাপেক্ষত্বাৎ। তথা চ সতি, "যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি, স ভূমা" ইতি ভূম্নি ব্রহ্মণি তদ্ব্যতিরিক্তাভাবশ্রুতিরুপরুধ্যেত। প্রতিশরীরঞ্চ প্রিয়াদিভেদাদানন্দময়স্যাপি ভিন্নত্বম্। ব্রহ্ম তু ন প্রতিশরীরং ভিদ্যতে, "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যানন্ত্যশ্রুতেঃ, "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুত্যন্তরাচ্চ।

তথা চ মান্ত্রবর্ণিকস্য ব্রহ্মণ এব "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইতি স্বপ্রধানস্যাভিধানাৎ তস্যৈবাধিকারো নানন্দময়স্যেতি। সোঽকাময়ত' ইত্যাদ্যা অপি শ্রুতয়ো ব্রহ্মবিষয়াঃ, নানন্দময়বিষয়াঃ ইত্যর্থসংক্ষেপঃ। সুগমমন্যৎ॥

সম্বন্ধহেতু সবিশেষ (সগুণ) ব্রহ্মই বলিতে হইবে। কিন্তু আনন্দময়-বাক্যের শেষে নির্ব্বিশেষ (নির্গুণ) ব্রহ্ম অভিহিত আছে। যথা—"বাক্য ও মন যাঁহাকে না পাইয়া নিবৃত্ত হয়, তিনিই সেই আনন্দ ব্রহ্ম।" (১) "যে আনন্দব্রহ্ম জানে, সে কিছু হইতেই ভয় প্রাপ্ত হয় না।" (২) [অপি···পেক্ষত্বাৎ] আরও এক কথা বিবেচনা কর। আনন্দময় বা আনন্দপ্রচুর বলাতেই যৎকিঞ্চিৎ দুঃখ থাকাও বলা হইয়াছে। কেন-না, প্রতিযোগী আনন্দকে লক্ষ্য করিয়াই প্রচুর শব্দের প্রয়োগ হইয়া থাকে। [তথা চ···রুধ্যেত] অল্প দুঃখ থাকা স্বীকার করিতে গেলে, "যাঁহাতে দর্শন শ্রবণ প্রভৃতি ভেদ-বুদ্ধি নাই, স্বরূপ ভিন্ন অন্য কিছুই নাই, তিনিই, ব্রহ্ম" ইত্যাদিবিধ অদ্বৈতশ্রুতি ও নির্দুঃখ শ্রুতি বাধিত (মিথ্যা) হইয়া যায়, (ইহাও এক দোষ)। [প্রতি···শ্রুত্যন্তরাৎ] আরও দেখুন—প্রিয়, মোদ, প্রমোদ, এ সকল প্রতিশরীরে ভিন্ন ভিন্ন, সুতরাং তদনুসারে আনন্দময়ও প্রতিশরীরে ভিন্ন ; কিন্তু ব্রহ্ম প্রতিশরীরে ভিন্ন নহেন, তিনি সকল শরীরে এক। এ সিদ্ধান্ত অন্যান্য শ্রুতিতেও লব্ধ হয়। যথা—"ব্রহ্ম সত্যস্বরূপ, ও অনন্ত অর্থাৎ অসীম বা সর্ব্বব্যাপক।" "সর্ব্বব্যাপী এক দেব সকল ভূতে অন্তরাত্মরূপে স্থিত আছেন।"

---

(১) বিশেষ বা গুণ না থাকাতেই বাক্য তাঁহাকে গ্রহণ (ব্যক্ত) করিতে পারে না, মনও তাহাকে স্ববৃত্তির দ্বারা প্রকাশ করিতে পারে না।

(২) দ্বৈতজ্ঞানের অভাবহেতু ভয়, ভেতব্য ও ভয়কর্ত্তার অভাব হয়। কাজেই কিছু হইতে ভয় থাকে না।

ন চানন্দময়াভ্যাসঃ শ্রূয়তে। প্রাতিপদিকার্থমাত্রমেব হি সর্ব্বত্রাভ্যস্যতে—"রসো বৈ সঃ, রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী-ভবতি, কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ", "এষ হ্যেবানন্দয়াতি", "সৈষানন্দস্য মীমাংসা ভবতি", "আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন" ইতি, "আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ" ইতি চ। যদি চানন্দময়শব্দস্য ব্রহ্মবিষয়ত্বং নিশ্চিতং ভবেৎ, তত উত্তরেষ্বানন্দমাত্রপ্রয়োগেষ্বপ্যানন্দময়াভ্যাসঃ কল্প্যেত, ন ত্বানন্দময়স্য ব্রহ্মত্বমস্তি, প্রিয়শিরস্ত্বাদিভির্হেতুভি-রিত্যবোচাম। তস্মাৎ শ্রুত্যন্তরে "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম" ইত্যানন্দপ্রাতিপদিকস্য ব্রহ্মণি প্রয়োগদর্শনাৎ, "যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ" ইত্যাদিব্রহ্মবিষয়ঃ প্রয়োগঃ, ন ত্বানন্দময়াভ্যাস ইত্যবগন্তব্যম্।

যত্ত্বয়ং ময়ড়ন্তস্যৈবানন্দশব্দস্যাভ্যাসঃ—"এতমানন্দময়মাত্মান-

---

[ন চ…ইতি চ] আনন্দময় শুদ্ধ ব্রহ্ম নহেন বলিয়াই শ্রুতি আনন্দময়ের অভ্যাস (পুনঃ পুনঃ উচ্চারণ বা উল্লেখ) না করিয়া আনন্দমাত্রের অভ্যাস করিয়াছেন। যথা—"তিনিই রস। জীব সেই রস লাভ করিয়া আনন্দিত হয়।" "যদি সেই আকাশ অর্থাৎ আকাশবৎ পূর্ণ নিরবয়ব আনন্দ (ব্রহ্ম) না থাকিতেন, তাহা হইলে কে-ই বা জীবিত থাকিত, কে-ই বা প্রাণকার্য্য করিত।" "এই আনন্দই (ব্রহ্মই) জীবকে আনন্দ দান করেন।" "সেই এই আনন্দই (ব্রহ্মই) আনন্দের মীমাংসা অর্থাৎ তারতম্যবিশ্রান্তিস্থান।" "যিনি ব্রহ্মরূপ আনন্দ জানেন, তিনি ভয়বর্জ্জিত হন।" "ভৃগু জানিয়াছিলেন, আনন্দই ব্রহ্ম।" ইত্যাদি। [যদি…বোচাম], যদি আনন্দময়ের ব্রহ্মত্ব নিশ্চয়রূপে স্থিরীকৃত হইত, তাহা হইলে না হয়, আনন্দ-মাত্রের অভ্যাসকে (পুনঃ পুনঃ উল্লেখকে) আনন্দময়াভ্যাস বলিয়া কল্পনা করিতে পারিতে। কিন্তু "প্রিয়ই তাহার মস্তক" ইত্যাদিবিধ অবয়ব সম্বন্ধ থাকায় আনন্দ-ময়ের অব্রহ্মত্বই নিশ্চিত আছে। ইহা যেরূপে নিশ্চিত, তাহা পূর্ব্বেই বলা হইয়াছে। [তস্মা…গন্তব্যম্] এই সকল হেতুতে এবং "আনন্দং ব্রহ্ম" ইত্যাদি শ্রুতিতে পরব্রহ্ম বিষয়ে আনন্দ-শব্দের প্রয়োগ থাকায় স্পষ্ট বুঝা যাইতেছে যে, অন্যান্য শ্রুতিতেও আনন্দ-ব্রহ্মই অভ্যস্ত হইয়াছে, আনন্দময় অভ্যস্ত হয় নাই।

[যত্ত্বয়ং…পতিতত্বাৎ] যদিও "আনন্দময়মাত্মানং" শ্রুতিতে আনন্দময়ের অভ্যাস (পুনরুচ্চারণ) দৃষ্ট হয়, তথাপি, অন্নময়াদির মধ্যে উহা পঠিত

মুপসংক্রামতি" ইতি, ন তস্য ব্রহ্মবিষয়ত্বমস্তি। বিকারাত্মনা-মেবান্নময়াদীনামনাত্মনামুপসংক্রমিতব্যানাং প্রবাহে পঠিতত্বাৎ। নন্বানন্দময়স্যোপসংক্রমিতব্যস্য অন্নময়াদিবদব্রহ্মত্বে সতি, নৈব বিদুষো ব্রহ্মপ্রাপ্তিঃ ফলং নির্দ্দিষ্টং ভবেৎ। নৈষ দোষঃ। আনন্দময়োপসংক্রমণনির্দ্দেশেনৈব বিদুষঃ পুচ্ছপ্রতিষ্ঠাভূত-ব্রহ্ম-প্রাপ্তেঃ ফলস্য নির্দ্দিষ্টত্বাৎ, "তদপ্যেষ শ্লোকো ভবতি, যতো বাচো নিবর্ত্তন্তে" ইত্যাদিনা চ প্রপঞ্চ্যমানত্বাৎ। যা তু আনন্দময়-সন্নিধানে "সোঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়" ইতীয়ং শ্রুতি-রুদাহৃতা, সা "ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠা" ইত্যনেন সন্নিহিততরেণ ব্রহ্মণা সম্বধ্যমানা নানন্দময়স্য ব্রহ্মতাং প্রতিবোধয়তি। তদ-পেক্ষত্বাচ্চোত্তরস্য বাক্যসন্দর্ভস্য "রসো বৈ সঃ" ইত্যাদের্নানন্দ-ময়বিষয়তা। ননু "সোঽকাময়ত" ইতি ব্রহ্মণি পুংলিঙ্গনির্দ্দেশো

হওয়ায় অন্নময়াদির ন্যায় আনন্দময়েরও শুদ্ধব্রহ্মবোধকতা নিবারিত হইয়াছে। [নন্বানন্দ···মানত্বাৎ] যদি বল, আনন্দময়কে অন্নময়াদির ন্যায় অব্রহ্ম বলিলে "আনন্দময়ম্ উপসংক্রামতি" এ বাক্যের দ্বারা জ্ঞানীর ব্রহ্মপ্রাপ্তি ফল বলা সিদ্ধ হয় না; না, সে দোষ হয় না, অর্থাৎ আনন্দময়কে অন্নময়াদির ন্যায় অব্রহ্ম বলিলেও প্রাপ্তিবাচক উপসংক্রম-শব্দের দ্বারা ঐ দোষ বা ঐ আশঙ্কা নিবারিত হইয়াছে, অর্থাৎ আনন্দময়ের প্রাপ্তি হয়, এই কথা বলাতেই পুচ্ছ-প্রতিষ্ঠাভূত ব্রহ্মের (শুদ্ধব্রহ্মের) প্রাপ্তিরূপ ফল বলা হইয়াছে। (১) এ সিদ্ধান্ত তৎপরবর্ত্তী "বাক্য যাহাকে না পাইয়া নিবৃত্ত হয়" এই শ্লোকের দ্বারা বিস্পষ্ট হইয়াছে। [যাতু···বিষয়তা] আনন্দময় বাক্যের নিকটে "তিনি কামনা করি-লেন, আমি বহু হইব—জন্মিব" এইরূপ বাক্য আছে সত্য; কিন্তু "ব্রহ্ম পুচ্ছং" বাক্য তদপেক্ষাও নিকটে আছে; সুতরাং শুদ্ধব্রহ্মের সহিত আনন্দময়ের নিকট সম্বন্ধ না থাকায় আনন্দময়ের শুদ্ধব্রহ্মবোধকতা নাই। তৎপরবর্ত্তী "তিনিই রস" ইত্যাদি গ্রন্থও তৎসাপেক্ষ বলিয়া আনন্দময়বোধক নহে। পরন্তু শুদ্ধব্রহ্মবোধক। [ননু···প্রকৃতত্বাৎ] যদি বল, ব্রহ্মে "রসো বৈ সঃ" এতদ্রূপ পুংলিঙ্গনির্দ্দেশ উপপন্ন হয় না। ইহাতে আমরা বলিব, পুংলিঙ্গ প্রয়োগ

---

(১) অভিপ্রায় এই যে, বিশিষ্ট প্রাপ্তিতে বিশেষণের প্রাপ্তিও আপনা হইতেই ঘটে এবং জ্ঞানের দ্বারা কোশরূপ বিশেষণ ও উপলক্ষণ তিরোহিত হইলে আপনা হইতেই তদুপলক্ষিত শুদ্ধব্রহ্মলাভ হওয়া সিদ্ধ হয়, সুতরাং উক্ত প্রকার বাক্যও সঙ্গত হয়।

নোপপদ্যতে। নায়ং দোষঃ, "তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যত্র পুংলিঙ্গেনাপ্যাত্মশব্দেন ব্রহ্মণঃ প্রকৃতত্বাৎ। যা তু ভার্গবী বারুণী বিদ্যা "আনন্দো ব্রহ্মেতি ব্যজানাৎ" ইতি, তস্যাং ময়ড়শ্রবণাৎ প্রিয়শিরস্ত্বাদ্যশ্রবণাচ্চ যুক্তমানন্দস্য ব্রহ্মত্বম্। তস্মাদণুমাত্রমপি বিশেষমনাশ্রিত্য ন স্বত এব প্রিয়শিরস্ত্বাদি ব্রহ্মণ উপপদ্যতে। ন চেহ সবিশেষং ব্রহ্ম প্রতিপিপাদয়িষিতম্, বাঙ্মনসগোচরাতিক্রমশ্রুতেঃ। তস্মাদন্নময়াদিষ্বিবানন্দময়েঽপি বিকারার্থএব ময়ট্ বিজ্ঞেয়ঃ, ন প্রাচুর্য্যার্থঃ।

প্রাপ্ত হয়। তাঁহাকে জানা ভিন্ন মোক্ষ প্রাপ্তির অন্য উপায় নাই।" [তথা…শ্রুতিষু] ইন্দ্র বলিয়াছিলেন, "যে আমাকে জানে, তাহার লোক (মোক্ষ) চৌর্য্য ও ভ্রূণহত্যা প্রভৃতি কোনও পাপে হিংসিত বা নষ্ট হয় না।" এ কথা ব্রহ্ম অর্থেই সংগত হয়,অন্য অর্থে হয় না। ব্রহ্মবিজ্ঞানে সর্ব্বপাপক্ষয় হওয়া শ্রুতিপ্রসিদ্ধ। যথা—"সেই পরাবর ব্রহ্ম বিজ্ঞাত হইলে বিজ্ঞাতার সমস্ত কর্ম্ম (পুণ্য ও পাপ) ক্ষয়প্রাপ্ত হয়।" [প্রজ্ঞা…সম্ভবতি] অপিচ, প্রাণ যদি ব্রহ্ম হন, তবেই তাঁহাকে প্রজ্ঞাত্মা বলা সঙ্গত হয়। বায়ু অচেতন, সুতরাং তাহা প্রজ্ঞাত্মা নহে। [তথা… ব্রহ্ম] ইন্দ্র উপসংহারকালে প্রাণকে আনন্দ, অজর, অমর, অমৃত (মুক্ত), ইত্যাদি কথা বলিয়াছিলেন। এ সকল কথা ব্রহ্মভিন্ন অন্যত্র অসঙ্গত। এতদ্ভিন্ন, "তিনি সৎকর্ম্মে বড় হন না, অসৎকর্ম্মেও ছোট হন না, ইনি যাহাকে এ লোক হইতে উদ্ধার করিবার ইচ্ছা করেন—তাহাকেই ইনি সৎকর্ম্ম করান, যাহাকে অধোগামী করিবার ইচ্ছা করেন, তাহাকে অসৎকর্ম্ম করান।" "ইনিই লোকপাল, ইনিই লোকাধিপতি, ইনিই লোকসংঘের ঈশ্বর।" ইত্যাদি বাক্য ব্রহ্মপক্ষেই সঙ্গত হয়, বায়ুপক্ষে হয় না। সুতরাং এখানে প্রাণ অর্থে ব্রহ্ম ভিন্ন অন্য কিছু নহে।

ন বক্তুরাত্মোপদেশাদিতি চেদধ্যাত্মসম্বন্ধ-ভূমা হ্যস্মিন্ ॥ ১।১।২৯ ॥ *

যদুক্তং প্রাণো ব্রহ্মেতি, তদাক্ষিপ্যতে—ন পরং ব্রহ্ম প্রাণ-শব্দং, কস্মাৎ ? বক্তুরাত্মোপদেশাৎ। বক্তা হীন্দ্রো নাম কশ্চি-দ্বিগ্রহবান্ দেবতাবিশেষঃ স্বমাত্মানং প্রতর্দ্দনায় আচচক্ষে,—"মামেব বিজানীহি" ইত্যুপক্রম্য, "প্রাণোঽস্মি প্রজ্ঞাত্মা" ইত্য-হঙ্কারবাদেন। স এষ বক্তুরাত্মত্বেনোপদিশ্যমানঃ প্রাণঃ কথং ব্রহ্ম স্যাৎ। ন হি ব্রহ্মণো বক্তৃত্বং সম্ভবতি, "অবাগমনাঃ" ইত্যাদি শ্রুতিভ্যঃ। তথা বিগ্রহসম্বন্ধিভিরেব ব্রহ্মণ্যসম্ভবদ্ভির্দ্ধর্ম্মৈরাত্মানং তুষ্টাব, "ত্রিশীর্ষাণং ত্বাষ্ট্রমহনম্, অরুন্মুখান্ যতীন্ শালাবৃকেভ্যঃ প্রাযচ্ছম্" ইত্যেবমাদিভিঃ। প্রাণত্বং চেন্দ্রস্য বলবত্ত্বাদুপপদ্যতে।

[রত্নপ্রভা] "অহঙ্কারবাদেন" স্বাত্মবাচকশব্দৈরাচচক্ষে উক্তবানিত্যর্থঃ। বাক্যস্য ইন্দ্রোপাসনাপরত্বে লিঙ্গান্তরমাহ—"তথা বিগ্রহেতি"। ত্রীণি শীর্ষাণি যস্যেতি ত্রিশীর্ষা ত্বষ্টুঃ পুত্রো বিশ্বরূপো নাম ব্রাহ্মণঃ, তং হতবানস্মি। রৌতি যথার্থং শব্দয়তীতি রুৎ বেদান্তবাক্যং, তৎ মুখে যেষাং তে রুন্মুখাঃ, তেভ্যো-ঽস্মান্ বেদান্তবহির্মুখান্ যতীন্ আরণ্যশ্বভ্যো দত্তবানস্মীত্যর্থঃ। ইন্দ্রে

প্রাণ ব্রহ্ম,—এই সিদ্ধান্তে আপত্তি প্রদর্শিত হইতেছে। প্রাণশব্দ ব্রহ্মপর নহে। হেতু এই যে, বক্তা প্রাণশব্দের দ্বারা আপন আত্মাকেই বলিয়াছেন। [বক্তা…স্যাৎ] ইন্দ্র-নামক কোন এক মূর্ত্তিমান্ দেবতা প্রতর্দ্দনকে প্রথমে "আমাকেই জান" এতদ্রূপ বলিয়া, পরে, "আমিই প্রাণ, আমিই প্রজ্ঞাত্মা" এতদ্রূপ অহং-ঘটিত অর্থাৎ স্বাত্ম-বোধক বাক্যে আপন আত্মাকেই (নিজের স্বরূপকেই) বলিয়াছেন। যে প্রাণ বক্তার (ইন্দ্রের) আত্মা বলিয়া উপদিষ্ট, সে প্রাণ কিরূপে ব্রহ্ম হইতে পারে? [ন হি…তব্যানি] ব্রহ্মের বক্তৃত্ব অসম্ভব। শ্রুতি বলিয়াছেন, ব্রহ্মের বাক্য নাই, মনঃও নাই। অপিচ, যে-সকল শারীর ধর্ম্ম পরব্রহ্মে অসম্ভব, ইন্দ্র সেই সকল ধর্ম্ম উল্লেখ করিয়া আপনার প্রশংসা করিয়াছেন। যথা—"আমি ত্বষ্টার পুত্র ত্রিশীর্ষ বিশ্বরূপকে বধ করিয়াছি। অরুন্মুখ (বেদান্ততত্ত্বানভিজ্ঞ) যতিদিগকে কুক্কুর-মুখে অর্পণ করিয়াছি।" (এ সকল ব্রহ্মকর্ম্ম নহে)। ইন্দ্র বলবান্; সুতরাং ইন্দ্রেই প্রাণশব্দ সঙ্গত হয়। প্রাণই বল, বলের অধিষ্ঠাত্রী দেবতা ইন্দ্র, ইহা সুপ্রসিদ্ধ অর্থাৎ বিখ্যাত।

(*) বক্তুঃ ইন্দ্রস্য আত্মোপদেশাৎ স্বস্বরূপকথনাৎ প্রাণো ন ব্রহ্ম ইতি চেৎ যদি আশ-

"প্রাণো বৈ বলম্" ইতি হি বিজ্ঞায়তে। বলস্য চেন্দ্রো দেবতা প্রসিদ্ধা। "যা চ কাচন বলকৃতিরিন্দ্রকর্ম্মৈব তৎ" ইতি হি বদন্তি। প্রজ্ঞাত্মত্বমপ্যপ্রতিহতজ্ঞানত্বাৎ দেবতাত্মনঃ সম্ভবতি। অপ্রতিহতজ্ঞানা দেবতা ইতি হি বদন্তি। নিশ্চিতে চৈবং দেবতাত্মোপদেশে হিততমত্বাদিবচনানি যথাসম্ভবং তদ্বিষয়াণ্যেব যোজয়িতব্যানি। তস্মাৎ বক্তুরিন্দ্রস্যাত্মোপদেশাৎ ন প্রাণো ব্রহ্মেত্যাক্ষিপ্য প্রতিসমাধীয়তে,—অধ্যাত্মসম্বন্ধভূমা হ্যস্মিন্নিতি। অধ্যাত্মসম্বন্ধঃ প্রত্যগাত্মসম্বন্ধঃ, তস্য ভূমা বাহুল্যমস্মিন্নধ্যায়ে উপলভ্যতে। "যাবদ্ধ্যস্মিন্ শরীরে প্রাণো বসতি, তাবদায়ুঃ" ইতি

প্রাণশব্দোপপত্তিমাহ—"প্রাণত্বঞ্চ" ইতি। লৌকিকা অপীত্যর্থঃ। বলবাচিনা প্রাণশব্দেন বলদেবতা লক্ষ্যত ইতি ভাবঃ। ইন্দ্রো হি হিতপ্রদাতৃত্বাৎ হিততমঃ। কর্ম্মানধিকারাৎ অপাপমিত্যেবমাখ্যেয়মিত্যাহ—"নিশ্চিতে" ইতি। কিমিন্দ্রপদেন বিগ্রহোপলক্ষিতং চিন্মাত্রমুচ্যতে? উত বিগ্রহঃ? আদ্যে বাক্যস্য ব্রহ্মপরত্বং সিদ্ধম্। ন দ্বিতীয় ইত্যাহ—"অধ্যাত্মেতি"। আত্মনি দেহে অধিগতম্ ইত্যধ্যাত্মং প্রত্যগাত্মা, স সম্বধ্যতে যৈঃ শরীরস্থত্বাদিভিরিন্দ্রতনাবসম্ভাবিতৈর্ধর্ম্মৈঃ, তে অধ্যাত্মসম্বন্ধাঃ, তেষাং ভূমা বাহুল্যমিত্যর্থঃ। আয়ুরত্র দেহে প্রাণবায়ুসঞ্চারঃ। অস্তিত্বে প্রাণস্থিতৌ প্রাণানামিন্দ্রিয়াণাং স্থিতিরিত্যর্থতঃ

যে-কিছু বলকার্য্য—সমস্তই ইন্দ্রকার্য্য, একথা লোকে ও শাস্ত্রে প্রথিত আছে। দেবতাদিগের জ্ঞান অপ্রতিহত (অমোঘ বা অপরিমিত), তৎকারণে প্রজ্ঞাত্ম-শব্দ দেবতাত্মাতেও সঙ্গত হয়। দেবগণ যে অপ্রতিহতজ্ঞান-সম্পন্ন, তাহা সকল লোকেই জানেন বা বলিয়া থাকেন। এই সকল কারণে, প্রাণশব্দের দেবতাত্মা অর্থ নিশ্চয় হইলে হিততমত্বাদিবাক্য যথাযোগ্য ইন্দ্রবিষয়ে যোজিত হইতে পারে। [তস্মা··· লভ্যতে] এতদ্রূপ হেতুবাদ আশ্রয় করিয়া—ইন্দ্র-নামক বক্তার আত্মোপদেশ দেখিয়া, প্রাণ ব্রহ্ম নহে, এতদ্রূপ আক্ষেপ বা আপত্তি উত্থাপনপূর্ব্বক তাহার প্রতিবিধান করিতেছেন—"অধ্যাত্মসম্বন্ধভূমা হ্যস্মিন্।" যে হেতু ঐ অধ্যায়ে প্রচুর পরিমাণে পরমাত্মসম্বন্ধ দৃষ্ট হয়, সেই হেতু কথিত আপত্তি হইতেই পারে না। [যাবৎ···চীনস্য] "যাবৎ এই শরীরে প্রাণ থাকে, তাবৎ ইহাতে আয়ুঃ

ঙ্ক্যতে, সা প্রতিসমাধেয়া। হি যস্মাৎ অস্মিন্ অধ্যায়ে অধ্যাত্মসম্বন্ধস্য প্রত্যগাত্মসম্বন্ধস্য ভূমা বাহুল্যং দৃশ্যতে ইতি সূত্রপদানামর্থঃ।—ইন্দ্র প্রতর্দ্দনকে আপন আত্মার কথা বলিয়াছেন, এ কারণ, তৎপ্রোক্ত প্রাণ শব্দ ব্রহ্ম নহে, এরূপ শঙ্কা পরিত্যাজ্য। হেতু এই যে, ঐ অধ্যায়ে অধিকাংশই পরমাত্মবোধক উপদেশ আছে।

প্রাণস্যৈব প্রজ্ঞাত্মনঃ প্রত্যগ্‌ভূতস্যায়ুষঃ সম্প্রদানোপসংহারয়োঃ স্বাতন্ত্র্যং দর্শয়তি, ন দেবতাবিশেষস্য পরাচীনস্য। তথা, অস্তিত্বে চ প্রাণানাং নিঃশ্রেয়সমিত্যধ্যাত্মমেবেন্দ্রিয়াশ্রয়ং প্রাণং দর্শয়তি। তথা "প্রাণ এব প্রজ্ঞাত্মেদং শরীরং পরিগৃহ্যোত্থাপয়তি" ইতি, "ন বাচং বিজিজ্ঞাসীত, বক্তারং বিদ্যাৎ" ইতি চোপক্রম্য, "তদ্‌যথা রথস্যারেষু নেমিরর্পিতা নাভাবরা অর্পিতা এবমেবৈতা ভূতমাত্রাঃ প্রজ্ঞামাত্রাস্বর্পিতাঃ প্রজ্ঞামাত্রাঃ প্রাণেঽর্পিতাঃ। স এষ প্রাণ এব প্রজ্ঞাত্মানন্দোঽজরোঽমৃতঃ ইতি বিষয়েন্দ্রিয়ব্যবহারারনাভিভূতং প্রত্য-

---

শ্রুতিমাহ—"অস্তিত্ব" ইতি। অথাতো নিঃশ্রেয়সাদানমিত্যাদ্যা শ্রুতিঃ। ইন্দ্রিয়স্থাপকবৎ দেহোত্থাপকত্বমাহ—"তথা" ইতি। বক্তৃত্বমুক্ত্বা সর্ব্বাধিষ্ঠানত্বং দর্শিতমিত্যাহ—"ইতি চোপক্রম্য" ইতি। তত্তত্র নানাপ্রপঞ্চস্যাত্মনি কল্পনায়াং যথা দৃষ্টান্তঃ—লোকে প্রসিদ্ধস্য রথস্য অরেষু নেমিনাভ্যোর্মধ্যশলাকাসু চক্রোপান্তরূপা নেমিরর্পিতা, নাভৌ চক্রপিণ্ডিকায়াং অরা অর্পিতা এবং ভূতানি পঞ্চ পৃথিব্যাদীনি, মীয়ন্ত ইতি মাত্রা ভোগ্যাঃ শব্দাদয়ঃ পঞ্চ ইতি দশ ভূতমাত্রাঃ প্রজ্ঞামাত্রাসু দশস্বর্পিতাঃ ইন্দ্রিয়জ্ঞাঃ পঞ্চ শব্দাদিবিষয় প্রজ্ঞাঃ। মীয়ন্তে আভিরিতি মাত্রাঃ পঞ্চ ধীন্দ্রিয়াণি নেমিবৎ গ্রাহ্যং গ্রাহকেষু অরেষু কল্পিতমিত্যুক্ত্বা নাভিস্থানীয়ে প্রাণে

অর্থাৎ জীবন-বায়ুর সঞ্চার থাকে।" এই শ্রুতি প্রত্যক্ চৈতন্য ও প্রজ্ঞাত্মা-নামক প্রাণকে আয়ুর অর্থাৎ প্রাণ-বায়ু-সঞ্চারের কারণ বলিয়া উপদেশ করিয়াছেন। প্রজ্ঞাত্মার বা ব্রহ্মচৈতন্যের অধিষ্ঠান ব্যতীত দেহে আয়ু-নামক প্রাণ থাকিতে পারে না। একথা দেবতাবিশেষের জ্ঞাপক নহে, ব্রহ্মেরই জ্ঞাপক। [তথা…পরিগ্রহে] ইন্দ্রিয়গণ যে, প্রাণের (আত্মার) আশ্রিত, শ্রুতি তাহা "প্রাণের স্থিতিতে ইন্দ্রিয়ের স্থিতি" ইত্যাদিপ্রকারে বলিয়াছেন। অভিপ্রায় এই যে, পরমাত্মা ভিন্ন অন্য কেহই ইন্দ্রিয়ের অবস্থাপক নহে। শ্রুতি আরও বলিয়াছেন যে, "প্রাণই প্রজ্ঞাত্মা এবং প্রাণই এই শরীর ধৃত ও উত্থাপিত করিতেছে।" (প্রাণ যেমন ইন্দ্রিয়ের স্থাপক, তেমনি, দেহেরও স্থাপক ও উত্থাপক। এই সকল কথায় জানা যায়, পরমাত্মা ভিন্ন অন্য কেহ উক্তস্থলে প্রাণশব্দে অভিহিত হয় নাই)। অপিচ "বাক্যকে বা বাগিন্দ্রিয়কে জানিবার প্রয়োজন নাই, পরন্তু যিনি বক্তা, তাঁহাকেই জান।" এইরূপে শ্রুতির আরম্ভ এবং "যদ্রূপ চক্রনেমি অরে অর্পিত (গ্রথিত) থাকে, এবং অর সকল চক্রনাভিতে, তদ্রূপ, এই সকল ভূতমাত্রা প্রজ্ঞামাত্রায় অর্পিত (কল্পিত) আছে, প্রজ্ঞামাত্রা সকল আবার প্রাণে স্থাপিত আছে। এই এক অদ্বয় প্রাণই প্রজ্ঞাত্মা, আনন্দ, অজর ও অমর।"

গাত্মানমেবোপসংহরতি। "স ম আত্মেতি বিদ্যাৎ" ইতি চোপসংহারঃ প্রত্যগাত্মপরিগ্রহে সাধুঃ, ন পরাচীনপরিগ্রহে। "অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূতঃ' ইতি চ শ্রুত্যন্তরম্। তস্মাদধ্যাত্মসম্বন্ধবাহুল্যাদ্‌ব্রহ্মোপদেশ এবায়ং, ন দেবতাত্মোপদেশঃ ॥১।১।২৯ ॥

কথং তর্হি বক্তুরাত্মোপদেশঃ,—

শাস্ত্রদৃষ্ট্যা তূপদেশো বামদেববৎ ॥১।১।৩০ ॥ *

ইন্দ্রো নাম দেবতাত্মা স্বমাত্মানং পরমাত্মত্বেন—অহমেব পরং

সর্ব্বং কল্পিতমিত্যাহ—"প্রাণেঽর্পিতা" ইতি। স প্রাণো মম স্বরূপমিত্যাহ—"স ম" ইতি। তর্হি প্রত্যগাত্মনি সমন্বয়ো ন ব্রহ্মণি ইত্যত্রাহ—"অয়" মিতি ॥১।১।২৯॥

[রত্নপ্রভা] অহঙ্কারবাদস্য গতিং পৃচ্ছতি "কথম্"ইতি। সূত্রমুত্তরম্। তদ্ব্যাখ্যাতি "ইন্দ্র" ইতি। জন্মান্তরকৃতশ্রবণাদিনা অস্মিন্ জন্মনি স্বতঃসিদ্ধং দর্শনং আর্ষম্। বিজ্ঞেয়েন্দ্রস্তত্যর্থঃ উপন্যাসঃ, ন চেৎ কথং তর্হি সঃ? ইতি পৃচ্ছতি

এইরূপে সমাপ্তি হইতে দেখা যায়। (১) এই সমাপ্তি বাক্যে প্রত্যগাত্মাকেই বিষয়েন্দ্রিয়-ব্যবহারের অর নাভিস্বরূপ বলা হইয়াছে। ইহার পরে প্রস্তাবের উপসংহার। উপসংহারে "সেই প্রাণই আমার আত্মা" এইরূপ বলা হইয়াছে। এরূপ উপসংহার (সমাপ্তি) প্রত্যগাত্মা ভিন্ন বহির্ব্বর্ত্তী বিগ্রহে (দেবতায়) সম্ভব হইতে পারে না। [অয়…দেশঃ] এই এই কারণে ও বহু অধ্যাত্মসম্বন্ধ থাকায় প্রোক্ত প্রাণোপদেশ ব্রহ্মোপদেশ ভিন্ন দেবতাত্মোপদেশ নহে, ইহা সিদ্ধ হয়। তবে যে, ইন্দ্র দেবতা "আমাকেই জান" বলিয়াছিলেন, সে বলার বা সে অহংবাদের অন্যরূপ তাৎপর্য্য আছে। যথা—

ইন্দ্র দেবতা আপন আত্মার পরমত্ব (আপনার পরমাত্মভাব) সাক্ষাৎকার করতঃ 'আমিই পরমাত্মা 'ব্রহ্ম' এতদ্রূপ নির্ম্মল আর্ষবিজ্ঞানে ঐরূপ বলিয়া

---

(১) চক্রনেমি=চাকার বেড়। অর=চাকার পাখা। নাভি=চাকার মধ্যপিণ্ড অর্থাৎ হাঁড়ি। ভূতমাত্রা=আকাশাদি পঞ্চভূত ও শব্দাদি পাঁচ বিষয়। প্রজ্ঞামাত্রা=শব্দাদি-বিষয়ক জ্ঞান ও জ্ঞানেন্দ্রিয়-পঞ্চক। প্রাণ বা ব্রহ্ম নাভিস্থানীয়। প্রাণরূপ নাভিতে ভূত, ইন্দ্রিয় ও ঐন্দ্রিয়িক জ্ঞান, এ সমস্তই অর্পিত অর্থাৎ কল্পিত হইয়াছে ও হইতেছে।

* বামদেবস্যেব ইন্দ্রস্য উপদেশঃ 'মামেব বিজানীহি' ইত্যাদিপ্রকারঃ শাস্ত্রদৃষ্ট্যা শাস্ত্রীয়েনৈব জ্ঞানেনেতি দ্রষ্টব্যম্।—ইন্দ্র যে আমিই প্রাণ, আমিই প্রজ্ঞাত্মা, আমাকেই জান—বলিয়াছিলেন নিশ্চিতই তিনি বামদেব ঋষির ন্যায় শাস্ত্রজ্ঞান অনুসারেই বলিয়াছিলেন। বামদেব ঋষি ব্রহ্মতত্ত্ব সাক্ষাৎকার করিবার পর অনুভব করিয়াছিলেন ও বলিয়াছিলেন, 'আমিই মনু ও আমিই সূর্য হইয়াছিলাম' ইত্যাদি।

ব্রহ্মেত্যার্ষেণ দর্শনেন যথাশাস্ত্রং পশ্যন্নুপদিশতি স্ম—"মামেব বিজানীহি" ইতি। যথা "তদ্ধৈতৎ পশ্যন্ ঋষির্ব্বামদেবঃ প্রতিপেদেঽহং মনুরভবং সূর্য্যশ্চ" ইতি, তদ্বৎ, "তদ্‌যো যো দেবানাং প্রত্যবুধ্যত, স এব তদভবৎ" ইতি শ্রুতেঃ। যৎ পুনরুক্তং—মামেব বিজানীহীত্যুক্ত্বা বিগ্রহ-ধর্ম্মৈরিন্দ্র আত্মানং তুষ্টাব ত্বাষ্ট্রবধাদিভিরিতি, তৎ পরিহর্ত্তব্যম্। অত্রোচ্যতে—ন ত্বাষ্ট্রবধাদীনাং বিজ্ঞেয়েন্দ্রস্তুত্যর্থত্বেনোপন্যাসঃ—যস্মাদেবং কর্ম্মাহং, তস্মান্মাং বিজানীহীতি, কথন্তর্হি? বিজ্ঞানস্তুত্যর্থত্বেন। যৎকারণং ত্বাষ্ট্রবধাদীনি সাহসান্যুপন্যস্য পরেণ বিজ্ঞানস্তুতিমনুসন্দধাতি, "তস্য মে তত্র লোম চ ন মীয়তে, স যো মাং বেদ, ন হ বৈ তস্য কেনচন কর্ম্মণা লোকো মীয়তে" ইত্যাদিনা। এতদুক্তম্ভবতি—যস্মাদীদৃশান্যপি

"কথম্" ইতি। ব্রহ্মজ্ঞানস্তুত্যর্থঃ স ইত্যাহ—"বিজ্ঞানে" ইতি। নিয়ামকং ব্রূতে "যদিতি"। পরেণ তস্য মে ইত্যাদিনা বাক্যেন ইত্যন্বয়ঃ। স্তুতিমাহ—

ছিলেন। যেমন বামদেব ঋষি পরমাত্মতত্ত্ব জানিবার পর আমিই মনু, আমিই সূর্য্য, এইরূপ বলিয়াছিলেন ও জানিয়াছিলেন, ইনিও সেইরূপই বলিয়াছেন। দেবতায় ও আত্মায় অভেদজ্ঞান জন্মিলে দেবভাব জন্মে, ভেদবুদ্ধি থাকে না, একথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"যে যখন যে দেবতায় প্রবুদ্ধ হয়, অর্থাৎ আত্মস্বরূপে সাক্ষাৎকার করে, সে তখন তদ্রূপ বা তৎস্বরূপই হয়॥" [যৎ…অত্রোচ্যতে] ইন্দ্র "আমাকেই জান" এইরূপ বলিয়া, পশ্চাৎ ত্বাষ্ট্রবধ (ত্বষ্টার পুত্র বিশ্বরূপের বিনাশ) প্রভৃতি শারীর কর্ম্মের উল্লেখ করতঃ আপনার প্রশংসা করিয়াছিলেন, এই যে, এক আপত্তির কথা বলিয়াছিলে, এক্ষণে সে কথার প্রত্যুত্তর দিতেছি। [ন…দিনা] ইন্দ্র আপনার দেবদেহের প্রশংসার নিমিত্ত ত্বাষ্ট্রবধ প্রভৃতির উল্লেখ করেন নাই—যেহেতু আমি অমুক অমুক কার্য্য করিয়াছি, সেই হেতু আমাকেই জান, এরূপ ভাবে বলেন নাই। তিনি ঐ বাক্যের দ্বারা ব্রহ্মবিজ্ঞানের প্রশংসা মাত্র করিয়াছেন। হেতু এই যে, তিনি ত্বাষ্ট্রবিনাশ প্রভৃতির উল্লেখ করিয়া পশ্চাৎ ব্রহ্মবিজ্ঞানেরই প্রশংসা করিয়াছেন, অন্য আর কিছু বলেন নাই। যথা—"ঐ কার্য্যে আমার লোমহানিও হয় নাই। যে পুরুষ আমাকে জানে, তাহার কৃত কোন কর্ম্মও তাহার প্রাপ্য লোক বিনাশ করিতে পারে না।" [এত…বাক্যমেতৎ] এই

ক্রূরাণি কর্ম্মাণি কৃতবতো মম ব্রহ্মভূতস্য লোমাপি ন হিংস্যতে, স যোঽস্মোঽপি মাং বেদ, ন তস্য কেনচিদপি কর্ম্মণা লোকো হিংস্যতইতি। বিজ্ঞেয়স্তু ব্রহ্মৈব, প্রাণোঽস্মি প্রজ্ঞাত্মেতি বক্ষ্যমাণম্। তস্মাদ্‌ব্রহ্মবাক্যমেতৎ ॥১।১।৩০॥

জীব-মুখ্যপ্রাণলিঙ্গান্নেতি চেন্নোপাসা-ত্রৈবিধ্যাদাশ্রিতত্বাদিহ তদ্‌যোগাৎ ॥ ১।১।৩১॥ *

যদ্যপি অধ্যাত্মসম্বন্ধভূমদর্শনাৎ ন পরাচীনস্য দেবতাত্মন উপদেশঃ,তথাপি ন ব্রহ্মবাক্যং ভবিতুমর্হতি। কুতঃ? জীবলিঙ্গাৎ মুখ্য-

---

"এতদুক্তম্" ইতি। তস্মাৎ জ্ঞানং শ্রেষ্ঠম্ ইতি শেষঃ। স্তুতজ্ঞানবিষয় ইন্দ্র ইত্যত আহ—"বিজ্ঞেয়স্তু" ইতি ॥১।১।৩০॥ [ইতি রত্নপ্রভা]

[ভামতী] "ন ব্রহ্মবাক্যং ভবিতুমর্হতি" ইতি। নৈষ সন্দর্ভো ব্রহ্মবাক্যমেব

বাক্যে ইহাই বলা হইয়াছে যে, যেহেতু আমি ব্রহ্ম—সেই হেতু তাদৃশ ক্রূর কর্ম্ম করিলেও আমার লোমহানি হয় নাই। যে কেহ আমাকে (ব্রহ্মকে) জানে, তাহারও কৃত কর্ম্ম লোকহানি (ব্রহ্মভাব-বিনাশ) করে না। এস্থলে ব্রহ্মই বিজ্ঞেয় এবং "আমাকে জানে" এ কথার অর্থও "ব্রহ্মকে জানে"। ইন্দ্র ইহারই পরে বলিয়াছেন, আমিই প্রাণ (ব্রহ্ম) ও আমিই প্রজ্ঞাত্মা; সুতরাং ঐ বাক্যের বিজ্ঞেয় হইতেছেন ব্রহ্ম, অথবা ঐ বাক্য ব্রহ্মবোধক বাক্য। (যে যন্তাবাপন্ন থাকে, তাহার "অহং" তাহারই বোধক হয়)।

বহু অধ্যাত্মসম্বন্ধ আছে বলিয়া যদি ঐ বাক্যে বাহ্য দেবতার (ইন্দ্ররূপ দেবতার) উপদেশ না হইয়া থাকে, তবে না হউক, কিন্তু ঐ বাক্য যে কেবল ব্রহ্মপর, তাহা কোনও ক্রমে বলিতে পার না। কেন-না, ঐ বাক্যে জীবের

---

* জীবশ্চ মুখ্যপ্রাণশ্চেতি বিগ্রহঃ। চেৎ যদি জীবমুখ্যপ্রাণয়োর্লিঙ্গাৎ ন ব্রহ্মবাক্যমেতদিতি মন্যসে, তন্ন শোভনম্। উপাসাত্রৈবিধ্যাৎ, তথা সতি ত্রিবিধোপাসনং প্রসজ্যেত। জীবোপাসনং মুখ্যপ্রাণোপাসনং ব্রহ্মোপাসনঞ্চেতি ত্রিবিধমুপাসনমেকস্মিন্ বাক্যেঽভ্যুপগন্তব্যং ভবতি, তন্ন যুক্তমিতি ভাবঃ। সিদ্ধান্তমাহ আশ্রিতত্বাদিতি। আশ্রিতত্বাৎ অতএব প্রাণ ইত্যাদৌ ব্রহ্মলিঙ্গবশাৎ প্রাণশব্দস্য ব্রহ্মণি বৃত্তেঃ ইহ অত্রাপি তদ্‌যোগাৎ ব্রহ্মলিঙ্গযোগাৎ ব্রহ্মোপদেশ এবায়মিত্যভ্যুপগন্তব্যম্।—জীববোধক ও প্রাণবোধক ধর্ম্ম দৃষ্ট হইতেছে বলিয়া ব্রহ্মোপদেশ নহে বলা সঙ্গত নহে। হেতু এই যে, ঐরূপ হইলে উপাসনাত্রয়ের বিধান স্বীকার করিতে হয়। অতএব পূর্ব্বে যেমন ধর্ম্ম অনুসারে প্রাণ শব্দকে ব্রহ্মপর ব্যাখ্যা করিয়াছ, এখানেও সেইরূপ ব্রহ্মলিঙ্গ অনুসারে ব্রহ্মপর অর্থ গ্রহণ কর।

প্রাণলিঙ্গাচ্চ। জীবস্য তাবদস্মিন্ বাক্যে বিস্পষ্টং লিঙ্গমুপলভ্যতে, "ন বাচং বিজিজ্ঞাসীত, বক্তারং বিদ্যাৎ" ইত্যাদি। অত্র হি বাগাদিভিঃ করণৈর্ব্ব্যাপৃতস্য কার্য্যকরণাধ্যক্ষস্য জীবস্য বিজ্ঞেয়ত্বমভিধীয়তে। তথা মুখ্যপ্রাণলিঙ্গং, "অথ খলু প্রাণ এব প্রজ্ঞাত্মেদং শরীরং পরিগৃহ্যোত্থাপয়তি" ইতি। শরীরধারণঞ্চ মুখ্য-প্রাণস্য (*) ধর্ম্মঃ। প্রাণসম্বাদে বাগাদীন্ প্রাণান্ প্রকৃত্য, "তান্ বরিষ্ঠঃ প্রাণ উবাচ, মা মোহমাপদ্যথাহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভজ্যৈতদ্বাণমবষ্টভ্য বিধারয়ামি" ইতি শ্রবণাৎ।

ভবিতুমর্হতীতি, কিন্তু যথাযোগং কিঞ্চিদত্র জীববাক্যং, কিঞ্চিন্মুখ্যপ্রাণবাক্যং, কিঞ্চিৎ ব্রহ্মবাক্যমিত্যর্থঃ। "প্রজ্ঞাসাধনপ্রাণান্তরাশ্রয়ত্বাৎ" ইতি।—প্রাণান্তরাণী-ন্দ্রিয়াণি, তানি হি মুখ্যে প্রাণে প্রতিষ্ঠিতানি। জীবমুখ্যপ্রাণয়োরন্যতর ইত্যুপ-

---

ও মুখ্যপ্রাণের লিঙ্গ অর্থাৎ বোধক ধর্ম্ম অভিহিত হইয়াছে। [জীবস্য…ধীয়তে] জীববোধক ধর্ম্ম স্পষ্ট অভিহিত হইয়াছে। যথা—"বাক্যকে জানিও না, যে বক্তা, তাহাকেই জান।" এ কথা স্পষ্টই জীববোধক। শ্রুতি ঐ কথা দ্বারা শরীরেন্দ্রিয়ের অধ্যক্ষ জীবকেই জানিতে বলিতেছে। [তথা…শ্রবণাৎ] যেমন জীববোধক কথা আছে, তেমনি প্রাণবোধক কথাও আছে। যথা—"প্রাণই প্রজ্ঞাত্মা, এবং প্রাণই এই শরীর বিধৃত রাখিয়াছে।" শরীর ধারণ বা শরীর বিধৃত রাখা পঞ্চবৃত্তিক (১) প্রাণ ভিন্ন অন্যের কার্য্য বা ধর্ম্ম নহে। শ্রুতি প্রাণ-সংবাদ-প্রকরণে সেই কথাই বলিয়াছেন। যথা—"অনন্তর মুখ্যপ্রাণ বাক্‌প্রভৃতি ইন্দ্রিয়দিগকে বলিলেন, তোমরা মুগ্ধ হইও না, বৃথা বিবাদ করিও না, আমিই আমাকে পাঁচপ্রকারে বিভক্ত করিয়া এই শরীর বিধৃত রাখিতেছি।" (২)

(*) মুখ্য এব প্রাণস্য ইতি ক্বচিৎ পাঠঃ।

(১) প্রাণ, অপান, সমান, উদান, ব্যান। প্রাণের কার্য্য শ্বাস-প্রশ্বাস, অপানের কার্য্য মলমূত্রাদি-বিসর্জ্জন, সমানের কার্য্য খাদ্যদ্রব্যের পরিপাক প্রভৃতি, উদানের কার্য্য উৎক্রমণ প্রভৃতি এবং ব্যানের কার্য্য বলরক্ষা ও সর্ব্বশরীরে রক্তপ্রেরণ করা ইত্যাদি।

(২) এটী প্রশ্নোপনিষদ্ স্থিত আখ্যায়িকার একাংশ মাত্র। আখ্যায়িকাটীর মর্ম্ম এইরূপ—ইন্দ্রিয়গণ একদা পরস্পর বিবাদ করিল। সকলে বলিল, আমি বড়, আমি শরীর রক্ষা করিতেছি। সকলে পরাজিত হইলে পর, মুখ্য প্রাণ তাহাদিগকে ঐ কথা বলিলেন। অর্থাৎ তোমরা কেহই বড় নহ, কেহই শরীর ধারণের কর্ত্তা নহ। আমিই পাঁচপ্রকার হইয়া শরীর রক্ষা করিতেছি।

যে ত্বিমং শরীরং পরিগৃহ্যেতি পঠন্তি, তেষাম্—ইমং জীবমিন্দ্রিয়-গ্রামং বা পরিগৃহ্য শরীরমুত্থাপয়তীতি ব্যাখ্যেয়ম্। প্রজ্ঞাত্মত্বমপি-জীবে তাবচ্চেতনত্বাদুপপন্নং, মুখ্যেঽপি প্রাণে প্রজ্ঞাসাধন-প্রাণান্তরা-শ্রয়ত্বাদুপপন্নমেব। জীব-মুখ্যপ্রাণপরিগ্রহে চ প্রাণ-প্রজ্ঞাত্মনোঃ সহবর্ত্তিত্বেনাভেদনির্দ্দেশঃ, স্বরূপেণ চ ভেদনির্দ্দেশ ইত্যুভয়থা নির্দ্দেশঃ, স্বরূপেণ চ ভেদনির্দ্দেশ উপপদ্যতে,—"যো বৈ প্রাণঃ, সা প্রজ্ঞা, যা বৈ প্রজ্ঞা, স প্রাণ ইতি, সহ হ্যেতাবস্মিন্ শরীরে বসতঃ সহোৎক্রামতঃ" ইতি। ব্রহ্মপরিগ্রহে তু কিং কস্মাদ্ভিদ্যেত। তস্মাদিহ জীবমুখ্যপ্রাণয়োরন্যতর উভৌ বা প্রতীয়েয়াতাং, ন ব্রহ্মেতি চেৎ, নৈতদেবম্। উপাসাত্রৈবিধ্যাৎ। এবং সতি ত্রিবিধ-মুপাসনং প্রসজ্যেত,—জীবোপাসনং, মুখ্যপ্রাণোপাসনং, ব্রহ্মো-পাসনঞ্চেতি। ন চৈতদেকস্মিন্ বাক্যেঽভ্যুপগন্তুং যুক্তম্। উপ-

---

ক্রমমাত্রম্। "উভৌ" ইতি পূর্ব্বপক্ষতত্ত্বম্। ব্রহ্ম তু ধ্রুবম্। "ন ব্রহ্ম" ইতি।

[যে ত্বিমং……ব্যাখ্যেয়ম্] যাঁহারা ঐ স্থানে "ইমং শরীরং পরিগৃহ্য" এইরূপ পাঠ স্বীকার করেন, তাঁহাদের মতে ব্যাখ্যা এইরূপ :—"আমিই জীবকে অথবা ইন্দ্রিয়দিগকে গ্রহণ করিয়া (স্থাপিত রাখিয়া) শরীর উত্থাপিত রাখিয়াছি (ধরিয়া রাখিয়াছি)। [প্রজ্ঞাত্ম……ক্রামত ইতি] জীব চেতন, প্রাণও প্রজ্ঞা-কারণ অন্যান্য প্রাণের আশ্রয় বা অধীন, সুতরাং প্রজ্ঞাত্মা-শব্দ জীবে ও মুখ্যপ্রাণে উপপন্ন হয়। জীব ও মুখ্যপ্রাণ অর্থ স্বীকার বা গ্রহণ করিলে নিয়মিত সহবাস (একযোগে বাস) অনুসারে উক্ত উভয়ের অভেদ নির্দ্দেশ এবং স্বরূপ অনুসারে ভেদ নির্দ্দেশ, উভয়ই সংগত হয়। (শ্রুতিতে প্রাণ ও জীব পরস্পর ভিন্ন, এ কথাও আছে এবং উক্ত উভয়ই এক বা অভিন্ন, এরূপ কথাও আছে)। অভেদ উল্লেখ যথা—"যিনিই প্রাণ, তিনিই প্রজ্ঞা এবং যাহা প্রজ্ঞা, তাহাই প্রাণ।" ভেদনির্দ্দেশ ও সহাবস্থিতির নিয়ম যথা—"প্রাণ ও প্রজ্ঞাত্মা (যাহার অন্য নাম জীব), ইহারা শরীরে একসঙ্গে বাস করে, এবং সহ-উৎক্রমণ করে।" [ব্রহ্ম…সনঞ্চেতি] যদি ব্রহ্ম অর্থ গ্রহণ কর, তাহা হইলে শেষোক্ত ভেদনির্দ্দেশ সঙ্গত হয় না। ব্রহ্ম অদ্বয়; সুতরাং কে কাহা হইতে ভিন্ন হইবে? সুতরাং উক্ত বাক্যে হয় জীব, না হয় মুখ্য প্রাণ, অথবা উভয়ই প্রতিপন্ন হইতে পারে, কিন্তু ব্রহ্ম নহে। এরূপ অভিমতির (পূর্ব্বপক্ষের) বিরুদ্ধে ব্যাসদেব বলিতেছেন, না—ঐরূপ বলিতে পার না। ঐরূপ বলিতে গেলে অর্থাৎ উদাহৃত বাক্যকে

ক্রমোপসংহারাভ্যাং হি বাক্যৈকবাক্যত্বমবগম্যতে। মামেব বিজানীহীত্যুপক্রম্য, "প্রাণোঽস্মি প্রজ্ঞাত্মা, তং মামায়ুরমৃতমিত্যুপাস্ব" ইত্যুক্ত্বা অন্তে "স এষ প্রাণ এব প্রজ্ঞাত্মানন্দোঽজরোঽমৃতঃ" ইত্যেকরূপাবুপক্রমোপসংহারৌ দৃশ্যেতে। তত্রার্থৈকত্বং যুক্তমাশ্রয়িতুম্। ন চ ব্রহ্মলিঙ্গমন্যপরত্বেন পরিণেতুং শক্যং, দশানাম্ভূতমাত্রাণাং প্রজ্ঞামাত্রাণাঞ্চ ব্রহ্মণোঽন্যত্রার্পণানুপপত্তেঃ। আশ্রিতত্বাচ্চ—অন্যত্রাপি ব্রহ্মলিঙ্গবশাৎ প্রাণশব্দস্য ব্রহ্মণি বৃত্তেঃ

ন ব্রহ্মৈবেত্যর্থঃ। "দশানাং ভূতমাত্রাণাম্" ইতি।—পঞ্চ শব্দাদয়ঃ, পঞ্চ পৃথিব্যাদয় ইতি দশ ভূতমাত্রাঃ। পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি, পঞ্চ বুদ্ধয় ইতি দশ প্রজ্ঞামাত্রাঃ।

ব্রহ্মপর বলিয়া অঙ্গীকার না করিলে ঐ বাক্যের দ্বারা তিন প্রকার উপাসনার বিধান অঙ্গীকার করিতে হয়।—জীবোপাসনা, প্রাণোপাসনা ও ব্রহ্মোপাসনা। [ন…মাশ্রয়িতুম্] একই বাক্যে ত্রিবিধ বিধান অযুক্ত অর্থাৎ যুক্তিবিরুদ্ধ। [মীমাংসকগণের যুক্তি আছে, এক বাক্যে একই বিধেয় হয়, বহু নহে। বহু বিধেয় হইলে বহু বাক্য কল্পনা করিতে হয়; সুতরাং তাহা দোষ। যেখানে বহু বাক্যের একটী বিধেয় হইবার সম্ভাবনা থাকে, সেথানে একই বিধেয় স্বীকার্য্য]। উপক্রম ও উপসংহার (প্রস্তাবের আরম্ভ ও সমাপ্তি) অনুসারে কথিত স্থলে বাক্যৈকবাক্যতা অর্থাৎ বহুবাক্যের একার্থপ্রতিপাদকতা দৃষ্ট হইতেছে। যথা—উপক্রমে "আমাকেই জান" বলা হইয়াছে। মধ্যে বলা হইয়াছে, "আমিই প্রাণ, আমিই প্রজ্ঞাত্মা, আমাকে তুমি আয়ু ও অমৃত জানিয়া উপাসনা কর।" অন্তে বা উপসংহারে বলা হইয়াছে, এই প্রাণই প্রজ্ঞাত্মা, আনন্দ, অজর ও অমর।" এস্থলে উপক্রম ও উপসংহার একরূপ। যখন উপক্রম ও উপসংহার একরূপ অর্থাৎ একই অর্থের বোধক, তখন অবশ্যই আদ্যন্ত সমুদায় বাক্যের অর্থও (প্রতিপাদ্য বা বিধেয়ও) একই হইবে। ঈদৃশ স্থলে নানা বিধেয় স্বীকার না করিয়া একটী বিধেয় স্বীকার করাই কর্ত্তব্য। [নচ…পত্তেঃ] আনন্দ, অজর, অমর, অমৃত বা মুক্তস্বভাব ও হিততম,—এ সমস্ত কথাই ব্রহ্মবোধক। এ সকল ব্রহ্মলিঙ্গ ব্রহ্মভিন্ন অন্য পদার্থে সঙ্গত হইতে পারে না। অপিচ, ভূতমাত্রা সকল প্রজ্ঞামাত্রায় অর্পিত এবং প্রজ্ঞামাত্রা প্রাণে অর্পিত, এ উপদেশ ব্রহ্মেই উপপন্ন হয়, জীবে অথবা প্রসিদ্ধ প্রাণে উপপন্ন হয় না। (সুতরাং কৌষীতকিব্রাহ্মণোপনিষদের প্রাণবাক্যটী জীববাক্য নহে, প্রসিদ্ধপ্রাণবাক্যও নহে, কিন্তু ব্রহ্মবাক্য)। [আশ্রিত…গম্যতে] ব্রহ্মলিঙ্গ অর্থাৎ ব্রহ্মবোধক কথা লইয়া ২৩ সূত্রে প্রাণশব্দের ব্রহ্ম-অর্থ নির্ণীত হইয়াছে, এখানেও ব্রহ্মজ্ঞাপক হিততমত্বাদি

ইহাপি চ হিততমোপন্যাসাদিব্রহ্মলিঙ্গযোগাৎ ব্রহ্মোপদেশ এবায়মিতি গম্যতে। যত্তু মুখ্যপ্রাণলিঙ্গং "দর্শিতং", "ইদং শরীরং পরিগৃহ্যোত্থাপয়তি"ইতি, তদসৎ, প্রাণব্যাপারস্যাপি পরমাত্মায়ত্তত্বাৎ পরমাত্মন্যুপচরিতুং শক্যত্বাৎ।

"ন প্রাণেন নাপানেন মর্ত্ত্যো জীবতি কশ্চন।
ইতরেণ তু জীবন্তি যস্মিন্নেতাবুপাশ্রিতৌ" ইতি শ্রুতেঃ।

যদপি "ন বাচং বিজিজ্ঞাসীত বক্তারং বিদ্যাৎ" ইত্যাদি জীবলিঙ্গং দর্শিতং, তদপি ন ব্রহ্মপক্ষং নিবারয়তি। ন হি জীবো নামাত্যন্তং ভিন্নো ব্রহ্মণঃ, "তত্ত্বমস্যহং ব্রহ্মাস্মি" ইত্যাদিশ্রুতিভ্যঃ। বুদ্ধ্যাদ্যুপাধিকৃতন্তু বিশেষমাশ্রিত্য ব্রহ্মৈব সন্ জীবঃ কর্ত্তা ভোক্তা চেত্যুচ্যতে। তস্যোপাধিকৃতবিশেষপরিত্যাগেন ব্রহ্মস্বরূপত্বং দর্শয়িতুং "ন বাচং বিজিজ্ঞাসীত বক্তারং বিদ্যাৎ"ইত্যাদিনা প্রত্যগাত্মাভিমুখীকরণার্থ উপদেশো ন বিরুধ্যতে।

"যদ্বাচানভ্যুদিতং, যেন বাগভ্যুদ্যতে।
তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসতে॥"

কথা থাকায় এ উপদেশও ব্রহ্মোপদেশই হইবে। [যত্তু…শ্রুতেঃ] তুমি যে, প্রাণলিঙ্গ অর্থাৎ প্রসিদ্ধপ্রাণবোধক কথা দেখাইয়াছ—"প্রাণ এই শরীরকে গ্রহণ করতঃ উত্থাপিত রাখিয়াছে" ইত্যাদি, তাহাও সাধু নহে। ভাবিয়া দেখ, যে-কিছু প্রাণকার্য্য—সমস্তই পরমাত্মার অধীন। (আত্মসদ্ভাব থাকিলেই প্রাণকার্য্য নির্ব্বাহিত হয়, অন্যথা তাহা অভাবপ্রাপ্ত হয়)। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"কোন মর্ত্ত্যই কেবল প্রাণের দ্বারা ও অপানের দ্বারা জীবনবান্ হয় না, কিন্তু প্রাণ ও অপানবায়ু যাহার আশ্রিত—তাহারই দ্বারা মর্ত্ত্যগণ জীবিত থাকে।" [যদপি…শ্রুতিভ্যঃ] যাহাকে জীবলিঙ্গ (জীবজ্ঞাপক) বলিয়া প্রদর্শন করিয়াছ,—"বক্তাকে বা বাক্যের প্রেরককে জান" ইত্যাদি, তাহাও ব্রহ্মপক্ষ নিবারণ করিতেছে না, অর্থাৎ ব্রহ্ম-অর্থের বিরোধী নহে। হেতু এই যে, জীব ব্রহ্ম হইতে অত্যন্ত ভিন্ন নহে। ব্রহ্মই জীব, এ কথা তত্ত্বমস্যাদি বাক্যে উপদিষ্ট আছে। [বুদ্ধ্যা…দর্শয়তি] নির্ব্বিশেষ বা অদ্বয় ব্রহ্মই বুদ্ধ্যাদি উপাধির দ্বারা বিশেষিত হইয়া জীব, কর্ত্তা ও ভোক্তা প্রভৃতি নামে অভিহিত হন। সেই ঔপাধিক বিশেষ ভাবটুকু পরিত্যক্ত হইলেই ব্রহ্মস্বরূপাবির্ভাব হয়, ইহা বুঝাইবার জন্যই "যে বক্তা—বাক্যের প্রেরক,

ইত্যাদি চ শ্রুত্যন্তরং বচনাদিক্রিয়াব্যাপৃতস্যৈবাত্মনো ব্রহ্মত্বং দর্শয়তি। যৎ পুনরেতদুক্তং, "সহ হ্যেতাবস্মিন্ শরীরে বসতঃ, সহোৎক্রামতঃ" ইতি প্রাণপ্রজ্ঞাত্মনোর্ভেদদর্শনং ব্রহ্মবাদিনো নোপপদ্যত ইতি। নৈষ দোষঃ, জ্ঞানক্রিয়াশক্তিদ্বয়াশ্রয়য়োর্ব্বুদ্ধি-প্রাণয়োঃ প্রত্যগাত্মোপাধিভূতয়োর্ভেদনির্দ্দেশোপপত্তেঃ। উপাধি-দ্বয়োপহিতস্য তু প্রত্যগাত্মনঃ স্বরূপেণাভেদ ইত্যতঃ প্রাণএব প্রজ্ঞাত্মেত্যেকীকরণমবিরুদ্ধম্।

অথবা, 'নোপাসাত্রৈবিধ্যাদাশ্রিতত্বাদিহ তদ্‌যোগাৎ" ইত্য-স্যায়মন্যোঽর্থঃ।—ন ব্রহ্মবাক্যেঽপি জীবমুখ্যপ্রাণলিঙ্গং বিরু-ধ্যতে। কথং? উপাসাত্রৈবিধ্যাৎ। ত্রিবিধমিহ ব্রহ্মণ উপাসনং

তদেবং স্বমতেন ব্যাখ্যায় প্রাচাং বৃত্তিকৃতাং মতেন ব্যাচষ্টে।—"অথবা" ইতি। পূর্ব্বং প্রাণস্যৈকমুপাসনম্, অপরং জীবস্য, অপরং ব্রহ্মণ ইত্যু-পাসনত্রৈবিধ্যেন বাক্যভেদপ্রসঙ্গো দূষণমুক্তম্। ইহ তু ব্রহ্মণ একস্যৈবো-পাসাত্রয়বিশিষ্টস্য বিধানাৎ ন বাক্যভেদ ইত্যভিমানঃ প্রাচাং বৃত্তিকৃতাম্। তদেতদালোচনীয়ং,—কথং ন বাক্যভেদ ইতি। যুক্তং "সোমেন যজেত"

তাহাকেই জান" বলা হইয়াছে। চিত্তকে আত্মাভিমুখ করানই ঐ উপদেশের প্রয়োজন। এ নিমিত্ত উহা বা ঐ বাক্য ব্রহ্মার্থের অবিরুদ্ধ। "বাক্য যাহাকে বলিতে পারে না, বাক্য যাহার দ্বারা উচ্চারিত হয়, তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান। যাহা ইদম্প্রকারে (এই বা অমুক, এতদ্রূপে) উপাসিত হয়, তাহা ব্রহ্ম নহে।"—ইত্যাদি ইত্যাদি শ্রুতি বচনাদি-ক্রিয়ায় অব্যাপৃত (বচনাদিক্রিয়ার অগোচর) আত্মার ব্রহ্মত্ব দেখাইয়াছেন। [যৎ…বিরুদ্ধম্] আরও বলিয়াছিলে যে, প্রাণের ও প্রজ্ঞাত্মার পৃথক্ উপদেশ (প্রাণ ও প্রজ্ঞাত্মা এই শরীরে সহবাস ও সহ-উৎক্রমণ করেন, এই কথা) ব্রহ্মপক্ষে সঙ্গত হয় না, বস্তুতঃ তাহাও সঙ্গত হয়। ঐরূপ ভেদ-নির্দ্দেশ দূষ্য নহে। জ্ঞানশক্তির আশ্রয় বুদ্ধি, এবং ক্রিয়াশক্তির আশ্রয় প্রাণ, এ উভয়ই প্রত্যগাত্মার উপাধি। এতদনুযায়ী ভেদ উপদেশ অসঙ্গত হইবে কেন? উপাধিদ্বয় পরিত্যাগ হইলে কোনও প্রভেদ থাকে না, সুতরাং "প্রাণই প্রজ্ঞাত্মা" এরূপ একীকরণ অর্থাৎ অভেদ উক্তি সঙ্গতই হয়।

[অথবা…ব্রহ্মধর্ম্মঃ] "নোপাসাত্রৈবিধ্যাৎ" এ কথার বৃত্তিকার মতের ব্যাখ্যা এইরূপ।—জীবধর্ম্মের ও প্রাণধর্ম্মের উল্লেখ থাকিলেও ঐ বাক্যে ব্রহ্মবোধকতার ব্যাঘাত হয় না। হেতু এই যে, ঐ বাক্য কেবল ব্রহ্মোপাসনারই প্রকারভেদ মাত্র

বিবক্ষিতং—প্রাণধর্ম্মেণ প্রজ্ঞাধর্ম্মেণ, স্বধর্ম্মেণ চ। তত্র "আয়ুরমৃত-মিত্যুপাস্স্ব, আয়ুঃ প্রাণঃ" ইতি, "ইদং শরীরং পরিগৃহ্যোত্থাপয়তি" ইতি "তস্মাদেতদেবোক্থমুপাসীত" ইতি চ প্রাণধর্ম্মঃ। "অথ যথাস্যৈ প্রজ্ঞায়ৈ সর্ব্বাণি ভূতান্যেকীভবন্তি, তদ্ব্যাখ্যাস্যামঃ" ইত্যুপক্রম্য, "বাগেবাস্যা একমঙ্গমদূদুহত্তস্যৈ নাম পরস্তাৎ প্রতিবিহিতা ভূতমাত্রাঃ, প্রজ্ঞয়া বাচং সমারুহ্য বাচা সর্ব্বাণি নামানি প্রাপ্নোতি" ইত্যাদিঃ প্রজ্ঞাধর্ম্মঃ। "তা বা এতা দশৈব ভূতমাত্রা অধিপ্রজ্ঞং, দশ প্রজ্ঞামাত্রা অধিভূতং, যদি ভূত-

ইত্যাদৌ সোমাদিগুণবিশিষ্টযাগবিধানং, তদ্গুণবিশিষ্টস্যাপূর্ব্বস্য কর্ম্মণোঽপ্রা-

(প্রকারত্রয়) ব্যক্ত করিতেছে, উপাস্যভেদ বলিতেছে না। অর্থাৎ উহা একেরই উপাসনা বা এক উপাসনা, তজ্জন্য উহাতে বাক্যভেদ দোষ হয় না। ঐ প্রকার উপাসনা বহুর উপাসনা নহে। প্রাণধর্ম্মে, জীবধর্ম্মে ও স্বধর্ম্মে অর্থাৎ ব্রহ্মধর্ম্মে, ব্রহ্মোপাসনা করিবে, এইরূপ বলাই ঐ বাক্যের অভিপ্রেত। (এ ব্যাখ্যায় বাক্যভেদ দোষ হয় না)। "প্রাণ আয়ু ও অমৃত" "আয়ু-ই প্রাণ" "প্রাণ এই শরীর ধারণ-পূর্ব্বক উত্থাপিত করিতেছে" "ইনি উক্থ ও উক্থরূপে (১) উপাস্য" এইগুলি প্রাণধর্ম্ম বা প্রাণ-ভাব। "প্রজ্ঞা-সম্বন্ধীয় ভূত সকল—দৃশ্য সকল—যেরূপে চিদাত্মার সহিত একীভূত হয়—অভিন্ন হয়, তাহা বলিতেছি।" এইরূপ উপক্রমের পর বর্ণিত হইয়াছে, "বাক্য ইঁহার এক অঙ্গ পূরণ করে, আর চক্ষুঃ প্রভৃতির দ্বারা বিজ্ঞাপিত নামসম্বন্ধযুক্ত ভূত বা দৃশ্য তাহার অপরাঙ্গ পূরণ করে। অপিচ, প্রজ্ঞার দ্বারা বাক্যারূঢ় হইয়া তিনিই (চৈতন্যই) নামসমূহ প্রাপ্ত হন।" (২) এ ভাবটী জীবভাব, অর্থাৎ জীবধর্ম্ম। "দশ ভূতমাত্রা ও দশ অধিপ্রজ্ঞ। অধিপ্রজ্ঞ বা প্রজ্ঞামাত্রা সকল ভূতমাত্রা-সাপেক্ষ। যদি ভূতমাত্রা না থাকিত, তাহা হইলে প্রজ্ঞামাত্রাও থাকিত না।

(১) দেহে চেষ্টা বিদ্যমান থাকার নাম জীবন ও আয়ু। ঈদৃক্ আয়ুর মুখ্য কারণ প্রাণ। তদনুসারে প্রাণকে আয়ু বলা হইয়াছে। দেহ থাকে না, কিন্তু মুখ্য প্রাণ মুক্তি পর্য্যন্ত থাকে। তদনুসারে প্রাণকে অমর ভাবিতে বলা হইয়াছে। প্রাণ শরীর উত্থাপিত করে। তজ্জন্য তিনি উক্থ। এই সকল প্রাণধর্ম্ম বা প্রাণকার্য্য ব্রহ্মে আরোপিত বলিয়াই ব্রহ্ম প্রাণধর্ম্মে উপাসনীয়। উপাসনার বলে ঐ আরোপ অন্তর্হিত হইবে, তাহা হইলে ব্রহ্ম জানা যাইবে।

(২) চৈতন্য-প্রতিবিম্বিত বুদ্ধি-তত্ত্বের নাম প্রজ্ঞা ও জীব। জীব বা প্রজ্ঞা যাহা দেখে (জানে), তাহা দৃশ্য। দৃশ্যের অন্য নাম ভূত। ভূত বাহিরে নানা হইলেও অন্তরে এক অর্থাৎ বুদ্ধিরূপে এক। এই বিচিত্র বহির্জ্জগৎ অন্তরে এক অপূর্ব্ব বুদ্ধি-আকার ধারণপূর্ব্বক চিদা-

মাত্রা ন স্যুঃ, প্রজ্ঞামাত্রা ন স্যুঃ, যদি প্রজ্ঞামাত্রা ন স্যুঃ, ন ভূতমাত্রাঃ স্যুঃ। ন হ্যন্যতরতো রূপং কিঞ্চন সিধ্যেৎ, নো বা এতন্নানা, তদ্‌যথা রথস্যারেষু নেমিরর্পিতা নাভাবরা অর্পিতাঃ, এবমেবৈতা ভূতমাত্রাঃ প্রজ্ঞামাত্রাস্বর্পিতাঃ, প্রজ্ঞামাত্রাঃ প্রাণেষ্ব-

---

প্তস্য বিধিবিষয়ত্বাৎ, ইহ তু সিদ্ধরূপং ব্রহ্ম ন বিধিবিষয়ো ভবিতুমর্হতি, অভাবার্থত্বাৎ। ভাবার্থস্য বিধিবিষয়ত্বনিয়মাৎ। বাক্যান্তরেভ্যশ্চ ব্রহ্মাব-

---

আবার প্রজ্ঞামাত্রা না থাকিলেও ভূতমাত্রা থাকিত না। ইহা নিশ্চিত জানিবে যে, ঐ দু-এর একটী দ্বারা কোন কিছুই নিষ্পন্ন হয় না, অথচ উহারা নানা নহে, এক। যেমন রথের অরে নেমি অর্পিত, আবার অর সকল নাভিতে অর্পিত (স্থাপিত) থাকে, তেমনি, ভূতমাত্রা-সকল প্রজ্ঞামাত্রায় অর্পিত এবং প্রজ্ঞামাত্রা সকলও প্রাণে অর্পিত (কল্পিত) আছে। (১) "এই প্রাণই প্রজ্ঞাত্মা।" এ ভাবটী

আর সহিত মিলিত বা একীভূত হইতেছে। যেরূপে মিলিত বা একীভাব প্রাপ্ত হইতেছে, তাহা "বাক্য ইহার এক অঙ্গ পূরণ করে" ইত্যাদি বাক্যে বর্ণিত হইয়াছে। বুদ্ধিময় জীব বা জীব-নামক বুদ্ধি জরাসন্ধের ন্যায় দ্বিসন্ধিত, অর্থাৎ দ্বিবিধ জ্ঞানের বা বুদ্ধির সম্মিলন মাত্র। ইহার এক অর্দ্ধ নামপ্রপঞ্চাকার (নামাকার বুদ্ধি)। এ অর্দ্ধে কতকগুলি নামের ছবি থাকে। অপর অর্দ্ধ রূপ-প্রপঞ্চাকার। এ অর্দ্ধে বস্তুর ছবি পড়ে। এই দুই অর্দ্ধই ইন্দ্রিয়জনিত। ইন্দ্রিয়গণমধ্যে বাক্যেন্দ্রিয় নামপ্রপঞ্চাকার অর্দ্ধের জনক, আর চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয়গণ রূপ-প্রপঞ্চাকার অপর অর্দ্ধের পূরক। নিষ্কর্ষ এই যে, বাগিন্দ্রিয়ের দ্বারা নাম-বুদ্ধি ও জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা বস্তুবুদ্ধি উৎপাদিত হইতেছে। এই নিষ্কর্ষ "চক্ষুঃ প্রভৃতির দ্বারা বিজ্ঞাপিত" ইত্যাদি কথায় লব্ধ হয়। ইন্দ্রিয়গণ জড়, বুদ্ধিও জড়া। ইহারা কেহই স্বয়ংপ্রবৃত্ত ও স্বয়ংপ্রকাশ নহে। ইহাদের প্রেরক ও প্রকাশক চিদাভাস। চিৎপ্রতিবিম্বের দ্বারাই প্রেরিত ও প্রকাশিত হয়। প্রথমে বুদ্ধিস্থ চিদাভাস ইন্দ্রিয়দিগকে প্রেরণ করে, অনন্তর ইন্দ্রিয়গণ নামাকার ও রূপাকার বুদ্ধি জন্মায়, পরে তাহা চিদাভাসব্যাপ্ত হয় অর্থাৎ চিৎ-প্রতিবিম্বে প্রোজ্জ্বলিত হয়। এই প্রণালীটাই দেখা শুনা জানা প্রভৃতি নামে ব্যবহৃত হয়। এই তথ্যটুকু "প্রজ্ঞার দ্বারা বাক্যারূঢ় হইয়া" ইত্যাদি কথা দ্বারা জানা যায়। এইরূপে চিদাভাসযুক্ত বুদ্ধির ধর্ম্ম বা কার্য্য বর্ণিত হওয়ায় উদাহৃত বাক্যে জীবের কথাই বলা হইয়াছে, ইহা সহজে বুঝা যাইতে পারে।

(১) শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ, আর এ সকলের আধার আকাশ, বায়ু, অগ্নি, জল ও পৃথিবী,—এই দশ পদার্থের নাম ভূতমাত্রা। চক্ষুঃ, শ্রোত্র, ঘ্রাণ, রসনা, ত্বক্, এই জ্ঞানেন্দ্রিয়-পঞ্চক ও ইহাদের দ্বারা উৎপাদিত জ্ঞানপঞ্চক, এতৎসমুদিত দশ পদার্থের নাম অধিপ্রজ্ঞ ও প্রজ্ঞামাত্রা। ভূতমাত্রা সকল প্রজ্ঞামাত্রায় কল্পিত, সুতরাং তাহারা প্রজ্ঞামাত্রা ছাড়া নহে। প্রজ্ঞামাত্রা সকল প্রাণে পরিকল্পিত; সুতরাং তাহারা প্রাণ ছাড়া নহে। রজ্জুকল্পিত সর্প যেমন রজ্জুর অনতিরিক্ত; তেমনি, প্রাণকল্পিত প্রজ্ঞাও প্রাণের অনতিরিক্ত। এতাবত এই বলা হইল যে, প্রাণ সর্ব্বাত্মক ও সর্ব্বময়। এরূপ সর্ব্বাত্মকতা ব্রহ্ম ভিন্ন অন্যত্র অসম্ভব।

র্পিতাঃ, স এষ প্রাণ এব প্রজ্ঞাত্মা" ইত্যাদির্ব্রহ্মধর্ম্মঃ। তস্মাদ্-ব্রহ্মণ এবৈতদুপাধিদ্বয়ধর্ম্মেণ স্বধর্ম্মেণ চৈকমুপাসনং ত্রিবিধং বিবক্ষিতম্। অন্যত্রাপি "মনোময়ঃ প্রাণশরীরঃ" ইত্যাদাবুপাধি-ধর্ম্মেণ ব্রহ্মণ উপাসনমাশ্রিতম্, ইহাপি তৎ যুজ্যতে। বাক্য-স্যোপক্রমোপসংহারাভ্যামেকার্থত্বাবগমাৎ, প্রাণপ্রজ্ঞাব্রহ্মলিঙ্গা-বগমাচ্চ। তস্মাদ্ ব্রহ্মবাক্যমেতদিতি সিদ্ধম্॥ ১।১।৩১॥

ইতি শ্রীমচ্ছারীরকমীমাংসাভাষ্যে শ্রীশঙ্কর-ভগবৎপাদকৃতৌ সমন্বয়াখ্যস্য প্রথমস্যাধ্যায়স্য স্পষ্টব্রহ্মলিঙ্গশ্রুতিসমন্বয়ো নাম প্রথমঃ পাদঃ॥ ১। ১॥

গতেঃ প্রাপ্তত্বাৎ, তদনূদ্যাপ্রাপ্তোপাসা ভাবার্থো বিধেয়ঃ। তস্য চ ভেদাৎ বিধ্যাবৃত্তি-লক্ষণো বাক্যভেদোঽতিস্ফুট ইতি ভাষ্যকৃতা নোদ্ঘাটিতঃ, স্ব-ব্যাখ্যানেনৈবোক্ত-প্রায়ত্বাদিতি সর্ব্বমবদাতম্॥ ১।১।৩১॥

ইতি শ্রীবাচস্পতিমিশ্রবিরচিতে ভাষ্যবিভাগে ভামত্যাং প্রথমস্যাধ্যায়স্য প্রথমঃ পাদঃ।

ব্রহ্মভাব। ব্রহ্ম এই তিন ভাবেই উপাস্য। [তস্মাৎ…গমাচ্চ] এই জন্যই বলি, দ্বিবিধ-উপাধি-ধর্ম্ম ও স্বধর্ম্ম অনুসারে ত্রিপ্রকার-ব্রহ্মোপাসনাই ঐ বাক্যে বিহিত হইয়াছে। এই উপাসনা একই উপাসনা। অন্য শ্রুতিতেও এতদ্রূপ উপাসনার বিধান দৃষ্ট হয়। "তিনি মনোময়, প্রাণশরীর ও ভা-রূপ।" ইত্যাদি ইত্যাদি শ্রুতিতে যেমন উপাসনার্থ উপাধিধর্ম্ম অবলম্বিত হইয়াছে, নিদর্শিত শ্রুতিতেও তেমনি উপাধিধর্ম্ম অবলম্বিত হউক। আখ্যায়িকার উপক্রমের (আরম্ভের) ও উপসংহারের (সমাপ্তির) একরূপতা প্রতীত হওয়ায় এবং মধ্যে প্রাণলিঙ্গ, প্রজ্ঞালিঙ্গ ও ব্রহ্মলিঙ্গ অনুভূত হওয়ায় এইরূপ ব্যাখ্যাই সঙ্গত হইতেছে। অতএব কৌষীতকি ব্রাহ্মণস্থ বাক্য ব্রহ্মবাক্যই বটে।

ইতি প্রথমাধ্যায়ে প্রথম পাদের ভাষ্যানুবাদ॥ ১॥ ১॥

দ্বিতীয় পাদঃ

—০:*:০—

প্রথমে পাদে "জন্মাদ্যস্য যতঃ" ইত্যাকাশাদেঃ সমস্তস্য জগতো জন্মাদিকারণং ব্রহ্মেত্যুক্তম্। তস্য সমস্তজগৎকারণস্য ব্রহ্মণো ব্যাপিত্বং নিত্যত্বং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তিত্বং সর্ব্বাত্মকত্বমিত্যেবংজাতীয়কা ধর্ম্মা উক্তা এব ভবন্তি। অর্থান্তরপ্রসিদ্ধানাং কেষাঞ্চিৎ শব্দানাং ব্রহ্মবিষয়ত্বে হেতুপ্রতিপাদনেন কানিচিদ্বাক্যানি স্পষ্টব্রহ্মলিঙ্গানি সন্দিহ্যমানানি ব্রহ্মপরতয়া নির্ণীতানি। পুনরপ্যন্যানি বাক্যান্যস্পষ্টব্রহ্মলিঙ্গানি সন্দিহ্যন্তে—কিং পরং ব্রহ্ম প্রতিপাদয়ন্তি? আহোস্বিদর্থান্তরং কিঞ্চিৎ? ইতি। তন্নির্ণয়ায় দ্বিতীয়-তৃতীয়ৌ পাদাবারভ্যেতে।

অথ দ্বিতীয়ং পাদমারিপ্সুঃ পূর্ব্বোক্তমর্থং স্মারয়তি বক্ষ্যমাণোপযোগিতয়া "প্রথমে পাদে" ইতি। উত্তরত্র হি ব্রহ্মণো ব্যাপিত্বনিত্যত্বাদয়ঃ সিদ্ধবদ্ধেতুতয়োপদেক্ষ্যন্তে। ন চৈতে সাক্ষাৎ পূর্ব্বমুপপাদিতা ইতি হেতুভাবেন ন শক্যা উপদেষ্টুমিতি। অত উক্তম্—"সমস্তজগৎকারণস্য" ইতি। যদ্যপ্যেতে ন পূর্ব্বং কণ্ঠত উক্তাস্তথাপি ব্রহ্মণো জগজ্জন্মাদিকারণত্বোপপাদনেনাধিকরণসিদ্ধান্তন্যায়েনোপক্ষিপ্ত' ইত্যুপপন্নস্তেষামুত্তরত্র হেতুভাবেনোপন্যাস ইত্যর্থঃ। "অর্থান্তরপ্রসিদ্ধানাঞ্চ" ইতি। যত্রার্থান্তরপ্রসিদ্ধা এবাকাশপ্রাণজ্যোতিরাদয়ো ব্রহ্মণি ব্যাখ্যায়ন্তে, তদব্যভিচারিলিঙ্গশ্রবণাৎ, তত্র কৈব কথা মনোময়াদীনামর্থান্তরে প্রসিদ্ধানাং পদানাং ব্রহ্মগোচরত্বনির্ণয়ং প্রতীত্যভিপ্রায়ঃ। পূর্ব্বপক্ষাভিপ্রায়ং ত্বগ্রে দর্শয়িষ্যামঃ।

প্রথম পাদের, ২য় সূত্রে, সমস্ত জগতের কারণ ব্রহ্ম, ইহা কথিত হইয়াছে। পরে জগৎকারণ ব্রহ্ম বিভু, নিত্য, সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তি ও সর্ব্বাত্মক, ইহা নির্ণীত হইয়াছে। যে সকল শ্রুতিতে অন্যপদার্থবোধক শব্দ থাকায় তদ্ঘটিত বাক্যনিচয় ব্রহ্মপ্রতিপাদক হইবে কি না, বলিয়া সন্দেহ হয়, কারণপ্রদর্শনপূর্ব্বক সে সকল শ্রুতিরও ব্রহ্মপরতা বা ব্রহ্মবোধকতা নির্দ্ধারিত হইয়াছে। স্পষ্টরূপে ব্রহ্মধর্ম্ম বলে না, ব্রহ্মভাব ব্যক্ত করে না, এরূপও অনেক শ্রুতি আছে, যে সকল শ্রুতি শুনিবামাত্র সন্দেহ হয় যে এ শ্রুতি ব্রহ্ম প্রতিপাদন করিতেছে? না, অন্য কিছু বলিতেছে? সে সন্দেহ-নিরাসের জন্য বা সেই সেই বাক্যের তাৎপর্য্যার্থ নির্ণয়ের জন্য সম্প্রতি দ্বিতীয় ও তৃতীয় পাদ আরব্ধ হইতেছে।

সর্ব্বত্র প্রসিদ্ধোপদেশাৎ ॥ ১।২।১ ॥ *

ইদমাম্নায়তে—"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলান্ ইতি শান্ত উপাসীত। অথ খলু ক্রতুময়ঃ পুরুষঃ, যথাক্রতুরস্মিন্ লোকে পুরুষো ভবতি, তথেতঃ প্রেত্য ভবতি, স ক্রতুং কুর্ব্বীত, মনোময়ঃ প্রাণশরীরো ভারূপঃ" ইত্যাদি। তত্র সংশয়ঃ—কিমিহ মনোময়ত্বাদিভির্ধর্ম্মৈঃ শারীর আত্মোপাস্যত্বেনোপদিশ্যতে? আহোস্বিদ্ ব্রহ্ম? ইতি। কিন্তাবৎ প্রাপ্তম্? শারীর ইতি। কুতঃ?

ইদমাম্নায়তে। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম"। কুতঃ "তজ্জলান্" ইতি। যতঃ তস্মাদ্ব্রহ্মণো জায়ত ইতি তজ্জম্। তস্মিংশ্চ লীয়ত ইতি তল্লম্। তস্মিংশ্চানিতি স্থিতিকালে চেষ্টত ইতি তদন্ জগৎ, তস্মাৎ সর্ব্বং খল্বিদং জগৎ ব্রহ্ম। অতঃ কঃ কস্মিন্ রজ্যতে, কশ্চ কং দ্বেষ্টীতি রাগদ্বেষরহিতঃ শান্তঃ সন্নুপাসীত। "অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথাক্রতুরস্মিল্লোকে পুরুষো ভবতি, তথেতঃ প্রেত্য ভবতি। স ক্রতুং কুর্ব্বীত মনোময়ঃ প্রাণশরীরঃ" ইত্যাদি। তত্র সংশয়ঃ,—কিমিহ মনোময়ত্বাদিভির্ধর্ম্মৈঃ শারীর আত্মোপাস্যত্বেনোপদিশ্যতে, আহোস্বিদ্ব্রহ্মেতি। কিং তাবৎ প্রাপ্তং? শারীরো জীব ইতি। কুতঃ। ক্রতুমিত্যাদি

ছান্দোগ্য উপনিষদে পঠিত আছে, "এ সমুদয় ব্রহ্ম। যেহেতু এ সমুদয় তজ্জ, তল্ল ও তদন্, সেই হেতু এ সমুদায় ব্রহ্ম। (তজ্জ=তাঁহা হইতে জাত হয়। তল্ল=তাঁহাতে লীন হয়। তদন্=তাঁহাতে স্থিতি করে ও চেষ্টিত হয়)। সেই জন্য, শান্ত অর্থাৎ রাগদ্বেষাদি-বর্জ্জিত হইয়া, শত্রু-মিত্রাদি-ভেদবুদ্ধি পরিত্যাগ করিয়া, উপাসনা করিবে। (যখন সমস্তই ব্রহ্ম, সমস্তই অদ্বয় পরব্রহ্মের প্রতিভাস, তখন আর কে কাহাকে বিদ্বেষাদি করিবে?)। অপিচ, পুরুষ (জীব) ক্রতুময় অর্থাৎ সংকল্পিত অর্থাৎ ধ্যাননিষ্পাদ্য। ইহলোকে যে পুরুষ যেমন ক্রতু করে (সংকল্প, ধ্যান বা উপাসনা করে), শরীর ত্যাগের পর, সে সেইরূপই রূপ প্রাপ্ত হয়। এই জন্যই উপদেশ, সে (জীব বা পুরুষ) ক্রতু করিবে, হৃৎপদ্মসম্পুটমধ্যে মনোময় প্রাণশরীর প্রভারূপ ও সত্যসংকল্প আত্মার ধ্যান করিবে।" এ উপদেশে সংশয় এই যে, শ্রুতি

* সর্ব্বত্র সর্ব্বেষু বেদান্তেষু, প্রসিদ্ধব্রহ্মোপদেশাৎ বেদান্তবেদ্যস্য ব্রহ্মণ এব উপদেশাৎ, ছান্দোগ্যবাক্যেঽপি ব্রহ্মোপদেশো নিশ্চীয়তে। তথাচাত্র ন জীব উপাস্য ইতি বর্ত্তুলার্থঃ।—ছান্দোগ্য উপনিষদে "এ সমস্ত ব্রহ্ম" ইত্যাদি ক্রমে যে-উপাসনা অভিহিত হইয়াছে, তাহা ব্রহ্মেরই উপাসনা, জীবের নহে। হেতু এই যে, সমুদায় বেদান্তে প্রসিদ্ধ ব্রহ্মকেই উপাস্যরূপে উপদিষ্ট হইতে দেখা যায়। (ভাষ্যানুবাদ দেখ)।

তস্য কার্য্যকরণাধিপতেঃ প্রসিদ্ধো মনআদিভিঃ সম্বন্ধঃ, ন পরস্য-ব্রহ্মণঃ, "অপ্রাণো হ্যমনাঃ শুভ্রঃ" ইত্যাদিশ্রুতিভ্যঃ।

ননু "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি স্বশব্দেনৈব ব্রহ্মোপাত্তম্, কথমিহ শারীর আত্মোপাস্য ইত্যাশঙ্ক্যতে। নৈষ দোষঃ। নেদং বাক্যং ব্রহ্মোপাসন-বিধিপরং, কিন্তর্হি? শমবিধিপরম্। যৎ-কারণং "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত" ইত্যাহ। এতদুক্তং ভবতি—যস্মাৎ সর্ব্বমিদং বিকারজাতং ব্রহ্মৈব, তজ্জত্বাৎ তল্লত্বাৎ তদন্ত্বাচ্চ। ন চ সর্ব্বস্যৈকাত্মত্বে রাগা-দয়ঃ সম্ভবন্তি, তস্মাৎ শান্ত উপাসীতেতি। ন চ শমবিধিপরত্বে

বাক্যেন বিহিতাং ক্রতুভাবনামনূদ্য সর্ব্বমিত্যাদিবাক্যং শমগুণে বিধিঃ। তথাচ সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি বাক্যং প্রথমপঠিতমপ্যর্থালোচনয়া পরমেব, তদ্বর্থোপ-জীবিত্বাৎ। এবঞ্চ সংকল্পবিধিঃ প্রথমোনির্ব্বিষয়ঃ সন্নপর্য্যবস্যন্ বিষয়াপেক্ষঃ স্বয়মনিবৃত্তো ন বিধ্যন্তরেণোপজীবিতুং শক্যোঽনুপপাদকত্বাৎ। তস্মাৎ শান্ত-তাগুণবিধানাৎ পূর্ব্বমেব মনোময়ঃ প্রাণশরীর ইত্যাদিভির্ব্বিষয়োপনায়কৈঃ সম্বধ্যতে।

মনোময়াদি চ কার্য্যকরণসংঘাতাত্মনো জীবাত্মন এব নিরূঢ়মিতি জীবাত্মনো-পাস্তেনোপরক্তোপাসনা ন পশ্চাৎ ব্রহ্মণা সম্বন্ধুমর্হতি, উৎপত্তিশিষ্টগুণাবরোধাৎ। ন চ সর্ব্বং খল্বিদমিতি বাক্যং ব্রহ্মপরম্, অপি তু শমহেতুবন্নিগদার্থবাদঃ শান্ততা-বিধিপরঃ, "শূর্পেণ জুহোতি, তেন হ্যয়ং ক্রিয়তে" ইতিবৎ। ন চান্যপরাদপি ব্রহ্মাপেক্ষিততয়া স্বীক্রিয়ত ইতি যুক্তম্। মনোময়ত্বাদিভির্ধর্ম্মৈর্জীবে সুপ্রসিদ্ধে-

---

মনোময় প্রভৃতি ধর্ম্মের দ্বারা (গুণ লইয়া) জীবাত্মার উপাসনা করিতে বলিতেছেন? অথবা পরব্রহ্মের উপাসনা বিষয়ে উপদেশ করিতেছেন? পূর্ব্বপক্ষবাদী বলিতেছেন, ইহা জীবাত্মার উপাসনা। কেন-না, সকলেই জানেন যে, দেহেন্দ্রিয়াদির অধিপতি জীবাত্মার সঙ্গেই মনঃপ্রভৃতির সম্বন্ধ আছে, পরব্রহ্মের সহিত নাই। ব্রহ্মের সহিত মনের সম্বন্ধ নাই, একথা "তিনি অপ্রাণ, অমনা ও শুদ্ধ" ইত্যাদি শ্রুতিতেই উক্ত আছে।

[ননু…ত্যাহ] যদি বল, "এ সমুদায়ই ব্রহ্ম" এই মূল শ্রুতি বাক্যে ব্রহ্ম গৃহীত হইয়াছেন, অথচ তুমি এখানে জীবের উপাস্যতা বলিতেছ, ইহার কারণ কি? কারণ আছে। কারণ এই যে, ঐ বাক্য ব্রহ্মোপাসনার বিধায়ক নহে। উহা শম-গুণের বিধায়ক মাত্র। হৃদয়ে শান্তভাববিধানের জন্যই ঐ বাক্যে ব্রহ্মের উল্লেখ হইয়াছে, ইহা বুঝিতে হইবে। [এতদুক্তং…সীতেতি] 'শান্ত উপাসীত', এ বাক্যে এইরূপ অভিহিত

সতি অনেন বাক্যেন ব্রহ্মোপাসনং নিয়ন্তুং শক্যতে। উপাসনন্তু "স ক্রতুং কুর্ব্বীত" ইত্যনেন বিধীয়তে। ক্রতুঃ সঙ্কল্পো ধ্যানমিত্যর্থঃ। তস্য চ বিষয়ত্বেন শ্রূয়তে—"মনোময়ঃ প্রাণশরীরঃ" ইতি জীবলিঙ্গম্। অতো ক্রমো জীববিষয়মেতদুপাসনমিতি। "সর্ব্বকর্ম্মা সর্ব্বকামঃ" ইত্যাদ্যপি শ্রূয়মাণং পর্য্যায়েণ জীববিষয়মুপপদ্যতে। "এষ ম আত্মান্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্ব্বা যবাদ্বা" ইতি চ হৃদয়ায়তনত্বমণীয়স্ত্বঞ্চ আরাগ্রমাত্রস্য জীবস্যাবকল্পতে, নাপরিচ্ছিন্নস্য ব্রহ্মণঃ।

জীববিষয়সমর্পণেনানপেক্ষিতত্বাৎ। সর্ব্বকর্ম্মত্বাদি চ জীবস্য পর্য্যায়েণ ভবিষ্যতি। এবঞ্চাণীয়স্ত্বমপ্যুপপন্নম্। পরমাত্মনস্ত্বপরিমেয়স্য তদনুপপত্তিঃ। প্রথমাবগতেন চাণীয়স্ত্বেন জ্যায়স্ত্বং তদনুগুণতয়া ব্যাখ্যেয়ম্। ব্যাখ্যাতঞ্চ ভাষ্যকৃতা। এবং কর্ম্মকর্ত্তৃব্যপদেশঃ সপ্তমী প্রথমান্ততা চাভেদেঽপি জীবাত্মনি কথঞ্চিদ্ভেদোপচারেণ রাহোঃ শির ইতিবৎ দ্রষ্টব্যা। এতদ্ব্রহ্মেতি চ জীববিষয়ং, জীবস্যাপি দেহাদিবৃংহণত্বেন ব্রহ্মত্বাৎ। এবং সত্যসংকল্পাদয়োঽপি পরমাত্মবর্ত্তিনঃ জীবেঽপি সম্ভবন্তি, তদব্যতিরেকাৎ। তস্মাজ্জীব এবোপাস্যত্বেন বিবক্ষিতো ন পরমাত্মেতি প্রাপ্তম্। এবং প্রাপ্তেঽভিধীয়তে।—

"সমাসঃ সর্ব্বনামার্থঃ সন্নিকৃষ্টমপেক্ষতে।
তদ্ধিতার্থোঽপি সামান্যং নাপেক্ষায়া নিবর্ত্তকঃ॥

হইতেছে যে, যেহেতু এ সকলই ব্রহ্ম হইতে জাত, সেই হেতু এ সমস্তই ব্রহ্ম। যেহেতু এ সকল ব্রহ্ম, সেই হেতু প্রত্যেক জীব ভেদবুদ্ধি-বর্জ্জনপূর্ব্বক রাগদ্বেষাদিরহিত হইবে। অতএব রাগদ্বেষাদিরাহিত্যরূপ শম-গুণই উক্ত বাক্যের বিধেয়। [ন চ···সনমিতি] ঐ বাক্য শমগুণের বিধায়ক, এ সিদ্ধান্ত স্থির হইলে, নিশ্চয়ই ঐ বাক্যে আর উপাসনার বিধান হইতে পারে না। উপাসনার বিধান 'ক্রতুং কুর্ব্বীত'—ক্রতু (উপাসনা) করিবে, এই বাক্যেই হইয়াছে। ক্রতু, সংকল্প, ধ্যান, উপাসনা, এ সকল পর্য্যায়শব্দ অর্থাৎ তুল্য কথা। এখানে ক্রতুর বিষয় কি? অর্থাৎ কিরূপ বস্তু ধ্যান করিবে? এই আকাঙ্ক্ষা পূরণের নিমিত্ত শ্রুতি "মনোময়" ইত্যাদি কথা বলিয়াছেন, অর্থাৎ মনোময় প্রভৃতি গুণরাশি যোগ করিয়া ধ্যান করিতে বলিয়াছেন। এ কথা জীবেরই কথা। সেই জন্য বলি, উহা পরব্রহ্মের উপাসনা নহে; জীবেরই উপাসনা। [সর্ব্ব···ব্রহ্মণঃ] উক্ত শ্রুতিতে যে সর্ব্বকাম ও সর্ব্বকর্ম্মা প্রভৃতি কথা আছে, সে সকল কথা জীবপক্ষেও সঙ্গত হইতে পারে। "হৃদয়মধ্যস্থ আত্মা ব্রীহি অপেক্ষা এবং যব অপেক্ষাও অণু অর্থাৎ সূক্ষ্ম।" এরূপ স্থান-বিশেষ-কল্পনা ও সূক্ষ্মতাকল্পনা পরিচ্ছিন্ন জীব ভিন্ন অপরিচ্ছিন্ন পরব্রহ্মে উপপন্ন হয় না।

নন্থ "জ্যায়ান্ পৃথিব্যাঃ" ইত্যাদ্যপি ন পরিচ্ছিন্নেঽবকল্পত-ইতি। অত্র ব্রূমঃ—ন তাবদণীয়স্ত্বং জ্যায়স্ত্বঞ্চোভয়মেকস্মিন্ সমাশ্রয়িতুং শক্যং, বিরোধাৎ। অন্যতরাশ্রয়ণে চ প্রথমশ্রুত-ত্বাদণীয়স্ত্বং যুক্তমাশ্রয়িতুং, জ্যায়স্ত্বন্তু ব্রহ্মভাবাপেক্ষয়া ভবিষ্য-তীতি। নিশ্চিতে চ জীববিষয়ত্বে, যদন্তে ব্রহ্মসংকীর্ত্তনম্ "এতদ্-ব্রহ্ম" ইতি, তদপি প্রকৃতপরামর্শার্থত্বাজ্জীববিষয়মেব। তস্মাৎ মনোময়ত্বাদিভির্ধর্ম্মৈর্জীব উপাস্যঃ—ইত্যেবং প্রাপ্তে ব্রূমঃ—পরমেব ব্রহ্মেহ মনোময়ত্বাদিভির্ধর্ম্মৈরুপাস্যম্। কুতঃ ? সর্ব্বত্র

তস্মাদপেক্ষিতং ব্রহ্ম গ্রাহ্যমন্যপরাদপি।
তথা চ সত্যসংকল্পপ্রভৃতীনাং যথার্থতা॥"

ভবেদেতদেবং, যদি প্রাণশরীর ইত্যাদীনাং সাক্ষাজ্জীববাচকত্বং ভবেৎ। ন ত্বেতদস্তি। তথাহি—প্রাণঃ শরীরমস্যেতি সর্ব্বনামার্থো বহুব্রীহিঃ সন্নিহিতঞ্চ সর্ব্বনামার্থং সম্প্রাপ্য তদভিধানং পর্য্যবস্যেৎ। তত্র মনোময়পদং পর্য্যবসিতাভি-ধানং তদভিধানপর্য্যবসানায়ালং, তদেব তু মনোবিকারো বা মনঃপ্রচুরং বা কিমর্থমিত্যাদ্যপি ন বিজ্ঞায়তে। তদ্ যেনৈষ শব্দঃ সমবেতার্থো ভবতি, স সমাসার্থঃ। ন চৈষ জীব এব সমবেতার্থো ন ব্রহ্মণীতি, তস্যাঽপ্রাণো হ্যমনা ইত্যাদিভিস্তদ্বিরহপ্রতিপাদনাদিতি যুক্তম্। তস্যাপি সর্ব্ববিকারকারণতয়া বিকারাণাঞ্চ স্বকারণাদভেদাৎ তেষাঞ্চ মনোময়তয়া ব্রহ্মণস্তৎকারণস্য মনো-ময়ত্বোপপত্তেঃ। স্যাদেতৎ। জীবস্য সাক্ষান্মনোময়ত্বাদয়ঃ, ব্রহ্মণস্তু তদ্দ্বারা। তত্র প্রথমং দ্বারস্য বুদ্ধিস্থত্বাত্তদেবোপাস্যমস্তু, ন পুনর্জঘন্যং ব্রহ্ম। ব্রহ্মলিঙ্গানি

[নন্থ···উপাস্যঃ] যদি বল, পরিচ্ছিন্ন জীবে "তিনি পৃথিবী অপেক্ষা বড়, আকাশ অপেক্ষাও বড়" এ সকল কথাত সঙ্গত হয় না ? তাহার প্রত্যুত্তর এই যে, একাধারে পরস্পরবিরুদ্ধ অণুত্ব ও বৃহত্ব এই দুই ধর্ম্মের সমাবেশ কখনই সম্ভবপর হয় না, সুতরাং হয়—সূক্ষ্মতা, না হয় বৃহত্তা মাত্র স্বীকার করিতে হইবে। একটি মাত্র গ্রহণ করিতে হইলেও প্রথমশ্রুত অণুত্বের গ্রহণ করাই যুক্তিযুক্ত অর্থাৎ উচিত, তাহার পর বৃহত্ব ধর্ম্মটীকে কোনপ্রকার আপেক্ষিকরূপেই গ্রহণ করা কর্ত্তব্য, (অর্থাৎ জীবে ব্রহ্মভাব থাকাতে জীব সে ভাবে বড়)। এইরূপে নিদর্শিত বাক্যের জীববোধকতা স্থির হইলেই বাক্যশেষস্থিত ব্রহ্মশব্দ জীববাচী বলিয়া গ্রাহ্য হইতে পারে ; সুতরাং নিদর্শিত বাক্যে মনোময়ত্বাদি ধর্ম্মবিশিষ্ট জীবই উপাস্য। [ইত্যেবং··· দেশাৎ] এতদ্রূপ পূর্ব্বপক্ষ প্রাপ্ত হইয়া বলিতে হইল, ঐ বাক্যে ব্রহ্মই মনোময়ত্বাদি ধর্ম্মে উপাস্য। উহা ব্রহ্মেরই উপাসনা, জীবোপাসনা নহে। হেতু এই যে, সমুদায়

প্রসিদ্ধোপদেশাৎ। যৎ সর্ব্বেষু বেদান্তেষু প্রসিদ্ধং ব্রহ্মশব্দস্যা লম্বনং জগৎকারণম্ ইহ চ "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি বাক্যোপক্রমে শ্রুতং, তদেব মনোময়ত্বাদিধর্ম্মবিশিষ্টমুপদিশ্যত ইতি যুক্তম্। এবং সতি প্রকৃতহানাপ্রকৃতপ্রক্রিয়ে ন ভবিষ্যতঃ। ননু বাক্যোপক্রমে শমবিধিবিবক্ষয়া ব্রহ্ম নির্দ্দিষ্টং, ন স্ববিবক্ষয়েত্যুক্তম্। অত্রোচ্যতে—যদ্যপি শমবিধিবিবক্ষয়া ব্রহ্ম নির্দ্দিষ্টং, তথাপি মনোময়ত্বাদিষূপদিশ্যমানেষু তদেব ব্রহ্ম সন্নিহিতং ভবতি, জীবস্তু ন সন্নিহিতঃ, ন চ স্বশব্দেনোপাত্ত ইতি বৈষম্যম্॥ ১।২।১॥

চ জীবস্য ব্রহ্মণোঽভেদাজ্জীবেঽপ্যুপপদ্যন্তে। তদেতদত্র সম্প্রধার্য্যম্। কিং ব্রহ্মলিঙ্গৈর্জীবানাং তদভিন্নানামস্ত তদ্বত্তা, তথা চ জীবস্য মনোময়ত্বাদিভিঃ প্রথমমবগমাৎ তস্যৈবোপাস্যত্বম্, উত ন জীবস্য ব্রহ্মলিঙ্গবত্তা তদভিন্নস্যাপি, জীবলিঙ্গৈস্তু ব্রহ্ম তদ্বৎ। তথা চ ব্রহ্মলিঙ্গানাং দর্শনাৎ তেষাঞ্চ জীবেঽনুপপত্তের্ব্রহ্মৈবোপাস্যমিতি। বয়ন্তু পশ্যামঃ।—

"সমারোপ্যস্য রূপেণ বিষয়ো রূপবান্ ভবেৎ।
বিষয়স্য তু রূপেণ সমারোপ্যং ন রূপবৎ॥"

সমারোপিতস্য হি রূপেণ ভুজঙ্গস্য ভীষণত্বাদিনা রজ্জূ রূপবতী, ন তু রজ্জুরূপেণাধিগম্যত্বাদিনা ভুজঙ্গো রূপবান্। তদা ভুজঙ্গস্যৈবাভাবাৎ কিং রূপবৎ। ভুজঙ্গদশায়াস্তু ন চাস্তি বাস্তবী রজ্জুঃ। তদিহ সমারোপিতজীবরূপেণ বস্তুসদ্ ব্রহ্ম রূপবৎ যুজ্যতে, ন তু ব্রহ্মরূপেণ নিত্যত্বাদিভির্জীবস্তদ্বান্ ভবিতুমর্হতি, তস্য তদানীমসত্ত্বাৎ। তস্মাদ্ব্রহ্মলিঙ্গদর্শনাজ্জীবে চ তদসম্ভবাদ্ব্রহ্মৈবোপাস্যং ন জীব ইতি সিদ্ধম্। এতদুপলক্ষণায় চ সর্ব্বং খল্বিদং ব্রহ্মেতি বাক্যমুপন্যস্তমিতি।

বেদান্ত শাস্ত্রে প্রসিদ্ধ অর্থাৎ বিখ্যাত ব্রহ্মের উপদেশই দৃষ্ট হয়। [যৎ…ভবিষ্যতঃ] যিনি সমুদায় বেদান্তে বিখ্যাত, যিনি ব্রহ্মশব্দের প্রতিপাদ্য, এবং যিনি সমস্ত জগতের কারণ, তিনিই ঐ আরম্ভবাক্যে শ্রুত হইয়াছেন এবং তিনিই মনোময়ত্বাদি ধর্ম্মে উপদিষ্ট হইতেছেন, এই অর্থই যুক্তিযুক্ত। এ অর্থে প্রকৃতহান ও অপ্রকৃত-প্রক্রিয়া দোষও ঘটে না। [ননু…বৈষম্যম্] বলিয়াছিলে যে, শম-গুণ বিধানের ইচ্ছায়ই ঐ আরম্ভবাক্যে ব্রহ্ম কীর্ত্তিত হইয়াছেন, ব্রহ্ম বলিবার ইচ্ছায় নহে। ইহার প্রত্যুত্তরার্থ আমরা বলি, শমগুণ বিধানের ইচ্ছায় আরব্ধ বাক্যে ব্রহ্ম বলা হইলেও মনোময়ত্বাদিধর্ম্মের উপদেশকালে ব্রহ্মই সেই সেই ধর্ম্মের বিশেষ্যরূপে সন্নিহিত হন। জীব ঐ স্থানে বুদ্ধিপথারূঢ় হয় না, এবং ঐ স্থানে জীববাচকশব্দও নাই। (তাৎপর্য্য এই যে, নিকটে জীবশব্দ না থাকায় পূর্ব্বপ্রস্তাবিত ব্রহ্মই মনোময়ত্বাদি বিশেষণের বিশেষ্যরূপে বুদ্ধিগোচর হন, সুতরাং ঐ বাক্যে জীববুদ্ধি জন্মে না)॥১।২।১॥

বিবক্ষিতগুণোপপত্তেশ্চ ॥ ১।২।২ ॥ *

বক্তুমিষ্টা বিবক্ষিতাঃ। যদ্যপ্যপৌরুষেয়ে বেদে বক্তুরভাবান্নেচ্ছার্থঃ সম্ভবতি, তথাপ্যুপাদানেন ফলেনোপচর্য্যতে। লোকে হি যৎ শব্দাভিহিতমুপাদেয়ং ভবতি, তদ্বিবক্ষিতমিত্যুচ্যতে, যদনুপাদেয়ং তদবিবক্ষিতমিতি। তদ্বদ্বেদেঽপ্যুপাদেয়ত্বেনাভিহিতং বিবক্ষিতং ভবতি, ইতরদবিবক্ষিতম্। উপাদানানুপাদানে তু বেদবাক্য-তাৎপর্য্যাতাৎপর্য্যাভ্যামবগম্যেতে। তদিহ যে বিবক্ষিতা গুণা উপাসনায়ামুপাদেয়ত্বেনোপদিষ্টাঃ সত্যসঙ্কল্পপ্রভৃতয়ঃ, তে পরস্মিন্ ব্রহ্মণ্যুপপদ্যন্তে। সত্যসঙ্কল্পত্বং হি সৃষ্টিস্থিতি-সংহারেষ্বপ্রতিবন্ধশক্তিত্বাৎ পরমাত্মন এবাবকল্পতে। পরমাত্ম-

"যদ্যপ্যপৌরুষেয়" ইতি।—শাস্ত্রযোনিত্বেঽপীশ্বরস্য পূর্ব্বপূর্ব্বসৃষ্টিরচিতসন্দর্ভাপেক্ষ-রচনত্বেনাস্বাতন্ত্র্যাদপৌরুষেয়ত্বাভিধানং, তথা চাস্বাতন্ত্র্যেণ বিবক্ষা নাস্তীত্যুক্তম্। পরিগ্রহপরিত্যাগৌ চোপাদানানুপাদানে উক্তে, ন তূপাদেয়ত্বমেব।

বক্তা যাহা বলিতে ইচ্ছা করে, তাহা হয় 'বিবক্ষিত'। যদিও বেদের কেহ বক্তা নাই, বক্তা না থাকায় বিবক্ষাও সম্ভবপর হয় না, তথাপি, উপাদেয় (স্বীকার্য্য বা গ্রহীতব্য) ফলের প্রতি লক্ষ্য করিয়া বিবক্ষা-শব্দ উপচরিত হইতে পারে। [লোকে…গম্যতে] লোকব্যবহার পর্য্যবেক্ষণ করিলে দেখিতে পাইবে যে, শব্দজ্ঞাপ্য বস্তু উপাদেয় নামে কথিত হয়। যাহা উপাদেয়রূপে কথিত হয়, লোকে তাহাকেই বিবক্ষিত বলে, আর যাহা তদ্বিপরীত, তাহাকে অবিবক্ষিত বলে। এইরূপ, বেদে যাহা উপাদেয় (গ্রহীতব্য) বলিয়া কথিত আছে, তাহাই বেদের বিবক্ষিত, আর যাহা তদ্বিপরীত অর্থাৎ গ্রহণীয়রূপে অভিহিত নয়,—তাহা অবিবক্ষিত। বাক্যের তাৎপর্য্য ও অতাৎপর্য্য অনুসারেই উপাদেয় ও অনুপাদেয় স্থির করিতে হয়। [তদিহ…পদ্যন্তে] নির্দ্দিশ্ট শ্রুতিতে যে সকল গুণ বিবক্ষিত (উপাসনার্থ গ্রহীতব্যরূপে কথিত) হইয়াছে, সেই সকল সত্যসঙ্কল্পত্বাদি গুণ পরব্রহ্মেই সঙ্গত হয় (খাটে)। [সত্য…পদ্যন্তে] সৃষ্টি-স্থিতি-সংহার-বিষয়ে অপ্রতিহত শক্তি থাকায় ব্রহ্মই সত্যসঙ্কল্প। পাপরাহিত্য গুণটীও পরমাত্মারই গুণ। সেই জন্যই শ্রুতি তাঁহাকে সত্যকাম ও সত্যসংকল্প বলিয়া কীর্ত্তন করিয়াছেন। ব্রহ্ম

* বিবক্ষিতা উপাসনার্থমুপাদেয়ত্বেনাভিহিতা গুণাঃ সত্যসংকল্পত্বাদয়ঃ, তেষাং উপপত্তিঃ সঙ্গতিঃ ব্রহ্মণ্যেব যতো ভবতি, ততো ব্রহ্মৈবোপাস্যমিত্যুন্নেয়ম্।—যেহেতু উপাসনার্থ সমাদেয় সত্যসঙ্কল্পাদিগুণ পরব্রহ্মেই সঙ্গত হয়, সেই হেতু পরব্রহ্মই উপাস্য।

গুণত্বেন চ "য আত্মাপহতপাপ্মা" ইত্যত্র "সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ" ইতি শ্রুতম্। "আকাশাত্মা" ইত্যাদিনা আকাশবদাত্মাস্যেত্যর্থঃ। সর্ব্বগতত্বাদিভির্ধর্ম্মৈঃ সম্ভবত্যাকাশেন সাম্যং ব্রহ্মণঃ। "জ্যায়ান্ পৃথিব্যাঃ" ইত্যাদিনা চৈতদেব দর্শয়তি। যদপ্যাকাশ আত্মা যস্যেতি ব্যাখ্যায়তে, তদপি সম্ভবতি সর্ব্বজগৎকারণস্য সর্ব্বাত্মনো ব্রহ্মণ আকাশাত্মত্বম্। অতএব "সর্ব্বকর্ম্মা" ইত্যাদি। এবমিহোপাস্যতয়া বিবক্ষিতা গুণা ব্রহ্মণ্যুপপদ্যন্তে।

যত্তূক্তং "মনোময়ঃ প্রাণশরীরঃ" ইতি জীবলিঙ্গং, ন তদ্ব্রহ্মণ্যুপপদ্যত ইতি, তদপি ব্রহ্মণ্যুপপদ্যত ইতি ব্রূমঃ। সর্ব্বাত্মত্বাদ্ধি ব্রহ্মণো জীব-সম্বন্ধীনি মনোময়ত্বাদীনি ব্রহ্মসম্বন্ধীনি ভবন্তি। তথাচ ব্রহ্মবিষয়ে শ্রুতিস্মৃতী ভবতঃ—

"ত্বং স্ত্রী ত্বং পুমানসি, ত্বং কুমার উত বা কুমারী।
ত্বং জীর্ণো দণ্ডেন বঞ্চসি ত্বং জাতো ভবসি বিশ্বতোমুখঃ" ইতি।

অন্যথোদ্দেশ্যতয়াঽনুপাদেয়স্য গ্রহাদেরবিবক্ষিতত্বেন চমসাদাবপি সম্মার্গপ্রসঙ্গাৎ। তস্মাদনুপাদেয়ত্বেঽপি গ্রহ উদ্দেশ্যতয়া পরিগৃহীতো বিবক্ষিতঃ। তদ্গতং ত্বেকত্বমবচ্ছেদকত্বেন বর্জ্জিতমবিবক্ষিতম্। ইচ্ছানিচ্ছে চ ভক্তিতঃ। তদিদমুক্তং,

সর্ব্বগতত্বাদি বিভুধর্ম্মে আকাশের সহিত সমান; তৎকারণে তিনি আকাশাত্মা, কিন্তু জীব আকাশাত্মা নহে। আকাশ যাহার আত্মা, এরূপ ব্যাখ্যা করিলেও সর্ব্বাত্মক ও সর্ব্বজগৎকারণ পরব্রহ্মের আকাশাত্মতার ব্যাঘাত হয় না এবং সেই কারণে, তাঁহাকেই সর্ব্বকর্ম্মা বলা যায়, অন্যকে নহে। এইরূপে, শ্রুত্যুক্ত বিবক্ষিত (উপাসনার্থ গ্রহীতব্যরূপে কথিত) সমুদায় গুণই পরব্রহ্মে উত্তমরূপে উপপন্ন হয়। [যত্তূক্তং···ভবন্তি] আরও বলিয়াছিলে যে, মনোময় ও প্রাণশরীর, এ দুইটীই জীবচিহ্ন, এ দুইটী জীব ভিন্ন ব্রহ্মে খাটে না, ইহাতেও আমরা বলি, ঐ দুইটীও (মনোময়ত্ব ও প্রাণশরীরত্ব) ব্রহ্মপক্ষে খাটিতে পারে। ব্রহ্ম যখন সর্ব্বাত্মক, তখন অবশ্যই জীবসম্বন্ধীয় মনোময়ত্বাদিধর্ম্মও যে, ব্রহ্মধর্ম্ম, এ কথা কে অস্বীকার করিবে? [তথাচ···গম্যতে] ব্রহ্ম সর্ব্বাত্মক, এ সম্বন্ধে শ্রুতি স্মৃতি উভয় প্রমাণই আছে। যথা—"তুমি স্ত্রী, তুমি পুরুষ, তুমি কুমার এবং তুমিই কুমারী। যিনি বৃদ্ধ—যিনি যষ্টি অবলম্বনে গমনাগমন করেন—তিনি তুমি এবং যিনি বালক—সদ্যঃপ্রসূত—তিনিও তুমি।" "যাঁহার হস্ত-

"সর্ব্বতঃ পাণিপাদন্তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি" ইতি চ।

"অপ্রাণো হ্যমনাঃ শুভ্রঃ" ইতি চ শ্রুতিঃ শুদ্ধব্রহ্মবিষয়া। ইয়ন্তু শ্রুতিঃ "মনোময়ঃ প্রাণশরীরঃ" ইতি সগুণব্রহ্মবিষয়েতি বিশেষঃ। অতো বিবক্ষিতগুণোপপত্তেঃ পরমেব ব্রহ্মেহ উপাস্যত্বেনোপদিষ্টমিতি গম্যতে ॥ ১।২।২ ॥

অনুপপত্তেস্তু ন শারীরঃ ॥ ১।২।৩ ॥*

পূর্ব্বেণ সূত্রেণ ব্রহ্মণি বিবক্ষিতানাং গুণানামুপপত্তিরুক্তা; অনেন তু শারীরে তেষামনুপপত্তিরুচ্যতে। তু-শব্দোঽবধারণার্থঃ।

—"বেদবাক্যতাৎপর্য্যাতাৎপর্য্যাভ্যামবগম্যেতে" ইতি। যৎপরং বেদবাক্যং, তৎ তেনোপাত্তং বিবক্ষিতম্, অতৎপরেণ চানুপাত্তমবিবক্ষিতমিত্যর্থঃ॥ ১।২।২ ॥

স্যাদেতৎ। যথা সত্যসংকল্পাদয়ো ব্রহ্মণ্যুপপদ্যন্তে, এবং শারীরেঽপ্যুপপৎস্যন্তে, শারীরস্য ব্রহ্মণোঽভেদাৎ। শারীরগুণা ইব মনোময়ত্বাদয়ো ব্রহ্মণীত্যত আহ সূত্রকারঃ—

[রত্নপ্রভা-টীকা। ননু জীবধর্ম্মাশ্চেদ্ব্রহ্মণি যোজ্যন্তে, তর্হি ব্রহ্ম-ধর্ম্মা এব জীবে কিমিতি ন যোজ্যন্তে? তত্রাহ—অনুপপত্তেরিতি।

পদ সর্ব্ব দিকে, যাঁহার মস্তক, মুখ ও চক্ষু সর্ব্বত্র, যাঁহার শ্রোত্র অর্থাৎ কর্ণ সমস্তলোকে দৃষ্ট হয়, তিনি সকল জগৎ আক্রমণ বা আবরণ করিয়া বিরাজ করিতেছেন।" এতদ্ভিন্ন, সর্ব্বধর্ম্মাতীত শুদ্ধব্রহ্মবোধিকা শ্রুতিও আছে। যথা—"তিনি অপ্রাণ, অমনা ও শুভ্র অর্থাৎ গুণাতীত।" "তিনি মনোময় ও প্রাণশরীর।" এ শ্রুতিটী সগুণ-ব্রহ্ম-বোধিকা; এই জন্যই বলি, বিবক্ষিত গুণ সকল—সত্যসংকল্পাদি ধর্ম্ম সকল—পরব্রহ্মেই উপপন্ন হয়; সুতরাং উক্ত শ্রুতিতে পরব্রহ্মই উপাস্যরূপে উপদিষ্ট হইয়াছেন, জীব নহে ॥ ১।২।২ ॥

পূর্ব্বসূত্রে বিবক্ষিত গুণসম্বন্ধের (মনোময়ত্বাদি গুণের) ব্রহ্মপক্ষে সঙ্গতি দেখান হইয়াছে, এক্ষণে এই সূত্রের দ্বারা সে সকল গুণে জীবের অসমাবেশ বা অসঙ্গতি দেখান যাইতেছে। তু-শব্দের অর্থ অবধারণ। ব্রহ্ম সর্ব্বাত্মক, তদনুসারে ব্রহ্মই

* যস্মাৎ বিবক্ষিতানাং মনোময়ত্বাদীনাং গুণানাং জীবেঽনুপপত্তিঃ, তস্মাৎ নাত্র শারীরো জীব উপাস্যঃ।—ব্রহ্মে জীবধর্ম্ম উপপন্ন হইতে পারে (খাটিতে পারে), কিন্তু জীবে ব্রহ্মধর্ম্ম উপপন্ন হইতে পারে না (খাটান যায় না)। এ কারণ, জীব ঐ বাক্যের বিষয় অর্থাৎ উপাস্যরূপে উপদিষ্ট নহে।

ব্রহ্মৈবোক্তেন ন্যায়েন মনোময়ত্বাদিগুণং, ন তু শারীরো জীবো মনোময়ত্বাদিগুণঃ। যৎকারণং "সত্যসংকল্পঃ, আকাশাত্মা, অবাক্যনাদরঃ, জ্যায়ান্ পৃথিব্যাঃ" ইতি চৈবঞ্জাতীয়কা গুণা ন শারীরে আঞ্জস্যেনোপপদ্যন্তে। শারীর ইতি শরীরে ভব ইত্যর্থঃ। নন্বীশ্বরোঽপি শরীরে ভবতি। সত্যং, শরীরে ভবতি, ন তু শরীর এব ভবতি। "জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরিক্ষাৎ" "আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ" ইতি চ ব্যাপিত্বশ্রবণাৎ। জীবস্তু শরীর এব ভবতি, তস্য ভোগাধিষ্ঠানাৎ শরীরাদন্যত্র বৃত্ত্যভাবাৎ ॥ ১।২।৩ ॥

সূত্রং ব্যাচষ্টে। পূর্ব্বেণেতি। সর্ব্বাত্মত্বাদিরুক্তন্যায়ঃ। কল্পিতস্য ধর্ম্মা অধিষ্ঠানে সম্বদ্ধ্যন্তে, ন অধিষ্ঠানধর্ম্মাঃ কল্পিত ইতি ভাবঃ। বাগেব বাকঃ, সোঽস্যাস্তীতি বাকী, ন বাকী অবাকী অনিন্দ্রিয় ইত্যর্থঃ। কুত্রাপ্যাদরঃ কামোঽস্য নাস্তীত্যনাদরঃ নিত্যতৃপ্ত ইত্যর্থঃ। জ্যায়স্ত্বাদ্যুপপত্তৌ শারীর ইতি পরিচ্ছেদো হেতুঃ সূত্রোক্তঃ। স তু জীবস্যৈব নেশ্বরস্যেত্যাহ। সত্যমিত্যাদিনা। [ইতি রত্নপ্রভা] ॥ ১। ২। ৩॥

মনোময়ত্বাদিগুণবিশিষ্ট হন, কিন্তু জীব তদ্রূপগুণবিশিষ্ট হন না। [যৎ··· পদ্যন্তে] কারণ এই যে, সত্যসংকল্প, আকাশাত্মা, অবাকী (অনিন্দ্রিয়), অনাদর (যাহার কিছুতেই আদর বা কামনা নাই) অর্থাৎ নিত্যতৃপ্ত, পৃথিব্যাদি হইতে জ্যেষ্ঠ, ইত্যাদি ইত্যাদি গুণ বা ধর্ম্ম (বিশেষণ) শারীরে (জীবে) উত্তমরূপে উপপন্ন হয় না, অর্থাৎ জীব-স্বভাবে সঙ্গত হয় না (খাটে না)। জীব শারীর অর্থাৎ শরীরাবস্থিত। [নমু ··· বৃত্ত্যভাবাৎ] যদি বল, ঈশ্বরও শারীর ; কেন-না, তিনিও শরীরে আছেন। হাঁ শরীরে আছেন সত্য, কিন্তু তিনি যে কেবল শরীরেই আছেন, এমত নহে, তিনি অন্যত্রও আছেন। ঈশ্বর শরীরে আছেন, বাহিরেও আছেন, এ কথা "তিনি পৃথিবী অপেক্ষা বড়, অন্তরীক্ষ অপেক্ষাও বড়, আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য" ইত্যাদি ইত্যাদি শ্রুতিতে অভিহিত আছে। কিন্তু জীব ত কেবলমাত্র শরীরেই আছেন, অন্যত্র নাই। ভোগাধার শরীর ছাড়া অন্য স্থানে তাঁহার বিকাশই নাই। তজ্জন্য তাঁহাকেই (জীবকেই) শারীর বলা যায়, ঈশ্বরকে বলা যায় না ॥ ১।২।৩ ॥

কর্ম্মকর্ত্তৃব্যপদেশাচ্চ ॥ ১।২।৪ ॥*

